আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

ঈদের শুভেচ্ছা

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে বাংলা পত্রিকা'র সকল পাঠক, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীদের প্রতি রইল ঈদের শুভেচ্ছা। - সম্পাদক

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ৪২ || সোমবার || শ্রাবন ৪ || ১৪২৮ || জিলহজ্ব ৯ || ১৪৪২ || Vol. 25 || Issue 42 || 19 July || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
Tel: 718-784-2554
TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

করোনাক্রান্তে বাংলাদেশ এখন বিশ্বে ২৬ তম

ঢাকা ডেস্ক: বাংলাদেশ করোনাভাইরাস সংক্রমণের দিক থেকে বিশ্বে এখন ২৬ তম এবং এশিয়ায় সপ্তম অবস্থানে রয়েছে। এশিয়ায় বাংলাদেশের **(বাকি অংশ ২৯ পাতায়**

দুনিয়াজুড়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের স্মার্টফোনে আড়িপাতার ঘটনা ফাঁস



বাংলা পত্রিকা ডেস্ক: ইসরায়েলী একটি স্পাইওয়্যার ব্যবহার করে বিশ্বের দেশে দেশে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের স্মার্টফোনে আড়িপাতার ঘটনা ফাঁস হয়েছে। গার্ডিয়ানসহ ১৭টি সংবাদমাধ্যমের অনুসন্ধানে এই তথ্য বেরিয়ে এসেছে।রোববার গার্ডিয়ানের প্রতিবেদনে বলা হয়েছে, ইসরায়েলি কোম্পানি এনএসও গ্রুপের তৈরি করা স্পাইওয়্যার পেগাসাস ব্যবহার করে এই আড়িপাতার ঘটনা ঘটেছে। সাংবাদিক, মানবাধিকারকর্মী, আইনজীবী, এমনকি কোনো কোনো দেশে ক্ষমতাসীন পরিবারের সদস্যদের **(বাকি অংশ ২৯ পাতায়)**

জমিয়তের জোট ছাড়া নিয়ে যা বললেন ফখরুল

ঢাকা ডেস্ক: সরকারের চাপে জমিয়তে ওলামায়ে ইসলামের একাংশ বিএনপি জোট ছাড়ার সিদ্ধান্ত নিয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির **(বাকি অংশ ৩৫ পাতায়)**



যুক্তরাষ্ট্রে 'ড্রিমারদের' নাগরিকত্ব দিতে চান বাইডেন

বাংলা পত্রিকা ডেস্ক: অভিবাসননীতি নিয়ে বড় ধরনের ধাক্কা খাওয়ার পর তা নিয়ে 'গভীর হতাশা' প্রকাশ করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। পরিবারের সঙ্গে শিশুকালে যুক্তরাষ্ট্রে আসা অভিবাসীদের (ড্রিমার) নাগরিকত্বসহ নানা সুবিধা দেওয়ার যে প্রকল্প চালু রয়েছে, গত শুক্রবার (১৬ জুলাই) তা বন্ধের আদেশ দেন টেক্সাসের একটি ফেডারেল আদালত। ড্রিমারদের নাগরিকত্ব দিতে লড়াই চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। পাশপাশি আদালতের আদেশের বিরুদ্ধে আপিল করার কথা জানিয়েছেন তিনি। বার্তা সংস্থা এএফপির প্রতিবেদনে বলা হয়েছে, অভিবাসননীতি নিয়ে আদালতের আদেশের পর শনিবার বাইডেনের পক্ষে এক বিবৃতি দেয় হোয়াইট হাউস। এতে বলা হয়, টেক্সাসের ফেডারেল বিচারক অ্যান্ড্রু হানেনের আদেশের বিরুদ্ধে আপিল করতে বিচার বিভাগকে নির্দেশ দিয়েছেন বাইডেন। যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার আমলে ২০১২ সালে প্রশাসনিক সুরক্ষা আইনের আওতায় ডাকা **(বাকি অংশ ২৯ পাতায়)**

অভিনেতা মোশাররফ করিমের বিরুদ্ধে কুমিল্লায় মামলা



ঢাকা ডেস্ক: আইনজীবীদের কটাক্ষ করে হাইপ্রেশার-২ নাটকে সংলাপ দেওয়ার অভিযোগে অভিনেতা মোশাররফ করিমসহ চার ব্যক্তি ও বৈশাখী ইউটিউব চ্যানেলের বিরুদ্ধে কুমিল্লার **(বাকি অংশ ৩৫ পাতায়)**

পর্ণো তারকাদের অন্ধকার অধ্যায়

বিনোদন ডেস্ক: পর্নো তারকা বলতেই অনেকে ভেবে থাকেন, এরা প্রচুর অর্থ উপার্জন করেন। তাদের সুখের সীমা নেই। কিন্তু এর বিপরীতে আছে **(বাকি অংশ ৩৬ পাতায়)**

লাইফ সাপোর্টে ফকির আলমগীর



ঢাকা ডেস্ক: করোনায় আক্রান্ত গণসংগীত শিল্পী ফকির আলমগীরের শারীরিক অবস্থার অবণতি হয়েছে। তাঁকে এখন ভেন্টিলেশনে রাখা হয়েছে। রোববার রাত ১০টার দিকে চিকিৎসকেরা **(বাকি অংশ ৩৫ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801

আমেরিকান ইহুদিদের এক-চতুর্থাংশের কাছে ইসরাইল 'জাতিবিদ্বেষী' রাষ্ট্র

বাংলা পত্রিকা ডেস্ক: ফিলিস্তিনিদের বিরুদ্ধে ইসরাইল গণহত্যা চালাচ্ছে বলে বিশ্বাস করে যুক্তরাষ্ট্রের ২২ শতাংশ ইহুদি নাগরিক। এছাড়া ২৫ শতাংশ বিশ্বাস করে যে, ইসরাইল একটি অ্যাপার্থেইড বা 'জাতিবিদ্বেষী' রাষ্ট্র। সাম্প্রতিক গাজা-ইসরাইল সংঘাতের পর জুয়িশ ইলেক্টোরেট ইন্সটিটিউট (জেইআই) অনুমোদিত একটি জরিপে এমন **(বাকি অংশ ৩৬ পাতায়)**

ড. মুহাম্মদ ইউনূসকে বিশেষ সম্মাননা দেবে অলিম্পিক

বাংলা পত্রিকা ডেস্ক: এবারের টোকিও অলিম্পিকে বিশেষ সম্মাননা পাচ্ছেন নোবেল পদক জয়ী বাংলাদেশি অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস। আগামি ২৩শে জুলাই জাপানের রাজধানী টোকিওতে **(বাকি অংশ ৩৬ পাতায়)**

NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
QA TEK SOLUTIONS
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
BI Developer with Power BI & SQL Server
We provide guaranteed job assistance
No IT experience required
Interactive courses
Weekend classes
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company
NY (929) 601-8565 NY (347) 658-9284
167-11 Hillside Avenue # 2a, Jamaica, NY 11434
admin@qateksolutions.com www.qateksolutions.com

ডাইনোসরের নয়া প্রজাতির হদিস

বাংলা পত্রিকা ডেস্ক: মানুষের আগে পৃথিবীতে দাপিয়ে বেড়ানো ডাইনোসরদের নিয়ে মানুষের কৌতূহলের শেষ নেই। ঊনবিংশ শতাব্দীতে প্রথম ফসিল খুঁজে পাওয়ার পর থেকে আজও ডাইনোসর নিয়ে নতুন নতুন আবিষ্কার হয়ে চলেছে। সুদূর অতীত খুঁড়ে **(বাকি অংশ ৩৬ পাতায়)**

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
IATA ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Phone: 917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihaj@gmail.com
Web: www.hajjmakkah.com

CENTURY 21
AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে




Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday // July 19 // 2021

এএমসি'র ঈদুল আযহার ঈদ জামাত

বাংলা পত্রিকা ডেস্ক: আগামী ২০ জুলাই আমেরিকান মুসলিম সেন্টারের উদ্যোগে (৮৯-১৪ ১৫০ স্ট্রীট জ্যামাইকা, এন.ওয়াই ১১৪৩৫) অবস্থিত রুফুস কিং পার্কের খোলা মাঠে বিশাল পরিসরে এবং মসজিদে ঈদুল আযহার তিনটি ঈদ জামাতের আয়োজন করছে। এএমসি কর্তৃপক্ষ, দুরদুররান্তে কোরবানী করতে যাওয়া ব্যক্তিদের সুবিধার কথা চিন্তা করে ঈদের প্রথম জামাত সকাল ৬.১৫ মিনিটে মসজিদে আয়োজন করেছেন। দ্বিতীয় ঈদ জামাত অনুষ্ঠিত হবে রুফুস কিং পার্কের খোলা মাঠে সকাল ৮টায়, এতে ইমামতি করবেন আমেরিকান মুসলিম সেন্টারের ইমাম আতাউর রহমান এবং একই মাঠে তৃতীয় জামাত সকাল ১০ টায়, এতে ইমামতি করবেন আমেরিকান মুসলিম সেন্টারের ডাইরেক্টর এম. ফয়সাল নেওয়াজ। ঈদ জামাতে আসার সময় নামাজের জায়নামাজ সাথে আনার জন্য (বাকি অংশ ৮ পাতায়)

নিউইয়র্কে পিজি প্রোডাকশন হাউসের প্রথম সঙ্গীত সন্ধ্যা

নতুন প্রজন্মের শিল্পী ঋর্তিকা ব্যানার্জি'র গানে মুগ্ধ দর্শক-শ্রোতা

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কে বেড়ে উঠা নতুন প্রজন্মের শিল্পী ঋর্তিকা ব্যানার্জি'র প্রথম একক সঙ্গীত সন্ধ্যায় মুগ্ধতা ছড়িয়েছে। বাংলা, হিন্দি ও হারানোর দিনের অন্তত ডজনখানেক গান পরিবেশন করে প্রবাসীদের মন জয় করেছে ঋর্তিকা ব্যানার্জি। গত ১১ জুলাই রোববার উডসাইডের কুইন্স প্যালেসে পিজি প্রোডাকশন হাউজ-এর প্রথম সঙ্গীত সন্ধ্যার আয়োজন করে। অনুষ্ঠানের সহযোগিতায় ছিল নিউইয়র্কের জনপ্রিয় 'মাটি ব্যান্ড'। সন্ধ্যার পর যখন ঋর্তিকা ব্যানার্জির সঙ্গীত পরিবেশনা শুরু হয় তখন কানায় কানায় পূর্ণ হয়ে যায় কুইন্স প্যালেস মিলনায়তন। কমিউনিটির বিশিষ্টজনসহ সঙ্গীতপ্রেমিরা যোগ দেন অনুষ্ঠানে। ছুঁটে এসেছিলেন নিউইয়র্ক ষ্টেট অ্যাসেম্বলীওম্যান জেনিফার রাজকুমারও। নিউইয়র্ক ছাড়াও নিউজার্সীসহ আশপাশের রাজ্য থেকেও ঋর্তিকার স্বজন এবং বন্ধুরা ছুঁটে এসেছিলেন গান শুনতে।



অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পিজি প্রোডাকশন হাউজ এন্ড পিজি কেয়ার'-এর চেয়ারপার্সন শুকলা দত্ত ও প্রেসিডেন্ট পার্থগুপ্ত। এরপর শিল্পী ঋর্তিকা ব্যানার্জি ও আয়োজক পার্থগুপ্তকে শুভাশিষ জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন 'ব্লাক ডায়মন্ড' খ্যাত বাংলাদেশের জনপ্রিয় সঙ্গীতশিল্পী বেবী নাজনীন, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রর দুই কণ্ঠযোদ্ধা রথীন্দ্রনাথ রায় ও শহীদ হাসান, ইমিগ্র্যান্ট এন্ডার হোম কেয়ারের চেয়ারম্যান গিয়াস আহমেদ, বিশিষ্ট ব্যবসায়ী রাহাত মুক্তাদির প্রমুখ বিশিষ্টজন। অনুষ্ঠানের সাউন্ডে ছিল সাউন্ড গিয়ার।

অনুষ্ঠানে ষ্টেট অ্যাসেম্বলীওম্যান জেনিফার রাজকুমার-এর পক্ষ থেকে পার্থ গুপ্ত-কে সাইটেশন প্রদান করা হয়।

অনুষ্ঠান প্রসঙ্গে পার্থগুপ্ত তার ফেসবুকে একটি স্ট্যাটাস দিয়েছেন। এতে তিনি লিখেন 'বিধাতা সহায় থাকলে ঠেকায় কে? রোববার রাতে সেই প্রমাণই আবার পেলাম। আমি ঠিক আগের মতো কমিউনিটির মানুষের ভালোবাসা পেয়েছি, পেয়েছি উচ্ছাস। রোববার রাতে কুইন্স প্যালেসে যেন নেমেছিল আনন্দের বন্যা। নিউইয়র্কে বেড়ে ওঠা ঋর্তিকা ব্যানার্জির একক মনোমুগ্ধকর সঙ্গীতসন্ধ্যায় সূচিত হলো ভালোর এক অপরূপ নিদর্শন। সন্ধ্যার পর ঋর্তিকা আর আমার প্রতিষ্ঠান পিজি গ্রুপকে রীতিমতো আপ্লুত করেছে কমউিনিটির শ্রদ্ধেয় মানুষগুলো। আমাদেরপ্রতি কমিউনিটির অগ্রবর্তী অংশের প্রতিনিধিত্বকারীরা যে দরদ আর সম্মান দিয়েছে তা ভবিষ্যতের যে কোন কাজের জন্য পার্থিব হয়ে থাকবে।'

পার্থগুপ্ত আরো লিখেন, 'অনুষ্ঠান নিয়ে আমাদের প্রত্যাশা ছিল, ছিল শক্ত মনোবল, সেটির বাস্তবায়ন ঘটিয়েছেন আমাদের ভালোবাসার মানুষগুলো, যাদের প্রতি আমার শ্রদ্ধা আর ভালোবাসা থাকবে উজাড় করা। অনুষ্ঠানের অতিথি, মিউজিশিয়ান, সাউন্ড ইঞ্জিনিয়ারসহ যারা অক্লান্ত পরিশ্রম করেছেন তাদের ঋণ শোধ করার নয়। নিউইয়র্কের গণমাধ্যমগুলোর অফুরন্ত সহযোগিতাও ভুলবো কোনো দিন। আটলান্টিকের এ পারে জাগ্রত করেছি নিজের বাসনা কমিউনিটিকে নিয়ে, স্বপ্ন দেখি যা কিছু ভালো তার সঙ্গে। রোববার রাতে পিজি গ্রুপের আয়োজন যে সফলতার পালক যোগ হয়েছে তা ধরে রাখতে চাই আপনাদের সকলকে নিয়ে। এগিয়ে যাবো একা নয়, আপনাদেরকে সাথে নিয়ে। পিজি গ্রুপ আপনাদের পাশে থাকবে অজেয় হিমালয়ের শেরপা হয়ে। কুর্নিশ ভালোবাসায় পার্থগুপ্ত।'



আটলান্টিক সিটিতে 'এশিয়ান আমেরিকান সাংস্কৃতিক সচেতনতা দিবস' পালিত

আটলান্টিক সিটি থেকে সুব্রত চৌধুরী: যুক্তরাষ্ট্রের নিউজার্সী রাজ্যের আটলান্টিক সিটিতে 'এশিয়ান আমেরিকান সাংস্কৃতিক সচেতনতা দিবস' পালিত হয়েছে। গত ১৩ জুলাই মঙ্গলবার সিটির নগর কর্তৃপক্ষ ও এশিয়ান আমেরিকান কোয়ালিশন অব আটলান্টিক কাউন্টির উদ্যোগে এবং সিআরডিএ, আটলান্টিক সিটি পুলিশ ও ফায়ার বিভাগ এর সহযোগীতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঐদিন বেলা দুটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত আটলান্টিক সিটির বোর্ডওয়াক এর দক্ষিণ মিসিসিপি এভিনিউতে অবস্থিত 'কেনেডি প্লাজা'য় আয়োজিত অনুষ্ঠানমালার বিভিন্ন আয়োজনের মধ্যে ছিল কথামালা, এশিয়ান আমেরিকানদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান, বারবিকিউ প্রভৃতি।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউজার্সী রাজ্যের ডেপুটি গভর্ণর মিসেস শেইলা ওয়াই অলিভার। এছাড়াও আমন্ত্রিত অতিথি ছিলেন ইউএস কংগ্রেসম্যান জেফ ভ্যান ড্রিউ, নিউজার্সী রাজ্যের এটর্নি জেনারেল গুরবির গ্রিওয়াল, অ্যাসেম্বলীম্যান জন আরমাতো, আটলানটিক কাউন্টির কমিশনার কারেন এল ফিল্জপেট্রিক, আটলান্টিক সিটির মেয়র মার্টি স্মল, আটলান্টিক কাউন্টির শেরিফ এরিক শেফলার, আটলান্টিক কাউন্টির প্রসিকিউটর ডেমন জি টাইনর, আটলান্টিক সিটি কাউন্সিল সভাপতি জর্জ টিবিট, কাউন্সিলর আনজুম জিয়া, কলিম শাহবাজ, জেসি কার্টজ, অ্যারন রেনডলফ, আটলান্টিক কাউন্টির ডেমোক্র্যাট কমিটির চেয়ারম্যান মাইক সুলেমান, আটলান্টিক সিটির পুলিশ ও ফায়ার বিভাগের প্রধানদ্বয়, সিআরডিএর সহ সভাপতি সহ বিভিন্ন ইউনিয়নের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি জহিরুল ইসলাম বাবুল, ইসলামিক সেন্টার অব আটলান্টিক সিটির পক্ষে ইকবাল হোসেন, আমজাদ রেহমান, রিয়াজ রাজপুত, ডেভিড এনগুয়েন সহ বিভিন্ন কমিউনিটির নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত মসজিদ আল হেরা'র খতিব, বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ড. রুহুল আমিন।

আটলান্টিক সিটির চতুর্থ ওয়ার্ড এর কাউন্সিলর মো: হোসাইন মোর্শেদ সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথজার্সীর ট্রাষ্টি বোর্ড-এর সভাপতি আব্দুর রফিক, কার্যকরী সভাপতি জহিরুল ইসলাম বাবুল ও সাধারণ সম্পাদক জাকিরুল ইসলাম খোকার সার্বিক তত্ত্বাবধানে প্রবাসের জনপ্রিয় সঙ্গীত শিল্পী শিলা আজিজ বিভিন্ন স্বাদের সঙ্গীত পরিবেশন করে সবাইকে মুগ্ধ করেন। এছাড়া খুদে নৃত্য শিল্পী শিবা দাশ 'তাকডুম তাকডুম বাজে বাংলাদেশের ঢোল.....' জনপ্রিয় এই গানের সাথে নৃত্য পরিবেশন করে সবাইকে মুগ্ধ করে। নাচটির কোরিওগ্রাফি করে শিবা দাশ। অনুষ্ঠানের সমন্বয় সাধন করেন লেখক সাংবাদিক সুব্রত চৌধুরী।

Hillside Medical & Pain Management

164-05 Hillside Ave. Jamaica, NY 11432

Ph: (718-297-6090

PHYSICAL THERAPY


আমরা বাংলা, হিন্দী, স্প্যানিশ ও ফিলিপিন ভাষায় কথা বলি

ফিজিক্যাল থেরাপি
আমরা আপনাদের সেবায় নিয়োজিত





WE ARE OPEN
We have missed you





Mask, gloves, face shield, hand sanitizer available for all patients

Our primary goal is health safety of our patient. We provide extra care & precautions to safely treat our patients in compliance with CDC & DOH guidelines. During COVID-19 we monitor vital signs of our patients to ensure ongoing good health. We take most medical insurances. Medicare, Worker's Compensation and N/F



বিসমিল্লাহির রাহমানির রাহিম

ঈদ মোবারক

জ্যামাইকা মুসলিম সেন্টার

খোলা মাঠে

ঈদুল আজহার বৃহত্তম জামাত

তারিখ : ২০ জুলাই, ২০২১, মঙ্গলবার

জামাত : সকাল ৮টায়

অনুষ্ঠান শুরু হবে সকাল ৭টায়

স্থান : থমাস এডিসন হাই স্কুল মাঠ

১৬৮ স্ট্রিট এবং ৮৪ এভিনিউ, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২

Thomas Edison High School Field, 168 st. & 84 Ave. Jamaica, NY 11432

বৃষ্টি হলে মসজিদে সকাল ৬টা থেকে পর পর কয়েকটি জামাত অনুষ্ঠিত হবে



মাস্ক পরে আসতে হবে



জায়নামাজ সাথে আনতে হবে

মহিলাদের নামাজের ব্যবস্থা আছে

আপনারা সপরিবারে আমন্ত্রিত



JAMAICA MUSLIM CENTER

85-37 168TH STREET, JAMAICA, NY 11432. TEL: 718-739-3182, FAX: 718-739-4768

Web: www.jamaicamuslimcenter.org

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

পবিত্র ঈদুল আযহা

কুরবানী আরবী শব্দ, আরবীতে কুরবীনুন কুরবুন শব্দ থেকে নির্গত যার অর্থ নৈকট্য, উৎসর্গ, বিসর্জন ও ত্যাগ ইত্যাদি। কুরবানী একটি গুরুত্বপূর্ণ ইবাদত এবং ইসলামের একটি অন্যতম ঐতিহ্য। শরীয়তের পরিভাষায় মহান আল্লাহ তা'য়ালার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে জিলহজ্জ মাসের ১০, ১১, ১২ এই তিনটি দিনে আল্লাহর নামে নির্দিষ্ট নিয়মে হালাল পশু জবেহ করাই হল কুরবানী। ত্যাগ, তিতিক্ষা ও প্রিয়বস্ত আল্লাহর সন্তুষ্টির জন্য উৎসর্গ করাই কুরবানীর তাৎপর্য।

প্রচলিত কুরবানী হযরত ইবরাহীম (আ.) এর অপূর্ব আত্মত্যাগের ঘটনারই স্মৃতিবহ। হাদীসে বর্ণিত আছেঃ 'রাসূলুল্লাহ (সা.)-এর সাহাবীগণ জিজ্ঞাসা করলেন, হে আল্লাহর রাসূল! এ কুরবানী কী? তিনি বললেন, এটা তোমাদের পিতা ইবরাহীম (আ.)-এর সুন্নাত। তাঁরা বললেন, এতে আমাদের কি কল্যাণ নিহিত আছে? তিনি বললেন, এর প্রত্যেকটি পশমের বিনিময়ে একটি করে নেকি রয়েছে। তাঁরা পুনরায় জিজ্ঞাসা করলেন, বকরীর পশমেও কি তাই? জবাবে তিনি বললেন, বকরীর প্রতিটি পশমের বিনিময়েও একটি করে নেকি আছে।' আর তাই মুসলিম জাতির পিতা হযরত ইবরাহীম (আ.) থেকে অব্যাহতভাবে চলে আসছে কুরবানীর ঐতিহ্য ধারা।

আজ থেকে হাজার হাজার বছর আগে হজরত ইব্রাহীম (আ.) স্বপ্নাদিষ্ট হয়েছিলেন প্রিয়তম বস্তু তথা তার পুত্র ইসমাইলকে কুরবানী করার জন্য। সেই অনুযায়ী তিনি পরম করুণাময় আল্লাহর সন্তুষ্টির জন্য প্রিয়-পুত্রকে কুরবানী দিতে উদ্যত হন। কিন্তু মহান আল্লাহর ইচ্ছায় তাঁকে আর শেষ পর্যন্ত পুত্রকে কুরবানী দিতে হয়নি। ইসমাইলের পরিবর্তে আল্লাহ তায়ালার কুদরতিতে কুরবানী হয় একটি পশু। মহান আল্লাহর এ পরীক্ষায় উত্তীর্ণ হন হজরত ইব্রাহীম (আ.)। এই সর্বোচ্চ ত্যাগের মহিমাকে তুলে ধরাই ঈদুল আযহার পশু কুরবানীর প্রধান মর্মবাণী।

সুস্থ মস্তিষ্ক, প্রাপ্ত বয়স্ক, মুকীম (মুসাফির নয় এমন ব্যক্তি) ব্যক্তিই ১০ যিলহজ্জ ফজর হতে ১২ যিলহজ্জ সন্ধ্যা পর্যন্ত সময়ের মধ্যে নিসাব (সাড়ে সাত তোলা সোনা অথবা সাড়ে বায়ান্ন তোলা রূপা অথবা সেই পরিমাণ নগদ অর্থ)পরিমাণ সম্পদের মালিক হয় তবে তার উপর কুরবানী করা ওয়াজিব। কুরবানী ওয়াজিব হওয়ার জন্য যাকাতের নিসাবের মত সম্পদের এক বছর অতিবাহিত হওয়া শর্ত নয়। বরং যে অবস্থায় সাদাকায়ে ফিতর ওয়াজিব হয় ঐ অবস্থায় কুরবানীও ওয়াজিব হবে।

কুরবানীর এ ফযীলত হাসিল করতে হলে প্রয়োজন ঐ আবেগ, অনুভূতি, প্রেম-ভালবাসা ও ঐকান্তিকতা যা নিয়ে কুরবানী করেছিলেন আল্লাহর খলীল হযরত ইবরাহীম (আ.)। কেবল গোশত ও রক্তের নাম কুরবানী নয়। বরং আল্লাহর রাহে নিজের সম্পদের একটি অংশ বিলিয়ে দেওয়ার এক দৃপ্ত শপথের নাম কুরবানী। গোশত খাওয়ার নিয়তে কুরবানী করলে তা আল্লাহর নিকট কবুল হবে না। কেননা আল্লাহ তা'য়ালার নিকট গোশত ও রক্তের কোন মূল্য নেই। মূল্য আছে কেবল তাকওয়া, পরহেযগারী ও ইখলাসের। আল্লাহ তা'য়ালা এরশাদ করেন, আল্লাহর কাছে কখনো জবেহকৃত পশুর গোশত ও রক্ত পৌঁছবে না, পৌঁছবে কেবল তাকওয়া (সূরা হজ্জঃ ৩)।

মুসলমানদের জীবনে কুরবানীর গুরুত্ব ও আনন্দ অপরিসীম। উৎসব হিসেবে পবিত্র ধর্মীয় অনুভূতি এর সাথে সম্পৃক্ত। ইসলামের জীবন আর ধর্ম একই সূত্রে গাথা। তাই কুরবানীর শুধু আনন্দের উৎস নয় বরং এর সাথে জড়িয়ে আছে কর্তব্যবোধ, সহমর্মিতা ও ভ্রাতৃত্ববোধে বৈশিষ্ট্য। সমাজের সর্বস্তরের মানুষের সম্প্রীতির ভাবটা এখানে বিশেষ তাৎপর্যপূর্ণ। এলাকার লোকেরা ঈদের নামাযের জন্য নির্দিষ্ট ঈদগাহে সমবেত হয়। এতে সকলের মধ্যে একাত্মতা ও সম্প্রীতি ফুটে ওঠে–ইসলামের মহান ভ্রাতৃত্ববোধে সবাই উদ্দীপ্ত হয়। পরস্পর কোলাকুলির মাধ্যমে সব বিভেদ ভুলে গিয়ে পরস্পর ভাই বলে গৃহীত হয়। ধনী গরীবের ব্যবধান তখন প্রাধান্য পায় না। ঈদের আনন্দ সবাই ভাগ করে নেয়। এর ফলে ধনী গরীব, শত্রু-মিত্র, আত্মীয়-স্বজন সবাই পরস্পর ভ্রাতৃত্বের চেতনায় উদ্বুদ্ধ হয়ে থাকে। ঈদ মানুষে মানুষে ভেদাভেদ ভোলার জন্য, মানুষের মধ্যে প্রীতির বন্ধন সৃষ্টি হওয়ার জন্য পরম মিলনের বাণী নিয়ে আসে। পবিত্র ঈদ উল আযহার যে কুরবানী দেওয়া হয় তার মাধ্যমে মানুষের মনের পরীক্ষা হয়, কুরবানীর রক্ত-মাংস কখনই আল্লাহর কাছে পৌঁছায় না। শুধু দেখা হয় মানুষের হৃদয়কে। ঈদের মধ্যে আছে সাম্যের বাণী, সহানুভূতিশীল হৃদয়ের পরিচয়। পরোপকার ও ত্যাগের মহান আদর্শে অনুপ্রাণিত হয় মানুষের মন।

এবার এমন সময়ে প্রিয় বাংলাদেশের মানুষ পবিত্র ঈদুর আযহা উদযাপন করতে যাচ্ছেন যখন সমগ্র বিশ্ব মহামহারী করোনায় আক্রান্ত। দেশ-বিদেশের আর্থ-সমাজিক আর রাজনৈতিক পরিস্থিতি নিয়ে নানা প্রশ্ন। তারপরও আমরা বলতে চাই ঈদুল আযহা অর্থাৎ কুরবানীর যে ত্যাগ মানুষকে সত্যিকারের মানুষ হয়ে উঠতে সাহায্য করে তারই আলোকে দেশ ও প্রবাসীরা একে অন্যের সাহায্য-সহযোগিতায় এগিয়ে আসবেন। কোরবানীর ত্যাগ আমাদের সবার মনে জাগ্রত করুক 'মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য'।

সাপ্তাহিক বাংলা পত্রিকা ২৫ বছরে
The Weekly Bangla Patrika

কোরবানির ইতিহাস ও শিক্ষা

মুফতি মাওলানা আহসান জামিল

বলুন আমার সালাহ, আমার নামাজ, আমার কোরবানি, আমার বেচে থাকা, আমার মরে যাওয়া সব বিশ্বজগতের প্রতিপালক আল্লাহর জন্য। আলোচ্য আয়াতে কারিমা এটাই প্রমান করে আমরা যারা আত্মসমর্পণ কারি আল্লাহর গোলাম, আল্লাহর বান্দা, আমাদের বেচে থাকা, মরে যাওয়া এক কথায় সব কিছু হতে হবে আমাদের রব আল্লাহর সন্তুষ্টির জন্য। আর তা না হলে সব কিছু বিফলে যাবে। মহান আল্লাহ অন্যত্র বলেন : আল্লাহর নিকট তাদের কোরবানির পশুর গোশত এবং রক্ত পৌছায়না বরং পৌছায় তোমাদের তাক্বওয়া। তিনি এদেরকে তোমাদের অধীন করে দিয়েছেন, যাতে তোমরা আল্লাহর শ্রেষ্ঠত্ব ঘোষণা কর। এজন্য যে তিনি তোমাদেরকে পথ প্রদর্শন করেছেন। সুতরাং তুমি সুসংবাদ দাও সৎকর্ম পরায়ণদেরকে। আর অন্যত্র মহান আল্লাহ বলেনঃ আপনার রবের জন্য নামাজ পড়ুন এবং কোরবানি করুন।

উপরোক্ত আয়াতে কারিমাগুলো থেকে এটা স্পষ্ট যে আমরা আত্মসমর্পণ কারি বান্দা হিসেবে যা করি সব কিছুই তাকে সন্তুষ্ট করার জন্যই করতে হবে। এর পেছনে যদি কাউকে দেখাবার বা কারো সন্তুষ্টি অর্জন করার থাকে তাহলে আমাদের আমলগুলি সব বিফলে যাবে। মহান আল্লাহ আমাদেরকে যা কিছু দিয়েছেন আমাদের সন্তান, সন্ততি এসবের মাধ্যমে তিনি আমাদেরকে পরীক্ষা করেছেন! আমরাা এসব নিয়ামত পেয়ে কি করি? দুনিয়া মুখি হয়ে তাঁকে ভুলে যায়! নাকি জীবনের সর্বক্ষেত্রে তাকে সন্তুষ্ট রাখতে চায়! আর এই পরীক্ষা থেকে নবী আলাইহি ওয়াসাল্লামও বাকি নন। মুসলিম মিল্লাতের পিতা ইব্রাহিম আলাইহিস সাল্লামকেও তিনি বারবার পরীক্ষার সম্মুখীন করেছেন। কিন্তু তিনি সব সময় পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। কারণ তিনি সব কিছু থেকে আল্লাহকেই বেশি ভাল বাসতেন। আমাদের পিতা ইব্রাহিম আলাইহিস সালাম গোটা জীবন আল্লাহর দ্বীনের তাবলীগ করতে, করতে বৃদ্ধ হয়ে গেলেন। ১২০ বৎসরে উপনীত হয়েছেন, আর স্ত্রী ৯৯ বৎসর।

এমতাবস্থায় তিনি ভাবলেন তার ইন্তিকালের পর আল্লার দ্বীনের তাবলীগ কে করবে? তার যদি একটি সন্তান থাকতো, সন্তানকে তাবলীগের কাজে লাগাতে পারতেন। তাই তিনি সন্তানের জন্য আকুতি জানিয়ে বলছেন, হে আমার পরওয়ার দেগার আমাকে একটি সালেহ আল্লাহভীরু সন্তান দান করুন। হযরত ইব্রাহিমের ইমান ছিল তার রব যখন খুশি তখন দান করতে পারেন। কিভাবে হবে এটা তার ইচ্ছা, তিনি যেভাবে চান, আর সে প্রবল ইচ্ছা নিয়ে হাত তোলতে দেরি আল্লাহর সুসংবাদ দিতে দেরি হয় নাই। আল্লাহ বলেনঃ যাও আমি তোমাকে একটি সহনশীল পুত্র সন্তানের সুসংবাদ দিলাম। আর সে সুসংবাদের ভিত্তিতেই একজন সন্তান হল যার নাম রেখেছেন ইসমাইল। ইব্রাহিম আলাইহিস সালাম সন্তুষ্ট পেয়ে খুবই খুশি। এখানেও মহান আল্লাহ ইব্রাহিম আলাইহিস সালাম থেকে ছোট একটি পরীক্ষা নিলেন। দেখলেন তার মনকি ইসমাইলের দিকে ঝুকে গেছে! নাকি তার মহান রবের দিকেই আছে! ইব্রাহিমকে আদেশ করা হল সন্তানকে মরু প্রান্তরে রেখে আসার জন্য, আল্লাহর নির্দেশে জন মানবহীন কাবার নির্জন প্রান্তরেই তার কলিজার টুকরা সন্তান ইসমাঈল ও তার বিবি হাজেরাকে রেখে গেলেন। আল্লাহর হুকুম পালন করতে ছুটে যাবার সময় হাজেরা বারবার পিছন দিক দিয়ে ডাকার পরেও কলিজার টুকরা সন্তান ইসমাইল ও প্রিয়তমা স্ত্রী হাজেরার দিকে এক বারের জন্যও তাকালেননা। ইব্রাহিম আলাইহিস সালাম এর রেখে যাওয়া পানি ও শুকনো খাবার যখন ফুড়িয়ে গেল মা হাজেরা সন্তানের খাবারের ব্যপারে একমাত্র আল্লাহর সাহায্য প্রার্থী হয়ে সাফা মারওয়ায় দৌড়া দৌড়ি করলেন। আল্লাহর সাহায্য এসে গেল।

আর ইসমাইলের বরকতেই জম জমের ঝর্ণাদ্বারা প্রবাহিত হল, যার বরকত আজও পর্যন্ত পৃথিবীবাসি ভোগ করছে। এতে বুঝা যায় কেও যদি একেবারে আল্লাহর কাছেই সাহায্য প্রার্থী হন, মহান আল্লাহ তাকে এমনভাবে দেন সমস্ত পৃথিবীর মানুষ নিয়েও তা শেষ করতে পারেনা। শিশু ইসমাইল দিরে দিরে কিছুদূর বড় হওয়ার পর ইব্রাহিম আলাইহিস সালাম কে মহান আল্লাহ এবার তার একমাত্র কলিজার টুকরা সন্তান ইসমাঈল দ্বারা আবারও পরীক্ষার সন্মুখীন করেছেন। যখন ইসমাইল তার পিতার সাথে দৌড়া দৌড়ি করার বয়সে উপনীত হল তখন ইব্রাহিম স্বপ্নে আদিষ্ট হয়ে বললো হে বৎস আমি স্বপ্নে দেখেছি যে আমি তোমাকে জবেহ করছি। অতএব বল তোমার মতামত কি? ছেলে বললো হে আমার সম্মানিত পিতা আপনাকে যে আদেশ করা হয়েছে আপনি তাই করুন। ইনশাআল্লাহ আপনি আমাকে ধৈর্য্যশীলদের মধ্যে পাবেন। এত আদরের সন্তানকে কেউ কোরবানি তথা নিজ হাতে জবাই করার জন্য কেবলমাত্র স্বপ্নে দেখে প্রস্তুতি নিতে পারেনা। কিন্তু নবীদের স্বপ্ন হচ্ছে এক প্রকারের ওহি স্বরূপ। আর তাই তিনি বুঝতে পারলেন এটা আল্লাহর আদেশ।

আল্লাহর আদেশের সামনে সন্তানের মহব্বত ও তার মনকে আগে কোরবানি করে চললেন, মিনা প্রান্তেড়রের দিকে, আল্লাহর হুকুমকে বাস্তবায়ন করার জন্য। সঙ্গে নিলেন ছুরি ও একটি রশি। তিনি সামনে দৌড়ে চাচ্ছিলেন আল্লার হুকুমকে বাস্তবায়ন করার জন্য আর ইসমাইল পিতার পিছনে পিছনে এই সুযোগে মানব জাতীর চরম শুত্রু ইবলিস এসে ইসমাইলকে বললো ওহে নির্বোধ বালক! তোমার পিতা তোমাকে আল্লাহর রাস্তায় কোরবানি করার জন্য নিয়ে যাচ্ছে যদি প্রাণ বাচাতে চাও এখনি পিছু ত্যাগ কর। শিশু ইসমাইল তখন বললেন আল্লাহর রাস্তায় কোরবানি হতে পারাতো সৌভাগ্যের বিষয় মহান আল্লাহ তার কোটি কোটি বান্দাহ হতে আমাকে তার রাস্তায় কোরবানি হওয়ার জন্য কবুল করেছেন, এটাতো চরম সৌভাগ্যের ব্যপার। তৌ এপথে তুমি আমাকে বাধা দিচ্ছ কেন? তুমি অবশ্যই মানব জাতির শুত্রু হবে। এভাবে ইসমাইল তিনবারই শয়তানকে পাথর মেরে তাড়িয়ে দেন এবং পিতার সান্নিধ্যে চলে আসেন। পিতা এবং পুত্র উভয়ে আল্লাহর হুকুম পালনের জন্য মিনা প্রান্তরে উপনীত হলেন। ইব্রাহিম সন্তানকে কোরবানি করার জন্য আর ইসমাইল আল্লাহর রাস্তায় নিজেকে বিলিয়ে দেবার জন্য। একে অপরকে সহযোগিতা করছেন।

পিতা হাত পা বেধে কাত করে শুয়ালেন, এমন সময় মহান আল্লাহ বললেন যখন পিতা পুত্র উভয়ে আমার আনুগত্য প্রকাশ করল এবং ইব্রাহিম তার পুত্রকে কাত করে শুয়াল তখন আমি তাকে ডেকে বল্লাম হে ইব্রাহিম তুমি তোমার প্রতি স্বপ্নাদেশ সত্যি সত্যি পালন করেছো এইভাবে আমি পূণ্যবানদেরকে পুরস্কৃত করে থাকি। নিশ্চয় এটা ছিল এক স্পষ্ট পরীক্ষা। আমি তাকে মুক্ত করলাম এক বড় কোরবানির জন্তুর বিনিময়ে। বিষয়টি আমি পরবর্তীদের জন্য স্বরণে রেখেছি। ইব্রাহিমের উপর শান্তি বর্ষিত হোক। এইভাবে আমি পূণ্যবানদের পুরষ্কৃত করে থাকি। সে ছিল আমার মুমিন বান্দাদের অন্যতম।

কোরবানির কতিপয় উপকারিতাও রয়েছে ইবনে মাজাহ শরীফের হাদীসে এসেছে হযরত যায়েদ বিন আরকাম রাযি.বলেনঃ রাসুলুল্লাহর সাহাবীগণ আরজ করলেন, ইয়া রাসূলাল্লাহ এই কোরবানির হাকীকত কি? রাসুলুল্লাহ সাল্লালাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন এটা তোমাদের পিতা ইব্রাহিম আলাইহিস সালাম এর সুন্নাত। সাহাবায়ে কেরাম আরজ করলেন ইয়া রাসূলাল্লাহ এতে আমাদের কী ফায়দা আছে? রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এর প্রতিটি পশমে একটি করে নেকি রয়েছে, সাহাবায়ে কেরাম আরজ করলেন ভেড়া ও দুম্বার পশমের বেলায় কী? রাসূল সাল্লালাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এটারও প্রতিটি পশমে একটি করে নেকী রয়েছে। সামর্থ্যবান ব্যক্তিদের ক্ষেত্রে কোরবানির কঠিন তাগিদ এসেছে সামর্থ্য থাকা সত্ত্বেও যে কোরবানি করেনা সে যেন আমাদের ঈদগাহের নিকটেও না আসে। (মুসনাদে আহমদ ও ইবনে মাজাহ)

যেসব পশু কোরবানি করা জায়েজঃ কোরবানির জন্য মোটা, তাজা ও সুন্দর পশু অথ্যাৎ যা দেখতে সুন্দর ও শুশ্রী হয়। হাদীসে এসেছে রাসূল সাল্লালাহু আলাইহি ওয়াসাল্লাম খুব সুন্দর, মোটা, তাজা, হৃষ্ট, পুষ্ট পশু দ্বারা সব সময় কোরবানি করেছেন।

আর আবু সাইদ খুদরী রাযি. হতে বর্ণিত হাদীসে এসেছে, রাসূল সাল্লালাহু আলাইহি ওয়াসাল্লাম খুব তাজা দুম্বা দ্বারা কোরবানি করতেন। ছয় প্রকার পশু দ্বারা কোরবানি করা জায়েজ। উট, গরু, মহিষ, দুম্বা, ভেড়া, ছাগল ইত্যাদি। এর বাহিরে অন্য কোন হালাল পশু দ্বারা কোরবানি করলে তা জায়েজ হবেনা। আর যেসব পশু কোরবানি জায়েজ নয়। হযরত বারা ইবনে আযেব রাযি. হতে বর্ণিত। তিনি বলেন, একবার রাসুলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞেস করা হলো যে কোরবানির ব্যপারে কোন ধরনের জন্তু হতে বেচে থাকতে হব? রাসূল সাল্লালাহু আলাইহি ওয়াসাল্লাম হাতের দ্বারা (অথ্যাৎ চার আঙুল দেখিয়ে বললেন, চার রকমের পশু হতে। ১. খোড়া - যার খোড়ামি স্পষ্ট। ২. কানা যার অন্ধত্ব স্পষ্ট। ৩. রোগা - যার রোগ স্পষ্ট। ৪. দুর্বল।



নামাজের সময়-সূচী

জুলাই	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
ফজর	৪.০৬	৪.০৭	৪.০৮	৪.১০	৪.১০	৪.১২	৪.১৩
সূর্যোদয়	৫.৩৯	৫.৪০	৫.৪১	৫.৪২	৫.৪৩	৫.৪৩	৫.৪৪
জোহর	১.০২	১.০২	১.০২	১.০২	১.০২	১.০২	১.০২
আসর	৬.১১	৬.১১	৬.১০	৬.০৯	৬.০৯	৬.০৮	৬.০৮
মাগরিব	৮.২৫	৮.২৪	৮.২৩	৮.২২	৮.২২	৮.২১	৮.২০
এশা	৯.৫৭	৯.৫৬	৯.৫৫	৯.৫৪	৯.৫৩	৯.৫১	৯.৫০

প্রধানমন্ত্রীর আশ্রায়ন প্রকল্পে আমলাদের দূর্নীতি? জাতির জন্য লজ্জার



সামছুদ্দীন আজাদ

একটি স্বাধীন দেশে আমলারা সবচেয়ে ক্ষমতাধর শক্তিশালী হয়-যখন রাজনৈতিক নেতৃত্বে অযোগ্যতার পরিচয় দেয়। এমনিতে আমলারা সুচতুর, বুদ্ধিমান এবং সুযোগ সন্ধানী উচ্চ শিক্ষিত তো বটে। রাজনৈতিক নেতৃত্বের অযোগ্যতার সুযোগে আমলারা সরকারের উপর প্রভাব বিস্তার করে সিদ্ধান্ত গ্রহনে ভূমিকা রাখে। ভারত উপমহাদেশের সব দেশের আমলাদের একই চরিত্র। বাংলাদেশেও তার ব্যাতিক্রম নয়। সম্প্রতি আমলারা যে নিলর্জ্জ সীমাহীন দূর্নীতিতে জড়িয়ে পড়েছে এবং ওদের দূর্নীতির মানও এত নিকৃষ্ট পর্যায়ে নেমে গেছে-গোটা জাতিকে লজ্জায় ফেলে দিয়েছে। মানুষ এত নিকৃষ্ট হতে পারে তা প্রমাণ করেছে বাংলাদেশের আমলারা। বিশেষ করে করোনাকালীন সময়ে আমরা দেখেছি স্বাস্থ্য অধিদপ্তরের ডিজি থেকে ড্রাইভার পর্যন্ত যে দূর্নীতি করেছে সে দৃশ্য আমরা পত্র-পত্রিকায়, টেলিভিশনের পর্দায় দেখেছি। আমরা দেখেছি কর্মকর্তা-কর্মচারী ঠিকাদার মিলে রূপপুর বিদ্যুৎ কেন্দ্রের বালিশ কান্ড, আমরা দেখেছি পিকে হালদারের ৩৫,০০০ হাজার কোটি টাকা লোপাটের কাহিনী, আমরা দেখেছি বিভিন্ন ব্যাংকের উদ্যোক্তা চেয়ারম্যান, পরিচালক, এমডি, এমনকি সিনিয়র কর্মকর্তাদের ব্যাংকের টাকা চুরির কাহিনী। কিন্তু বাংলাদেশের আমলারা বিশেষ করে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) উপজেলা প্রকৌশলী, এসিল্যান্ড, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) কোন কোন জায়গায় যোগা সাজোসে ইউপি চেয়ারম্যান যে নিম্নমানের ডাকাতি করেছে তা অতীতে সব চুরিকে হার মানিয়েছে।

বাংলাদেশের স্বাধীনতার ৫০তম বর্ষপূর্তি, জাতির জনকের জন্মশত বার্ষিকী একই সাথে বঙ্গবন্ধু কন্যার এক নাগারে দেশ পরিচালনার এক যুগপূর্তিতে বাংলাদেশ আজ বিশ্বের মানচিত্রে এক গৌরবোজ্জল ভূমিকায় অবর্তীণ হয়ে সারা বিশ্বের মানুষের কাছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার এক বিশাল ইমেজ তৈরী হয়েছে। তার দেশপ্রেম, তার দেশের প্রতি ভালবাসা, তার দ্রুত সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা, বিশাল বিশাল মেগা প্রকল্প বাস্তবায়নের মত বুকের পাটা। বালাদেশের অর্থনৈতিক উন্নয়ন-জিডিপি প্রবৃদ্ধির হার বাড়ানো এবং সাড়া দেশের অবকাঠামো উন্নয়নে তার ভূমিকায় আজ শেখ হাসিনা একটি বিস্ময়ের নাম, শেখ হাসিনা একটি মডেলের নাম, বিশ্বের অনেক উন্নয়নশীল দেশের কাছে শেখ হাসিনার বিস্ময়কর উন্নয়ন একটি অনুকরণীয় দৃষ্টান্ত। ঠিক তেমনি একটি সময়ে বঙ্গবন্ধু কন্যার সবচেয়ে গ্রহণযোগ্য এবং অত্যন্ত মানবিক একটি সিদ্ধান্ত ছিল তিনি ক্ষমতায় থাকতে বাংলাদেশের কোন মানুষ গৃহহীন, আশ্রয়হীন, ভূমিহীন থাকতে পারবে না। জাতির কাছে তিনি ওয়াদা করেছিলেন পর্যায়ক্রমে তিনি সারা দেশে গৃহহীনদের ঘর করে দিবেন অন্তত দরীদ্র মানুষগুলো মাথা গোজানোর ঠাইটুকু পায় এবং সাথে এক খণ্ড জমিও দেবেন যারা অন্তত চাষাবাদ করে কোনরকম চলতে পারে। সারা দেশে মোট ৯ লাখ গৃহহীন ও ভূমিহীনকে ঘর দেয়ার লক্ষে কাজ করছে সরকার, বিভিন্ন উপজেলায় সোয়া লাখ বুঝিয়ে দেয়া হয়েছে। এরিমধ্যে ২২ জেলার ৩৬টি উপজেলার ঘর নির্মানে ভীষন অনিয়ম ধরা পড়েছে। প্রকল্প দুই এর আওতায় গৃহ নির্মাণে অবহেলা, দূর্নীতি খুব নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার ঘরের কাজ সমান্ত না করে বুঝিয়ে দেয়া। কোন কোন ঘরের জানালা পর্যন্ত লাগানো হয়নি, কোন কোন ঘর উদ্বোধনের আগে, ফাটল ধরা, কোন কোন ঘর নির্মানের পরের দিন ভেঙ্গে পড়ায় বৃষ্টি হওয়ার সাথে সাথে ভেঙ্গে পড়া, ঘরের সামনে বিশাল জলাশয়ে মাটি ভরাট না করে



ঘর বুঝিয়ে দেয়া। গৃহে বসবাসকারী দরিদ্র অসহায়ের ভয়াবহ কান্নার চিত্র আমরা দেখেছি।

এত বড় বিশাল প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী আমলাদেরকে। উপজেলা নির্বাহী কর্মকর্তা, এসি ল্যান্ড, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা প্রকৌশলীকে। তারাই ঠিকাদার নিয়োগ দিয়েছেন, তারাই টাকা বরাদ্দ দিয়েছেন, তারাই মাঠে গিয়ে স্বরজমিনে প্রকল্প এর কাজ স্বচক্ষে দেখে এসেছেন সব সময়। তারাই সব কিছু ঠিক ঠাক করে এবার উদ্বোধনীর তারিখও দিয়েছেন। আমরা দেখেছি আমলারা ঘর বুঝিয়ে দেয়ার নামে এলাকার বিভিন্ন স্থরের মানুষদের নিয়ে উৎসবের আয়োজন করেছেন। ভার্চুয়াল মিটিং এ প্রধানমন্ত্রী গণভবন থেকে তার দফতরের কর্মকর্তাদের নিয়ে উদ্বোধন করেছেন। যে উপজেলায় ঘর উদ্বোধন করা হয়েছে সেখানে অনুষ্ঠান পরিচালনা করতেন ইউএনও। শুরুতেই তিনি যে লম্বা ও তেলমাখা বক্তৃতা শুরু করেন কমপক্ষে ২০ মিনিট সময় নিতেন তারপর বলতেন মাননীয় প্রধানমন্ত্রী এখানে উপস্থিত আছেন এলাকার এমপি, আওয়ামী লীগ নেতা, পুলিশ কর্মকর্তা, স্কুল শিক্ষক, গৃহহীন পরিবারের সদস্যরা, আপনি যার সাথে কথা বলতে ইচ্ছে করবেন তিনি তার বক্তৃতা দেবেন মাননীয় প্রধানমন্ত্রী।

এমন দৃশ্য দেখে টেলিভিশনের পর্দায় আমাদেরও ভীষন ভাল লাগতো। আজ সেই আমলারা সরকারের সমাপ্ত অর্জনকে নষ্ট করে দিতে মাঠে নেমেছেন। প্রধানমন্ত্রীর সবচেয়ে অগ্রাধিকার যোগ্য এবং মানবিক বিষয়টি এখানে জড়িত এবং এটি খুব স্পর্শ কাতর একটি বিষয়। প্রধানমন্ত্রী হৃদয় দিয়ে দরিদ্র নিঃস্ব মানুষগুলোর কতা ভেবেছিলেন বলে তিনি এই হতদরিদ্র মানুষগুলোকে অন্তত ঝড় বৃষ্টি রোদ শীত থেকে অন্তত রক্ষা করার জন্য এই প্রকল্পটি হাতে নিয়েছিলেন। আমরা দেখেছি উদ্বোধনী দিনে যখন ঘরগুলি বুঝিয়ে দেয়া হলো, তখন প্রধানমন্ত্রী উপহারের ঘর বুঝে পাওয়া মানুষগুলোর সাথে মনপ্রাণ খুলে কথা বলেছেন- গৃহহীন পরিবার ঘর পেয়ে প্রধানমন্ত্রীকে দুহাত তুলে দোয়া করেছেন। আবেগে তারা কেঁদে দিয়েছেন, আবেগ আপ্লুত হয়ে প্রধানমন্ত্রীও কেঁদেছিলেন ওদের আবেগে একাকার হয়ে।

আজ সেই আমলারা প্রধানমন্ত্রীকে ভীষন লজ্জায় ফেলে দিয়েছন-প্রধানমন্ত্রীকে লজ্জিত করেছেন। মানুষ হতবাক হয়ে গেছে-আমলারা শিক্ষিত মানুষ-প্রশাসন চালায় তারা সারা দেশে আজ তারাই প্রধানমন্ত্রীর স্বপ্নের এই সুন্দর প্রকল্পটি মাটির সাথে মিশিয়ে দিয়েছেন-যা ভীষন লজ্জার একটি বিষয়। এই অভিযোগ সামনে যখন আসতে শুরু করল-টেলিভিশন সংবাদে, সংবাদপত্রে, সামাজিক যোগযোগে-তখন প্রধানমন্ত্রীর দফতর নড়েচড়ে বসল-দূর্নীতিবাজদের বিরুদ্ধে তদন্তে টিম মাঠে নামল, প্রধানমন্ত্রীর দফতরের একজন কর্মকর্তা দূর্নীতিবাজদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার কথা জানাল এবং সরকারের জিরো টলারেন্স নীতির কথা শুনানো হল। এরিমধ্যে ইউএনও, এসি ল্যান্ড সহ ৫ জনকে ওএসডি করা হয়েছে। তদন্তে শতাধিক কর্মকর্তার নাম উঠে এসেছে। বুঝা গেল আমলারা পরস্পর যোগসাজোসে সুপরিকল্পিতভাবে এই দূর্নীতি করেছে সরকারকে মহা বিপদে ফেলতে, সরকারের ইমেজ সংকট তৈরী করতে। সরকারের দূর্নীতি দমন কমিশন তদন্তে এসব দূর্নীতিবাজদের সংখ্যা কত এটি বের করা উচিত। ওদের রাজনৈতিক পরিচয় কি তাও জেনে নেওয়া দরকার।

আমি শতভাগ নিশ্চিত এরা কারো এজেন্ট হয়ে দেশের গুরুত্বপূর্ণ জায়গায় বসে-তাদের গোপন এজেন্ডা বাস্তবায়ন করছে। কোন সুশিক্ষিত দেশপ্রেমিক আমলা, নন আমলা, সরকারি কর্মকর্তা-দেশের বিরুদ্ধে, দেশের দরীদ্র অসহায় মানুষের বুকে ছুরিকাঘাত করতে পারেন না। একই সময়ে শিক্ষা মন্ত্রণালয়ের একটি প্রকল্প ২১টি নারিকেল গাছ কেনা বাবদ দাম দেখানো হয়েছে ১৩ কোটি টাকা। একটি কলা গাছের দাম দেখানো হয়েছে ৬ লাখ টাকা, ২টি টিনের ছাপড়ার ঘর বানানো খরচ দেখানো হয়েছে ৬ কোটি টাকা। ফরিদপুর মেডিকেল কলেজের হাসপাতালের দুই রোগীর বেড আড়াল করার জন্য ব্যাবহৃত পর্দার দাম দেখানো হয়েছে ৩৭ লাখ ৫০ হাজার টাকা, একটি ষ্টেথস্কোপের দাম দেখানো হয়েছে ১ লাখ ১২ হাজার ৫০০ শত টাকা।

এমন তথ্য আমি ফেইসবুকে পেয়েছি- এটি আজগবী মনে হয়েছে। যদি এটি আজগবী হয় এসব মিথ্যা সংবাদ ছড়ানোর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়ার দরকার। আর যদি এসব তথ্যের সত্যতা থাকে তাহলে বলবো আমরা কোন দেশে বসবাস করছি। এমন ভয়াবহ চিত্র সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী সাহেবরা কি দেখেন না? সচিব-ডিজিসহ অডিট বিভাগ কি এসব দেখেন না? সংশ্লিষ্ট বিভাগে কি হিসাব-কিতাবের অডিট হয় না? নাকি সবাই মিলে মিশে মন্ত্রী থেকে পিয়ন দারোয়ান এবং ড্রাইভার সহ সকলে মিলে মিশে একযোগে এই দেশটাকে লুটপাট করার জন্য মাঠে নেমেছেন? সমস্ত কর্মকান্ড যদি প্রধানমন্ত্রীকেই দেখতে হয়- তাহলে দলের বাঘা বাঘা নেতা, সংসদ সদস্য, সহকারী, বিশেষ সহকারী, সাধারণ সম্পাদক, দপ্তর সম্পাদক, প্রচার সম্পাদক, ছাত্রলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন নেতারা কি কাজ করছেন? দেশের আমরা, সরকারি কর্মকর্তা, ব্যাংক মালিক, কর্পোরেট ব্যবসায়ী, আমদানী-রফতানিকারক রাজনৈতিক সুবিধা ভোগীরা এদেশের সর্বনাশ করে ফেলছেন, অনেক নেতাকে দেখছি পদ পদবি ব্যবহার করে বছরের পর বছর আমেরিকায় ঘুরাঘুরি করতে-কেন্দ্র থেকে তো তাকে কোন দিন জিজ্ঞাস করা হয়নি- বিদেশে তোমার কি কাজ? আরো অনেকে আছেন প্রকল্প বেচাকেনা করে- ভাগের টাকা নিয়ে আমেরিকা ফেরত এসেছেন। এভাবে দলকে ব্যবহার করে সুযোগ সুবিধা ভোট করে আবার উচ্চ গলায় কথা বলেন। এদেশ আমাদের সকলের ৩০ লক্ষ শহীদের রক্তের বিনিময়ে অর্জিত এই দেশ। এই দেশের জন্য জাতির পিতার জীবন যৌবনের প্রায় ১৪ বছর জেলে কাটাতে হয়েছে, শেষ পর্যন্ত স্বপরিবারে জীবন দিতে হয়েছে। আজ তারই কন্যা যার জীবনের প্রতিটি মুহুর্তে ঝুকির মধ্যে কাটে-তারপরও তার স্বপ্ন এই দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা করবেন মানুষের ভোটের অধিকার প্রতিষ্ঠা করবেন-বাংলাদেশকে একটি উন্নত সমৃদ্ধ ডিজিটাল বাংলাদেশ বানাবেন আর ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত বিশ্বের রাষ্ট্রসমূহের তালিকায় নিয়ে যাবেন। তিনি এ যাত্রায় সফল হবেন ইনশাল্লাহ-বাকি সব চোর লুটেরার দল অচিরেই ধ্বংস হবে-নিপাত যাবে।

লেখক: সহ সভাপতি, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS

Emirates

TURKISH AIRLINES

SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

এএমসি'র ঈদুল আযহার ঈদ জামাত

(৩ পাতার পর)

বিনীত অনুরোধ জানিয়েছেন কর্তৃপক্ষ। মাঠে মহিলাদের জন্য পৃথক নামাজের ব্যবস্থা থাকবে। বিশাল খোলা মাঠে ঈদ জামাতের, এবারের আয়োজন সহ এটি হবে এএমসি'র উদ্যোগে চতুর্থ আয়োজন।

আমেরিকান মুসলিম সেন্টারের কর্তৃপক্ষ, যথাযত স্বাস্থ্যবিধি ও সিটি প্রদত্ত নীতিমালা গুরুত্ব সহকারে পালনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেছে।

উক্ত আয়োজনে বিশেষ অতিথি হিসেবে এএমসি চেয়ারম্যান ইমাম মির্জা আবু জাফর বেগ, মুফতি আব্দুল মালেক, ইমাম রফিকুল ইসলাম সহ প্রবীণ ও নবীণ উলামায়ে কেরাম উপস্থিত থাকার আশাবাদ ব্যক্ত করেছেন। এছাড়াও কমিউনিটির বিশিষ্ট নেতৃবৃন্দ সহ সাংবাদিক ও মিডিয়ার ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।

উল্লেখ্য, আমেরিকান মুসলিম সেন্টার (এএমসি) বিশ্বব্যাপী ইসলামের দাওয়াত কে সমুন্নত করার লক্ষ্যে ২০০৮ সাল থেকে কাজ করে যাচ্ছে। ২০২০ সালে পেনডেমিক ও লক ডাউন এবং তৎ-পরবর্তী নাজুক পরিস্থিতিতে ত্রাণ বিতরণ কার্যক্রম, ভবিষ্যত প্রজন্মকে ইসলাম মুখি করার জন্য মক্তব ক্লাস, এএমসি অল মিডিয়ার মাধ্যমে প্রয়োজনীয় এবং সম সাময়িক বিষয় ভিত্তিক ধারাবাহিক আলোচনা অনুষ্ঠান, ফ্রি কোভিড টেস্ট, ভেকসিন সেবা সহ বিভিন্ন সমাজ সেবা মুলক কার্যক্রম অব্যাহত রেখেছে।

কোরআন ক্লাস: এদিকে সামারের ছুটিকে অর্থবহ করতে প্রতি সপ্তাহে শনি-মঙ্গলবার আমেরিকান মুসলিম সেন্টারের উদ্যোগে বিশেষ কোরআন ক্লাসের আয়োজন করা হয়েছে। যা উন্নত সিলেবাস ও দক্ষ শিক্ষকদের মাধ্যমে পরিচালিত হচ্ছে।

ইন-পারসন ও অনলাইন দুই বিভাগেই ৭ থেকে ১৬ বছরের ছেলে-মেয়েদের রেজিষ্ট্রেশন চলছে। বিস্তারিত তথ্যের জন্য ৯২৯-৩৬১-০৬০৯ অথবা ৭১৮-৮৬৪-৭৭২৯ এই নাম্বারগুলোতে যোগাযোগ করার জন্য বিনীত অনুরোধ জানানো হয়েছে। এএমসি এই কার্যক্রমকে আরও গতিশীল করতে কমিউনিটির সকলের আন্তরিক দোয়া ও সহযোগিতা কামনা করেছে।

বহু পুরাতন ভাব নব আবিষ্কার

(১২ পাতার পর)

শুরু হয়, তা হলো দুই বড় দলের তীব্র দ্বন্দ্ব-সংঘাতময় রাজনীতি এবং ক্ষমতার টানাটানিতে প্রশাসনের দলীয়করণ। ১৯৯৫ সালে আওয়ামী লীগের ডাকে তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে আন্দোলনের সময় প্রজাতন্ত্রের কর্মকর্তা-কর্মচারীরা সচিবালয় থেকে বেরিয়ে এসে রাজপথে যে জনতার মঞ্চ তৈরি করেন তার পক্ষে-বিপক্ষে অনেক যুক্তি-তর্ক-বাহাস থাকলেও তা থেকে যে পরবর্তীকালে প্রশাসনের বিস্টেফারণ ঘটে তাতে কোনো সন্দেহ নেই। ১৯৯৬ সালে আওয়ামী লীগের জয়, ২০০১ সালে বিএনপির জয়, ২০০৬ সালের নির্বাচন বিলম্বিত হয়ে ২০০৮ সালে অনুষ্ঠান এবং ২০১৪-এর নির্বাচন বিএনপির বর্জন ও ২০১৮ সালের বিতর্কিত একতরফা নির্বাচন হয়ে আজ পর্যন্ত কালপর্বে প্রশাসনের অব্যাহত দলীয়করণ চলেছে। সরকার বদল হলেই কয়েকশ করে কর্মকর্তার ওএসডি (বিশেষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথা কর্মহীন চাকরিজীবন) হওয়া, মেধা-দক্ষতার পরিবর্তে দলীয় আনুগত্যের বিবেচনায় বদলি-পদোন্নতি ইত্যাদি এই সময়ের ঘটনা। এতে কর্মকর্তারাও পেশাদারিত্ব খুইয়ে ফেলতে ফেলতে দলানুগত্য দেখিয়ে সুবিধা লাভে ঝুঁকে পড়তে থাকেন এবং রাজনীতিবিদরাও আমাদের লোক হলেই তাকে ছাড় দিতে থাকেন।

দুই দলের সংঘাতপূর্ণ ক্ষমতার রাজনীতির সর্বশেষ ধাপটি আপাতত ২০১৮ সালের নির্বাচন, যার বিশ্বাসযোগ্যতা নিয়ে এখন আর তেমন আলোচনাও হয় না। এর পর থেকে সরকারি কর্মকর্তাদের অনেকের প্রকাশ্য বক্তব্য ও আচরণে পর্যন্ত দলীয় ছাপ লক্ষ্য করা যায়। এই সরকারি কর্মকর্তারা তো লভ্যাংশ চাইবেনই।

এই সময়ে পুরো সরকার একান্তভাবে প্রধানমন্ত্রীর ওপর নির্ভরশীল হয়ে পড়েছে। সকল মন্ত্রীই মন্ত্রণালয়ের প্রায় সকল কাজকেই প্রধানমন্ত্রীর নির্দেশনায় সম্পন্ন হচ্ছে বলে উল্লেখ করেন। নতুন অনভিজ্ঞ মন্ত্রীরাও এর একটা কারণ হতে পারেন, যাদের প্রধানমন্ত্রীও পুরো আস্থায় নিতে পারেন না। আমরা স্মরণ করতে পারি, গত বছর করোনা মহামারির সময় ত্রাণ বিতরণে, বিশেষত চালের ক্ষেত্রে স্থানীয় পর্যায়ের জনপ্রতিনিধিরা কিছু কেলেঙ্কারির জন্ম দিয়েছিলেন। এই সার্বিক পরিস্থিতির সুযোগ যদি আমলারা নিয়ে থাকে, তাহলে দোষ দেব কাকে?

শেষ কথা হলো, আমরা এমনটা দেখতে চাই না। বহু সৎ ও দায়িত্বশীল আমলা আছেন জনপ্রশাসনে, যারা করোনাকালে ঝুঁকি নিয়ে দিনরাত কাজ করছেন। রাজনৈতিক নেতাকর্মীরাও কম-বেশি দুর্দিনে জনগণের পাশে আছেন। কিন্তু সিস্টেমে যদি সরকার আমলাতন্ত্রের ওপর নির্ভরশীল হয়ে পড়ে, তা দেশের গণতন্ত্র, জবাবদিহি, নাগরিক অধিকার, সুশাসন কোনো কিছুর জন্যই ভালো হবে না। জনপ্রতিনিধিদের ওপর যদি জনগণের আস্থা কম হয়, তাহলে জনপ্রতিনিধিরা আমলাদের জবাবদিহি তলব করতে পারবেন না। তাই বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হওয়ার অবসান ঘটিয়ে প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠিত না হলে আমলাতন্ত্র-নির্ভরতা ঘুচবে না।

লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.
ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।
মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

অন্যূন ১ মিলিয়ন বা সমমানের ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এসে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

সেখে কোন কোম্পানীর মালিক/পরিচালক হয়ে আপনি ও আপনার পরিবার ৰ চাকরীর সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
● Tax Service
● Immigration
● Real Estate

লাজুক কদম

টুম্পা খান



তোমার সহিত এখনো
দেখা মেলেনি কো আমার।
বুঝিনাই তুমি এত দাম্ভিক,
তোমার দেখা পাওয়া যে ভার।

বাদলা দিনের প্রথম কদম
দেখিতে চেয়েছি ছুঁয়ে।
বৃষ্টিস্নাত হয়ে
তুমি কেমনে থাকো নুয়ে।

থোকায় থোকায় লাজুক কদম
কুসুম কমল আভা যে,
একটি বার ছোঁব বলে
খুঁজেছি আনাচে কানাচে।

কেউ কি পার?
একগুচ্ছ কদম দিতে আমায়।
বিনিময়ে তাহার অধিক
দেবার নেই কো কিছু তোমায়।

আমার নিকট সে এতই দমী,
তাহার চাইতে অধিক কি দেব গো আমি,
আবার যেদিন কদম হবে,
একগুচ্ছ তোমার হাতে রবে।
দেখিব সেদিন আজিকের মতন
এমন একটি কাল,
কথা দিলাম তোমায় দেব সেদিন বৃষ্টি ভেজা
সকাল।

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড়
কুপন সহ
যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার
কুপন সহ
ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



আমাদের কাছে ফ্রি ডেলিভারী সুবিধা রয়েছে

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো পবিত্র ঈদুল আযহার শুভেচ্ছা ও ঈদ মোবারক। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইমিগ্রেশনের বর্তমান অবস্থাঃ

এ সপ্তাহে আমরা ইমিগ্রেশনের সর্বশেষ সংবাদ নিয়ে আলোচনা করবো। যদিও এসব সংবাদ ইমিগ্রেশন আইন পরিবর্তন বড় কোন প্রভাব ফেলবে না। তবে প্রেসিডেন্ট বাইডেনের ইমিগ্রেশন নীতিমালা শিথিল করার উদ্যোগ সম্পর্কে একটা ইতিবাচক বার্তা দেবে। এই নীতিমালা হয়তো সকল ইমিগ্রান্টের জন্য স্বস্তি আনবে না, তবে যাদো বৈধ কাগজপাত্র নেই তাদের অনেকের জন্য এদেশে বৈধ হবার পথ সুগম হবে। এ ব্যাপারে নিচের বিষয়গুলোর দিকে লক্ষ্য করা যায়ঃ

এটর্নী জেনারেল মেরিক কি গারল্যান্ড ইমিগ্রেশন জজদের বিশেষ ক্ষমতা পুনরায় ফিরিয়ে এনেছেন। এই ক্ষমতা প্রেসিডেন্ট ট্রাম্প হরণ করে নিয়েছিলেন। এটর্নী জেনারেল মেরিক গারল্যান্ড গত ১৫ জুলাই বৃহস্পতিবার ইমিগ্রেশন জজদের বিশেষ ক্ষমতা পুনরায় এই রুল জারি করেছেন। এই বিশেষ ক্ষমতায় বিচারকরা প্রশাসনিক ভাবে মামলা শেষ করে নিতে পারবেন। ফলে বিভিন্ন ইমিগ্রেশন কোর্টে মামলার যে জট লেগে আছে, তা উল্লেখযোগ্যভাবে সেই জট কমিয়ে আনতে সহায়ক হবে।

বৃহস্পতিবারের রুলিং এ ইমিগ্রেশন বিচারকেরা প্রয়োজন মনে করলে মামলাসমূহ স্থগিত কিংবা সক্রিয়ভাবে ডকেটে তুলতে পারবেন। এই ক্ষমতা ট্রাম্প প্রশাসনের সময় প্রত্যাহার করে নেয়ায় বিচারকদের মধ্যে হতাশার জন্ম দেয়। এ ব্যাপারে বিশেষ ক্ষমতা পুনঃপ্রতিষ্ঠা করার জন্য সহায়ক হবে। বিচারকরা তাদের বিশেষ ক্ষমতা বলে যোগ্য অনেক ইমিগ্র্যান্টের সুযোগ সুবিধা নির্ধারণ করার ক্ষমতা পাবেন।

সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রথম এটর্নী জেনারেল জেফ সেশনস ইমিগ্রেশন কোর্ট সিস্টেমে অনেক পরিবর্তন এনেছিলেন যা তার উত্তর উইলিয়াম বার পর্যন্ত অব্যাহত ছিল। ট্রাম্পের অধীনে বিচার ভিগ কেস, বোট প্রবর্তন করেন। এর ফলে কোর্ট তদারকির দায়িত্বপ্রাপ্ত পরিচালক অধিক ক্ষমতা লাভ করে।

গত মাসে বিচার বিভাগ ট্রাম্প যুগের ইমিগ্রেশন সংক্রান্ত দুটি সিদ্ধান্ত বাতিল করে দেয়। ট্রাম্প যুগে এই দুই সিদ্ধান্তের ফলে রাজনৈতিক আশ্রয় লাভের উপযুক্তদের জন্যও সম্ভাবনা সংকীর্ণ করে দেয়। এমনকি গৃহ সহিংসতা এবং গ্যাং সহিংসতার ভিটিমদের জন্য কিছু নিরাপত্তামূলক ব্যবস্থা প্রত্যাহার করে নেয়ার পক্ষে মতামত দেয়া হয়। এটর্নী জেনালে গাল্যান্ড 'ম্যাটার এ-বি' সিদ্ধান্ত সেশনস, ২০১৮ সালে নিয়েছিলো তা বাতিল করে দিয়েছেন। জেশসনসের সিদ্ধান্তে বলা হয়েছিলো সহিংসাতয় ক্ষতিগ্রস্ত হয়ে রাজনৈতিক আশ্রয়ের জন্য আবেদন করেছেন তাদের অবশ্যই প্রমাণ করতে হবে যে, তাদের নিজ দেশ তাদের সহায়তা দিতে অপারগ।

এটর্নী জেনারেল হিসেবে দৃষ্টান্ত প্রতিষ্ঠার ক্ষমতাবলে তার পূর্বসূরীর সিদ্ধান্ত গাল্যান্ড বাতিল করে দেন। এটর্নি বার এর 'ম্যাটার অব এল-ই-এ' সিদ্ধান্ত পাবিরারিক মূলবোধের কারণে নিপীড়নের মুখোমুখি হয়ে রাজনৈতিক আশ্রয়ের জন্য আবেদনকারীদের সুযোগ বন্ধ করে দেয়।

ড্যাকা (ডিএসএ) আবেদনকারীদের জট হ্রাসে বাইডেনর প্রশাসন আরও কর্মচারী নিয়োগ দিচ্ছেনঃ

ডেফারর্ড এ্যাকশন ফর চাইল্ডহুড এ্যারাইভাল (ড্যাকা)



আবেদনকারীদের আবেদন পর্যালোচনা করার জন্য বাইডেন প্রশাসন আরও কর্মী নিয়োগ দিচ্ছেন যাতের আবেদনের জট কমিয়ে আনা যায়।

ইউএস সিটিজনেশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিস (ইউএসসিসআইএস) কংগ্রেসকে জানিয়েছেন যে, তারা জন সচেতনতার জন্য প্রচারণা শুরু করবে। কীভাবে সম্ভাবনায় ড্যাকা আবেদনকারীদের শিক্ষিত করা যায়, যাতে তাদের আবেদন প্রসেস করার সময় কমিয়ে আনা যায়। সেই সঙ্গে তাদের ওয়ার্ক পারমিট নবায়ন, ডিপোর্টেশন স্থগিত করার বিষয় স্মরণ করিয়ে দেয়া।

৩১ মে পর্যন্ত ইউএসসিআইএস ৬২ হাজার প্রথম বারের দাখিল করা আবেদনের মধ্যে মাত্র ১৯শত আবেদনের ব্যাপারে সিদ্ধান্ত নিতে পেরেছে। জুনের শেষে ডাকা আবেদনকারীর সংখ্যা হঠাৎ করে ৮১ হাজারে উন্নীত হয়া যা গত মার্চের চেয়ে ৪৮ শতাংশ বেশি। এছাড়া ১২০ দিনের লক্ষ্য মাত্রার অতিরিক্ত ১৩ হাজার নবায়ন আবেদন রয়েছেন মূল্যায়ন পর্যায়ে।

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) আগস্ট ২০২১ ভিসা বুলেটিন প্রকাশ করেছে। বাংলাদেশের জন্য ফ্যামিলি ভিত্তিক জুন মাসের ভিসা প্রাপ্যতা নিচে দেয়া হলোঃ

ফ্যামিলি স্পন্সরড প্রিফারেন্সঃ

প্রথম (এফ-ওয়ান) আমেরিকান নাগকিরদের অবিবাহিত পুত্র কন্যা- নভেম্বর ২২, ২১৪।

দ্বিতীয়ঃ পার্মামেন্ট রেসিডেন্টদের স্বামী-স্ত্রী, শিশু সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যাঃ

এ. (এফ-২এ) পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী-স্ত্রী এবং ২১ বছরের নিচের সন্তানেরা -চলতি।

বি. (এফ২বি) পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে-মেয়ে (২১ বছর বা ততোর্ধ)ঃ সেপ্টেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ এফ-৩) আমেরিকান নাগরিকদের অবিবাহিত ছেলে-মেয়েঃ ৮ নভেম্বর, ২০০৮।

চতুর্থঃ (এফ-৪) প্রাপ্ত বয়স্ক অমেরিকান নাগরিকদের ভাই ও বোনেরাঃ ১ মার্চ, ২০০৭।

আরও বিস্তারিত জানতে আমেরিকান স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইট পরিদর্শন করতে হবে।

কুইন্স থেকে এস চৌধুরীর প্রশ্নঃ

আমি একজন গ্রিনকার্ডধারী। একজন গ্রিনকার্ডধারী হিসেবে আমি বাংলাদেশে আমার কোন কোন আত্মীয়য়ের জন্যে আবেদনের ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিতে হবো। ইমিগ্রেশন বিষয়ে আমার ধারণা খুব স্পষ্ট নয় বলে আপনার বিভাগের মাধ্যমে এই বিষয়ে জানতে চাচ্ছি।

এ ব্যাপারে আপনার পরমার্শ পেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো।

এস চৌধুরীর প্রশ্নের উত্তরঃ

আপনি একজন গ্রিনকার্ডধারী। বাংলাদেশে বসবাসরত আপনার আত্মীয়দের জন্যে আবেদন করতে ইচ্ছুক বলে জানিয়েছেন। একজন গ্রিনকার্ডদারী নিম্নে উল্লেখিত আত্মীয়দের জন্যে আবেদন করতে পারেন।

স্পাউস (স্বামী/স্ত্রী),

২১ নিম্ন ও ২১ উর্দ্ধ অবিবাহিত সন্তান। ২১ নিম্ন বয়সের সন্তানেরা ২এ এবং ২১ উর্ধ বয়সের সন্তানেরা ২বি ক্যাটগারীতে পড়ে।

এ ব্যাপারে আমাদের পরামর্শ হচ্ছে ইমিগ্রেশন বিষয়ে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত নেবার আগে প্রয়োজনবোধে একজন ইমিগ্রেশন এটর্নীর সাথে যোগাযোগ করতে পারেন।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

প্রশ্ন আমাদের জ্ঞান প্রসারিত করে



এইচ বি রিতা

একটা সময় আমাদের চারপাশে বেয়াদবের সংখ্যা নেহায়েত কম ছিল। যা ছিল, তা সবই আদবে ভরা। কেননা ছোট থেকেই আমাদের শিখানো হত বড়দের মুখে মুখে কথা বলতে নেই। প্রশ্ন করতে নেই-তর্ক করতে নেই। তাদের চোখের দিকে তাকিয়ে কথাবলতে নেই। বললে, সেগুলি বেয়াদবি। এবং আমরা সেগুলিই মেনে চলতে গিয়েই আদবে থেকেছি। বেয়াদবির ভয়ে আমরা কখনো 'আই কন্টাক্ট' করিনি। কখনো প্রশ্ন করিনি, বড়দের সাথে কথার পিঠে কথা তুলে বিশ্বকে জানার চেষ্টা করিনি। আমাদের বলা হত 'মিথ্যা বলা মহাপাপ।' তাই আমরা সব সময় সত্য বলার চেষ্টা করতাম। আবার বড়দের প্রয়োজনে কোন গোপনীয়তা রক্ষা করতে গিয়ে বলা হত, 'এই শোন! এটা যে তুই শুনেছিস বা দেখেছিস, তা কিন্তু কাউকে বলবিনা।'

শিশু বয়সে তখন আবার আমরা বিভ্রান্ত হয়ে যেতাম। বুঝতে পারতাম না ঠিক কোন সময়টাতে মিথ্যা বলা মহাপাপ এবং কোনসময়টাতে সত্য বলা বিপদ হতে পারে।

পরিবর্তে, আমাদের কখনোই শিখানো হতো না সত্য-মিথ্যার পার্থক্য, প্রয়োগ বা ব্যবহার। কিংবা কখন সত্য বলা দরকার, কেনবলা দরকার, কখন সত্য এড়িয়ে মিথ্যাকে প্রশ্রয় দেয়া জরুরী, এসব বিষয়ে প্রশ্ন করার দুঃসাহস আমাদের ছিল না। কারণ আমরা শিশুকালে বেয়াদব ছিলাম না, আদবে বেড়ে উঠেছি।

ছোটকালে আমরা জেনেছি চাঁদের কাল দাগের মধ্যে চাঁদের বুড়ি বাস করে। বলা হত, চাঁদের কালো দাগগুলো হল চাঁদের কলঙ্ক। আসল ঘটনা আড়ালে রেখে সেই কাল্পনিক বিশ্বাস নিয়েই আমরা বেড়ে উঠেছি। অথচ চাঁদের পাশটির ৩১ ভাগ কালো দাগে ভরারহস্যটির নাম যে বিজ্ঞানীদের কাছে 'লুনার মারিয়া', তা আজও আমরা অনেকেই জানিনা। কিন্তু আজকের বেশীর ভাগ শিশু বা অন্যরা চাঁদের সেই কালো দাগের রহস্য এবং এর উৎপত্তি সম্পর্কে আমাদের থেকে কিছুটা বেশীই জানে। কেন? কারণ তারা ছোট থেকেই প্রশ্ন করতে জানে এবং এখন অনেক পিতা-মাতারাই তাদেরকে প্রশ্ন করে জানার সুযোগ দেন।

প্রতিটা মানুষ জন্মের পর তাদের প্রথম পাঁচ বছরে উন্নয়নের চারটি প্রধান ক্ষেত্র জুড়ে দ্রুত বিকাশ লাভ করে। যেমন-মোটর-শারীরিক (motor-physical), ভাষা এবং যোগাযোগ (language and communication), জ্ঞানীয় (cognitive) এবং সামাজিক ওসংবেদনশীল (social/emotional)।

জ্ঞানীয় বিকাশের অর্থ শিশুরা কীভাবে চিন্তাভাবনা করে, প্রচার-প্রসার করে এবং অনুসন্ধান বা খোঁজে বের করে। এটি জ্ঞান, দক্ষতা, সমস্যা সমাধান এবং স্বভাবের বিকাশ, যা বাচ্চাদের আশেপাশের বিশ্ব সম্পর্কে চিন্তাভাবনা এবং বুঝতে সহায়তা করে। মস্তিষ্কের বিকাশ জ্ঞানীয় বিকাশের একটি অংশ।

আমাদের আজকের প্রজন্মকে হিসাবে নিলে মুরুব্বিরা ধরে নিতে পারেন যে, বর্তমানে ঘরে ঘরে বেয়াদবে ভরা। কারণ আজকের শিশুরা আই কন্টাক্ট করে কথা বলে, বরং চোখ নামিয়ে বড়দের সাথে কথা বলাকে এখন অভদ্রতা-বেয়াবদি ধরা হয়।

আই কনটাক্ট বা চোখের যোগাযোগ এক ধরনের দেহভাষা যা যোগাযোগ এবং কথোপকথনের সময় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমরা কারো সাথে কথা বলার সময় চোখে চোখে যোগাযোগ রাখা মানে হল, আমরা সক্রিয়ভাবে অপর পক্ষেও কথা শুনছি এবং মনোযোগ দিচ্ছি। আমরা তা উপলব্ধি করি বা না করি, আমরা সর্বদাই কিন্তু যোগাযোগের ফর্ম হিসাবে আমাদের চোখ ব্যবহার করে থাকি। অথচ আমরা অনেকেই এই বিষয়টা থেকে বিতারিত ছিলাম ছোটকালে।

শিশুকাল বাদ দিলেও আমরা আজ দেখতে পাই যে, প্রাপ্ত বয়সে উপনীত হয়েও আমরা অনেক সময় জ্ঞানী, গুনি, বিজ্ঞজনদের প্রশ্নের সম্মুখীন করতে পারি না। আমাদের ভিতর একটা ধারণা লেপ্টে আছে যে, অতীতের কবি-সাহিত্যিক, দার্শনিক, বুদ্ধিজীবীরা যা ভেবে গেছেন বা লিখে গেছেন, সেটাই চিরসত্য, এর কোন সংস্কার বা পরিবর্তন নেই এবং সেটা মেনে নিয়েই আমাদেরকে নতুন কিছু আবিষ্কার করতে হবে। তাঁরা কি বলে গেছেন, কেন বলে গেছেন, এর যুক্তি-অযুক্তি কোন কিছু নিয়েই এখানে কোন প্রশ্ন করা চলবে না। প্রশ্ন করতে গেলেই আমারা কটাক্ষের পাত্রে পরিনত হবো।

২০১৮ সালে শিক্ষার্থীদের কোটা সংস্কার আন্দোলন নিয়ে অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল ১১ মে শুক্রবার যুগান্তর পত্রিকায় 'আমি রাজাকার : একটি আলোকচিত্র' নামে একটি আর্টিক্যাল প্রকাশ করেছিলেন। কোটা আন্দোলনের সময় অনেক ছাত্রবুকের মধ্যে 'আমি রাজাকার' শব্দটি লিখে পথে নামায় তিনি দারুনভাবে হতাশ ও রাগান্বিত হয়েছিলেন। 'আমি রাজাকার : একটি আলোকচিত্র' আর্টিক্যালটিতে তিনি লিখেছিলেন,

"যখন দেখি একজন ছাত্র নিজের বুকে 'আমি রাজাকার' কথাটি লিখে গর্বভরে দাঁড়িয়ে আছে, আমি সেটি বিশ্বাস করতে পারিনি। মাথায় আগুন ধরে যাওয়া বলে একটা কথা আছে, এই কথাটির প্রকৃত অর্থ কী আমি ওই ছবিটি দেখে প্রথমবার সেটি অনুভব করেছি।"

তিনি বলেছিলেন, 'কোটাবিরোধী আন্দোলন করে যে বাংলাদেশের মাটিতে নতুন রাজাকারের পুনর্জন্ম হয়েছে, এ দেশের তরুণরা নিজেদেও রাজাকার হিসেবে পরিচয় দিয়ে গর্ব করতে শিখেছে, আমাদের সংবাদমাধ্যম সেই খবরটি আমাদের কেন জানাল না?'

শ্রদ্ধেয় স্যারের এই ভাবনাগুলো নিয়ে তাঁকে প্রশ্নবিদ্ধ করে আমি যখন নিউইয়র্কের সাপ্তাহিক ঠিকানা পত্রিকায় একটি কলাম লিখি, তখন সেটা নিয়ে অনেকেই পাল্টা প্রশ্ন করেন, 'এই! তুমি কি জানো তুমি কাকে প্রশ্ন করছো?'

মূল কথা হল, বিখ্যাত গুনীজনদের মতামত, বিশ্বাস, ধারণাকে আমাদের বিশ্বাস করতেই হবে। আমরা তাদের প্রশ্নবিদ্ধ করতে পারবো না। করলে সেটা হয় বেয়াদবি কিংবা পন্ডিতি।

খ্রিস্টের জন্মেরও চারশ বছর আগে উপলব্ধি করা হয়েছিল মানুষের সৃজনশীলতা। উপলব্ধি করেছিলেন গ্রিসের বিখ্যাত দার্শনিক প্লেটোও। সাহিত্য সমালোচনায় প্লেটোর যুক্তি ছিল যে, সাহিত্য ব্যক্তি এবং সমাজের জন্য নেতিবাচক প্রভাব ফেলে। প্লেটো বিশ্বাস করেছিলেন যে, কবিতা সমাজকে কলুষিত করে এবং লুণ্ঠন করে। কারণ কবিতা আমাদেরকে অনৈতিকতা, মন্দ, খারাপ আচরণ এবং বর্বরতা শেখায়। কবিতার চরিত্রগুলি মিথ্যা কথা বলে, প্রতারণা করে এবং মানুষকে নির্যাতনের মাধ্যমে উপভোগ করে। তাই তিনি মনে করতেন, কবিতা বিপজ্জনক এবং বাস্তব থেকে আমাদেরকে আরও দূরে নিয়ে যায়।

এখন, প্লেটো নেই। তবে লিখনীর মাধ্যমে ইতিহাসের পাতা ও মানুষের মনে আছে তার অস্তিত্ব। কেউ যদি এখন প্লেটোর সাহিত্য সমালোচনা নিয়ে প্রশ্ন ছুঁড়েন, তবে কি সেটা অপরাধ হবে? দার্শনিক প্লেটোর প্রতি অসম্মান হবে? প্রশ্নের উপর প্রশ্ন কি আমাদেরজ্ঞানকে উন্মুক্ত করে নতুন কিছু শিখাতে বা আবিষ্কার করতে সাহায্য করে না?

বাস্তব বুদ্ধিসম্পন্ন দার্শনিক প্লেটো আবেগ নয়, 'সদগুণই জ্ঞান' বলে বিশ্বাস করতেন। তিনি বিশ্বাস করতেন, প্রকৃত জগতটি সত্যই 'আসল' জগত নয়; পরিবর্তে, আসল বাস্তবতা আমাদের শারীরিক জগতের বাইরে রয়েছে। অর্থাৎ তিনি শুধুমাত্র ইন্দ্রিয় দ্বারাপৃথিবী দেখাকে সত্যি মনে করতেন না। তিনি বিশ্বাস করতেন, ইন্দ্রিয়ের উর্ধ্বেও চিরস্থায়ী একটি জগত আছে, যা কেবল আমরাসীমানা থেকে মুক্ত হতে পারলেই দেখতে পারবো। প্লেটো তাঁর এই ধারণায় সর্বাধিক বিখ্যাত রচনা করেছেন- 'the allegory of the Cave' বা 'গুহার রূপক', যা তাঁর রিপাবলিকবইয়ের সপ্তম-এ পাওয়া। গুহার রূপকথায়, যেখানে একটা প্যারাডক্স রয়েছে, তিনি গুহার প্রাচীরের বেঞ্চে বেঁধে রাখা বন্দীদেও বর্ণনা করেছেন যারা দাঁড়িয়ে আছে গুহার দেয়াল মুখী হয়ে। তাদের পেছনে রয়েছে আগুন যা তারা দেখতে পাচ্ছেনা। তারা সামনের দিকটা ছাড়া অন্য কোন দিকে মুখ ঘুরাতে পারছেন না। এবং আগুন ও প্রাচীরের মধ্য দিয়ে চলাচল করা অভিনেতারা তাদের জন্য একটি চিত্র বহন করছে।

সুতরাং, তারা কেবল সেই চিত্রটির ছায়া দেখতে পাচ্ছে। তারা ভাবছে যে, তারা বাস্তবতা দেখছে। কিন্তু মূলত তারা যা দেখছে, তা কোনও চিত্রের, চিত্র ছাড়াআর কিছু নয়। প্লেটো বুঝাতে চেয়েছেন যে, একজন গুহাবাসী যিনি গুহার বাইরে কোনদিন বের হননি, তার কাছে সেই গুহাটাই সম্পূর্ণ পৃথিবী। অনুরূপ আমরাও আমাদের ইন্দ্রিয় গোচরে যা কিছু দেখি, তার উর্ধ্বে কিছুই অনুভব করতে পারিনা।

প্লেটোর বিষটি এখানে টানার মূল উদ্দেশ্য হল এই যে, আমাদেরকে ভিন্ন কিছু জানতে হলে, নতুন কিছু আবিকার করতে হলে, আমাদের অবশ্যয়ই জ্ঞানীয় চিন্তাভাবনা, প্রচার-প্রসার এবং অনুসন্ধান অভ্যাহত রাখতে হলে শুধু শিশু নয়, প্রতিটা মানুষকেইএকটা নির্দিষ্ট ধারণার বাহিরে আসতে হবে। প্রশ্ন করার সুযোগ পেতে হবে, অনুসন্ধান করার উৎস থাকতে হবে। আমরা আজীবন প্লেটোর 'গুহার রূপক'এ বাস করতে থাকলে একটি নির্দিষ্ট বৃত্তেই আমাদের জ্ঞান প্রসারিত হবে, এর বাহিরে আমরা ষষ্ঠ ইন্দ্রিয়দ্বারা বিশ্বকে দেখতে পারবো না, জানতে পারবো না, নতুন কিছু আবিষ্কার করতে পারবো না।

শিশুদের বেলাও অনুরূপ; একজন পিতা-মাতা হিসাবে, আমাদের সবার সন্তানের জন্মের সাথে সাথে তার জ্ঞানীয় বিকাশকে উৎ-সাহিত করা গুরুত্বপূর্ণ। কারণ এটি শিশু সন্তানের স্কুল এবং পরবর্তী জীবনে সাফল্যের ভিত্তি সরবরাহ করে। উদাহরণস্বরূপ, গবেষণা দেখায় যে, ছয় মাস বয়সে যে শিশুরা শব্দের মধ্যে পার্থক্য করতে পারে বা বুঝে, তারা চার এবং পাঁচ বছর বয়সের মধ্যে পড়তে শেখার দক্ষতা অর্জনে সফল হয়।

লেখক: কবি, কলামিস্ট, সাংবাদিক, শিক্ষক
নিউইয়র্ক

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Timothy Bompart
Attorney at Law
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

সাপ্তাহিক ২৫ বছরে বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

ত্যাগের মহিমায় ভাস্বর ঈদুল আজহা

ড. মোহাম্মদ আবু তাহের

ঈদুল আজহা মুসলমানদের সবচেয়ে বড় দুটি ধর্মীয় উৎসবের মধ্যে একটি, যা জিলহজ্ব মাসে পালন করা হয়। এ মাসেই মুসলমানরা পবিত্র হজ্বও পালন করে থাকে। ঈদের পরিসীমা যার কাছে যাই হোক না কেন **অন্তত** ঈদের দিনটি ধনী-গরীব সবার কাছেই অত্যন্ত আনন্দের। ঈদ সমাজের সব ভেদাভেদ ও সীমানা মুছে দিয়ে মানুষে মানুষে মহামিলন ঘটায়। ধনী-গরীব, উঁচু-নিচু নির্বিশেষে সব মানুষকে এক কাতারে দাঁড় করায় ঈদ। ঈদের দিনে প্রত্যেক মুসলমান নর-নারী আনন্দকে একত্রে উপভোগ করেন। ঈদ আনন্দের মধ্যে দিয়ে এক গুরুত্বপূর্ণ মর্মবাণী সকলের কাছে প্রতিধ্বনিত হয় 'সকলের তরে সকলে আমরা' এ মর্মবাণী সকল অন্যায় অবিচার ও অসাম্যকে অতিক্রম করে এক ভ্রাতৃত্ববোধের প্রেরণা জোগায়। এ প্রেরণায় উদ্দীপ্ত সমাজের হতদরিদ্র অবহেলিত ও সুবিধাবঞ্চিত মানুষের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দেয়া মুসলমান হিসাবে আমাদের সকলের দায়িত্ব। জিলহজ্ব মাসের ৮ থেকে ১৩ তারিখ পর্যন্ত সময়ে সামর্থ্যবান মুসলমান হজব্রত পালন করে থাকে। হজ্ব একান্তই একটি ব্যক্তিগত আমল। ব্যক্তিগত জীবনে আল্লাহ্ তা'আলার নৈকট্য লাভ ও তাঁর সন্তুষ্টি অর্জনের উদ্দেশ্যেই হজব্রত পালন করা হয়। ইসলাম শুধু আনুষ্ঠানিক ধর্ম নয়, কর্ম নির্ভর ধর্ম। যার কর্ম শুদ্ধ নয়, তার ধর্মও শুদ্ধ নয়। ঈমান পাকাপোক্ত হয় সৎকর্মের মাধ্যমে। সৎকর্মে যারা আজীবন নিবিষ্ট থাকে তারাই সৃষ্টির সেরা। (সুরা বাইয়্যেনাহ ৭)। প্রবৃত্তির দাস কখনও আল্লাহ দাসে পরিণত হতে পারে না। ষড়রিপুর প্রভাবমুক্ত হয়ে মানবতার সেবা এমনভাবে করতে হবে যেভাবে আল্লাহ্ আমাদের অনুগ্রহ করেন। (কাসাস ৭৭)। শেখ সাদী (র.) বলেন, 'তব তসবিহ এবং সিজদা দেখে খোদ এলাহী ভুলবে না, মানবসেবার কুঞ্জি ছাড়া স্বর্গ দুয়ার খুলবে না।' হজ ফরজ হওয়ার মূলে অপরিসীম আধ্যাত্মিক ও জাগতিক গুরুত্ব নিহিত রয়েছে যা অনুধাবন ছাড়া হজ করতে যাওয়া নিছক আনুষ্ঠানিকতা ভিন্ন অন্য কিছু নয়। পবিত্র কোরআনে এর মূল্যবোধের বিষয়ে স্পষ্টভাবে বর্ণিত হয়েছে। পূর্ব ও পশ্চিমের দিকে মুখ ফেরানোর মধ্যে নেই কোনো কল্যাণ, কল্যাণ নিহিত রয়েছে যে ঈমান আনে আল্লাহ উপর, পরকালে, ফেরেশতাগণ, সব কিতাবে, নবীদের ওপর এবং আল্লাহ মহব্বতে দান খয়রাত করে প্রতিবেশীদের জন্য, এতিম, মিশকিন, মুসাফির ও ইবাদতকারীদের জন্য গোলামমুক্ত করার জন্য এবং সালাত কায়েম করে, জাকাত প্রদান করে, অঙ্গীকার করে তা রক্ষা করে, ধৈর্য্যধারণ করে বিপদের সময়, দুঃখ কষ্ট ও যুদ্ধের সময়, তারাই সত্য পথের ওপর প্রতিষ্ঠিত এবং তারাই প্রকৃত মুত্তাকি। (সুরা বাকারা ১৭৭)। পবিত্র এ আয়াতের মাধ্যমে এ কথা স্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, আনুষঙ্গিক অন্য দায়িত্ব তথা হক্কুল ইবাদ বা আর্তমানবতার প্রতি অর্পিত দায়িত্বগুলো যথাযথ পালন ব্যতিরেকে শুধু কেবালামুখী হয়ে, আনুষ্ঠানিক ইবাদত অসম্পূর্ণ। হক্কুল ইবাদ তথা মানবতার হক আদায় ব্যতীত হক্কুল্লাহ্ বা আল্লাহ হক আদায় হয় না। ঈদ আমাদের শিক্ষা দেয়, কারও সঙ্গে কারও ভেদাভেদ নয়। ত্যাগের মহিমায় ক্ষুদ্রতা ভুলে ভ্রাতৃত্বের বন্ধনের সুযোগ করে দেয় ঈদুল আজহা। আমাদের উচিত ঈদুল আজহার ত্যাগের মহিমা, ত্যাগের আদর্শ অনুসরণ করা, উপলব্ধি করা। ঈদের শিক্ষা হলো মানুষ মানুষের পাশে দাঁড়াবে, মানুষ মানুষকে বুকে টেনে নেবে।



এবারের ঈদও ভিন্ন প্রেক্ষাপটে উদযাপন হবে। করোনার প্রথম ঢেউয়ের মধ্যে গত বছর ঈদুল আজহা পালিত হয়েছিল আর এবার যখন কোরবানির ঈদ আসছে তখন চলছে করোনার দ্বিতীয় ঢেউ, যা আগেরবারের চেয়ে আরও ভয়ানক মনে হচ্ছে। তাই সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। করোনা মহামারি মানুষের যাপিত জীবনে এনেছে বিরাট পরিবর্তন। মানুষের জীবনযাত্রায়ও অনেক পরিবর্তন হয়েছে। করোনা সবকিছু বদলে দিয়েছে। এখন মানুষ ঈদের কোলাকুলি করবে না, মুসাফা করবে না। আগের মতো আত্মীয় ও বন্ধুবান্ধবের বাড়িতেও যাবে না। করোনা সংক্রমণ থেকে রক্ষা পেতে আমরা স্বাস্থ্যবিধি মেনে চলবো এবং শারীরিক দূরত্বও বজায় রাখবো ঠিকই, কিন্তু আমরা যেন ভুলে না যাই ঈদের চেতনাই হলো মানুষে মানুষে ভালোবাসার বন্ধন জোরদার করা। সামাজিক দূরত্বের নামে আমরা যেন মানসিক দূরত্বে জড়িয়ে না পড়ি। অশুভ শক্তি আমাদেরকে যেন অমানুষ করে না ফেলে। সেজন্য আমাদেরকে সবসময় সচেতন থাকতে হবে। পাশাপাশি সংক্রমণ এড়ানোর জন্য ক্রেতা-বিক্রেতা ও পশুর হাটগুলোর ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট সবাইকে কঠোর সতর্কতা অবলম্বন করে দরকারি বিধিনিষেধ মেনে চলতে হবে।

ঈদ মুসলমানদের একান্ত নিজস্ব সংস্কৃতিরই একটা অংশ। ঈদের আনন্দ অন্তর থেকে উপলব্ধি করতে পারে একমাত্র মুসলমানরাই। ঈদুল আজহায় আল্লাহ্-তায়ালার প্রতি হযরত ইব্রাহিম (আ.) এর সবচেয়ে প্রিয় জিনিস উৎসর্গ করার যে আনন্দ তাও মুসলমানদেরই একান্ত ও নিজস্ব। ঈদুল আজহা কোরবানি বা ত্যাগের ঈদ। কোরবানী মানে শুধু পশুহত্যা নয়, মনের পশু হত্যা করার। চার হাজার বছরেরও বেশী আগে হযরত ইব্রাহীম (আ.) মহান আল্লাহ্-তায়ালার নির্দেশে নিজের সবচেয়ে প্রিয় জিনিস অর্থাৎ প্রিয় পুত্র হযরত ইসমাইল (আ.) কে কোরবানি করতে উদ্যত হন। কিন্তু মহান আল্লাহ্-তায়ালার অপার কুদরত ও মহিমায় হযরত ইসমাইল (আ.) এর পরিবর্তে দুম্বা কোরবানি হয়ে যায়। সেই থেকেই চালু হয় কোরবানিতে পশু জবাই করার বিধান। হযরত ইব্রাহিম (আ.) এর সেই ত্যাগের মহিমা স্মরণ করে মুসলমানরা ঈদুল আজহার দিনে আল্লাহ অনুগ্রহ কামনা করে পশু কোরবানি করে। সামর্থ্যবান মুসলমানদের জন্য কোরবানি করা ফরজ। ঈদের পরের দুই দিনও পশু কোরবানি করা যায়। ঈদ নামায শেষে করতে হয়। কোরবানির মাংস তিন ভাগে ভাগ করে একভাগ নিজের জন্যে, আত্মীয় স্বজনদের জন্যে এক ভাগ এবং গরীব মানুষদের মধ্যে একভাগ বণ্টন করে দেয়া উত্তম।

ইসলাম শব্দের অর্থের সাথে কোরবানির অর্থের মিল খুজে পাওয়া যায়। ইসলাম অর্থই হচ্ছে আত্মসমর্পণ এবং আত্মসমর্পণ এর অর্থ হচ্ছে আত্মবিসর্জন, আর আত্মবিসর্জন মানেই কোরবানি। রাসুল (আ.) এরশাদ করেছেন: যে ব্যক্তির কুরবানি করার সামর্থ্য আছে আর সেই ব্যক্তি যদি কোরবানি না করে সে যেন ঈদগাহে না আসে। সামর্থবান মানে যিনি নিছাব পরিমান সম্পদের মালিক হবে তার উপর কোরবানি করা বাধ্যতামূলক বা ওয়াজিব। কোরবানির গুরুত্ব বিষয়ে হযরত আয়েশা (রা.) থেকে বর্ণিত হাদিসে রয়েছে হযরত রাসুল (সা.) এরশাদ করেন: 'কোরবানির দিনে কোরবানির চেয়ে কোনো আমল আল্লাহ-তায়ালার কাছে অধিক পছন্দনীয় নয়। কিয়ামত দিবসে কোরবানির পশুর শিং, লোম ও পায়ের খুর সব কিছু নিয়েই আল্লাহ দরবারে হাজির হবে। কোরবানিকৃত পশুর রক্ত মাটিতে গড়িয়ে পড়ার আগেই মহান আল্লাহ্-তায়ালার কাছে তা বিশেষ মর্যাদায় পৌঁছে যায়। সুতরাং, তোমরা স্বাচ্ছন্দে কোরবানি কর।' পবিত্র কোরআনে এরশাদ হয়েছে কোরবানিকৃত পশুর গোশত এবং রক্ত কিছুই আল্লাহ কাছে পৌঁছায় না বরং পৌঁছায় কেবল তোমাদের তাকওয়া (সুরা: হজ্ব-৩৭) অন্য আয়াতে এরশাদ হয়েছে: আল্লাহ তো কেবল মুত্তাকিদের কোরবানিই কবুল করেন। সুরা কাওসার এর ২নং আয়াতে এরশাদ হয়েছে: অতএব তোমার মালিককে স্মরণ করার জন্য তুমি নামাজ পড় এবং (তারই উদ্দেশ্যে) তুমি কোরবানি করো।

কোরবানি হলো পশুর সঙ্গে পশুত্ব কোরবানির নাম। কিন্তু দুঃখজনক হলেও সত্য আমাদের সমাজে অনেকে অনেক মানসিকতায় কোরবানি করে যা সহজেই দৃশ্যমান হয়। কেউ কেউ লোকলজ্জায় নিজে কোরবানি না দিলে সন্ড়ানরা গোশত পাবে কোথায়, আশপাশের অনেকেই কোরবানি দিচ্ছে আমি না দেই কীভাবে- এ ধরনের মানসিকতায়ও কোরবানি করে। এ ধরনের কোরবানি আল্লাহ তায়ালার দরবারে নাও পৌঁছাতে পারে। তাছাড়া অনেক বিত্ত-বৈভবের মালিককে কত দামের কোরবানি করবে সে প্রতিযোগিতায় শামিল হতে দেখা যায়। তাদের কাছে কোরবানি লৌকিক প্রথা হয়ে গেছে। লক্ষাধিক টাকায় গরু বা উট কিনে বাসার গেটের সামনে বেধে রেখে নিজ এলাকায় খ্যাতি অর্জনই অনেকের কোরবানির উদ্দেশ্য বলে অবস্থাদৃষ্টে মনে হয়। এ ধরনের কোরবানি দ্বারা আত্মত্যাগ হয় না। ঈদুল আজহার দিনে পশু কোরবনির মাধ্যমে প্রকৃত ত্যাগের মহিমায় উজ্জ্বল হোক আমাদের জীবন। তা না হলে সামর্থ্যবান মুসলমানদের কোরবানি কোনো সার্থকতা বয়ে আনবে না। কোরবানি শুধুমাত্র একটি ইবাদতই নয় বরং কোরবানির মধ্যে রয়েছে ত্যাগ, উৎসর্গ ও আনুগত্যের এক মহান দৃষ্টান্ড়। মহান আল্লাহ্ আমাদের সত্যিকারের কোরবানি করার তৌফিক দান করুন।

লেখক: ব্যাংকার, কলামিস্ট ও গবেষক

বহু পুরাতন ভাব নব আবিষ্কার



মোজাম্মেল হোসেন

রাজনীতিবিদরা ক্ষমতা হারান কখন? আমাদের ইতিহাসে যখন অভ্যুত্থানের মাধ্যমে সামরিক বাহিনী ক্ষমতা দখল করে, যেমন পাকিস্তান আমলে দুইবার ও স্বাধীন বাংলাদেশে দুইবার ঘটেছে। গত তিরিশ বছর দেশে মার্শাল ল আসেনি। মাঝে ২০০৭-০৮ সালে একটি অস্থায়ী তত্ত্বাবধায়ক সরকারের পেছনে সামরিক বাহিনী ক্ষমতা প্রয়োগ করেছিল। তাছাড়া টানা রাজনৈতিক শাসন রয়েছে। কিন্তু এই সময়ে মাঝে-মধ্যে আমরা রাজনৈতিক নেতাদের কণ্ঠে রাজনীতি রাজনীতিবিদদের হাতছাড়া হয়ে যাচ্ছে বলে দীর্ঘশ্বাস শুনতে পাই। কে তাদের হাত থেকে রাজনীতি কেড়ে নিচ্ছে?

সর্বশেষ এই আক্ষেপটি উচ্চারিত হয়েছে খোদ জাতীয় সংসদে সম্প্রতি বাজেট আলোচনার সময় সরকারি দল আওয়ামী লীগের তোফায়েল আহমেদের মতো বর্ষীয়ান, দীর্ঘদিনের রাজনৈতিক অভিজ্ঞতাসম্পন্ন নেতার কণ্ঠে। তার সঙ্গে কণ্ঠ মেলান বিরোধী দলে বসা জাতীয় পার্টির কাজী ফিরোজ রশিদ ও রুস্তম আলী ফরাজী এবং গণফোরামের মোকাব্বির খান। অনির্ধারিত আলোচনায় দাঁড়িয়ে সরকারি জোটভুক্ত জাসদের নেতা হাসানুল হক ইনুও কথা বলেন।

তাদের ক্ষোভমিশ্রিত বক্তব্যের মূল বিষয় হলো, দেশ পরিচালনার কাজে সরকার আমলাতন্ত্র-নির্ভর হয়ে পড়ছে এবং রাজনীতিবিদদের গুরুত্ব কমে যাচ্ছে। এর সঙ্গে আমলা তথা সরকারি কর্মকর্তাদের দুর্নীতি এবং সাম্প্রতিক কিছু ঘটনার সূত্রে কতিপয় আমলার বাড়াবাড়ি ও ঔদ্ধত্যপূর্ণ আচরণের উল্লেখ করেন তাদের কেউ কেউ।

বক্তব্যের সূচনাকারী ও ব্যক্তির গুরুত্বের দিক বিবেচনায় আমরা তোফায়েল আহমেদের কথার ওপর প্রধানত আলোকপাত করি। তিনি সাবেক সেনানায়ক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সুপরিজ্ঞাত উক্তি স্মরণ করেছেন যে, তিনি রাজনীতিবিদদের জন্য রাজনীতি কঠিন করে দেবেন। তোফায়েলের মতে, জিয়া 'অত্যন্ত দক্ষতার সঙ্গে



কাজটা করেছেন।'

জিয়াউর রহমানের এই বহুল উদ্ধৃত উক্তিটি গত ৪০ বছর ধরে বহুবার উদ্ধৃত হয়ে আসছে। অর্থাৎ ১৯৮১ সালে জিয়া নিহত হওয়ার পরের চার দশকে আওয়ামী লীগ নির্বাচিত হয়ে দুই দফায় সাংবিধানিক সাড়ে চার মেয়াদে মোট ১৭ বছর ক্ষমতায় থেকেও জিয়ার ওই কীর্তিটি নাকচ করে রাজনীতিবিদদের জন্য রাজনীতি সহজ করতে পারেনি। এটা স্বীকার করা হলো।

এই প্রবীণ রাজনীতিবিদ দেশের পঞ্চাশ বছরে আমলাতন্ত্রের বিকাশ, নির্বাচিত সরকারের সঙ্গে আমলাতন্ত্রের সম্পর্ক ও সে ক্ষেত্রে কোনো সমস্যা থাকলে তার স্বরূপ ও সমাধান, সংবিধান অনুসারে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে জনগণের কাছে আমলাতন্ত্রের জবাবদিহি প্রক্রিয়ার বাস্তব পরিস্থিতি, ঘাটতি থাকলে তার প্রতিবিধান ইত্যাদি মৌলিক ও বড় পরিসরে কথাটা বলেননি। বলেছেন একটি ক্ষুদ্র পরিসরে, তা হলো বর্তমান করোনাভাইরাস মহামারির সময় এ সংক্রান্ত কাজের সমন্বয়ের জন্য প্রধানমন্ত্রী কর্তৃক প্রতি জেলায় একজন করে সচিব স্তরের আমলাকে দায়িত্ব দেওয়ার বিষয়ে। এর মধ্যে ত্রাণ সাহায্য বিতরণ একটি কাজ, যার দায়িত্বে আছেন জেলা প্রশাসকরা। জেলায় জেলায় প্রশাসনিক কর্মকর্তাদের দায়িত্ব প্রদান ও ত্রাণ সহায়তা বিতরণ সম্পর্কে তিনি বলেন, '...মানুষ মনে করে আমরা যা দেই, এটা প্রশাসনিক কর্মকর্তারাই দেন।' তিনি বলেন, সংসদ সদস্যরা নিজের অর্থ ব্যয় করেও অভাবী মানুষকে রিলিফ দিয়েছেন। অথচ প্রশাসনিক কর্মকর্তারা এলাকায় যান না। তার কথায়, 'একটা রাজনৈতিক সরকার এবং রাজনীতিবিদদের যে কর্তৃত্ব, কাজ, সেটা কিন্তু ম্লান হয়ে যায়।' তিনি স্মরণ করিয়ে দেন, ওয়ারেন্ট অব প্রিসিডেন্স বা রাষ্ট্রের পদমর্যাদাক্রম হচ্ছে নির্বাচিত সংসদ সদস্যরা সচিবদের ওপরে।

পদমর্যাদাক্রম নিয়ে নিশ্চয়ই কোনো বিতর্ক নেই। কিন্তু প্রশ্ন হলো রাজনীতিবিদদের অবস্থান ম্লান হয়ে যাবে কেন? আমরা ঔপনিবেশিক সূত্রে বা ব্রিটিশদের ব্যবস্থায় যে আমলাতন্ত্র পেয়েছি তার মোদ্দা কথা হচ্ছে, এই প্রশাসনযন্ত্র রাষ্ট্রে স্থায়ী, জনগণ নির্বাচনের মাধ্যমে দলীয় সরকার পরিবর্তন করতে পারে, আর সেই নির্বাচিত সরকারের নীতি ও কর্মসূচি বাস্তবায়ন করবে স্থায়ী চাকরিতে থাকা আমলারা, যারা জনগণের করের টাকায় বেতনভোগী কর্মচারী। প্রশাসনিক কাজ করার জন্য অবশ্যই কর্মকর্তাদের নির্দিষ্ট ক্ষমতা আছে। কিন্তু তারা দায়ী সরকারের কাছে, তাদের জবাবদিহি সরকারের কাছে।

এখন রাজনৈতিক সরকার যদি আমলাদের জবাবদিহি আদায় করতে না পারে, আমলারা যদি বেশি প্রভাবশালী হয়ে ওঠে, তবে সে দায় কার? কীভাবে দেশে সরকার আমলাতন্ত্রের ওপর নির্ভরশীল হয়ে পড়ছে এবং রাজনীতি ও রাজনীতিবিদরা পিছিয়ে পড়ছে?

এই আলোচনাও নতুন নয়, দীর্ঘদিন ধরে শোনা যাচ্ছে এবং রাজনীতির পশ্চাদপসরণ অব্যাহত আছে। সংসদে তোফায়েল আহমেদসহ সরকারি ও বিরোধী দলের কয়েকজন সাংসদের একত্র অভিযোগের পর অধ্যাপক, বিশেষজ্ঞ, জনপ্রশাসনের অভিজ্ঞ জ্যেষ্ঠ সাবেক কর্মকর্তা, সুশীল সমাজের ব্যক্তিবর্গের কিছু অভিমত পুনরায় প্রকাশ পেয়েছে। সাম্প্রতিক অতীত ও বর্তমানের অভিজ্ঞতা, ঘটনাবলি ও বিকাশধারা অনুসরণ করে সরকার ও আমলাতন্ত্রের সম্পর্কের অভিমুখটি নির্ণয়ের চেষ্টা করা যেতে পারে।

ফিরে যাই সামরিক শাসকদের কথায়। জিয়ার পরে এরশাদ। সামরিক শাসন একরকম হুকুমে চলা সামরিক-বেসামরিক আমলাদেরই শাসন। জবাবদিহি যা তা একমাত্র একনায়ক শাসকের কাছে। তাকে সন্তুষ্ট রেখে জনগণের ওপর আমলাদের দাপট অপ্রতিহত হয়ে ওঠে। সামরিক শাসনের অবসান ঘটিয়ে এরশাদ নিজ নিয়ন্ত্রণে বেসামরিক শাসন চালু করার পর্যায়ে নতুন গড়া উপজেলা পর্যন্ত বিচার বিভাগ সম্প্রসারণ করতে সরকারি কর্মকমিশন এড়িয়ে সরাসরি বহু ম্যাজিস্ট্রেট নিয়োগ দেন। পরে তাদের ক্যাডারভুক্ত করেন। পদের চেয়ে কর্মকর্তার সংখ্যা বেশি হওয়াসহ প্রশাসনে বিভিন্ন বিশৃঙ্খলা শুরু হয়, যা পরে বাড়তেই থাকে।

এরপর ১৯৯১ সালের নির্বাচনে বিএনপির জয়লাভের পর থেকে নতুন যে প্রপঞ্চ (বাকি অংশ ০৮ পাতায়)

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813

Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308

Buffalo Office
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162

করোনায় কোরবানির ঈদ খাবার ও স্বাস্থ্যসচেতনতা

অধ্যাপক এ বি এম আবদুল্লাহ

ঈদুল আজহা বা কোরবানির ঈদ সমাগত। ঈদ হলো আনন্দের উপলক্ষ্য। বিশ্বব্যাপী করোনার প্রাদুর্ভাবের কারণে এবার কোরবানি ঈদের আমেজ একটু ভিন্ন। আনন্দের মাঝে দেখা দিয়েছে নানা শঙ্কা, জনমনে রয়েছে নানা প্রশ্ন। কোরবানির পশু কেনা থেকে শুরু করে পশু জবাই ও খাদ্য গ্রহণের প্রতিটি স্তরে স্বাস্থ্য সতর্কতা মেনে চলা যাবে কি না, তা নিয়ে রয়েছে নানা বিভ্রান্তি। ধর্মীয় রীতি ও আনন্দ ভাগাভাগি করার পাশাপাশি স্বাস্থ্যবিধি বা স্বাস্থ্যের নিরাপত্তা নিশ্চিত করা খুবই গুরুত্বপূর্ণ। স্বাস্থ্যবিধি এবং নির্দিষ্ট কিছু নিয়ম মেনে চললে অনাকাঙ্ক্ষিত কিছু ঘটার সম্ভাবনা কমবে এবং করোনাকালেও ঈদকে আনন্দময় করে তোলা যায়।

কোরবানির ঈদে আনন্দের প্রধানতম অনুষঙ্গ হলো খাবার। অন্যান্য খাবারের সঙ্গে মূল আয়োজনে থাকে বিভিন্ন রকমের মাংসের পদ যেমন–গরু, খাসি, মহিষ এমনকি উটের। ঈদ উৎসবে সবারই মনের প্রবল ইচ্ছা বেশি করে মাংস খাওয়া। তবে খাদ্যসচেতনতা সবচেয়ে বেশি জরুরি। জনগণের সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে কোরবানির মাংস খাওয়ার মাধ্যমে করোনা ছড়ানোর সম্ভাবনা আছে কি না। উত্তর হচ্ছে, কোরবানির মাংস কিংবা যে কোনো মাংস যদি ভালোভাবে সিদ্ধ করে রান্না করা হয়, তবে করোনা কেন, তা থেকে কোনো রোগজীবাণু ছড়ানোর সম্ভাবনা নেই। তবে রান্না করার আগে রাঁধুনিরা অবশ্যই তাদের হাত সাবানপানি দিয়ে ভালোভাবে ধুয়ে নেবেন। তা ছাড়া রান্নায় ব্যবহৃত বাসনপত্র ডিটারজেন্ট দিয়ে ভালোভাবে পরিষ্কার করে নেওয়া ভালো।

করোনাভাইরাসের ভয় ছাড়াও সব সময়ই কোরবানির ঈদে মানুষের খাওয়া-দাওয়া নিয়ে থাকে নানা প্রশ্ন। যারা দীর্ঘমেয়াদি রোগে ভোগেন, তাদের মনেও খাবার নিয়ে থাকে অনেক সংশয়। এ ক্ষেত্রে বলা যায়, দু-এক দিন বেশি খেতে যদিও খুব বাধা নেই, তবু খাওয়া উচিত রয়েসয়ে। সমস্যা হতে পারে যাদের পেটের পীড়া, উচ্চরক্তচাপ, ডায়াবেটিস বা হৃদেরাগ আছে কিংবা যাদের এসব রোগের প্রাথমিক লক্ষণ আছে।

পরিমাণমতো খাবেন: মূল সমস্যাটা নিঃসন্দেহে খাবারের পরিমাণে। অনেকেই একসঙ্গে প্রচুর পরিমাণ তৈলাক্ত বা চর্বিযুক্ত খাবার খেয়ে হজম করতে পারেন না। তা ছাড়া কোরবানির মাংস পরিমাণে একটু বেশিই খাওয়া হয়। ফলে পেট ফাঁপে, জ্বালাপোড়া করে, ব্যথা করে, বারবার পায়খানা হতে পারে। পর্যাপ্ত পানি পান না করার কারণে অনেকে কোষ্ঠকাঠিন্যে ভোগেন। যদিও কোনো নির্দিষ্ট খাবার খেতে মানা নেই, কিন্তু পরিমাণ বজায় রাখা খুবই জরুরি।

ঈদের দিন তৈলাক্ত খাবার–পোলাও, বিরিয়ানি, মুরগি, খাসি বা গরুর মাংস, কাবাব, রেজালা ইত্যাদি খাওয়া হয়। এ ছাড়া আছে চটপটি, দইবড়া কিংবা বোরহানির মতো টক খাবারও। এসব খাদ্য সকাল আর দুপুরে কম খাওয়াই উত্তম। কারণ বিকেলে প্রচুর পরিমাণে মাংস খাওয়ার সম্ভাবনা থাকবেই।

সকালের খাবার: ঈদের নামাজ পড়তে যাওয়ার আগে অল্প করে সেমাই বা পায়েস খান। অনেকেই শরবত, কোমল পানীয়, ড্রিংকস, ফ্রুট জুস ইত্যাদি খাওয়া পছন্দ করেন। তবে মনে রাখা উচিত, বাজারে দেশি-বিদেশি ফ্রুট জুস যা পাওয়া যায়, সেগুলোর বেশির ভাগই আসল ফলের রস নয়। কৃত্রিম রং ও সুগন্ধি দিয়ে জুস নামের এসব পানীয় তৈরি করা হয়। চটকদার বিজ্ঞাপনের সুবাদে এগুলোই হয়ে যায় তাজা ফলের রস। আবার দীর্ঘদিন ধরে এসব জুস পান করলে শিশুদের তো বটেই, বড়দের পাকস্থলীরও মারাত্মক ক্ষতি হতে পারে। সেই সঙ্গে লিভার ও কিডনি নষ্ট হয়ে যেতে পারে। বাজারের ফ্রুট জুস পান করলে কোনো উপকার তো হবেই না, বরং স্বাস্থ্য নষ্ট হওয়ার আশঙ্কা রয়েছে। অতএব এসব না খেয়ে মৌসুমি ফল খাবেন, তাতে মজা ও উপকার দুই-ই পাবেন।



খাবার খাবেন বুঝেশুনে: যাদের বয়স কম, শারীরিক বা হজমেরও কোনো সমস্যা নেই, তারা নিজের পছন্দমতো সবই খেতে পারেন, শুধু অতিরিক্ত না হলেই হলো, বিশেষ করে চর্বিজাতীয় খাদ্য। বেশি মাংস খেলে কোষ্ঠকাঠিন্যের সমস্যা বেড়ে যায়। যাদের এনাল ফিশার ও পাইলস-জাতীয় রোগ আছে, তাদের পায়ুপথে জ্বালাপোড়া, ব্যথা ইত্যাদি বাড়তে পারে, এমনকি পায়ুপথে রক্তক্ষরণও হতে পারে। তাই প্রচুর পরিমাণে পানি, শরবত, ফলের রস, ইসবগুলের ভুসি ও অন্যান্য তরল খাবার বেশি খাবেন। পেটে গ্যাস হলে ডমপেরিডন, অ্যান্টাসিড, ওমিপ্রাজল, প্যান্টোপ্রাজল-জাতীয় ওষুধ খেতে পারেন। যাদের আইবিএস আছে, তারা দুগ্ধজাত খাবার পরিহার করুন। দাওয়াতে গেলে পরিমিত খাবেন। অতিভোজন পরিহার করার চেষ্টা করবেন। হয়তো অনেক খাওয়াদাওয়া টেবিলে সাজানোই থাকবে, কিন্তু খেতে বসলেই যে সব খেতে হবে তা নয়। রাতের খাবার খেয়েই ঘুমিয়ে পড়বেন না। খাওয়ার অন্তত দুই ঘণ্টা পর বিছানায় যাবেন। খাবারের ফাঁকে ফাঁকে পানি খাবেন না, এতে হজমরস পাতলা হয়ে যায়।

চর্বি এড়িয়ে চলুন: অতিরিক্ত চর্বি খাওয়া এমনিতেই স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। কোরবানির সময় বিষয়টি বিশেষভাবে খেয়াল রাখা উচিত। অনেক সময় দেখা যায়, আমরা রান্না সুস্বাদু হবে মনে করে মাংসে বেশ কিছু চর্বি আলাদাভাবে যোগ করি, এমন ধারণা একেবারেই ভুল। মাংসের সঙ্গে যথেষ্ট পরিমাণে সবজি খাওয়া যেতে পারে। পরিমিতি বোধ যেখানে রসনা সংবরণ করতে পারে, সেখানে ভয়ের কিছু নেই। মাংসে তেল বা ঘিয়ের পরিমাণ কমিয়ে দিলে, ভুনা মাংসের বদলে শুকনো কাবাব করে খেলে, কোমল পানীয় ও মিষ্টি একেবারে কমিয়ে খেলে কোরবানির ঈদের সময়ও ভালোই থাকা যায়। সেই সঙ্গে হালকা ব্যায়াম বা বেশ কিছুক্ষণ হাঁটাহাঁটি করে শরীর থেকে অতিরিক্ত ক্যালোরি কমিয়ে নিতে পারলে আরো ভালো।

বয়স্কদের থাকতে হবে সচেতন: মধ্যবয়সি ও বয়স্ক ব্যক্তিদের খাবার সম্পর্কে সচেতন থাকা আরো জরুরি। এমনকি উচ্চরক্তচাপ, ডায়াবেটিস, রক্তে অতিরিক্ত চর্বি ইত্যাদি না থাকা সত্ত্বেও এই বয়সের মানুষের ঈদের খাবারের ব্যাপারে বাড়তি সতর্ক থাকা দরকার। অতিভোজনে তাদের পেটভরা ভাব, অস্বস্তিকর অনুভূতি, বারবার ঢেকুর ওঠা এমনকি বুকে ব্যথা পর্যন্ত হতে পারে। বেশি মাংস খেলে তা পরিপূর্ণভাবে হজম হতে সময় লাগে। ডায়াবেটিক রোগীকে অবশ্যই মিষ্টিজাতীয় খাবার এড়িয়ে চলতে হবে। তারা বরং টক খাবারের মাধ্যমে রসনা পূরণ করতে পারেন।

উচ্চরক্তচাপ, স্ট্রোক ও হৃদরাগীরা: অতিরিক্ত গরুর মাংস খেলে স্বাস্থ্যের ঝুঁকি বেড়ে যায়। শুধু গরু নয়, মহিষ, ছাগল ও খাসির মাংসে থাকে উচ্চমাত্রার প্রোটিন ও ফ্যাট, তাই অতিরিক্ত মাংস খেলে স্ট্রোক, ডায়াবেটিস, হৃদেরাগ ও কোলেস্টেরলের মাত্রা বেড়ে যায়, বিশেষ করে যারা আগে থেকেই এসব রোগে ভুগছেন তাদের ঝুঁকি আরো বেশি। তাই মাংস খাওয়ার সময় অবশ্যই খেয়াল রেখে পরিমিত পরিমাণে এবং চর্বি ছাড়িয়ে খাওয়ার চেষ্টা করতে হবে। সারা বছর তারা যে ধরনের নিয়মকানুন পালন করেন খাওয়াদাওয়ার ব্যাপারে, কোরবানির সময়ও সেভাবে চলাই ভালো।

কিডনির রোগীদের: যারা কিডনির সমস্যায় ভোগেন, যেমন ক্রনিক রেনাল ফেইলুর, তাদের প্রোটিন-জাতীয় খাদ্য কম খেতে বলা হয়। তাই মাংস খাওয়ার ব্যাপারে আরো সতর্কতা অবলম্বন করতে হবে। কোনোক্রমেই অতিরিক্ত মাংস খাওয়া ঠিক হবে না। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সারা বছরের মতো ঈদের সময়ও একই খাবার খাওয়াই ভালো।

মাংস সংরক্ষণ: কোরবানির পরে মাংস ভালোভাবে সংরক্ষণ করা অত্যন্ত জরুরি। ফ্রিজে সংরক্ষণ সম্ভব হলে ভালো। তবে গ্রামগঞ্জে এমনকি শহরে অনেকের বাসায় ফ্রিজ না থাকলে সঠিকভাবে মাংস জ্বাল দিয়ে রাখতে হবে। এমনকি মাংস সেদ্ধ করে শুকিয়ে শুঁটকির মতো করে অনেক দিন খাওয়া যেতে পারে।

উপসংহার: ঈদ আনন্দের। আর খাবারের তৃপ্তি না থাকলে এই আনন্দ যেন পূর্ণতা পায় না। উৎসব-আনন্দ ও অতিভোজন একইভাবে চলবে। অন্তত একটা দিন হলেও সবার এমন ইচ্ছা থাকে। তার পরও সবাইকে রয়েসয়ে খেতে হবে। কারণ অসংযমীভাবে খাদ্য গ্রহণ করে শুধু শুধু এই করোনাকালে ডাক্তারের কাছে কিংবা হাসপাতালে ছোটাছুটির আদৌ প্রয়োজন আছে কি না, ভেবে দেখতে হবে। সবাইকে মনে রাখতে হবে, এবারের ঈদ অন্য সাধারণ ঈদের মতো নয়। ঈদ উদ্যাপনের পাশাপাশি স্বাস্থ্য সুরক্ষার ব্যাপারটি সবাইকে নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে কোনো ছাড় দেওয়ার সুযোগ নেই। পশু কোরবানি, মাংস প্রস্তুতকরণের আগে ও পরে প্রত্যেকের হাত সাবানপানি দিয়ে ভালোভাবে পরিষ্কার করতে হবে। বাড়ির শিশু, বৃদ্ধ এবং যারা অন্যান্য রোগে ভুগছেন তাদের দূরে রাখা ভালো।

পরিশেষে আমাদের সবাইকে মনে রাখতে হবে, এবারের ঈদে হয়তো সবার মুখে সমান হাসি বইয়ে আনবে না। কারণ একদিকে করোনার হানা, অন্যদিকে নানা প্রাকৃতিক দুর্যোগ ও দুর্ঘটনা। অনেক মানুষের রুটি-রুজির নিশ্চয়তা নেই। অনেকেই আছেন যারা কবে তৃপ্তি করে দুমুঠো ভাত খেতে পেরেছেন বলতে পারেন না। এবারের কোরবানির ঈদটা না হয় তাদের কথা চিন্তা করেই হোক। মাসের পর মাস কোরবানির মাংস ফ্রিজে জমিয়ে না রেখে বিতরণ করুন সেই সব হতদরিদ্রের মাঝে। এতে তাদের যেমন পেট ভরবে, কিছু পুষ্টির চাহিদা মিটবে, তেমনি হবে মানবতার বিশাল কল্যাণ। আর এই আত্মত্যাগই তো কোরবানির আসল মাহাত্ম্য!

লেখক: ইউজিসি অধ্যাপক ও মেডিসিন বিশেষজ্ঞ। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ব্যক্তিগত চিকিৎসক

স্ম র ণ : স্মৃতিতে ভাস্বর সাংবাদিক শামছুর রহমান

অধ্যাপক মো: মসিউল আযম

১৬ জুলাই ২০২১। আমাদের সাংবাদিক সমাজের কাছে বিশেষত যশোরবাসীর জন্য একটি বড় শোকের দিন। ২১ বছর আগে, ২০০০ সালের এ দিনেই আমরা হারিয়েছি, সাংবাদিক জগতের এক উজ্জ্বল নক্ষত্র কলমসৈনিক সাংবাদিক শামছুর রহমানকে।

প্রতি বছর দিনটি আসার আগে থেকেই খুবই মনোকষ্ট পাই, নিজেকে অনেকটা অপরাধী মনে হয় এই কারণে যে, তাকে কেন এ পেশায় এনেছিলাম? সাংবাদিকতায় প্রতিষ্ঠার ক্ষেত্রে কেন সহযোগিতার হাত বাড়িয়েছিলাম? তা না হলে এভাবে হয়তো তাকে অকালে প্রাণ দিতে হতো না। তার মমতাময়ী মা হারাতেন না নাড়ি ছেঁড়া ধনকে। তার প্রিয়তমা স্ত্রী এত অল্প বয়সে বিধবা হতো না। তার কলিজার টুকরো দুই মেয়ে হতো না এতিম। আর আমরাও হারাতাম না এমন একজন সম্ভাবনাময় ও প্রতিভাবান সাংবাদিককে।

শহীদ সাংবাদিক শামছুর রহমান দুর্নীতিবাজ, চোরাচালানিসহ ভয়ঙ্কর অপরাধী ও তাদের গডফাদারদের কাছে ছিল আতঙ্ক। সে তার বলিষ্ঠ লেখনীর মাধ্যমে দৈনিক বাংলা, সাপ্তাহিক বিচিত্রা ও জনকণ্ঠ পত্রিকার পাতায় বিভিন্ন অপরাধ ও অপরাধীদের ওপর সচিত্র প্রতিবেদন এবং তাদের কুকীর্তির কথা তুলে ধরেছিল। বারবার টেলিফোনে হুমকি আসতে থাকে তার এই লেখনী থামানোর জন্য। কিন্তু এই সাহসী সাংবাদিক আরো দুর্বার গতিতে চালাতে থাকে লেখনী। এতে স্বার্থান্বেষী মহল লিপ্ত হয় গভীর ষড়যন্ত্রে। অবশেষে তারা পথের কাঁটা চিরতরে সরিয়ে দেয়ার পথ বেছে নেয়। হায়েনাদের তপ্ত বুলেটের আঘাতে, সে নিজের চেম্বারে চিরতরে হারিয়ে যায় আমাদের মাঝ থেকে। সে ডাকনাম 'কেবল' হিসেবে সুপরিচিত ছিল।



তাকে নিয়ে রয়েছে আমার অনেক স্মৃতি। আমার কর্মজীবনের একটি শ্রেষ্ঠ কর্ম হচ্ছে এই মেধাবী সাংবাদিককে আবিষ্কার। তার আবির্ভাব অনেকটা ধূমকেতুর মতো। ১৯৮০ থেকে ২০০০ মাত্র ২০ বছর; খুবই অল্পসময়। কিন্তু এ স্বল্প সময়ের মধ্যে আমাদের সমাজ ও দেশকে সে দিয়েছে অনেক কিছু।

১৯৮০ সাল। যশোর প্রেস ক্লাবের পুরাতন ভবন থেকে আবুল হোসেন মীরের সম্পাদনায় দৈনিক ঠিকানা পত্রিকা বের হতো। যশোরে আজকে যারা প্রতিষ্ঠিত সাংবাদিক, তাদের অনেকেরই হাতেখড়ি এই পত্রিকায়। আমি তখন একটি জাতীয় দৈনিক পত্রিকার যশোর সংবাদদাতা। অধ্যাপনার পাশাপাশি ছিল সাংবাদিকতার নেশা। দৈনিক ঠিকানায় **খণ্ডকালীন** দায়িত্ব পালন করতাম ফিচার এডিটর হিসেবে।

একদিন দুপুরে এই পত্রিকা অফিসের ডেস্কে বসে আছি। ২০-২২ বছর বয়সী এক তরুণ যার গায়ের রঙ উজ্জ্বল শ্যামলা, এসে খুবই বিনয়ের সাথে আমার সামনে বসার অনুমতি চাইল। জানাল, সে যশোর এমএম কলেজের ছাত্র। বলল, 'আপনাদের পত্রিকায় শার্শা এলাকার বিভিন্ন সমস্যার কথা ছাপাতে চাই।' সানন্দে তার প্রস্তাবে সাড়া দিলাম। এরপর সে নিয়মিত সংবাদ পাঠাতে থাকে। মাসখানেক পর একদিন আমাকে আবদার জানালো– আমাদের এলাকার একটি জনগুরুত্বপূর্ণ সংবাদ সংগ্রহের জন্যে আপনাকে যেতে হবে। নির্ধারিত দিন ও সময়ে হাজির হলাম শার্শা বাসস্ট্যান্ডে। হেঁটে হেঁটে বাস্তব অবস্থা পর্যবেক্ষণ করলাম। পরদিন দৈনিক ঠিকানার লিড নিউজ ছাপা হলো। শিরোনাম ছিল 'দাদখালি বামনার বিল প্রকল্পটি আজ ব্যর্থতার পর্যবসিত হতে চলেছে।' খবরটি খুবই সাড়া জাগিয়েছিল।

এভাবে সাংবাদিকতা ও সংবাদ আদান-প্রদানের মাধ্যমেই কেবলের সাথে নিবিড় ঘনিষ্ঠতা গড়ে ওঠে। সময় পেলেই সে আমার সাথে সৌজন্য সাক্ষাতের উদ্দেশ্যে পত্রিকা অফিসে চলে আসত।

তার মাঝে আমি খুঁজে পেয়েছিলাম ছাইচাপা আগুনের জ্বলন্ত স্ফুলিঙ্গ। তাকে শার্শা প্রতিনিধি হিসেবে নেয়ার ব্যাপারে আমার প্রস্তাবে সবাই একমত পোষণ করলেন। পত্রিকার মাঝেই আমরা খুঁজে পেয়েছিলাম তার সত্যিকারের ঠিকানা।

৮০ দশকে যশোরে ছিল সাংবাদিক সঙ্কট। আমার একটা কাজ ছিল ঢাকার পত্রিকার জন্য নতুন নতুন সাংবাদিক সৃষ্টি করা। শামছুর রহমান কেবলকে নিয়ে আমার স্বপ্ন, তাকে কিভাবে জাতীয় পত্রিকায় সাংবাদিক হিসেবে আমাদের সাথী করা যায়। আমি তখন দৈনিক বাংলার বাণীর যশোর প্রতিনিধি। ওই সময় ঢাকায় দৈনিক বাংলার মফস্বল সম্পাদক ছিলেন শামছুল আলম। বাংলাদেশ সাংবাদিক সমিতির সভাপতি ও দৈনিক বাংলার মুন্সীগঞ্জ প্রতিনিধি ছিলেন সফিউদ্দীন আহমেদ। আমি ছিলাম সাংবাদিক সমিতির যশোর জেলা সম্পাদক। সফি ভাইয়ের সাথে দৈনিক বাংলা অফিসে যাতায়াতের মাধ্যমে মফস্বল সম্পাদক শামসুল আলমের সাথে আমার পরিচয় ও নিবিড় সম্পর্ক গড়ে ওঠে। ওই সময় যশোর সেনানিবাসের বিশেষ শাখার দায়িত্বে ছিলেন কর্নেল মাসুদ। এ ছাড়াও ছিলেন ব্রিগেডিয়ার এম এ মঞ্জুর; তারা শামসুল আলমের নিকটাত্মীয়। তাদের সাথেও ছিল আমার ঘনিষ্ঠতা।


যতবার ঢাকায় বাংলার বাণী অফিসে গিয়েছি আলম ভাইয়ের সাক্ষাৎ না করে ফিরতাম না। বাংলার বাণী পত্রিকা বন্ধ হলে চলে যাই অন্য পত্রিকায়। কিন্তু শামসুল আলম ভাইয়ের সাথে সম্পর্কটা বজায় থাকে। দৈনিক বাংলার আলী আশরাফ, হাসিনা আশরাফ, মঞ্জুর আহমেদ, শুভ রহমান, আবদুল হাই শিকদার– এদের সাথেও ছিল ঘনিষ্ঠতা।

ওই সময় দেবব্রত সিংহ ছিলেন দৈনিক বাংলার যশোর সংবাদদাতা। আইন (বাকি অংশ ১৮ পাতায়)


প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন
STAR
Photography
শহরের সেরা ফটোগ্রাফার
এবং ভিডিওগ্রাফার
হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান
Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling
NEHER SIDDIQUEE
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com


গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com


Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ধ্বজভঙ্গ * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভঙ্গ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *এ্যাটাক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
মহিলাদের:* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM Saturday-Sunday: 12PM-5PM
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।


পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার
আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি
এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট,
কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী,
ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট
সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে
ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)
ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট
TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872
We Provide EKG, Echocardiogram, TLC
Exam, Different blood test and much more
1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467


ALL YOUR NEED REAL ESTATE
BUYING & SELLING.
বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!
Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com
Tusher Bhuiyan
Licensed Real Estate Agent
Each Office is Independently
Owned and Operate


ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।
ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com
JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com
LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com
OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
917-301-2063

OPEN 7 DAYS

6 Hours
DDC Class
Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীদের ড্রাইভিং লাইসেন্স পেতে কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

- ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্বাবধানে ড্রাইভিং শিখুন।
- ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ৫, ১০ ও ১৫ লেসনের প্যাকেজ ডীল।
- প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা (শনিবারসহ)

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

- 5 Hours Class Certificate
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন ফ্রি বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট বই

Please Call

718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.

72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) ডিজিটাল ওয়াল এর উপরে

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

ই-মেইল :
শধফবষরেশরনস্তরগড়েমসধরষ.পড়স

ঠিকানা :
ঋৎ ঙ ইধহবব ঋধহমববঃ অপধফবসু
১৪৬ পধফধনড়ভড়ঁমযা জড়ুমফ
উঢ়ঢ়রষ ঊধমসু, চঙ ১৯০৮২

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।



বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।

Southeast USA Group Inc.
74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

কীসের যৌক্তিকতায় বন্ধ হচ্ছে ভিওএ বাংলা বেতার সম্প্রচার?



মোহাম্মদ আলী বোখারী

দুঃখজনকভাবে আমেরিকা যুক্তরাষ্ট্রের বৃহৎ আন্তর্জাতিক সম্প্রচার মাধ্যম ভয়েস অব আমেরিকা (ভিওএ), যা ১৯৪২ সাল থেকে ৪৫টি ভাষায় সপ্তাহে স্যাটালাইট, ক্যাবল, এফএম ও মিডিয়াম ওয়েভে আড়াই হাজারেরও বেশি নেটওয়ার্ক স্টেশনের মাধ্যমে ২৮ কোটি মানুষের কাছে পৌঁছায়, তা ১৩ জুলাই, ২০২১ পরিবেশিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে তাদের অতি সমৃদ্ধ বাংলা বেতার সম্প্রচার বন্ধ করতে যাচ্ছে বলে জানিয়েছে।

নিঃসন্দেহে সে সংবাদ অনেককেই বেদনাহত-বিমূঢ় করেছে, যেমনটা এখন কানাডায় থাকলেও বাংলাদেশে এক সময় ভিওএ ফ্যান ক্লাবের সভাপতি থাকায় আমি তা অনুভব করছি। তার কারণটি স্বচ্ছ, সহজ ও জোরালো; কেননা বাংলা বিশ্বে বহুল ব্যবহৃত ১০০টি ভাষার মাঝে সপ্তম, যার বুৎপত্তি ইন্দো-অ্যারিয়ান ভাষা থেকে বিস্তৃত এবং বিশ্বে ২২ কোটি ৮০ লাখেরও বেশি মানুষ সে ভাষায় কথা বলে।

এখন যে কেউ ওই দৃষ্টিকোণে 'ভিওএ বাংলা সার্ভিস তার বেতার সম্প্রচারের ইতি টানছে, বাড়াবে টিভি ও সামাজিক মাধ্যমের পরিধি' শীর্ষক পরিবেশিত সংবাদ বিজ্ঞপ্তিটি পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ করতে পারেন। তাতে শুরুতেই বলা হয়েছে, '৬৩ বছর বাংলাদেশ ও বাংলাভাষী ভারতের পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও আসামে সম্প্রচারের পর আনুষ্ঠানিকভাবে ২০২১ সালের ১৭ জুলাই ভয়েস অব আমেরিকা বাংলা বিভাগের এফএম ও শর্টওয়েভ ট্রান্সমিশন বন্ধ হতে যাচ্ছে। একই সঙ্গে তুলনামূলক ওই বিভাগের টেলিভিশন ও সামাজিক মাধ্যমের বিষয়বস্তু বৃদ্ধি পাবে, কেননা ভিওএ বাংলা'র সাপ্তাহিক ১ কোটি ৬০ দর্শক-শ্রোতা অতিমাত্রায় ওই প্ল্যাটফর্মটি ব্যবহার করছেন।'

এরপরই ৬৩ বছরের গুরুত্বারোপে ভারপ্রাপ্ত ভিওএ অনুষ্ঠান পরিচালক জন লিপম্যানের উদ্ধৃতিতে বলা হয়েছে: '১৯৫৮ সালের জানুয়ারীতে যখন ভিওএ বাংলার প্রচলন ঘটে, বাংলাদেশের পরিচিতিটি ছিল 'পূর্ব পাকিস্তান' এবং তা টেলিভিশন ও ব্যক্তি মালিকানাধীন বেতারহীন মার্শাল ল' কবলিত অঞ্চল। সীমান্তের বাইরে থেকে ভিওএ'র শর্টওয়েভ বেতার সম্প্রচারটি ছিল বাংলাভাষী জনগোষ্ঠির জন্য সংবাদ ও তথ্যের স্বাধীন প্রানসংযোগ।'

কিন্তু সেই 'প্রানসংযোগটি' পরক্ষণই বিতাড়ণ করে বলা হয়েছে: 'এখন যখন বিভাগটির শর্টওয়েভ বেতার শ্রোতা ১ শতাংশের নিচে নেমে এসেছে, তখন সাম্প্রতিক বছরগুলোতে ভিওএ বাংলা সামাজিক মাধ্যমের দর্শক-শ্রোতা আশাতীত বেড়েছে। গত বছর টুইটার অ্যাকাউন্টে ৫৪ শতাংশ এবং একই সময়ে ইনস্টাগ্রামে বেড়েছে ২৭৪ শতাংশ। কারণ, ওই তুলনাচিত্রের কোনো ভিত্তি নেই, বলা হয়নি কারা সেই টুইটার ও ইনস্টাগ্রাম ব্যবহারকারী? অবশ্যই তারা আমেরিকার কণ্ঠ বা আমেরিকান জনগণের কোনো সাধারণ শ্রোতা নয়, বাদ থাকুক তলানীতে যাওয়া 'শর্টওয়েভ বেতার শ্রোতা ১ শতাংশের নিচে নেমে আসা'! কেন তা হলে ওই অঞ্চলের কবওয়েবে মিডিয়াম ওয়েভের সম্প্রচারটি বন্ধ করা হলো?

তথাপি আবারও জন লিপম্যানের উদ্ধৃতিতে বলা হলো: 'বাংলাভাষী দর্শক-শ্রোতার মনজয়ের প্রতিযোগিতায় নেমেছে কয়েক ডজন টেলিভিশন ও বেতার, এমনকী বাড়ছে ডিজিটাল উৎস। বাংলাদেশে টেলিভিশন ও অনলাইন সংবাদ প্রাপ্তির চাহিদা বিস্তৃত হওয়ায় কার্যকর ভিওএ বাংলা অনুষ্ঠান পরিবেশনার দর্শক-শ্রোতাই সেজন্য বিবেচ্য।'

নিঃসন্দেহে তাতে 'অনলাইন সংবাদ প্রাপ্তির' অপরিহার্যতাটি যথার্থ, কিন্তু সেটা তো 'পডকাস্ট' করেও পরিপূরণ করা যেত; সেজন্য বাংলা সম্প্রচারটি কী পুরোপুরি তিরোহিত করতে হবে?

ওই বিজ্ঞপ্তিতে আরও সকলকে দুঃখজনকভাবে বোকা বানানো হয়েছে! এতে বাংলাদেশ উল্লেখ-বিহীন ১৯৫৮ সাল থেকে অনুষ্ঠান প্রচারণার প্রতি ফিরে দেখায় ভারপ্রাপ্ত ভিওএ বাংলা বিভাগের প্রধান শতরূপা বড়ুয়ার উদ্ধৃতিতে বলা হয়েছে: 'প্রাথমিক সংবাদ মাধ্যমের শুরু থেকে ভিওএ বাংলা বেতার প্রচারনা শ্রোতাদের কাছে বিশ্বের ঘটনাবলীকে তুলে ধরেছে। এটাই ছিল নিয়ামক অনুষঙ্গ, ঘরে ঘরে প্রচারিত নাম। আমরা সেই সুখ্যাতিটি গণমাধ্যমে বিনির্মাণ করবো, যেহেতু শর্টওয়েভ ও মিডিয়াম ওয়েভ বেতারের পরিবর্তে সেটাতেই মানুষ অতিমাত্রায় ঝুঁকেছে। কারণ, বাংলাদেশে আমাদের পরিষেবার ইতিহাসটি হচ্ছে, আমাদের অনেকের জন্যই ভিওএ-তে কাজ করা ছিল 'স্বপ্নতুল্য পেশা'। আমরা সেই পরিবর্তনের ধারায় তা ধরে রাখবো।' অবশ্যই সেই 'স্বপ্নতুল্য পেশা' জলাঞ্জলিত কিংবা হীন্যতায় পর্যবসিত হবার নয়, যারা অব্যাহতভাবে নিজেদের আত্মনিয়োগ করেছেন, যা আজকের প্রধানের যোগ্যতার ক্ষেত্রেও সমানভাবে প্রযোজ্য।

ওই সংবাদ বিজ্ঞপ্তিটি শেষটায় অভিপ্রায়ের অস্পষ্টতায় বলেছে, 'এই পরিবর্তন বেতার সম্প্রচারে 'প্রানসংযোগের' ক্ষেত্রে কোনো বিরূপ প্রভাব ফেলবে না, যেহেতু মায়ানমার থেকে জাতিগত সহিংসতায় বাংলাদেশে পালিয়ে আসা মুসলিম উদ্বাস্তু রোহিঙ্গাদের ভাষায় প্রাত্যহিক ৩০-মিনিটের একটি বেতার অনুষ্ঠান করবে। এটি ২০১৯ সালের জুলাইয়ে চালু হওয়া বাংলা বিভাগেরই অনুষ্ঠান।'

বোঝা গেল, এখানেও শুরুতে বলা 'প্রানসংযোগ'টি মুখ্য প্রতিপাদ্য হয়েছে। এতে কী করে ভিওএ ভেবেছে বাংলার পরিবর্তে রোহিঙ্গা ভাষাটি উপযোগী, যেখানে বাংলাভাষী-রাই তাদের জন্মভূমিতে আবাসনের জায়গাটি করে দিয়েছে? নাকি এখানেও জর্জ সরসের অভিলাষ পূরণের আকাঙ্খাটি বিমূর্ত, যিনি নিজেকে সহৃদয় 'রোহিঙ্গা' বলেন থাকেন এবং তার অর্থের প্রাচুর্য, বিনিয়োগ ও উপঢৌকণ পূর্ব ইউরোপের প্রাক-সোভিয়েত রাষ্ট্রসমূহে ও মধ্য এশিয়ায় এক অদ্ভুত পন্থায় আপন বিদেশনীতি প্রণয়ন করেছে?

পরিশেষে তাই স্বজাত্যাভিমানে বলা প্রয়োজন, আমার ৪০ বছরের সাংবাদিকতার উৎকর্ষে নানাবিধ আন্তর্জাতিক বেতার সম্প্রচার মাধ্যমের মাঝে ভিওএ বাংলা ছিল সবার শীর্ষে এবং সেটির বেতার সম্প্রচারক ইশতিয়াক আহমেদ, ইকবাল আহমেদ, ইকবাল বাহার চৌধুরী, রোকেয়া হায়দার, কাফি খান, সরকার কবীর উদ্দীন, সৈয়দ জিয়াউর রহমান, মাসুমা খাতুন ফাহমি, ড. অসীম চক্রবর্তী, সুমন চট্টোপাধ্যায়, রমেন পাইন প্রমুখ। সে কারণে আমি বিশ্বাস করি, রেডিও হচ্ছে দূরজয়ী রাজা, বিশেষ করে বাংলাদেশে ও সর্বত্র, এমনকী ভ্রান্তিতে জড়িয়ে থাকা সামাজিক মাধ্যমের অপ্রতিরোধ্য উত্থানে।

তথাপি নেলসনের ২০১৬ সালের অডিয়েন্স রিপোর্টে বলা হয়েছে, 'বেতার সর্বত্র পৌঁছার মাধ্যম, ৯৩ শতাংশ ১৮ উর্ধ্ব বয়সী আমেরিকান প্রতি সপ্তাহে এএম/এফএম শোনেন এবং তার সংখ্যা প্রতি মাসে ২৪ কোটি ৩০ লাখ।' স্বভাবতই তা বিস্ময়কর, কিন্তু তা টেলিভিশনের মতোই একীভূতহীন। সেজন্য বেতার সম্প্রচার বন্ধের আগে চাই সতর্ক বিচার-বিশ্লেষণ, যাতে শ্রোতা-দর্শকের চাহিদাটি পূরণ হয়।

টরন্টো, কানাডা।

লেখক: কানাডিয়ান ন্যাশনাল মাল্টিলিঙ্গুয়াল নিউজ গ্রুপের একজন স্টাফ জার্নালিষ্ট। ই-মেইল: ***bukhari.toronto@gmail.com***

একতা বিশ্বাস বিসমিল্লাহির রাহমানির রাহীম শৃঙ্খলা সেবা

বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ, ইনক

BANGLADESH BEANIBAZAR SOCIAL & CULTURAL SOCIETY USA, INC

নির্বাচন ২০২১ ইং
নির্বাচনী বর্ষ: ২০২২-২০২৩ ইং

নির্বাচনী তফসিল

১.বিয়ানীবাজার সমিতির কার্যনির্বাহী পরিষদের আসন্ন সাধারণ নির্বাচনে নিম্নলিখিত পদ সমূহে নির্বাচন অনুষ্ঠিত হইবে। গত ১৭ জুলাই নির্বাচন কমিশন, কার্যকরী পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক এবং উপদেষ্টা পরিষদের যৌথ সভার সিদ্ধান্তক্রমে নির্ধারিত মনোনয়ন ফি *(অফেরৎযোগ্য)* পদসমূহের পাশাপাশি ধারাবাহিকভাবে প্রদত্ত হইল। একই সাথে যৌথ সভার সিদ্ধান্ত অনুযায়ী নির্বাচনী বিধিমালা সম্বলিত প্যাকেজ নগদ ১২৫ (একশত পচিশ) ডলার *(অফেরৎযোগ্য)* প্রদান করে প্রার্থীগণ নির্বাচন কমিশনের নিকট হতে সংগ্রহ করতে পারবেন।

পদের নাম	সংখ্যা	ধার্যকৃত মনোনয়ন ফি	পদের নাম	সংখ্যা	ধার্যকৃত মনোনয়ন ফি
০১। সভাপতি	১ জন	১৮০০.০০ ডলার	০৮। দপ্তর সম্পাদক	১ জন	৬০০.০০ ডলার
০২। সহ-সভাপতি	১ জন	১৪০০.০০ ডলার	০৯। প্রচার সম্পাদক	১ জন	৬০০.০০ ডলার
০৩। সাধারণ সম্পাদক	১ জন	১৪০০.০০ ডলার	১০। ক্রীড়া সম্পাদক	১ জন	৬০০.০০ ডলার
০৪। সহকারী সাধারণ সম্পাদক	১ জন	১২০০.০০ ডলার	১১। সমাজ কল্যাণ সম্পাদক	১ জন	৬০০.০০ ডলার
০৫। কোষাধ্যক্ষ	১ জন	১০০০.০০ ডলার	১২। মহিলা বিষয়ক সম্পাদিকা	১ জন	৬০০.০০ ডলার
০৬। সাংগঠনিক সম্পাদক	১ জন	৬০০.০০ ডলার	১৩। কার্যকরী সদস্য / সদস্যা	৭ জন (জনপ্রতি)	৬০০.০০ ডলার
০৭। সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক	১ জন	৬০০.০০ ডলার			

২. যুক্তরাষ্ট্রে বিয়ানীবাজার উপজেলার স্থায়ী বা উত্তরাধিকার সূত্রে বসবাসকারী বিয়ানীবাজার সমিতির ভোটার তালিকাভুক্ত সদস্য/সদস্যাগন বিয়ানীবাজার সমিতির সাধারণ নির্বাচনে অংশ গ্রহন করিতে পারিবেন।

৩. ২৫শে জুলাই ২০২১ ইং তারিখে যাদের বয়স ১৮ বা তদুর্ধ শুধুমাত্র তারাই নির্বাচনে অংশ গ্রহন করিতে পারিবেন। ১৮ বৎসরের কম বয়স থাকিলে নির্বাচনে অংশ গ্রহন করিতে পারিবেন না।

৪. বিকৃত মস্তিস্ক সম্পন্ন কোন সদস্য/সদস্যা নির্বাচনে অংশ গ্রহন করিতে পারিবেন না।

৫. বিয়ানীবাজার সমিতির কার্যকরী পরিষদের পদপ্রার্থী সভাপতি, সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, সহকারী সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ আমেরিকার বৈধ বাসিন্দা অথবা বৈধ মেয়াদকাল সহ ওয়ার্ক অথরাইজেশন ও সোস্যাল সিকিউরিটি নং থাকিতে হইবে। বাকি পদগুলোর জন্য বিয়ানীবাজার সমিতির বৈধ সদস্য/সদস্যা থাকিতে হইবে।

সম্মানিত বিয়ানীবাজার বাসী,

সুষ্ঠ ও সুন্দর নির্বাচন উপহার দেওয়ার জন্য নির্বাচন কমিশন বদ্ধপরিকর। বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ, ইনক এর আসন্ন সাধারণ নির্বাচনকে সাফল্যমন্ডিত করে তোলার জন্য সকল বিয়ানীবাজার বাসীর সর্বাত্মক সাহায্য ও সহযোগিতা কামনা করছে।

বিয়ানীবাজার উপজেলার যে সকল ব্যক্তিবর্গ দেশে ও প্রবাসে কভিড-১৯ এ শাহাদৎ বরণ করেছেন নির্বাচন কমিশন তাদের আত্মার মাগফেরাত কামনা করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

নির্বাচনের তারিখ, সময় ও স্থান	মনোনয়ন পত্র সংগ্রহের তারিখ, সময় ও স্থান	মনোনয়ন পত্র দাখিল ও বাছাইয়ের তারিখ, সময় ও স্থান	মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ তারিখ, সময় ও স্থান
রবিবার **১০ই অক্টোবর, ২০২১ইং**	*রবিবার* **৫ই সেপ্টম্বর ২০২১ইং**	*রবিবার* **১২ই সেপ্টম্বর ২০২১ইং**	*রবিবার* **১৯শে সেপ্টম্বর ২০২১ইং**
সময়: সকাল ৯ ঘটিকা হইতে রাত ৮ ঘটিকা পর্যন্ত স্থানঃ পরবর্তীতে জানানো হবে	সময়: বিকেল ৫ ঘটিকা হইতে রাত ৮ ঘটিকা পর্যন্ত স্থানঃ DIRECT HEALTH SOURCE HOME CARE SERVICE 77-08 101st Ave Ozone Park, NY-11416	সময়: বিকেল ৫ ঘটিকা হইতে রাত ৮:৩০ ঘটিকা পর্যন্ত মনোনয়ন পত্র বাছাই: ঐদিন সন্ধ্যা ৯ ঘটিকা হইতে রাত ১০ ঘটিকা পর্যন্ত স্থানঃ DIRECT HEALTH SOURCE HOME CARE SERVICE 77-08 101st Ave Ozone Park, NY-11416	সময়: দুপুর ১২ ঘটিকা হইতে রাত ৮ ঘটিকা পর্যন্ত স্থানঃ DIRECT HEALTH SOURCE HOME CARE SERVICE 77-08 101st Ave Ozone Park, NY-11416

শুভ কামনায়

হিফজুর এম রহমান
নির্বাচন কমিশনার
৩৪৭-২৮৫-৬২১৬


জালাল উদ্দিন আহমদ
নির্বাচন কমিশনার
৩৪৭-৭৪১-৯১৪১

বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আব্দুর রাজ্জাক
প্রধান নির্বাচন কমিশনার
৩৪৭-২০৪-০৩৬৯

কামাল চৌধুরী
নির্বাচন কমিশনার
৩৪৭-৪৮৪-৯২২৩

মোহাম্মদ হেলাল উদ্দিন
নির্বাচন কমিশনার
৩৪৭-৬৭৯-২১৭৪

তালেবান পুনরুত্থান ও বাংলাদেশ



ফজলে হোসেন বাদশা


জুলাইয়ের শুরুতেই আমেরিকার নেতৃত্বাধীন ন্যাটো সৈন্যদের শেষ অংশ আফগানিস্তানের গুরুত্বপূর্ণ বাগরাম বিমানঘাঁটি ছেড়েছে। ২০ বছর ধরে এই বিমানঘাঁটি থেকেই তারা দেশটিতে আল কায়দা ও তালেবানদের ওপর হামলা চালিয়ে এসেছে। আফগান মাটি থেকে সৈন্য প্রত্যাহার পুরোপুরি সম্পন্ন করার যে আমেরিকা ঘোষণা, সেই প্রক্রিয়ারই অংশ এটি।

এর ক'দিন আগেই যুক্তরাষ্ট্র সফররত আফগান প্রেসিডেন্ট আশরাফ ঘানির সঙ্গে বৈঠক হয় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের। বৈঠকের পর বাইডেন যা বলেন, তার সহজ বাংলা হলো- এরপর যা কিছু ঘটবে সে ব্যাপারে আফগানিস্তানকেই সিদ্ধান্ত নিতে হবে। যদিও সহায়তা অব্যাহত রাখার কথা বলেন তিনি। মানে, ব্যাপার একদম পরিস্কার- ভূরাজনীতির ঘুঁটি হিসেবে দীর্ঘ ব্যবহারের পর প্রায় ২০ বছরের রক্তক্ষয়ী সংঘাতে বিবর্ণ আফগানিস্তানের পরিস্থিতির ব্যাপারে কোনো দায়-দায়িত্ব আর নিতে চায় না যুক্তরাষ্ট্র প্রশাসন।

যে সময় বাইডেন এই নসিহত দিচ্ছেন, সেই সময়ই একদিকে ন্যাটো সেনারা চলে যাচ্ছে, অন্যদিকে তালেবানরা আফগানিস্তান দখলের অভিযানে নেমেছে। পশ্চিম আফগানিস্তানের গ্রামের দিকের এলাকায় তালেবান তাদের আধিপত্য বিস্তার করেছে। এবার তারা শহরের দিকে এগোচ্ছে। তারা জেলাগুলো দখল করছে। যে বাগরাম ঘাঁটি এতদিন আফগান বাহিনীকে সহায়তা দিয়েছে, তা পাওয়ার সুযোগ আর নেই। তাই পরিস্থিতি ক্রমেই ঘোলাটে হচ্ছে। এমনকি তালেবান আক্রমণের মুখে পড়ে ২৮০ জন আফগান সেনা তাজিকিস্তান চলে গেছে, এমন খবরও সংবাদমাধ্যমে এসেছে। ক্বদিন আগে তালেবান আঞ্চলিক রাজধানী আক্রমণ শুরু করেছে। পশ্চিম আফগানিস্তানে কালা-ই-নও আক্রমণের পর সেখানে আফগান বাহিনীর সঙ্গে তালেবানদের সংঘাতের খবর এসেছে। সব মিলিয়ে ফের টালমাটাল আফগানিস্তান উদ্বেগ বাড়াচ্ছে সবার। এক শতাব্দীর মধ্যে গণতন্ত্রায়ণ বা সন্ত্রাসবিরোধী লড়াইয়ের নামে এমন জটিলতা তৈরি করে আঞ্চলিক অস্থিতিশীলতাকে উস্কে দিয়ে আমেরিকার পশ্চাদপসারণ নতুন কিছু নয়। তাদের নেতৃত্বাধীন যে কোনো সামরিক জোটের পরিণতিই শেষাবধি একই ধারায় ঠেকেছে। আফগানিস্তানের আগে ভিয়েতনাম ও ইরাকেও তারা একই কাজ করেছে। ভিয়েতনামের পরিণাম বিশ্বে স্নায়ুযুদ্ধের নতুন ক্ষেত্র তৈরি করলেও ইরাকের অভিজ্ঞতা আরও ভয়াবহ।

এ কথা আর কারও অবিদিত নেই যে, ইরাকে যেসব কারণ দেখিয়ে হামলা শুরু করেছিল ইঙ্গ-মার্কিন জোট, সেগুলোর অধিকাংশই ছিল ভিত্তিহীন। কিন্তু সেই কাজটির পরিণতিই বিশ্বজুড়ে সন্ত্রাসবাদের নতুন উত্থানের পথ তৈরি করে দেয়। তৈরি হয় ইসলামিক স্টেট বা আইএসের মতো উগ্র সন্ত্রাসবাদী জঙ্গি বাহিনীর। শুধু ইরাক নয়, এই সংগঠনটি ডালপালা মেলতে শুরু করে দুনিয়াজুড়ে। মধ্যপ্রাচ্যে নতুন করে এক বড় সংকটজনক পরিস্থিতি তৈরি হয়। ঠিক এমন পরিস্থিতিতেই ইরাক ত্যাগের কথা মাথায় আসে যুক্তরাষ্ট্র প্রশাসনের। স্বভাবসুলভ অদ্ভুত বৈপরীত্য তৈরি করে নেওয়া এই সিদ্ধান্তের মূল্য আরও কত সহিংসতা দিয়ে যে মধ্যপ্রাচ্যকে দিতে হচ্ছে এবং হবে, তার হিসাব টানা মুশকিল।

ঠিক একই কায়দায় আফগানিস্তানেও রক্তক্ষয়ের শঙ্কা তৈরি করে বিদায় নিচ্ছে যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন জোট।



এ মাসের মধ্যেই তড়িঘড়ি করে নেওয়া এই সিদ্ধান্ত নিয়ে অনেক বিশ্লেষণ হতে পারে। কিন্তু দিনের আলোর মতো যে ব্যাপারটি স্পষ্ট, তা হলো ২০ বছর ধরে এই বাহিনী আফগানিস্তানে সন্ত্রাসবাদ দমনের নামে যা করেছে, তা পুরোপুরি ব্যর্থ। তা না হলে তাদের বিদায়ের ঘোষণায় তালেবানরা শক্তি পায় কীভাবে? বিপরীতে আফগান বাহিনীর মনোবল হারিয়ে ফেলার আশঙ্কা কেন বিশ্বমিডিয়ায় আলোচনায় আসছে? সব মিলিয়ে বুঝতে বাকি থাকে না, আন্তর্জাতিক সন্ত্রাসবাদ বলে পশ্চিমারা যাদের নিয়ে গলা ফাটিয়ে এসেছে, আফগানিস্তানে তাদের পূর্ণশক্তির প্রত্যাবর্তন ঘটার মতো যথেষ্ট উদ্বেগজনক পরিস্থিতি তৈরি হয়েছে।

সোভিয়েতবিরোধী মুজাহিদীন বাহিনীর সমন্বয়ে নব্বইয়ের গোড়ায় যে তালেবান বাহিনী গড়ে উঠেছিল, তার পেছনে আমেরিকার আনুকূল্যের কথা ভূ-রাজনৈতিক ইতিহাসে নতুন তথ্য নয়। ১৯৯৬ সালে বুরহানুদ্দিন রব্বানির সরকারকে উৎখাত করে রাজধানী কাবুল দখল করে তালেবানি শাসন প্রতিষ্ঠার পর রাষ্ট্রটির দুর্দশাও বেশিদিন আগের ইতিহাস নয়। তবে আমেরিকা যুক্তরাষ্ট্রের তালেবানবিরোধী তৎপরতা মূলত শুরু হয় নাইন-ইলেভেনে টুইন টাওয়ার হামলার পর। ২০০১ সালের পর থেকে এই ২০টা বছর যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন বাহিনী মুখে অনেক কথা বললেও দেশটিতে শান্তি ফেরাতে পারেনি। আবার আজ যখন অশান্তির পুরোনো আগুন নতুন চেহারায় ফেরার উপক্রম, তখন এসে যুক্তরাষ্ট্রের সাবেক নিরাপত্তা উপদেষ্টা জন বোল্টন বলছেন, তালেবানদের উত্থানের পেছনে পাকিস্তান দায়ী! যদিও পাকিস্তানের সঙ্গে সামরিক সম্পর্ক, বহুমাত্রিক সহায়তার মাধ্যমে যে পুরো প্রক্রিয়াটিকে যুক্তরাষ্ট্র পরোক্ষভাবে মদদ জুগিয়েছে, সেই সত্যটা তিনি বেমালুম চেপে গিয়েছেন। তার মতো যুক্তরাষ্ট্রের সাবেক ও বর্তমান নীতিনির্ধারকদের বেশিরভাগই আড়াল করেন যে, দুনিয়াজুড়ে তারা যে যে অঞ্চলে অস্থিরতা ও বিশৃঙ্খলা তৈরি করেছেন, সেসব অঞ্চলেই জঙ্গিদের উত্থান ঘটেছে। খুব খেয়াল করলে দেখা যায়, শেষ বিচারে এসব জঙ্গির উত্থান ও তৎপরতা তাদের ভূরাজনৈতিক স্বার্থকেই আনুকূল্য দিয়েছে। যদিও তা টালমাটাল করেছে বিশ্বের নানা এলাকা। আফগানিস্তানের ভবিষ্যৎ নিয়েও আমাদের উদ্বেগটা সেখানেই।

আমরা দেখেছি, আফগানিস্তানে তালেবান প্রতিষ্ঠায় শুধু সেই রাষ্ট্রেই এর প্রভাব থেমে থাকেনি। পাকিস্তান, বাংলাদেশ, এমনকি ভারতও এর প্রভাব থেকে বাদ যায়নি। বাংলাদেশে উগ্রপন্থিদের সঙ্গে তালেবানদের যোগাযোগ স্থাপন তো হয়েছিলই, মৌলবাদী রাজনীতির সঙ্গেও নিবিড় ঘনিষ্ঠতা তৈরি হয় তাদের। নব্বইয়ের দশকে তাদের মিছিলেই আমরা স্লোগান দিতে শুনেছিলাম- বাংলা নাকি আফগান হবে আর তারা নাকি সবাই তালেবান হবে!

তাদের সেই স্লোগান যে ফাঁকা বুলি ছিল না, দিন যত গড়িয়েছে, বাংলাদেশে ততই তা দিনের আলোর মতো স্পষ্ট হয়েছে। এদেশ থেকে তথাকথিত মুজাহিদীনদের আফগানিস্তানে গিয়ে তালেবানদের পক্ষে যুদ্ধ করার তথ্য-প্রমাণ আমরা পেয়েছি। দেশে ফিরে তারা শুধু হরকাতুল জিহাদ বা হুজির মতো জঙ্গি সংগঠনই সৃষ্টি করেনি, দেশের প্রগতিশীল রাজনীতিকে ধ্বংস করতে সচেষ্ট হয়েছে। রাজনৈতিক মিত্র বেছে নিয়ে কৌশলে নিজেদের সংগঠনের প্রসার ঘটিয়েছে, সেই তালেবানি চ্যানেলেই অর্থ পেয়েছে। আফগানিস্তানে তালেবানদের উত্থান যে কতটা প্রভাব ফেলেছিল, জেএমবির শীর্ষ নেতা শায়খ আবদুর রহমানের ফাঁসির আগে দেওয়া জবানবন্দি পড়লে তা আরও স্পষ্ট হয়। বাংলাভাইর হাত ধরে জেএমবি মাঠে নামার আগে শায়খ আবদুর রহমান আফগানিস্তান ও পাকিস্তানি জঙ্গিদের সঙ্গে যোগাযোগ স্থাপন করেছিল। হুজির সঙ্গে সেই সূত্র ধরেই তার বৈঠকও হয়েছিল। দেশে প্রগতিশীল রাজনীতির ঐক্য শেষ পর্যন্ত তাদের সফল হতে দেয়নি। কিন্তু তাই বলে তারা তো থেমে নেই।

সংবাদমাধ্যমে এসেছে, দেশে কিছুদিন আগে হেফাজতে ইসলামের তাঁবে গোয়েন্দারা আফগানফেরত জঙ্গিদের সম্পৃক্ততা পেয়েছে। তারা নানা কৌশলে কাজ করছে। জেএমবির বর্তমান আমির সালাহউদ্দিন ওরফে সালেহীন ভারতে বসে দেশে জঙ্গিদের সংগঠিত করছে। মাস কয়েক আগে ঢাকায় আটক এক জঙ্গি স্বীকার করেছে, সে ভারতে গিয়ে তার সঙ্গে দেখাও করেছে। অতীতের অভিজ্ঞতা থেকে অনুধাবন করতে কোনো কষ্ট হয় না যে, আফগানিস্তানে তালেবানদের পূর্ণশক্তিতে প্রত্যাবর্তন আবারও আমাদের দেশে এই উগ্র মৌলবাদী গোষ্ঠীকে নতুন করে সন্ত্রাসী তৎপরতার রসদ জোগাতে পারে।

এই বিপদ কি শুধু আমাদেরই? দক্ষিণ এশিয়ার অন্যতম বড় রাষ্ট্র ভারতও এর প্রভাবের বাইরে থাকতে পারবে না। জেএমবির সালাহউদ্দিন ওরফে সালেহীন ভারতের অভ্যন্তরে জঙ্গিগোষ্ঠীর সঙ্গে কাজ করেছে, এমন খবর সে দেশের সংবাদমাধ্যমেই এসেছে। আবার যে ঘটনাটিকে নিয়ে হেফাজতের তান্ডব, সেটিও ছিল ভারতের প্রধানমন্ত্রীর সফরকেন্দ্রিক। আফগানি তালেবানদের শক্তি বৃদ্ধি কাশ্মীর নিয়েও নতুন সংকট তৈরি করে কিনা সে বিষয়টির আশঙ্কা উড়িয়ে দেওয়া যায় না। পাকিস্তানের ভেতরে তালেবানদের যে অবস্থান, তা নতুন করে বলার কিছু নেই। ফলে রক্তাক্ত ইরাক যেমন মধ্যপ্রাচ্য হয়ে এশিয়া পর্যন্ত প্রভাব ফেলেছিল, তেমনি সংঘাতময় আফগানিস্তান প্রকৃতপক্ষে পুরো দক্ষিণ এশিয়াকেই অস্থিতিশীল করে তুলতে পারে।

কাজেই আফগানিস্তানকেন্দ্রিক ভবিষ্যৎ সংকট নিয়ে আমাদের এখনই মনোযোগী হতে হবে। এটা কোনো একক রাষ্ট্রের মাথাব্যথার বিষয় নয়। সম্মিলিতভাবে আঞ্চলিক স্থিতিশীলতার অভিন্ন উদ্দেশ্য নিয়ে দক্ষিণ এশিয়ার রাষ্ট্রগুলো এই ইস্যুতে কাজ করতে না পারলে আগামীতে সবাইকেই এর মাশুল গুনতে হবে। সে ক্ষেত্রে আফগানিস্তানও যুক্ত রয়েছে। তাই দক্ষিণ এশিয়ার মৃতপ্রায় আঞ্চলিক সহযোগিতা সংস্থা সার্ক নিয়ে নতুন করে ভাবা যেতে পারে। মনে রাখতে হবে, সার্বিক নিরাপত্তা, শান্তি ও স্থিতিশীলতার প্রশ্নে পারস্পরিক সহায়তা তৈরির মাধ্যমেই শুধু দক্ষিণ এশিয়ার প্রতিটি রাষ্ট্র অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন করতে পারে। বর্তমান পরিস্থিতিতে এশিয়াকেও শান্তিপূর্ণ সহঅবস্থানের পথ অন্বেষণের পন্থা খুঁজে বের করতে হবে।

লেখক: সংসদ সদস্য; বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক

স্ম র ণ : স্মৃতিতে ভাস্বর সাংবাদিক শামছুর রহমান



(১৪ পাতার পর)

পেশার পাশাপাশি সাংবাদিকতাও করতেন। পেশাগত কাছে খুবই বেশি ব্যস্ত হয়ে পড়ায় সাংবাদিকতা পেশায় সময় বেশি দিতে পারছিলেন না। এ অবস্থায় শামসুল আলম ভাইকে একান্তভাবে বললাম– কেবলকে আপনার পত্রিকায় স্থান করে দিতে হবে। তিনি বললেন, নড়াইলে আমাদের প্রতিনিধি নেই। যশোরে বসে নড়াইল কভার করা সম্ভব নয়। তার বদলে প্রস্তাব করলাম তাকে নওয়াপাড়া সংবাদদাতা করতে। নওয়াপাড়া প্রতিনিধি আবশ্যক মর্মে একটি বিজ্ঞাপন ছাপার ব্যবস্থা করা হলো। নওয়াপাড়া ডেট লাইনে ১০-১২টি সংবাদ দৈনিক বাংলার পাতায় ছাপা হওয়ার পর কেবলকে পেপার কাটিংসহ আবেদন করতে বলি। ইতোমধ্যে দেবব্রত সিংহ স্বেচ্ছায় পদত্যাগপত্র জমা দিয়েছেন।

পরবর্তীকালে কেবল তার নিজ প্রতিভা ও নিষ্ঠার সাথে দৈনিক বাংলা পত্রিকায় দায়িত্ব পালন করেছে। নিজ পেশার প্রতি ছিল খুবই যত্নবান ও আন্তরিক। ফলে দ্রুত দৈনিক বাংলা পত্রিকায় বিশেষ স্থান করে নিতে সক্ষম হয়। দৈনিক বাংলার সম্পাদক আহমেদ হুমায়ূন তাকে খুবই স্নেহ করতেন। দৈনিক বাংলায় স্টাফ রিপোর্টার হিসেবে তাকে নিয়োগ দেয়া হয়।

জ্ঞানার্জন করতে হলে বেশি করে বই পড়তে হবে। লিখতে গেলেও পড়তে হবে। আমার ফ্ল্যাটের সামনা সামনি কেবলের ফ্ল্যাট। গভীর রাত পর্যন্ত আলো জ্বেলে পড়ালেখায় মগ্ন থাকতে দেখতাম তাকে। রাতে যতবার ঘুম ভাঙত জানালায় তাকিয়ে দেখতাম, সে পড়ালেখা করছে। তার প্রতি আমার স্নেহ ছিল খুবই প্রবল। ওর পত্রিকায় ভালো কভারেজ চোখে পড়লেই তাকে আরো উৎসাহ ও অনুপ্রেরণা দিতাম। ঘনিষ্ঠ মহলের মাধ্যমে বারবার কৃতজ্ঞতা প্রকাশ করত। ভারত ও চীন সফরের সুযোগ হয়েছে তার। ভারতের মতো একটি বিরাট দেশে নির্বাচনী খবর সংগ্রহে দৈনিক জনকণ্ঠ থেকে অ্যাসাইনমেন্ট দেয়া হয় তাকে। অত্যন্ত দক্ষতার সাথে সে দায়িত্ব পালন করেছিল এবং তার পত্রিকায় ভারত থেকে পাঠানো খবর প্রথম পৃষ্ঠার নিয়মিত কভারেজ পায়। সে যখন দস্যু ফুলন দেবী নির্বাচনী এলাকায়, ফুলন জানতে পারে, বাংলাদেশের একজন সাংবাদিক তার নির্বাচনী এলাকার খবর সংগ্রহের দায়িত্ব নিয়ে এসেছেন। মাইকে ঘোষণা করা হলো, সভাশেষে তার সাথে দেখা করার জন্য। রাতে তার বাসভবনে নৈশভোজের আমন্ত্রণ জানানো হলো এই সাংবাদিককে। ফুলন দেবী তাকে যে সম্মান দেখিয়েছে সে কথা সবিস্তারে আমাকে বলেছে। এরপর চীন সফরে সেখানকার বিভিন্ন সামাজিক ও রাষ্ট্রীয় ব্যবস্থা, কালচার প্রভৃতি বিষয়ক অভিজ্ঞতা কেবল আমাকে জানায়।

নিজ এলাকার মানুষের প্রতি তার ছিল খুবই দরদ। বিভিন্ন সমস্যা নিয়ে তার অফিসে কেউ দেখা করলে খুবই আন্তরিকতার সাতে তাদের সহায়তা করত। নিজের খরচে আপ্যায়ন করতে কার্পণ্য করেনি কখনো। দুপুরে টিফিনে ক্যারিয়ারে তার বাসা থেকে যে খাবার আসত, ভাগাভাগি করে তা খেতে হতো অনেক সময়। একবার তার প্রতিবেশী চাচা গ্রাম থেকে যশোর শহরে এসেছেন একটি কাজে। এ দিকে, তার লেখা শেষ করে ফ্যাক্সে জনকণ্ঠ অফিসে সংবাদ পাঠাতে হবে। ওই মুহূর্তে ছুটে এসে চাচা তার হাত চেপে ধরে বললেন, 'এখন খবর পাঠাবে না, বাইরে বৃষ্টি হচ্ছে; ভিজে নষ্ট হয়ে যাবে।' গ্রামের মানুষের এ সরলতায় আমরা খুবই মজা পেলাম।

কেবল আজ আমাদের মধ্যে নেই; কিন্তু তার অনেক অসমাপ্ত কাজ, অনেক আদর্শ আমাদের মাঝে রেখে গেছে। আমাদের সবার দায়িত্ব– তার অসমাপ্ত কাজ, স্বপ্ন ও আদর্শ বাস্তবায়ন করা। এটাই এ প্রজন্মের সাংবাদিকদের কাছে প্রত্যাশা।

লেখক: প্রবীণ সাংবাদিক ও সমাজ উন্নয়ন কর্মী

আমেরিকান বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গেনাইজেশন ইনক
AMERICAN BANGLADESHI WELFARE ORGANIZATION USA INC

আর্ত মানবতার সেবায়

ঈদ আনন্দ উৎসব

নৌ বিহার ২০২১

Saturday, July 24,2021

Time: 11:00AM - 05:00PM



TICKET PRICE
$50 Adult,
$30 Children
Under 12yr.

আরও থাকছে
আকর্ষণীয় র‍্যাফেল ড্র
সৌজন্যে রোকন হাকিমসহ
অন্যান্য ব্যক্তিবর্গ

Skyline Cruise Line

Place: 1 World's Fair Marina, Flushing, NY 11368

All Local Electroral Official & Bangladeshi Community Leaders Invited

CONTACT FOR YOUR TICKET

Abdus Shahid (President) 646 331 9023
Jamal Hussian (General Secretary) 347 575 3539
Meher Chowdhury (Convener) 347 366 5011
Nurul Islam (Cheif Co-ordinator) 212 365 8453
Abdullah Al Reza (Member secretary) 646 301 4885

CONTACT : -Md. Rafiqul Islam 646 525 0094, Shorif Hossain 646 506 3366, Zuel Ahmed 347 876 4371

GRAND SPONSOR

PARKCHESTER FAMILY PHARMACY
পার্কচেস্টার ফ্যামিলি ফার্মেসী
1445 Unionport Road, Bronx, NY 10462
347-851-2688

GOLD SPONSOR


এটর্নী মঈন চৌধুরী
1866-MOIN-LAW
1866-664-6529

Mohammed Hasen, EA, MBA
IRS Enrolled Agent
IRS Certifing Acceptance Agent
718.205.6040, 718.205.6010
KARNAFULLY TAX SERVICES INC
KARNAFULLY INCOME TAX SCHOOL
WWW.KARNAFULLYTAX.COM










AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
Tel: 929- 371-9915
2153 Westchester Ave #200,
Bronx, NY 10462
www.ahadandco.com











Media Partners: USA NEWS ONLINE.COM | TIME | TUSHAR PIC

LUNCH BUFFET INCLUDES

প্রচারে: হোসেনুজ্জামান চৌঃ শিপু

চলো যাই যাই.....

সুইজারল্যাণ্ড (৬দিন)
মিশর (৬দিন), প্যারিস (৬ দিন)
পানামা (৫দিন), স্পেন (৬ দিন)

আমরা নায়াগ্রা ফলসে গ্রুপ ট্যুর করি।
ডিজনীল্যাণ্ড, মায়ামি বীচ, কী ওয়েষ্ট, লাস ভেগাস,
গ্রাণ্ড ক্যানিয়নসহ যুক্তরাষ্ট্রের ৫০টি ষ্টেটের সকল
পর্যটন কেন্দ্রে আমাদের গন্তব্য।

পিকনিকের জন্য বাস ভাড়া দিই



যোগাযোগ

বাংলা ট্যুর

ফোনঃ 347 280 7269

ই মেইলঃ banglatourus@gmail.com

আতংকিত বাংলাদেশী পরিবার

(শেষের পাতার পর)

২১ হাজার জন বেশি মারা যান। সিডিসির প্রতিবেদনে বলা হয়, মাত্রাতিরিক্ত মাদক গ্রহণের কারণে ২০২০ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত ৯৩ হাজার ৩৩১ জন মারা গেছে। বিশেষজ্ঞরা মাদকের ব্যবহার বৃদ্ধির পেছনে করোনাভাইরাসকেই দায়ী করছেন। তারা বলছেন, মহামারির কারণে সৃষ্ট হতাশা থেকে যুক্তরাষ্ট্রে মাদক গ্রহণের প্রবণতা বেড়েছে।

গত বছরে শুধু ফেন্টানিলের (অপিওয়েড) মাত্রাধিক্যের কারণে মৃত্যু হয়েছে ৬৯ হাজার ৭১০ জনের। এ ছাড়া মৃত্যু বড়ার পেছনে মেটাফিটামিন ও কোকেইন ব্যবহারেরও দায় আছে।

এদিকে নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্যেও যুব সমাজের বিপথগামীতায় সংশ্লিস্ট পরিবারগুলোতে আতংক বিরাজ করছে। সন্তানদেও ভবিষ্যত নিয়ে চিন্তিত পরিবারগুলো। বিশেষ করে পরিবার বান্ধব বাংলাদেশী কমিউনিটি আর পরিবারগুলোতে অভিভাবকগণ তাদের প্রিয় সন্তানদেও ভবিষ্যত নিয়ে নানা শংকায় দিন অতিবাহিত করছেন। সাম্প্রতিক সময়ে একাধিক যুব সমাজের 'অস্বাভাবিক মৃত্যু'-তে এই শংকা দিন দিন বাড়ছে। বিভিন্ন সূত্রে জানা গেছে, অজানা এক নেশায় বাংলাদেশী-আমেরিকান যুব সমাজ বন্ধ-বান্ধব সহ পারিপার্শ্বিক অবস্থার প্রেক্ষিতে বিপথগামী হচ্ছে। অনেক যুবক নেশায় অসক্ত হয়ে পড়ছেন। কেউ কেউ অস্ত্র ব্যবহার করছেন। ফলে বাড়ছে অস্বাভাবিক মৃত্যুর ঘটনা। এক্ষেত্রে অভিভাবকদের অসাবধানতা আর সন্তানদের সাথে বন্ধুত্ব সূলভ আচরণ বা সম্পর্ক না থাকায় বিপথগামীতা বাড়ছে বলে অভিজ্ঞমহল অভিমত ব্যক্ত করেছেন। পাশাপাশি ধর্মীয় অনুশাসনের অনুপস্থিতিও এসবের জন্য দায়ী বলে আলেম সমাজ মনে করছেন।

অতি সম্প্রতি টেক্সাসের একটি বাংলাদেশী পরিবারের ৬জনকে হত্যার ঘটনা ছাড়াও ক্যালিফোর্নিয়া, অ্যারিজোনা ও নিউইয়র্কের যুব সমাজের বিভিন্ন ঘটনায় যুক্তরাষ্ট্রের বাংলাদেশী কমিউনিটিতে উদ্বেগ উৎকণ্ঠা বাড়ছে। সর্বশেষ নিউইয়র্কের জ্যমাইকায় বন্ধুর বাসঅয় ২৪ বছরের এক যুবকের মুত্যুও ঘটনাকে অনেকেই স্বাভাবিক ঘটনা বলে মেনে নিতে পারছেন না।

উদ্ভুত পরিস্থিতিতে যুব সমাজের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য পারিবারিক ও সামাজিকভাবে অ্যাওয়ারনেস কর্মসূচী ছাড়াও ধর্মীয় অনুশাসন জরুরী বলে অভিমত ব্যক্ত করেছেন জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার। তিনি যুব সমাজের বিপথগামিতায় গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, আমি নিজেও যুবক। ছোট বেলা থেকেই জ্যামাইকায় বসবাস করছি। নানা ঘাত-প্রতিঘাত আর সংগ্রামের মধ্য দিয়ে কৈশোর কাটিয়েছি। কিন্তু বর্তমানে যুব সমাজের অবস্থা দেখে নানা শংকায় ভুগছি। আমাদের যুব সমাজের মধ্যে কেউ কেউ ড্রাগে আসক্ত হয়ে পড়ছেন। নানা অপকর্মে জড়িয়ে যাচ্ছে। কমিউনিটিতে এর চেয়ে খারাপ আর কি হতে পারে। তিনি সম্মিলিতভাবে যুব সমাজকে সঠিক পথে ধরে রাখার উপর গুরুত্বারোপ করেন।

বিশিষ্ট রিয়েল এস্টেট ইনভেস্টর মো: আনোয়ার হোসেন বলেন, কমিউনিটির যুব সমাজের বিপথগামীতা ভয়ঙ্কও রূপ নিতে যাচ্ছে। এই অবস্থা রোধে অভিভাবক সহ কমিউনিটি নেতৃবৃন্দকে মূলধারার রাজনীতকদের সাথে সুসম্পর্ক রেখে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে প্রশাসনের সহযোগিতা নিতে হবে। তা নাহলে বাংলাদেশী যুব সমাজের ভবিষ্যৎ অন্ধকার বলে তিনি মন্তব্য করেন।



EID REUNION 2021

ঈদ পুনর্মিলনী ২০২১

July 25, Sunday, 2021

PLACE: FERRY POINT PARK

10 HUTCHINSON RIVER PARKWAY, BRONX, NY 10465



সম্মানিত ভাটেরাবাসী ও কমিউনিটি নেতৃবৃন্দ,
আমাদের সালাম-আদাব ও শুভেচ্ছা গ্রহণ করুন। আসছে ২৫ শে জুলাই, রবিবার, ২০২১ ভাটেরাবাসীর উদ্যোগে ফেরি পয়েন্ট পার্কে ঈদ পুনর্মিলনী ও পিকনিক ২০২১ এর আয়োজন করা হয়েছে। সকাল ১১:০০ ঘটিকা হইতে সন্ধ্যা ৭:০০ ঘটিকা পর্যন্ত খাওয়া দাওয়া, খেলাধূলা ও আকর্ষণীয় র‍্যাফেল ড্র ও শুভেচ্ছা বিনিময়সহ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে পুরোটা সময়কে আনন্দ উল্লাসে উপভোগ্য করে তুলব এবং আপনাদের উপস্থিতি আমাদেরকে প্রেরণা যোগাবে।
ব্রঙ্কস ভাটেরাবাসীর আয়োজিত ঈদ পুনর্মিলনী বনভোজনে আপনি/আপনারা সপরিবারে নিমন্ত্রিত।

আমন্ত্রণে
ব্রঙ্কস ভাটেরাবাসী, নিউইয়র্ক।

সার্বিক সহযোগিতায়
এনামুল ইসলাম খাঁন - ৩৪৭-৬৯১-৭৮৪৬, বদরুল ইসলাম (মিন্টু) - ৭১৮-৪২৭--৫৪৬৪
সৈয়দ রুহুল ইসলাম - ৩৪৭-৮৯২-১৯২৯, শেখ সেলিম আহমদ - ৩৪৭-৫৭৫-১১৬৭
সৈয়দ সালাউদ্দিন - ৬৪৬-৭৫০-২০০৪, আবুল হুসেন - ৩৪৭-৪৬৬-৮৩৮৩

বিশেষ আকর্ষণ
র‍্যাফেল ড্র
ও ক্রীড়া প্রতিযোগিতা

এখন আপনাদের আরো কাছে এবং ব্যাপক পরিসরে কাবাব কিং এর পার্শ্বে

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

Bangla Travel

JACKSON HEIGHTS NEW YORK

আপনার নিশ্চিত ভ্রমনের বিশ্বস্ত আয়োজক

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

KUWAIT AIRWAYS

Biman BANGLADESH AIRLINES

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

$৬৪৯+

JFK-Dhaka-JFK Return

Emirates

ETIHAD AIRWAYS

QATAR AIRWAYS

DELTA AIR LINES

AmericanAirlines



ঢাকা এয়ারপোর্টে আমাদের রয়েছে নিজস্ব Help Office
যারা ইমিগ্রেশন, লাগেজ পিকআপ সহ সকল সহযোগিতা করবে।

Mohammad B Hossain (Belal)
President & CEO



আমরা সকল এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।

বাংলাদেশ থেকে আসার টিকেট
সবচেয়ে কম দামে
আমাদের কাছেই পাবেন।

উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায়
সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম
শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ
পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ

7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

Phone: 917-396-4140, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.



SPECIAL FARE

Fly to Dhaka With
Emirates Via Dubai

From

New York | Chicago
Washington | Houston
Boston | Los Angeles

718-200-2655
718-406-9745

World Tours and Travel

MD. Shamsuddin, MBA CEO

37-12 75th Street, 2nd Floor, Suite # 206
Jackson Heights, NY 11372

IJ CREATIVE SOLUTIONS
Building Brilliant Brands

১ ঘন্টায় ব্যানার
বিজনেস কার্ড এবং ফ্লায়ার
SAME DAY PICKUP

এখন জ্যামাইকাতে

আপনার ব্যবসা প্রসারে আমাদের ফ্রি পরামর্শ নিন



- ডিজিটাল ব্যানার
- বিজনেস কার্ড
- পোস্টকার্ড
- ফ্লায়ার
- ক্যালেন্ডার
- ডিজিটাল প্রিন্ট অন প্লাস্টিক বোর্ড
- সাইন
- পোস্টার
- ম্যাগাজিন
- স্টিকার প্রিন্ট
- লেমিনেশন
- টি-শার্ট
- আইডি কার্ড
- মেন্যু
- রিসিট বুক
- লেটার হেড
- ইনভাইটেশন কার্ড
- রোল আপ ব্যানার
- সাইড ওয়াক সাইন
- পাসপোর্ট ফটো

WEB DESIGN
PASSPORT PHOTOS
CONSTRUCTION JOB PROPOSAL WRITTEN



আমরা বিয়ে, জন্মদিন বিজনেস পার্টি, কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠানের ফটোগ্রাফী এবং ভিডিওগ্রাফী করি

100% BEST QUALITY

929-372-7445, 845-793-4580 www.ijcreative.solutions
159-07 Hillside Ave. Jamaica, NY 11432 callijventures@gmail.com



খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট



সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত

2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884

1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840

www.KHALILSFOOD.com

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

(100% Scholarship for Training & Job Placement, Condition applied)

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing (QA) Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019

www.piit.us

GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency



HHA/ PCA Service

CDPAP Service

Skilled **Nursing**

Most Popular Home Health Care Agency

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে
আপনজনকে সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন

MAKE MONEY BY SERVING
YOUR RELATIVES AT HOME
WITHOUT TRAINING

JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115

JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115



Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com

Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396



জীবন আনন্দ হয়ে

ফারুক ফয়সল

জনাকীর্ণে দাঁড়িয়ে ব্যস্ত সময়ে সুদূর স্বরাভাষ যদি সামনে আসে,
চৈত্রের খরদাহে তপ্ত দেহ বিক্ষিপ্ত মন জুড়িয়ে নামে শ্রাবণের বরিষণ,
রাত গভীরতার মাপ পেলে, কেনি জি'র স্যাক্সো ফোন আমার চোখে নিদ্রা আনে,
আহা, জীবন যদি এমন, তবে তা অনন্ত হোক, স্বর্গবাসে ইচ্ছে তবে কার!

কর্মক্লান্তির দিন যাপন শেষে থাক না অপেক্ষা করে মেহেদী হাতের পরিচর্যা,
তন্দ্রালু মদিরে মাঝ রাত্রিরে ভাসব দুজন না হয় চির প্রেমের নেশায়!
ন্যাট কিং কোল ও নাটালি কোলের সাথে আমরাও মেলাব কণ্ঠ 'আনফরগেটেবল'
এই যদি হয় আমাদের মর্তের সংসার, অনন্তলোকের সুখ প্রত্যাশা কে করে আর!

ত্রিবেনীসংগমে দাঁড়িয়ে, নিজের ভিতরে যদি আসে জোয়ার,
ঘন বরষার জলে ভিজে ময়ুর যদি পেখম খুলে সাধন সঙ্গী নেয় জুটিয়ে,
শীত ও কুয়াশা উপেক্ষা করে বাবা থাকেন অপেক্ষায় মাঘী পূর্ণিমার,
বিসমিলাহ খাঁ সানাই বাজান মনের ভিতর তাঁর!
এঘরে আমার চোখ জলে ভরে, গলা জড়িয়ে মেয়েটা বলে 'এই তো তোমার মা'
আমার ভিতর সাধক বলেন, 'স্বার্থক মাগো, জনম আমার'!

কবিতা লিখার গল্প

হাবিব ফয়েজি

ক্রমাগত বেড়ে চলে রাতের বয়স-

গভীরতার অতলে তলিয়ে যায় সমূহ নিস্তব্ধতা
এ সময় কেউ মিতালি করে দ্বিতীয় মৃত্যুর সাথে
কেউবা আবার রঙিন স্বপ্নে বিভোর; আত্মহারা চোখ
কিংবা ষোড়শীর স্বপ্নে-চৈতন্যে বেজে ওঠে
আদিম নুপুর; মা ভাত খাবো-

কিন্তু; এ হাওর আর আমার সাথের সেই
প্রিয় মানুষটি (যার কথা বলা হয় নি)
দু'জনেই বসে আছি স্বপ্নহীন নির্ঘুম
চলন্ত ট্রেনের কোনও এক কামরায়
আর কষ্টের সাথে গলাগলি করে
ক্রমশ যাত্রী সময়ের দীর্ঘতায়

তারপর আসমান জুড়ে এলো শেক্সপিয়ার, নজরুল, রবীন্দ্রনাথ
অথচ কি আশ্চর্য বন্ধু! এদেশ আর যেন আমাকে চায় না
ভাবে পর, দুরের মানুষ
আমার অক্ষরগুলো হয়ে যায় ছোটো-বড়ো ঢেউয়ের মতো
আর লাইনগুলো ঠিক গ্রামের বাঁকা পথ-
মেঠোপথের মতোই আঁকাবাঁকা যেন ষোড়শীর চুল

তারপর গ্রামের রাস্তাটি পাকা হয়ে গেলো বটে
শেষ হয়ে এলো ট্রেনের সমূহ গল্প-গান
ঠিক তখনই বোধ হলো
পৌঁছে গেছি ঢাকার কমলাপুরে
অথবা কবিতাটি আজ লিখা হয়ে গেলো..

এক আধ্যাত্মিক চলন

(মেসিকে উৎসর্গ)

সুজিত মান্না

এ যেন অনিশ্চিত মাছ, ধরতে গেলেই ঝুপ করে অধরা থেকে যায়

ঠিক যেন বাঁশি, যার অন্তরা শেষে অপ্রাপ্তিটুকু নিয়ে অভিযোগ করে
অবুঝ শ্রোতারা

মাঝমাঠ থেকে প্রতিটা ক্ষতের পর জোনাক জোনাক চলন;
এক একটা অপশব্দ পেরিয়ে
বাঁ পায়ের নির্জনতাকে পাঠিয়ে দিয়েছে গোলপোস্টের ভেতর

প্রমাণ এক অজুহাত মাত্র। যুক্তির খাতিরে যাকে পাশে নিয়ে বসা যায়

এমনই প্রমাণের দিনে অভিমান ভেঙে যায়
অপবাদগুচ্ছের নিরানব্বইটি খন্ড দাঁড়িয়ে থাকে মল্লিকা হয়ে।

দৌড়ও ঈশ্বর, পায়ের কু ঝিকঝিক দৃশ্যের দিকে
তাকিয়ে থাকি
এ যেন মুশায়েরা- এক কবি বন্ধ চোখে লিখে রাখছে আধ্যাত্মিক ঘর।

চোখের দৃষ্টি

বদরুজ্জামান জামান

তোমার দেখার ভুল-শুদ্ধতা কিংবা পূর্ণতা-অপূর্ণতার কথা বলছি না।
চোখের দৃষ্টি আর অন্তর্দৃষ্টি এক নয়,
কল্পনাহীন কিংবা বিশ্লেষণহীন কতকিছু
কোলাহলের মাঝে নিরবে অদেখা থেকে যায়।

নীতিহীন- নীতি বিধিবদ্ধ হওয়ার পর যদি সংলাপ চলতে থাকে
আর বন্ধ হয়ে যায় সকল আন্দোলন
তখন কি বিধিবদ্ধ নীতির আওতায় আসবেনা অদেখা কতকিছু?

অদৃশ্য অদৃষ্টের অনিষ্টতা থেকে যখন নিজেকে অদৃশ্য রেখো
তখন আমি জলস্রোতে উপকূল বেয়ে উদ্বাস্তু হই।

গোলাপি ভোরের অপেক্ষা

কেয়া ওয়াহিদ

যতদূর যায় চোখের আলো
ধূসরতায় উড়ে মেঘের ঘন চুল
ঝাউবনের উঁচু গ্রীবার আকণ্ঠ তৃষ্ণা
ঝুম বরিষণে আলিঙ্গন চুম
লুটেরা হাওয়ায় কিশোরী কদম চুল
হলুদিয়া আনন্দ ভিজে সুবাসিত ছন্দে।

অতঃপর ...
শেষ ট্রামের অপেক্ষায় শহরতলি স্টেশন
ঝুলন্ত বারান্দার বিষণ্ন চোখ
সন্ধ্যার আঙুল ছুঁয়ে থাকে কবিতা
গোলাপি ভোরের অপেক্ষায়।

নাদান নগরে

মামুন সুলতান

ভেতরটা চৈতিখালের মতোন শুকিয়ে গেছে
প্রেমহীন নাদান নগরে আর ভালো লাগে না
পান্থপথ গ্রিনরোড নিউমার্কেট চমকপ্রদ নামে
খুঁজে পাইনি মরমিয়া মানুষের দরদিয়া চোখ।

এখানে মুদ্রার দামে মুদ্রিত হয় মনের ভাষা
রাজার ধানে রাজধানীতে ধানীগন্ধে ধানমন্ডি
এখানে ধান মানে ধন
ধনের ধ্যানেই খুলে রাখে চোখ
ইটের তলায় চাপা খায় কোটি মানুষের মান

আমিও চাপে পড়েছি ড্রাগন ড্রেনের ম্যানহোলে
কর্পোরেট কোরালেরা মানুষ বুঝে না এখানে
এরা শিকার করে মফস্বল-মোরগ
শোষণ-প্রক্রিয়ায় পড়ে আমরা প্রলেতারিয়েত হাঁস

এই সব দেখে আমি কুপোকাত মাছের মতোন
ডাঙ্গায় পড়ে ছটফট করছি হে নাগরিক নাদান।

ভুলেও যদি আসতে, বসতে দিতাম

সাদিক আল আমিন

অথবা ভুলেও যদি আসতে ভুল দরজায়! - বসতে দিতাম
বসতে দিতাম পেছনে রেখে সব কাকপক্ষীর চেঁচামেচি আর নাগরিক কোলাহল
বসতে দিতাম ঠিকই মেলে দিয়ে মায়ের সুতোয় তোলা পালকি আঁকা শীতলপাটি
আপ্যায়ন করতাম আর পাঁচ বছর আগেও কোনো এক চৈত্রের বিকেলে যেমন
ফুল দিয়েছিল ভ্রমরকে মধুর প্রতিশ্রুতি,
তেমনি কপালে রক্তজবার সিঁদুর এঁকে আমিও কর্তব্য মেনে নিতাম
আমার নেই মুখের ওপর দরজা বন্ধের স্বভাব-
তুমি ভুলেও যদি আসতে, বসতে দিতাম। অফার করতাম সতেজ হৃদয়
অথবা লাল চেরিফল
ভুলেও যদি দেখতে, আমার বুক কতটা ক্ষত-বিক্ষত, আমার চোখে কত জল!
জিজ্ঞেস করতাম, ঠান্ডা ফালুদা খাও কিনা!
ভালোবাসো কিনা রাতের গন্ধবকুল কিংবা শুভ্র রজনীগন্ধা!
অথচ আমি সামনে থেকেও তুমি আমাকে দেখো না, শোনো না;
যেন দেখতেই পাও না...
বিগত দিনস্মরণ ভুলে শুধু তোমাতেই নিবিষ্ট আমার চোখ
অথচ তুমি দেখো না কিছুই- আসো না।
ভুলেও একবার শুভ্র হাতের তর্জনী দিয়ে টোকা দাও না দরজায়।
ব্যর্থ অপেক্ষায় পুরোটা পুনর্জন্ম আমি সজাগকর্ণে দিলাম কাটিয়ে।
তুমি ভুলেও যদি আসতে একবার এই ভুল দরজায়, বসতে দিতাম
আড়ষ্টতায় তাকিয়ে থাকতাম খুব কাছের দূর থেকে...

আগুন ঝরা মায়াবী রাত

জহুরুল ইসলাম

আগুন ঝরা মায়াবী রাতে
যে বৃষ্টির ঘ্রাণ আসে-
তাতে পুড়ে যাই।
পোড়া গন্ধ রাতের বাতাস,
বাতাসের বুকে ছাই।
কামরাঙা মন আগুনে ভিজে
সে কাতরায় সারাক্ষণ,
রাতের রাণী সান্তনা দেয়।

মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটি'র বনভোজনে প্রবাসীদের মিলন মেলা

নিউইয়র্ক: মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটি ইউএসএ ইনক'র আয়োজনে গত ১১ জুলাই রোববার নিউইয়র্কে মৌলভীবাজার জেলাবাসীদের বার্ষিক বনভোজন উৎসবমুখর ও আনন্দঘন পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। এস্টোরিয়ার রেইনী পার্কে মূলধারার নির্বাচিত প্রতিনিধি সহ সর্বস্তরের হাজারো প্রবাসীর অংশগ্রহণে অনুষ্ঠানটি ঐতিহাসিক বনভোজন ও মিলন মেলায় পরিণত হয়।











সংগঠনের সভাপতি তজমুল হোসেনের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোঃ জাবেদ উদ্দিনের পরিচালনায় বেলুন উড়িয়ে বনভোজনের উদ্বোধন ঘোষণা করেন কংগ্রেসওমেন ক্যারলাইন মেলনি। অতিথি ছিলেন নিউইয়র্ক ষ্টেট অ্যাসেম্বলীম্যান জহরান মাদামী, ডেমোক্রেট প্রাইমারীতে কুইন্স কাউন্টি'র বিজয়ী জজ এটর্নী সোমা সাইদ, কুইন্স বরোর প্রেসিডেন্ট পদপ্রার্থী এলিজাবেথ ক্রাউলী, নিউইয়র্ক সিটি কাউন্সিল ডিস্ট্রিক-২৬ থেকে প্রাইমারীতে বিজয়ী জুলী ওউন, কুইন্স ডিষ্ট্রিক্ট এটর্নী অফিসের প্রতিনিধি জ্যাকুলিন রোজাডো এবং কুইন্স টুগেদার সিইও জনাথান ফার্গাস।

বাংলাদেশী কমিউনিটি নেতৃবৃন্দের মধ্যে অতিথি হিসেবে ছিলেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি মইনুল হক চৌধুরী হেলাল, সাবেক এমপি সাপ্তাহিক ঠিকানার চেয়ারম্যান এম এম শাহীন, সাবেক উপজেলা চেয়ারম্যান রফিক উদ্দিন চৌধুরী রানা, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ সভাপতি সৈয়দ বসারত আলী, সাবেক সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান সাজ্জাদ, সংগঠনিক সম্পাদক আবদুল হাসিব মামুন, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা কাজী কয়েস, নিউইয়র্ক স্টেট আওয়ামীলীগ সাধারণ সম্পাদক শাহীন আজমল, বিএনপির স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি যুক্তরাষ্ট্রের আহবায়ক জিল্লুর রহমান জিল্লু, জাতিসংঘ শান্তিরক্ষি বাহিনীর টীফ অব স্টাফ ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) কাওসার রশীদ চৌধুরী, মূলধারার রাজনীতিক মোহাম্মদ এন মজুমদার, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সভাপতি বদরুল হোসেন খান, সাবেক সাধারণ সম্পাদক আহমেদ জিল্লু, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ যুক্তরাষ্ট্র'র কমান্ডার মুক্তিযোদ্ধা আবদুল মুকিত চৌধুরী, বাংলাদেশ সোসাইটির কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উপদেষ্টা এমাদ চৌধুরী, যুক্তরাষ্ট্র জাসদ-এর সভাপতি দেওয়ান শাহেদ চৌধুরী ও সাধারণ সম্পাদক নূরে আলম জিকু, যুক্তরাষ্ট্র জাসাস-এর সভাপতি আলহাজ আবু তাহের, মৌলভীবাজার জেলা যুবলীগের সভাপতি নাহিদ আহমেদ, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি সোহেল আহমেদ, জাতীয় পুরস্কারপ্রাপ্ত মেকআপ আর্টিস মো: জসিম, শিরিন উল্লাহ প্রমুখ।

বনভোজনে খেলা-ধুলার উদ্বোধন করেন সাবেক জাতীয় ক্রীড়াবীদ দেওয়ান মোস্তাক রাজা। খেলাধুলা পরিচালনা করেন লায়েকুল হাসান তরফদার, শাহীন হাসনাত, শাহীন আহমেদ ও আহমেদ কাওসার, সিলেট ওসমানী বিমানবন্দরের এয়ারপোর্ট ম্যানেজার হাফিজ আহমেদ, কুলাউড়া এসোসিয়েশন ইউএসএ'র সভাপতি আশরাফ আহমেদ ইকবাল ও সাধারণ সম্পাদক এনায়েত হোসেন জালাল।

ভলিবল খেলা পরিচালনা করেন বাংলাদেশ জাতীয় দলের সাবেক খেলোয়ার সৈয়দ মোস্তাক আলী ও মৌলবীবাজার জেলা ক্রীড়া সংস্থার সভাপতি লায়েকুল হাসান তরফদার। ভলিবল টুর্নামেন্টটি মৌলভীবাজার জেলা ফুটবল ও ভলিবল দলের সাবেক খেলোয়ার মরহুম গিয়াস উদ্দিনের নামে উৎসর্গ করা হয়।

অনুষ্ঠানে আগত অতিথিদের স্বাগত জানান মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাই-টি'র সভাপতি তজমুল হোসেন (হোসেন) ও সাধারণ সম্পাদক মোঃ জাবেদ উদ্দিন সহ সংগঠনের কর্মকর্তাবৃন্দ। নিউইয়র্ক সিটির ডেমেক্র্যাটিক প্রাইমারী নিবার্চনে কুইন্স সিভিল কোর্ট জজ পদে বিজয়ী এটর্নী সোমা সাঈদকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

অনুষ্ঠানে মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ ইনক, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি এবং মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএ-সএ'র সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিনকে কংগ্রেসওমেন কেরলাইন মেলেনির পক্ষ থেকে সাইটেশন প্রদান করা হয়।

বনভোজনে দিনব্যাপি অনুষ্ঠানমালার মধ্যে ছিলো খেলাধুলা, সাংস্কৃতিক পরিবেশনা, ম্যাজিক শো, শিশু-কিশোর-কিশোরীদের জন্য বিশেষ খেলাধুলা ও স্কুল সাপ্লাই বিতরণ, র‍্যাফেল ড্র। মধ্যাহ্ন ভোজে ছিলো বিভিন্ন ধরনের সুস্বাদু খাবার।

সংগঠনের ট্রাস্টিবোর্ড সদস্য সৈয়দ সিদ্দিকুল হাসান, চৌধুরী সালেহ, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, দারাদ আহমেদ, আনছার হোসেন চৌধুরী, ইমরান হোসাইন ও মোসব্বির হোসেন ছাড়াও অনুষ্ঠানে সার্বিক সহযোগিতায় ছিলেন সহ-সভাপতি (১ম) সৈয়দ রুহুল আলী, সহ-সভাপতি (২য়) সৈয়দ আবুল কাশেম, সহ সাধারণ সম্পাদক নিখিল দেবনাথ, কোষাধ্যক্ষ এমদাদ রহমান তরফদার, সাংগঠনিক সম্পাদক তারেক আহমদ, প্রচার সম্পাদক সৈয়দ ফাহমি, সমাজ কল্যাণ সম্পাদক হেলাল আহমদ, শিক্ষা, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক নিজাম উদ্দিন পাবেল, ক্রীড়া সম্পাদক জাবেদ আহমদ, মহিলা বিষয়ক সম্পাদিকা হাদিসা বেগম, জেলা প্রতিনিধি আমিনুর রহমান, আহমেদ কাউছার, সুরঞ্জিত পাল, মোঃ রিপন মিয়া, মোমিত চৌধুরী তানিম, এমডি শামীম আহমদ, জাহাঙ্গীর আলম, কার্যনির্বাহী সদস্য জাকারিয়া পারভেজ আহমদ (লিটন), শাহীন হাসনাত, জিল্লুর রহমান খান, মোঃ হুমায়ুন কবীর, শাহীন আহমদ ও শাহীন মিয়া।

এছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে উপস্থিত ছিলেন সংগঠনের সাবেক সভাপতি সোহান আহমেদ টুটুল ও সাবেক সাধারণ সম্পাদক সৈয়দ মামুন, মিনহাজ আহম্মেদ সাম্মু, ফটিক আহমেদ, মজিবুর রহমান, দুলাল তরফদার, নজরুল ইসলাম, আনোয়ার আক্তার চৌধুরী শিউলী, সৈয়দ মই-নুদ্দীন জুয়েল, এডভোকেট সৈয়দ জুনেদ, মহিদুল ইসলাম, আনকার আহমেদ, তারেক হোসেন, জালাল চৌধুরী, হেলাল খান, আজমল খান, জালাল আহমেদ চৌধুরী, তোফায়েল আহমেদ চৌধুরী, আবদুল গফুর, সোহেল আহমেদ, চৌধুরী মুবিন, সৈয়দ আতাউর রহমান, লুৎফুর রহমান, মনজুর চৌধুরী জগলু, এজাজ উদ্দিন আহমেদ, মুহাম্মদ এ করিম খসরু, মোঃ নজরুল ইসলাম, আব্দুল ওয়াহিদ, জমির উদ্দিন, খলিলুর রহমান জাহাঙ্গীর, মোফাছির জামান, শফিকুর রহমান, লুৎফুর রহমান চৌধুরী হেলাল, মোহাম্মদ ফজলুল মিয়া, হেলাল খান, মোঃ হোসাইন, হুমায়ুন, আবদুর রকিব, আশিক, জোসেব আহমেদ, মিসবাহ, ইফফা, রিপসা, টিটু, আবদুল জলিল, সৈয়দ মোঃ সাইফুল ইসলাম, সৈয়দ বদরুল জামান, মোহন ইসলাম, সৈয়দ লাভলু, এম এম আশরাফ, শামীম চৌধুরী, পারভেজ আহমেদ, জাহাঙ্গীর আলম, শেখ মহরম উল্লা, সাহাব উদ্দিন চৌধুরী শিহাব, মিলন বাসর, আবু হামিদ, গুলশানারা আক্তার, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট সোলতানা খানম, ওবায়দুল হক শিবলু, মখন মিয়া, সীতেশ ধর, জাকির চৌধুরী (সিপিএ), বাতেন আহমেদ, শেখ আতিকুল ইসলাম, মোহাম্মদ হাফিজ আহমেদ, জুনেল আহমেদ, জামাল উদ্দিন আহমেদ লিটন, রাশেদুল মান্নান চৌধুরী হেশাম, আমিনুল হক, সৈয়দ নুমান, শাফায়েদ আহমেদ শফি, জামান আহমেদ, জোসেফ চৌধুরী, নাহিদ আহমেদ, আনছার চৌধুরী, শাহীন আহমেদ, আজমল খান, এন মজুমদার, জুয়েল আহমেদ, চমন এলাহি, মা-মুনুর রশিদ শিপু, হাজী আব্দুর রহমান, মজনুর চৌধুরী জগলু, কয়েস আহমেদ, জুয়েল খান, শাহ জাবের আহমেদ, মশাইদ জে রাশেদ, কয়েস আহমেদ, মোহাম্মদ কেলন মিয়া, জুয়েল আহমেদ, শাহেদ দেলোয়ার চৌধুরী, আবুল কালাম, হোসেন আহমেদ, শাহ জাবেদ, মীর জাকির, শামীম কুরবী, সৈয়দ জুয়েল আহমেদ, আনকার আহামেদ, তপোধীর রায় বুরন, জমশেদ আহমেদ, আজহারুল ইসহাক খোকা, খলিলুর রহমান, এনামুল হক জামশেদ, বশির খান, কামাল উদ্দিন, আব্দুল রকিব, সুমন সাইদ, আব্দুর রহিম বাদশা, এবাদ চৌধুরী, মিজানুর রহমান মিজান, মবু খান, ফজল আলী চৌধুরী, ইমরান হোসেন, আব্দুল হাসিব মামুন, হুমায়ুন চৌধুরী, আশরাফ আহমেদ ইকবাল, নজরুল হক, জাবেদ আহমেদ, সৈয়দ বেলাল, হেলাল তরফদার, শাহ আলম, ফজল খান, রুকন আহমেদ, সৈয়দ বিল্লাল হোসেন, সোহেল আহমেদ, ফেরদৌস আলম ভুইয়া, ওয়ারিস আলী, আল আমিন, র্মিজা আহমেদ প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে সকালের নাশতা পরিবেশন করা হয়। এরপর আয়োজন করা হয় ক্রীড়া প্রতিযোগিতা। নানা বয়সী ছেলে-মেয়ে সহ মহিলারা ক্রীড়া প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্টে অংশ নেয়। একপর্যায়ে পরিবেশন করা হয় দুপুরের খাবার। প্রায় দেড় সহস্রাধিক মানুষের খাবার পরিবেশন করা হয় বলে কর্তৃপক্ষ জানায়।

বনভোজন স্থলে হেলথ কেয়ার সহ বিভিন্ন কোম্পানীর বেশ ক'টি স্টল ছিল। এসব স্টল থেকে স্বাস্থ সেবা সম্পর্কিত তথ্য সহ প্রয়োজনীয় সামগ্রী প্রদান করা হয়।

অনুষ্ঠানে মনোমুগ্ধকর সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় সঙ্গীত শিল্পী শরীফ। নৃত্য পরিবেশন করেন নৃত্য শিল্পী জিনাতুন নাহার হেরা।

সব শেষে র‍্যাফেল ড্র ও ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়। অতিথিদের সাথে নিয়ে সংগঠনের কর্মকর্তারা বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেন।

অতিথিরা প্রবাসে ইতিহাস সৃষ্টিকারী বনভোজন হিসেবে উল্লেখ করে এ আয়োজনের জন্য মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ'র কর্মকর্তাদের ভূয়সী প্রশংসা করেন।

সংগঠনের সভাপতি তজমুল হোসেন এবং সাধারণ সম্পাদক মো. জাবেদ উদ্দিন তাদের বার্ষিক বনভোজন সফল ও স্বার্থক করার জন্য সংগঠনের সকল কর্মকর্তা, অতিথি, স্পন্সর সহ কমিউনিটির সকলকে আন্তরিক ধন্যবাদ ও বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। -প্রেস বিজ্ঞপ্তি।



কান চলচ্চিত্র উৎসব বিচারকরা বাঁধনকে কী বললেন



বিচারকদের সাথে আজমেরী হক বাঁধন

বিনোদন ডেস্ক: কান চলচ্চিত্র উৎসবের ৭৪তম আসরের আঁ সার্তে রিগা বিভাগ থেকে পুরস্কার না জিতলেও খালি হাতে ফিরছেন না 'রেহানা মরিয়ম নূর'টিম। বরং বিচারকদের অফুরন্ত ভালোবাসা নিয়ে ফিরছেন দেশের নাম উজ্জ্বলকারী এই নক্ষত্ররা।

বিচারকদের মন জয় করে দেশের জন্য কতটা ভালোবাসা অর্জন করেছেন তা খুব ভালো করে দেখতে পাওয়া যায় আজমেরী হক বাঁধনের ফেসবুক লাইভে। যেখানে তিনি উপস্থিত ছিলেন বিচারকদের সঙ্গে। বিচারকদের প্রশংসায় ভাসতে দেখা গেছে 'রেহানা মরিয়ম নূর'এর প্রধান চরিত্রে অভিনয় করা আজমেরী হক বাঁধনকে। তিনি বেশ কিছু কথা বলেন বিচারকদের সঙ্গে।

বিচারকেরা ছবিটিতে বাঁধনের অভিনয়ের প্রশংসা করেন এবং বাঁধনকে বলেন, 'দয়া করে আপনি কষ্ট পাবেন না, আপনি অনেক ভালো অভিনয় করেছেন এবং আপনাকে এখানে পেয়ে আমরা আনন্দিত।'

তারা আরও বলেন, 'আপনি এখানে উপস্থিত হয়েছেন এটাই অনেক বড় একটা পুরস্কার।'

পরেই বিচারকরা একটু মন খারাপ করে তাকে বলেন, 'আমাদের অনেক খারাপ লেগেছে আপনাদের পুরস্কার দিতে না পেরে, আরও পুরস্কার থাকা উচিৎ ছিল।'

পুরস্কার জিততে না পেরেও তাদের কাছ থেকে 'রেহানা মরিয়ম নূর' ছবিটির টিম এবং দেশের জন্য ভালোবাসা, শুভকামনা পেয়ে বাঁধন অনেক গর্বিত।

গত ৭ জুলাই বুধবার কানের সাল দুবুসিতে 'রেহানা মরিয়ম নূর'-এর উদ্বোধনী প্রদর্শনীর মধ্যদিয়ে ইতিহাস গড়ে বাংলাদেশ। কানের অফিশিয়াল সিলেকশনে প্রথমবারের মতো বাংলাদেশী কোনো সিনেমা অংশগ্রহণ করে। এর কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন আজমেরী হক বাঁধন।

প্রদর্শনীর পর বেশ প্রশংসা কুড়ায় ছবিটি। সমালোচকদের অনেকে ছবিটির পুরস্কার পাওয়ার সম্ভাবনাও দেখেছিলেন। ৭৪তম কানের আঁ সার্তে রিগায় 'রেহানা মরিয়ম নূর' প্রতিযোগিতা করে ২০টি ছবির সঙ্গে।

কান চলচ্চিত্র উৎসবের আঁ সার্তে রিগায় গ্র্যান্ড প্রাইজ পেয়েছে রাশিয়ার ছবি 'আনক্লেনচিং দ্য ফিস্টস'। এই বিভাগে বাংলাদেশের ছবি 'রেহানা মরিয়ম নূর' অংশগ্রহণ করে ইতিহাস সৃষ্টি করে।

ছবিটির কলাকুশলীরা হলেন- পরিচালক আবদুল্লাহ মোহাম্মদ সাদ, অভিনেত্রী আজমেরী হক বাঁধন, সিঙ্গাপুরের প্রযোজক জেরেমি চুয়া, চিত্রগ্রাহক তুহিন তমিজুল, প্রোডাকশন ডিজাইনার আলী আফজাল উজ্জ্বল, শব্দ প্রকৌশলী শৈব তালুকদার, কালারিস্ট চিন্ময় রয় এবং নির্বাহী প্রযোজক এহসানুল হক বাবু।

এখনই বিচ্ছেদ হচ্ছে না শ্রাবন্তী-রোশনের!

বিনোদন ডেস্ক: মাত্র ১৭ মাস সংসার করেছেন রোশন-শ্রাবন্তী। ২০১৯-এর জুন মাসে গোপনে তৃতীয় বিয়ে সেরেছিলেন শ্রাবন্তী চট্টোপাধ্যায়, এমনকি নাম পালটে শ্রাবন্তী সিংও হয়েছিলেন। বরের সঙ্গে আদুরে ছবিতে ভরে যেতো শ্রাবন্তীর সোশ্যাল মিডিয়ার দেওয়াল। কিন্তু বছর ঘুরতে না ঘুরতেই দাম্পত্যে সম্পর্কে চিড়। এ কথা অনেকেরই জানা একই দিনে জন্ম এই স্বামী-স্ত্রীর। তারিখটা ১৩ আগস্ট। গত বছর এই তারিখে একসঙ্গে জন্মদিন পালন করতে দেখা গিয়েছিলো দু'জনকে। ছুটি কাটাতে সাগর পারেও হাজির ছিলেন। কিন্তু তারপর থেকেই অ া চ ম ক া ছন্দপতন।



গত বছর দুর্গাপূজার সময় থেকে এক ছাদের তলায় থাকেন না এই জুটি। কিন্তু আইনত তারা স্বামী-স্ত্রী। শ্রাবন্তীর সঙ্গে সংসার করতে চান রোশন। রেস্টিটিউশন অব কনজুগাল রাইটস' অর্থাৎ বৈবাহিক অধিকারের পুনঃপ্রতিষ্ঠা ধারায় মামলা করেছেন রোশন সিং। বুধবার (১৪ জুলাই) শিয়ালদহ কোর্টে সেই মামলার শুনানির দিন নির্দিষ্ট ছিলো। সমনও গ্রহণ করেও আদালত চত্বরে হাজির হননি নায়িকা।

শ্রাবন্তীর আইনজীবী আদালতে উপস্থিত হয়ে মক্কলের তরফে কিছুটা সময় চেয়ে নেন। আদালতে দাঁড়িয়ে শ্রাবন্তীকে জানাতে হবে তিনি আদতে রোশনের সঙ্গে সংসার করতে চান কিনা। আদালত শ্রাবন্তীর প্রার্থনা মেনে মামলার পরবর্তী দিন ঘোষণা করেছে। এই মামলার পরবর্তী তারিখ ২১ অগস্ট। সুতরাং অগস্ট পর্যন্ত রোশন-শ্রাবন্তীর বিচ্ছেদের আইনি প্রক্রিয়া শুরু হচ্ছে না তা নিশ্চিত।

শ্রাবন্তীর ভাঙা সম্পর্কের কথা কারোর অজানা নয়। রাজীব বিশ্বাসের সঙ্গে খুব অল্প বয়সেই বিয়ে করেছিলেন, তবে সুখের ছিল সেই সম্পর্ক তেমনটা বলা যাবে না। দীর্ঘদিন আলাদা থাকার পর ২০১৬ সালে আইনি বিচ্ছেদ হয় দু'জনের। সেই বছরই মডেল কিষাণ বিরাজকে বিয়ে করেন নায়িকা। কিন্তু এক বছর পরেই আলাদা হয় এই জুটির পথ।

অবশেষে ২০১৯ সালের জানুয়ারী মাসে আইনি বিচ্ছেদ হয় দুজনের। এর মাস কয়েকের মধ্যেই রোশন সিং-কে বিয়ে করেন শ্রাবন্তী। এখন শোনা যাচ্ছে, এই বিয়ে একদম নতুন করে জীবন শুরু করতে চান অভিনেত্রী। সেই পথের সঙ্গী হিসাবে ইতিমধ্যেই অভিরূপ নাগ চৌধুরী বলে এক ব্যবসায়ীকে বেছে নিয়েছেন তিনি, তেমনটাও শোনা যাচ্ছে। রোশন-শ্রাবন্তীর আইনি বিচ্ছেদ হবে কিনা সেই দিকেই নজর সকলের।

কান থেকে যা নিয়ে ফিরছেন সাদ-বাঁধনরা

বিনোদন ডেস্ক: ধারণা করা হয়েছিল কান থেকে 'রেহানা মরিয়ম নূর' অন্তত একটি পুরস্কার নিয়ে দেশে ফিরবে। কিন্তু সেই প্রত্যাশা পূরণ হয়নি। ফিরতে হচ্ছে পুরস্কার ছাড়াই। তবে 'রেহানা মরিয়ম নূর' টিম যে সাফল্য নিয়ে দেশে ফিরছে তা ভাবলেই মাথা উচু হয়।

কানের লাল গালিচায় গেলো সাতদিন কতটা সরব ছিলো বাংলাদেশ- তা সহজেই অনুমেয়। গোটা বিশ্ব দেখেছে, লাল গালিচায় বাংলাদেশের অভিনেতা-নির্মাতাদের উজ্জ্বল হাসি। বিশ্বের নামী অনেক সংবাদমাধ্যম 'রেহানা মরিয়ম নূর' এর ভূয়সী প্রশংসা করেছে। তাই যদি বলা হয় সাদ-বাঁধনরা খালি হাতে ফিরছেন দেশে, তাহলে অবিচার হবে এই টিমের প্রতি।

এর আগে সত্যজিৎ রায়ের ছবির নায়িকা হয়ে বিশ্ব চলচ্চিত্রে বাংলাদেশি অভিনেত্রীদের বিচরণ শুরু হয়। ববিতা এক সময় দেশের মুখোপাত্র হয়ে ঘুরেছেন আন্তর্জাতিক পরিমন্ডলে। এরপর নানা সময় দেশের অনেক সিনেমা বিশ্বের নানা চলচ্চিত্র বিষয়ক উৎসবে ঘুরেছে। কিন্তু কানের অফিসিয়ালে সিলেকশন পেয়ে যেতে পারেনি একটিও। কানের লাল গালিচায় লাল সুবজের দেশের কোনো নির্মাতা অভিনেতাকে হাসতে দেখা যায়নি। সেটি করলেন 'রেহানা মরিয়ম নূর' তথা সাদ-বাঁধনরা।

কানের সাগর পাড়ের ৭৪তম এ আয়োজনে ইতিহাস গড়ে বাংলাদেশের নির্মাতা আবদুল্লাহ মোহাম্মদ সাদের 'রেহানা মরিয়ম নূর' স্থান পায় উৎসবের অফিসিয়াল



সিলেকশনে। বাংলাদেশী কোনো ছবির এমন অর্জন এটাই প্রথম। কানের মূল প্রতিযোগিতা বিভাগের পরেই এটি গুরুত্বপূর্ণ। বাংলাদেশের কোনো ছবি এবারই প্রথম এতে জায়গা করে নিলো। ফলে কান-সৈকতে প্রথমবার উড়ে লাল-সবুজ পতাকা!

১৬ জুলাই 'আ সার্তে রিগা'য় ৬টি বিভাগে পুরস্কার প্রদান করা হয়। এতে সেরা পুরস্কার গ্রান্ড প্রাইজ পায় রাশিয়ান নারী নির্মাতা কিরা কোভালেনকো পরিচালিত চলচ্চিত্র আনক্লেনচিং দ্য ফিস্টস। জুরি প্রাইজ পায় গ্রেট ফ্রিডম (সেবাস্টিয়ান মাইজে), এনসেম্বল প্রাইজ পায় বোন মের (হাফসিয়া হেরৎস), প্রাইজ অব কারেজ পায় লা সিভিল (তিওডোরা আনা মিহাই), প্রাইজ অব অরিজিনালিটি পায় ল্যাম্ব (ভ্লাদিমির জোহানসন), স্পেশাল মেনশন পায় নচে দে ফুয়েগো (তাতিয়ানা উয়েজো)।

পুরস্কার নিয়ে দেশে ফিরতে না পারলেও অন্য বছরের তুলনায় এ বছরের কান চলচ্চিত্র উৎসব একটু বিশেষ এদেশের সিনেমাপ্রেমিদের কাছে। গত ৭ জুলাই আঁ সার্তে রিগা বিভাগে ছবিটি প্রদর্শিত হওয়ার পর থেকেই প্রশংসায় ভাসছে 'রেহানা মরিয়ম নূর' টিম। ছবিটির রিভিউ প্রকাশ হয়েছে হলিউড রিপোর্টার, স্ক্রিন ডেইলি ও রজার এবার্টের সাইটসহ একাধিক আন্তর্জাতিক সংবাদমাধ্যমে। একটি রিভিউতে এমনও বলা হয়েছে, কানের উল্লেখযোগ্য তিন ছবির একটি 'রেহানা মরিয়ম নূর'।

শুক্রবার (১৬ জুলাই) ফ্রান্সের কানে স্থানীয় সময় সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে (বাংলাদেশ সময় রাত ১১টা ৩০ মিনিট) শুরু হয় আঁ সার্তে রিগা বিভাগের পুরস্কার বিতরণ অনুষ্ঠান। লাল গালিচায় অনেক দেশের অভিনয় শিল্পীদের হাসি দেখা গেলেও সকলকে হারিয়ে শেষ হাসিটা হেসেছে রাশিয়ান নারী নির্মাতা কিরা কোভালেনকো পরিচালিত 'আনক্লেনচিং দ্য ফিস্টস (কিরা কোভালেনকো)' ছবিটি।

উৎসবের ৭৪তম আসরে 'রেহানা মরিয়ম নূর'সহ বিশ্বের বিভিন্ন দেশের ২০টি চলচ্চিত্র মনোনয়ন পেয়েছিলো আঁ সার্তে রিগা বিভাগে। পুরস্কার বিতরণ করেন এই বিভাগের বিচারকদের প্রধান ব্রিটিশ নির্মাতা আন্দ্রেয়া আর্নল্ড। পুরস্কার না পেলেও আক্ষেপ নেই দেশের মানুষের। কারণ, কান চলচ্চিত্র উৎসবে পুরস্কার না পেলেও সবার মন জয় করেছে 'রেহানা মরিয়ম নূর'।

'হাট থেকে গরু না আনা পর্যন্ত গ্যারেজে অপেক্ষা করতাম'

বিনোদন ডেস্ক: মহামারী করোনা ঈদের আনন্দ অনেকটাই কেড়ে নিয়েছে প্রার্থনা ফারদিন দীঘির কাছ থেকে। প্রতি বছর কোরবানী ঈদের সপ্তাহ খানেক আগে থেকে বাড়তি উচ্ছ্বাস কাজ করত তার মধ্যে। কিন্তু এবার পরিস্থিতি প্রতিকূলে। তাই খানিকটা মন খারাপ এই তারকার। দীঘি আলাপকালে এ ব্যাপারে বলেন, শেষ দুই বছর ধরে তো মহামারী চলছে। কোরবানী ঈদের গরু নিয়ে যে মজা করতাম সেটা করতে পারছি না। স্বাভাবিকভাবেই খারাপ লাগা কাজ করছে। আগের কোরবানী ঈদগুলো কেমন কাটতো, এই প্রশ্ন রাখলে স্মৃতির অলিগলি ঘুরে দীঘি বলেন, আমার হাটে যাওয়ার অভিজ্ঞতা এখনও হয়নি। বাবা, চাচা ওনারা যেতেন। ছোট বেলার কথাই বলছি, স্পষ্ট মনে আছে হাট থেকে গরু না আনা পর্যন্ত আমি গ্যারেজে অপেক্ষা করতাম। কথায় কথায় দীঘি আরও জানালেন, ঈদের চার-পাঁচ দিন আগে থেকে কারা কি গরু কিনলো সেদিকে খেয়াল রাখতেন। বাসায় গিয়ে গিয়ে দেখে আসতেন কে কোন রঙের গরু কিনেছে। কোরবানী ঈদের সবচেয়ে আনন্দকর সময়ের কথাও উল্লেখ করেছেন তিনি। দীঘি বলেন, গোসল করানোর পর গরুটাকে দেখতে যেতাম। তারপর জবাই করা হতো। এটাই সবচেয়ে আনন্দের সময় আমার কাছে। স্মৃতিগুলো খুব মিস করি। এই ব্যাপারগুলো খুব এক্সাইটিং ছিল। আমি চাই সেই আনন্দ আবার আসুক। করোনার মহামারী কাটিয়ে দ্রুত স্বাভাবিক সময়টায় পৌঁছানোর কামনা করি।



কান উৎসবে টপ মডেল হলেন বাংলাদেশের প্রিয়তি

বিনোদন ডেস্ক: কান চলচ্চিত্র উৎসবে টপ মডেল হলেন বাংলাদেশের মাকসুদা আক্তার প্রিয়তি। তিনি নিজেই তথ্যটি সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করেছেন একটি পোস্ট দিয়ে। তিনি টপ মডেল অ্যাওয়ার্ড পেয়ে উচ্ছসিত। তিনি বলেন, আমি আসলে অনুভূতি প্রকাশ করতে পারছি না। ভাষা হারিয়ে ফেলেছি।

কান চলচ্চিত্র উৎসবের মতো সম্মানিত আসরে সেরা মডেল হওয়া আনন্দের ও সম্মানের। প্রিয়তি জানান, এবার কান উৎসবের আয়োজক দেশ ফ্রান্সসহ বিশ্বের নানা দেশের মডেলরা এখানে অংশ নিয়েছেন। এটি ছিলো এ উৎসবে ইন্টেগ্রিটি ম্যাগাজিন আয়োজিত একটি প্রতিযোগিতা। তাদের মধ্যে থেকে টপ মডেলের অ্যাওয়ার্ড পেয়েছেন প্রিয়তি।

প্রসঙ্গত, বাংলাদেশের মেয়ে প্রিয়তি। তার ঢাকায় শৈশব কাটলেও কৈশোরে চলে যান আয়ারল্যান্ডে। সেখানে মডেলিং শুরু করেন তিনি। এরপর অংশ নেন



عيد مبارك

EID MUBARAK ঈদ মুবারক

আমেরিকান মুসলিম সেন্টারের পক্ষ থেকে সকল
মুসলিম ভাই/বোনদের জানাচ্ছি ঈদুল আজহার শুভেচ্ছা

BIG EID JAMAT

PLACE

RUFUS KING PARK
150-29, Jamaica Ave, NY 11435
(Between 89 & Jamaica Ave)

DATE

20 JULY 2021
TUESDAY

TIME

1ST JAMAT - 8AM || 2ND JAMAT - 10AM

SPECIAL JAMAT AT MASJID - 6:15 AM

Special arrangement for Sisters
Wear Mask • Bring your Prayer Rug

IN CASE OF RAIN ALL JAMATS WILL BE HELD IN THE MASJID

Please donate generously for Masjid & Madrasa
মসজিদ ও মাদ্রাসার সার্বিক উন্নয়নে মুক্ত হস্তে দান করুন

American Muslim Center
TAHERA AL-QURAN ACADEMY

89-14, 150 St, Jamaica, NY 11435 • 718-864-7729, 929-361-0609, 347-575-1110
amcusa150@gmail.com www.amcdawa.org facebook.com/americanmuslimcenterofficial

'Allaahu Akbarul Laahu Akbar, Laa Ilaaha Il Lal Laahu, Wallaahu Akbar, Allaahu Akbar, Wa Lil Laahil Hamd'



EID MUBARAK

ESTABLISHED IN 2011

নিউইয়র্ক ঈদগাহ

২০১১-২০২১

নিউইয়র্ক ঈদগাহ'র ১০ম বর্ষপূর্তি উপলক্ষে
সবাইকে প্রাণঢালা ঈদুল আদহা মোবারক ও অভিনন্দন!

বিশেষ দ্রষ্টব্য: উক্তস্থানসমূহ সহ উপরে তালিকাভুক্ত পাড়ে পাড়ে এবং কোন কারণ বিশ্লেষণে যা পাড়ে পরিবার-পরিজন ও বন্ধুবান্ধব সহ ব্যাকলহাইফ অঞ্চলের প্রাণের ঈদগাহের জামাতে যোগ দিয়ে যৌথ মিলন ও নিকট হোন যে আপনি ঈদগাহের জামাতেই সালাত আদায় করছেন।

CONGRATULATIONS TO ALL ON THE CELEBRATION OF THE 10TH ANNIVERSARY OF NEW YORK EIDGAH 2011-2021

PLEASE JOIN US WITH FAMILIES, FRIENDS & OUR BELOVED NEXT GENERATIONS TO CELEBRATE THE ABRAHAMIC TRADITION OF

EID AL ADHA-2021

@THE ONE PLACE OF PRAYERS

AT THE JACKSON HEIGHTS DIVERSITY PLAZA

ON TUESDAY, JULY 20th.

WEATHER: 88-72/Partly Cloudy

1st Jamat: 6:30, 2nd: 7:30, 3rd: 9:00, 4th 10:00 & 5th & Last @ 11:00AM

PLEASE DON'T SAY YOUR PRAYERS BLOCKING STREETS, DON'T BOTHER OUR PEACEFUL NON-MUSLIM NEIGHBORS. REMEMBER, ISLAM OPENS, ISLAM DOESN'T BLOCK! ISLAM CARES ITS NEIGHBORS! AND WE CARE OUR NEIGHBORS!

ঈদের নামাজ দিয়ে অমুসলিম প্রতিবেশীর রাস্তা বন্ধ না করে
আসুন নিউইয়র্ক ঈদগায় এসে একত্রে আদায় করি মহান ঈদুল আদহার নামাজ।

মোট ৫টি জামাত অনুষ্ঠিত হবে।

১ম জামাত: ৬:৩০টা, ২য় জামাত: ৭:৩০টা,
৩য় জামাত: ৯:০০টা, ৪র্থ জামাত: ১০:০০ এবং ৫ম ও শেষ জামাত: ১১:০০টায়।

SPECIAL ARRANGEMENT FOR WOMEN IS AVAILABLE: PLEASE BE THERE WITH WUDU & YOUR OWN JAYNAMAZ.
PLEASE WEAR FACE MASKS. IF YOU ARE FULLY VACCINATED, YOU MAY STAND SHOULDER TO SHOULDER WEARING FACE MASKS.
IF YOU FEEL SEEK OR UNCOMFORTABLE, PLEASE DON'T COME & FOLLOW OUR FB LIVE STREAM FROM HOME
@ The FB ID: Imam Qazi Qayyoom
TO DONATE QURBANI MEAT AT OUR FREE QURBANI MEAT DISTRIBUTION PROGRAM FOR NEEDY FAMILIES,
OR FOR AN OVERSEAS QURBANI PROGRAMS OR FOR CALL FOR DETAILS, PLEASE CALL @ (718) 496-9377.

Arranged By Muhammadi Center, Sponsored By Sukhi New York & Special Thanks To The NYPD, Pct 115

দুনিয়াজুড়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের স্মার্টফোনে আড়িপাতার ঘটনা ফাঁস

(প্রথম পাতার পর)

ওপরও আড়িপাতা হয়েছে। মূলত কর্তৃত্ববাদী দেশগুলোর সরকার আড়িপাতার কাজে এই স্পাইওয়্যার ব্যবহার করেছে। পেগাসাস হল একটি ম্যালওয়্যার। এটি ব্যবহার করে আইনফোন ও অ্যান্ড্রয়েড ফোনের সব মেসেজ, ফটো, ইমেইল, কল রেকর্ড অনুসন্ধানকারীদের হাতে ৫০ হাজারেরও বেশি ফোন নম্বর এসেছে। ধারণা করা হচ্ছে, ২০১৬ সাল থেকে এনএসও-এর গ্রাহকরা এসব নম্বরে আড়ি পেতেছে। প্যারিসভিত্তিক অলাভজনক সংবাদ সংস্থা ফরবিডেন স্টোরিজ এবং অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল প্রথম ফাঁস হওয়া এই তালিকা হাতে পায়। পরে তা অন্যান্য সংবাদমাধ্যমের সঙ্গে শেয়ার করে। গার্ডিয়ান বলছে, যেসব ফোন নম্বর পাওয়া গেছে তার সবগুলোতেই পেগাসাসের মাধ্যমে আড়িপাতা হয়েছে বা তা করার চেষ্টা হয়েছে- সে বিষয়টি নিশ্চিত নয়। তবে অনুসন্ধানকারীদের ধারণা, এনএসও-এর গ্রাহক বিভিন্ন দেশের সরকার নজরদারির জন্য এসব ফোন নম্বরে চিহ্নিত করেছে। ফাঁস হওয়া তালিকায় থাকা নম্বরের অল্প কিছু মোবাইল ফোনের ফরেনসিক বিশ্লেষণ করা হয়েছে। তাতে দেখা গেছে, অর্ধেকের বেশি ফোনেই পেগাসাস স্পাইওয়্যার ব্যবহার করে নজরদারি চালানো হয়েছে। গার্ডিয়ানের প্রতিবেদনে বলা হয়, ফাঁস হওয়া তালিকায় কাদের কাদের নম্বর রয়েছে তা সামনে প্রকাশ করা হবে। এসব ব্যক্তির মধ্যে শত শত ব্যবসা প্রতিষ্ঠানের নির্বাহী, ধর্মীয় ব্যক্তিত্ব, অ্যাকাডেমিক, এনজিও কর্মী, সরকারি কর্মকর্তা, মন্ত্রিসভার সদস্য, প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীরাও রয়েছেন। একটি দেশের শাসকের পরিবারের সদস্যদের নম্বরও রয়েছে। তাতে বোঝা যায়, ওই শাসক নিজের স্বজনদের ওপর নজরদারি চালাতে গোয়েন্দাদের নির্দেশ দিয়ে থাকতে পারেন। রোববার এই তালিকা ফাঁস হতে শুরু করে। প্রথমে তালিকায় ১৮০ জনের বেশি সাংবাদিকের নম্বর থাকার কথা জানা যায়। যাঁদের মধ্যে ফিন্যান্সিয়াল টাইমস, সিএনএন, নিউইয়র্ক টাইমস, ফ্রান্স ২৪, ইকোনোমিস্ট, এপি ও রয়টার্সের প্রতিবেদক, সম্পাদক ও নির্বাহীরাও রয়েছেন।

করোনাক্রান্তে বাংলাদেশ এখন বিশ্বে ২৬ তম

(প্রথম পাতার পর)

আগে রয়েছে কেবল ভারত, তুরস্ক, ইরান, ইন্দোনেশিয়া, ফিলিপাইন ও ইরাক। চলতি মাসের অর্থাৎ জুলাইয়ের ৫ তারিখও বাংলাদেশ বিশ্বে ৩০ তম এবং এশিয়ায় অষ্টম অবস্থানে ছিল। কিন্তু জুলাইয়ের ৬ তারিখ পাকিস্তানকে অতিক্রম করে ফেলে বাংলাদেশ এবং পাকিস্তানকে পেছনে ফেলে ২৯ তম অবস্থানে চলে আসে। ২৮ তম অবস্থানে ছিল রোমানিয়া। কিন্তু দুই সপ্তাহ না যেতেই (১৭ জুলাই) রোমানিয়াকেও অতিক্রম করে ২৮ তম স্থান দখল করে নেয় বাংলাদেশ। ২৮ তম অবস্থান একদিনও স্থির থাকেনি বাংলাদেশ। ১৮ জুলাই অর্থাৎ রাতারাতি সুইডেন এবং বেলজিয়ামকে পেছনে ফেলে দিয়েছে বাংলাদেশ। এর মানে বাংলাদেশ করোনাভাইরাস সংক্রমণের দিক থেকে সারা বিশ্বে এখন ২৬ তম অবস্থানে রয়েছে। ওয়ার্ল্ডোমিটারস (বাংলাদেশ সময় ১৮ জুলাই, রাত সাড়ে নয়টা) জানিয়েছে, করোনাভাইরাস সংক্রমণের দিক থেকে বিশ্বে এখন বাংলাদেশের অবস্থান ২৬ তম (১,১০৩,৯৮৯)।

যুক্তরাষ্ট্রে 'ড্রিমারদের' নাগরিকত্ব দিতে চান বাইডেন

(প্রথম পাতার পর)

(ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভাল) কর্মসূচি গ্রহণ করা হয়েছিল। অপ্রাপ্ত বয়সে যুক্তরাষ্ট্রে আসা লোকজনকে (ড্রিমার) অভিবাসনের সুবিধা দেওয়া হয়েছিল এ কর্মসূচির মাধ্যমে। ফলে প্রায় সাত লাখ অভিবাসন প্রত্যাশী এই কর্মসূচিতে তালিকাভুক্ত হয়ে কাজের অনুমতি পান। সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কর্মসূচিটি বন্ধ করার উদ্যোগ নিয়েছিলেন। বিষয়টি ইউএস সুপ্রিম কোর্টেও গড়িয়েছিল। উচ্চ আদালত রায়ে ট্রাম্পের সে উদ্যোগ আটকে গেলেও ডাকা কর্মসূচির নতুন আবেদন গ্রহণ বন্ধ করে দেওয়া হয়। কিন্তু বর্তমান প্রেসিডেন্ট বাইডেন ড্রিমারদের নাগরিকত্ব প্রদানসহ নানা সুবিধা দেওয়ার প্রক্রিয়া শুরু করেন।

কিন্তু শুরু থেকেই ডাকা প্রকল্পের তীব্র বিরোধী রিপাবলিকান নেতারা। তাই প্রকল্পটি বন্ধ করতে অনেক দিন ধরে চেষ্টা চালাচ্ছেন তাঁরা। প্রকল্পটি বন্ধ চেয়ে টেক্সাসের আদালতে করা আবেদনটিও রিপাবলিকানদের। স্থানীয় সময় শুক্রবার সেই আবেদনের ওপর আদেশ দেন টেক্সাসের ফেডারেল বিচারক হানেন। আদেশে তিনি বলেছেন, প্রেসিডেন্ট ওবামার নির্বাহী আদেশের মাধ্যমে চালু হওয়া ডাকা প্রকল্পটি 'অবৈধ'। সরকারকে অবশ্যই এই প্রকল্প বন্ধ করতে হবে।

আদালতের নতুন আদেশে বাইডেন প্রশাসনের সেই প্রক্রিয়া হোঁচট খেল। সঙ্গে ড্রিমারদের নাগরিকত্ব পাওয়ার বিষয়টিও অনিশ্চিত হয়ে গেল। অ্যান্ড্রু হানেনের আদেশের বিষয়টি এখন সুপ্রিম কোর্টে গড়াবে। সুপ্রিম কোর্টের নয় বিচারপতি এই বিষয়ে আদেশ দেবেন। সংখ্যাগরিষ্ঠ বিচারপতিরা যে সিদ্ধান্ত দেবেন, সেটাই কার্যকর হবে।

ড্রিমারদের নাগরিকত্ব দেওয়ার পথ সৃষ্টি করতে ডেমোক্র্যাটরা ইতিমধ্যে কংগ্রেসে একটি বিল উপস্থাপন করেছেন। সেই বিলটি দুই কক্ষের কংগ্রেসে পাস হতে হবে। এই বিলের পক্ষে দৃতিয়ালিও শুরু করেছেন ডেমোক্র্যাটরা। আদালতের আদেশের পর কংগ্রেসের স্পিকার ন্যান্সি পেলোসি ড্রিমারদের নাগরিকত্ব দেওয়ার পথ নিশ্চিত করতে বিলটির পক্ষে ভোট দিতে রিপাবলিকানদের প্রতি আহ্বান জানান। তিনি দাবি করেন, বিলের পক্ষ নিলে যুক্তরাষ্ট্রের জনগণের ইচ্ছার প্রতি সম্মান দেখানো হবে।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্থ ইনজুরি
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ব্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর এক্সিডেন্ট • লেড পয়জনিং
• স্কুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটির 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির 'ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বাইতুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রুকলিন
ফোনঃ 347-612-7397, 718-565-8219

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

একাউন্টিং

ইনকাম ট্যাক্স-ব্যক্তিগত (Individual all State) কর্পোরেশন, পার্টনারশীপ, নটফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আই.আর.এস-এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন

সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি। ইলেকট্রনিক ফাইলিং করা হয় ২০১৩

* বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেট রেজিস্ট্রেশন
* নোটারী পাবলিক রেজুমী
* দক্ষতার সাথে রেজুমী ও কভারিং লেটার প্রস্তুত করা হয়
* ট্রান্সলেশন সার্ভিসেস

SNS Authorized *IRS e file* Provider

Electronic Filling & Direct Deposite for Accurate Faster & Secure Refund

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমারদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেয়া হয়।



অফিস সময়: সপ্তাহে সাত দিন সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৮ টা।
আমাদের রয়েছে ১৮ বছরের বেশী বিধিসম্মত নির্ভূল ট্যাক্স ফাইলিং এর দক্ষতা ও অভিজ্ঞতা

EXPERIENCE COUNTS, TRUST, WE SERVE YOU BETTER

যোগাযোগ করুন: এম.এ. কাইয়ুম

৩৫-৪৬ ৩১ স্ট্রিট, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬

ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১

email: snsmaq@aol.com (N এবং W ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- ভুল চিকিৎসা
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সম্ভীয়
- কাজের সময় দুর্ঘটনা
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn	Jackson Heights
20 Arlington Place (Across the Fulton St.) (Betw. Bedford & Nostrand Ave) Brooklyn, NY 11216 Tel: 718-363-0100 Fax: 718-636-0112	70-17 37th Avenue (Betw. 70 & 71st Street) East Side of BQ Express Way Jackson Heights, NY 11372 Tel: 718-363-0100 Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহর অশেষ মেহেরবাণীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

ফুলটাইম হিফ্জুল কোরআন ক্লাস

ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোর্আন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখ্লাক, ফিক্হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।

সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০

বৈশিষ্ট্য সমূহঃ
- বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
- অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
- সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
- শিক্ষাদানের ভাষা ইংরেজী
- সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
- ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা

ভর্তি চলছে!

সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

পরিচালক ঃ *শায়েখ মুফ্তি মোহাম্মদ আব্দুল্লাহ্*
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।

Al-Mansoor Cultural Center
Learning · Reflecting · Celebrating

ভর্তি চলছে

Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Streeet, Jamaica, NY 11433

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SE CI

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

করোনায় মৃত্যুবরণকারী আজাদ বাকির সহ বিএনপি নেতাদের স্মরণে বিশেষ দোয়া-মাহফিল অনুষ্ঠিত







নিউইয়র্ক (ইউএনএ): মহামারী করোনায় মৃত্যুবরণকারী যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আজাদ বাকির সহ দলীয় ১৪ নেতা স্মরণে নিউইয়র্কে বিশেষ দোয়া-মাহফিল অনুষ্ঠিত হয়েছে। ব্যতিক্রমী এই অনুষ্ঠানে গভীর শ্রদ্ধার সাথে বাংলাদেশের স্বাধীনতার ঘোষক, বিএনপি'র প্রতিষ্ঠাতা, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সহ মৃত্যুবরণকারী দলীয় নেতৃবৃন্দকে স্মরণ করে তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়। এছাড়াও অনুষ্ঠানে বিএনপি চেয়ারপার্সন, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সুস্থ্যতাও কামনা করা হয়। বিশেষ করে মরহুম আজাদ বাকির-কে স্মরণ করতে গিয়ে দলীয় নেতৃবৃন্দ আবেগ-আপ্লুত হয়ে পড়েন। কেউ কেউ চোখের পানি ধরে রাখতে পারেননি। খবর ইউএনএ'র।

সিটির জ্যাকসন হাইটসের পালকি পার্টি সেন্টারে যুক্তরাষ্ট্র বিএনপি'র ব্যানারে গত ১২ জুলাই সোমবার সন্ধ্যায় আয়োজিত দোয়া-মাহফিলে বিশেষ দোয়া মুনাজাত পরিচালনা করেন বিশিষ্ট আলেম, নিউইয়র্কের সানিসাইড মসজিদের ইমাম মাওলানা জুবায়ের আল রশীদ।

উল্লেখ্য, ২০২০ সালের ৬ জুলাই করোনায় আক্রান্ত হয়ে আজাদ বাকির ইন্তেকাল করে। তার প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে এই বিশেষ দোয়া মাহফিলের আয়োজন করা হয়। আরো উল্লেখ্য, করোনাসহ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী আজাদ বাকির ছাড়াও কেন্দ্রীয় জাতীয়তাবাদী ছাত্রদলের প্রতিষ্ঠাতা সভাপতি প্রিন্সিপ্যাল এনামুল করীম শহীদ সহ অন্যান্যের মধ্যে যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহ-সভাপতি আব্দুল খালেক খায়ের, আনোয়ারুল ইসলাম বাচ্চু এবং কবি শরাফত সিদ্দিকী, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক সাব্বির আহমেদ ও গিয়াস মজুমদার, ধর্ম বিষয়ক সম্পাদক হাজী শাহ আলম ভূইয়া, সদস্য সর্দার মোশারফ হোসেন, যুক্তরাষ্ট্র বিএনপির সদস্য ও যুক্তরাষ্ট্র জাসাসের সহ-সভাপতি মিজানুর রহমান মিজান, যুক্তরাষ্ট্র যুবদলের যুগ্ম সম্পাদক মাহফুজুর রহমান মাহফুজ, ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সাবেক দফতর সম্পাদক তানভির হাসান প্রিন্স, মহিলা দলের নেত্রী রাশেদা ইসলাম মুন, জিয়া পরিষদের সাবেক সভাপতি হাজি আমিরুল হক এবং ক্রকলীন বিএনপির সহ-সভাপতি আবুল হাসেম ভূইয়া-কে স্মরণ এবং তাদের বিদেহী আত্মার মাগফেত কামনা করা হয়।

যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুলের স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে দোয়া মাহফিল শুরু হয়। যুক্তরাষ্ট্র বিএনপি ও বাংলাদেশী-আমেরিকান জাতীয়তাবাদী ফোরামের তিন নেতা যথাক্রমে আনোয়ারুল ইসলাম, নিয়াজ আহমেদ জুয়েল ও শামসুল ইসলাম মজনু বিভিন্ন পর্ব পরিচালনা করেন।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন বিএনপি'র সাবেক সভাপতি আলহাজ্ব আব্দুল লতিফ স্মাট ও সাবেক যুগ্ম সম্পাদক গিয়াস আহমেদ। পরবর্তীতে মরহুম আজাদ বাকিরের মরদেহ দাফন কাজে যারা অংশ (৫জন) নিয়েছিলেন তাদের মধ্যে বিএনপি'র প্রতিষ্ঠাতা সদস্য কামাল সাঈদ মোহন, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সিনিয়র সহ সভাপতি গিয়াস আহমেদ এবং বাংলাদেশ সোসাইটির দুই কর্মকর্তা যথাক্রমে মইনুল উদ্দিন মাহবুব ও মোহাম্মদ নওশাদ হোসেন সংক্ষেপে স্মৃতিচারণ করেন। এসময় অনেকেই কান্নায় ভেঙ্গে পড়েন। উল্লেখ্য, নানা প্রতিকূলতার মধ্যে মাত্র ৫জন ব্যক্তি মরহুম আজাদ বাকিরের জানাজায় অংশ নেন। তার মরদেহ লং আইল্যান্ডের ওয়অশিংটন মেমোরিয়ালের মুসলিম কবরস্থানে দাফন করা হয়। ঐ ৫ ব্যক্তির মধ্যে অপরজন ছিলেন বাংলাদেশ সোসাইটির সহ সভাপতি আব্দুল খালেক খায়ের। পরবর্তীতে তিনিও করোনায় আক্রান্ত হয়ে গত বছর ইন্তেকাল করেন।

অনুষ্ঠানে উল্লেখিত বক্তারা তাদের স্মৃতিচারণ করতে গিয়ে বলেন, আজাদ বাকিরে মৃত্যু সেদিন বিশ্বাস হয়নি। সেদিন এক কঠিন সময় অতিক্রম করেছি। তার মরদেহ দাফন করার লোক পাওয়া যায়নি। আমরা মাত্র ৫জন মানুষ জীবনের ঝুঁকি নিয়ে তার মরদেহ দাফন করেছি। তারা বলেন, ব্যক্তি জীবনে আজাদ বাকির খুব ভালো মনের, পরোপকারী, নম্র-ভদ্র, স্বজ্জন মানুষ ছিলেন, দলের নিবেদিত কর্মী ছিলেন। বিএনপি করতে গিয়ে সোনালী এক্সচেঞ্জে তার চাকুরী হারিয়েছেন। বক্তারা বলেন, তার কাছ থেকে আমাদের অনেক কিছু শেখার আছে। তাকে স্মরণ করেই আমাদেও মাঝে তাকে বাঁচিয়ে রাখতে হবে।

দোয়া মাহফিলে বিএনপি কেন্দ্রীয় কমিটির সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক, বাংলাদেশের জনপ্রিয় সঙ্গীত শিল্পী বেবী নাজনীন সহ যুক্তরাষ্ট্র বিএনপি এবং দলের অঙ্গ ও সহযোগী সংগঠনগুলোর নেতা-কর্মী সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন। তাদের মধ্যে উল্লেখযোগ্যরা হ লেন- যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সহ-সভাপতি আলহাজ্ব সোলেমান ভূইয়া, মনজুর আহমেদ চৌধুরী, এডভোকেট জামাল আহমেদ জনি, আনোয়ার হোসেন, এমদাদুল হক কামাল, আবুল কাশেম, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক কাজী আজম, সৈয়দুল হক, ফিরোজ আহমেদ ও গিয়াস উদ্দিন, ভিপি জহিরুল ইসলাম মোল্লা, বিএনপি নেতা ফারুক চৌধুরী, ফারুক হোসেন মজুমদার, সৈয়দা মাহামুদা শিরীন, নিউইয়র্ক ষ্টেট বিএনপির সভাপতি মাওলানা অলিউল্লাহ মো. আতিকুর রহমান ও সাধারণ সম্পাদক সাঈদুর রহমান সাঈদ, দেওয়ান কাউসার, জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের সভাপতি আলহাজ্ব বাবর উদ্দিন ও সাধারণ সম্পাদক সুরুজ্জামান, বীর মুক্তিযোদ্ধা মীর মশিউর রহমান, যুবদলের কেন্দ্রীয় নেতা এম এ বাতিন, ক্রকলীন বিএনপি নেতা মাহাফুজুল মাওলা নান্নু, খলকুর রহমান, আরাফাত রহমান কোকো পরিষদ, ইউএসএ'র সভাপতি শাহাদাত হোসেন রাজু, ক্রকলীন বিএনপির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর সোহরাওার্দী, গোলাম মোহাম্মদ, জাকির হাওলাদার, পারভেজ সাজ্জাদ, আমিনুল ইসলাম চৌধুরী, সিরাজুল ইসলাম খান, ডা. জাহিদ দেওয়ান, এম এ বাসিত রহমান, বদরুল হক আজাদ, তারেক রহমান মুক্তি পরিষদ, ইউএসএ'র সভাপতি পারভেজ সাজ্জাদ, ইউসুফ আলী, রাফায়েল তালুকদার, রফিক উদ্দিন, রফিকুল ইসলাম ডালিম, সোহরাব হোসেন, মাইনুল হাসান মুহিত, নাজমুল হাসান বাবু, ইঞ্জিনিয়ার মাইনুদ্দিন, মোহাম্মদ জামাল হক, লং আইল্যান্ড বিএনপির সভাপতি মিয়া আলম পাখী ও সাধারণ সম্পাদক সৈয়দ মুরাদুল হাসান রিয়াজ, রিয়াজ মাহমুদ, আবুল কাশেম, গোলাম মাহমুদ, শামীম আহমেদ, সোহরাব হোসেন, সোয়েব আহমেদ, মোহাম্মদ মুহিদ, সিদ্দিক হোসেন রুবেল প্রমুখ।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহ:

- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❋ ফিজিক্যাল এক্সাম ❋ স্কুল ও কলেজের জন্য টীকা ❋ টিএসি এক্সাম ❋ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❋ ডায়াবেটিস ❋ উচ্চ রক্তচাপ ❋ থাইরয়েড ❋ এজমা ❋ বাতের ব্যথা ❋ গ্যাষ্ট্রো ❋ যৌনরোগ এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে ব্লক পরীক্ষা, ইকেজি, শ্বাইরোমেট্রি, স্পেশালি, টিবি টেষ্ট, কান ভুটা করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, HIS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যাদের ইন্সুরেন্স নেই তাদের জন্য ল্যসফ্রেড মূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্সুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার : সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার : সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

166-32 Highland Ave. Jamaica, NY. F টেন 169th St. (South Side)
Tel: 718-657-8325, 718-657-7300
মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

LAW OFFICES

OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালট্যান্ট

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।

ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস

DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

FAMILY DENTAL



We Do
Implant & Veneers

আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এষ্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংড়ভরধ খড়পধারড়হ
২৮-৫৭ ক্যাবরহধু ক্যাবরবহ,
অংড়ভরধ, ঘঢ
ঘ রসবরহ ঢড় ৩০ অব. ক্যাবরড়হ
ওরবঃ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686



87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

KARNAFULLY TAX SERVICES INC

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent

এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

Representation taxpayers IRS & State tax audit.

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Member of AICPA

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC

IRS ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313

karnafullytax@yahoo.com, www.karnafullytax.com

37-20 74th Street. 2nd Floor. Jackson Heights





ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com





আলহাজ্ব ফখরুল ইসলাম খান স্মরণে দোয়ার মাহফিল অনুষ্ঠিত

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ, বীর মুক্তিযোদ্ধা, সিলেট পৌসভার সাবেক প্যানেল চেয়ারম্যান মরহুম আলহাজ্ব ফখরুল ইসলাম খান-এর স্মরণে নিউইয়র্কে মিলাদ ও দোয়া মাহফিল এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ১২ই জুলাই সোমবার জ্যামাইকার তাজমহল পার্টি হলে হজরত শাহ-জালাল (রহঃ) স্মৃতি পরিষদ ও দেওয়ান ফরিদ গাজী স্মৃতি পরিষদের উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, মরহুম ফখরুল ইসলাম খান এই দুই সংগঠনের উদ্যোগক্তা ও প্রতিষ্ঠাতা ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আয়োজক সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি এহিয়া চৌধুরী। এতে স্বাগত বক্তব্য রাখেন সাবেক ছাত্রনেতা শাহাব উদ্দিন। অনুষ্ঠান পরিচালনা করেন বিশিষ্ট সাংস্কৃতিক বক্তিত্ব উৎপল চৌধুরী এবং সহযোগিতায় ছিলেন সংগঠনের যুগ্ম-সাধারণ সম্পাদক মামুন খান।

অনুষ্ঠানে মরহুম পিতার স্মৃতিচারণমূলক বক্তব্য রাখেন বড় ছেলে মেহবুব খান ও সেজো ছেলে নিউইয়র্ক মহ-ানগর সেচ্ছাসেবক লীগের সভাপতি মামুন খান। সংগঠনের পক্ষ থেকে বক্তব্য রাখেন সহ-সভাপতি বাসু মিয়া ও আবুল কালাম আজাদ চৌধুরী এবং কার্যকরী কমিটির সিনিয়র সদস্য নিছফার আলী।

কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, সিলেট পৌরসভার সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা বাবরুল হোসেন বাবুল, মুক্তিযোদ্ধা ও বিশিষ্ট কলামিস্ট সুব্রত বিশ্বাস, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক এম.এ.সালাম, মুলধারার রাজনীতিক মোর্শেদ আলম, হজরত শাহজালাল (রহঃ) স্মৃতি পরিষদের উপদেষ্টা ফুয়াদ মুমিত, লীগ অব আমেরিকার সাবেক সভাপতি ইমাদ আহমেদ চৌধুরী, সাপ্তাহিক নবযুগ সম্পাদক সাংবাদিক শাহাব উদ্দীন সাগর, সিলেট সদর সমিতির সভাপতি দেওয়ান শাহেদ চৌধুরী, উপদেষ্টা শাহ মিজানুর রহমান, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আইরিন পারভীন, সাংগঠনিক সম্পাদক আব্দুল হাসিব মামুন, প্রচার সম্পাদক হাজী দুলাল মিয়া এনাম, নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সহ-সভাপতি শেখ আতিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক শাহিন আজমল, কানেক্টিকাট ষ্টেট আওয়ামী লীগের সাবেক সভাপতি জুনেদ এ খান ও সাধারণ সম্পাদক হুমায়ুন চৌধুরী, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি দুরুদ মিয়া রনেল, যুক্তরাষ্ট্র জাতীয় শ্রমিক লীগ নেতা খান শওকত, শ্যামল কান্তি চন্দ্র, সিলেট সদর সমিতির সাংগঠনিক সম্পাদক নুরুল হক লাল, সিলেট সদর থানা এসোসিয়েশন সভাপতি আব্দুল মালেক খান লায়েক, বি-য়ানীবাজার সমিতির সাবেক সভাপতি মস্তফা কামাল, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, সাবেক ছাত্রনেতা মোঃ আক্তার হোসেন, বিশিষ্ট গীতিকার ইশতিয়াক রুপু, কবি সাহিত্যিক আব্দুস শহীদ, কমিউনিটি লিডার তৈয়বুর রহমান হারুন, সুফিয়ান খান, ফকু চৌধুরী, ইয়ামিন রশিদ, মোহাম্মদ আদিল, মিসবাহউর রশীদ পীর, শাহ সেলিম প্রমুখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে উপস্থিত বক্তারা মরহুম ফখরুল ইসলাম খান-এর স্মৃতিচারণ করে বলেন, মাছ যেভাবে পানি ছাড়া বাঁচতে পারে না, তেমনী ফখরুল ইসলাম খানও মানুষের সঙ্গ ছাড়া চলতেন না। তিনি মানুষকে ভালোবাসতেন। তাঁর উদ্যোগে ও সহযোগিতায় নিউইয়র্কের দারুস সালাম মসজিদ, মদ্রাসা, জ্যামাইকার তরুণ প্রজন্মদের জন্য প্রথম ক্লাব ও বাংলা স্কুল, সিলেট সদর থানা এসোসিয়েশন, শাহজালাল স্মৃতি পরিষদ, দেওয়ান ফরিদ গাজী স্মৃতি পরিষদসহ বহু ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান হয়েছে।

বক্তারা বলেন, ফখরুল ইসলাম খান ছিলেন এমন একজন ব্যক্তি যিনি সারাজীবন ক্ষমতার কাছাকাছি থেকেও কোনোদিন সুবিধা নেননি। তিনি ভোগের রাজ-নীতি করেননি, সারাজীবন ত্যাগের রাজনীতি করেছেন। তিনি সবসময় মুক্তিযোদ্ধাদের ও দেশের মানুষের জন্য সর্বদা অতন্দ্র প্রহরীর ন্যায় ঐক্যবদ্ধভাবে কাজ করেছেন। প্রবাসে তিনি ছিলেন সকলের কাছে গ্রহনযোগ্য একজন শ্রদ্ধাশীল ব্যক্তি, বটবৃক্ষের মতো দলমত নির্বিশেষে সবার আশ্রয়স্থল। এধরনের উদার ক্ষনজন্মা পুরুষ আমাদের সমাজে আজকাল বিরল।

উল্লেখ্য, সংগঠনের সাধারণ সম্পাদক মহিদুল ইসলাম লোফা অসুস্থ থাকায় তার দ্রুত সুস্থতার জন্য বিশেষ মোনাজাত করা হয়। সেইসাথে বাংলাদেশসহ বিশ্বের সকল মুসলমানদের জন্যও বিশষ দোয়া করা হয়।

অনুষ্ঠিত হলো দিরাই এসেসিয়েশনের সভা



নিউইয়র্ক: দিরাই এসেসিয়েশন অব ইউএসএ'র কার্যকরী ও উপদেষ্টা কমিটির যৌথসভা গত ৭ জুলাই রোববার ব্রঙ্কসের এশিয়ান ড্রাইভিং স্কুলে অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি মোশাহিদ চৌধুরীর সভাপতিত্ব অনুষ্ঠিত সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক মোতাহার রুবেল।

সভায় দিরাই এর কয়েকজন বিশিষ্ট ব্যক্তি সহ সমসাম-য়িক সময়ে যারা মৃত্যুবরণ করেছেন তাদের জন্য বিশেষ দোয়া ও স্মরণ করা হয়। সভায় বক্তারা বিভিন্ন জনের স্মৃ তিচারণ করেন এবং মরহুমেদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া করেন।

সভায় সর্বসম্মতিক্রমে সংগঠনের নিবন্ধনের জন্য এবং আগামী ২২ আগষ্ট পিকনিকের স্থানের অনুমোতির জন্য সভাপতিকে দায়িত্ব অর্পন করা হয়। উল্লেখ্য, পিকনিকের স্থানের জন্য ফেরী পার্ক পয়েন্ট অথবা পেলহাম পার্ক এর মধ্যে যেকোন একটি অনুমোদন পাওয়া সাপেক্ষে নির্বাচন করা হয়।

এছাড়াও সংগঠনের জন্য একটি গঠনতন্ত্র প্রনয়নের লক্ষ্যে আইন ও আন্তর্জাতিক সম্পাদক তহুর চৌধুরীকে আহবায়ক করে মোতাহার রুবেল, আবু সালেহ চৌধুরী, বাবু রিটন রায় লিটন ও আবুল হোসেন এর সমন্বয়ে পাঁচ সদস্য বিশিষ্ট সংবিধান প্রনয়ন উপ কমিটি ও একটি সফল পিকনিক আয়োজনের লক্ষ্যে আপ্যায়ন ও ক্রীড়া সম্পাদক আল আমিনকে আহবায়ক করে মোফাজ্জল সহিদ চৌধুরী, রেহান মিয়া, কাওছার রিপন ও আলী আকবর এর সমন্বয়ে পাঁচ সদস্যের একটি পিকনিক উপ কমিটি গঠন করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে সংগঠনের অন্যতম উপদেষ্টা ছদরুন নুর-কে পিকনিক আয়োজনের প্রধান সমন্বয়কারী মনোনীত করা হয়।

উল্লেখ্য, সংগঠনের ফান্ড রেইজের জন্য উপস্থিত সবার সম্মতিতে ১৫০ ডলার মাথারিছু হারে দিরাই জন্মগ্রহণকারী ইউএসএ-তে অবস্থানরত যে কেউ সংগঠনের আজীবন সদস্যপদ গ্রহন করতে পারবেন। এ ক্ষেত্রে স্বামী-স্ত্রী একসাথে আজীবন সদস্য পদ গ্রহন করলে তা হবে ২০০ ডলার। তবে এটা বাধ্যতামূলক নয়। এছাড়া উপস্থিত সবার সম্মতিতে প্রত্যেক কার্যকরী কমিটির সদস্যদের জন্য ১০ ডলার মাসিক ফি নির্ধারণ করা হয়।

সভায় ছদরুন নুর, আব্দুল হান্নান, গোলাম রব্বানী চৌধুরী, আবুল হোসেন, আবু সালেহ চৌধুরী, মোফাজ্জল শহীদ চৌধুরী, আব্দুল গাফফার চৌধুরী, কাওছার আহমেদ রিপন, আলী আকবর, আল আমিন প্রমুখ উপস্থিত ছিলেন।

জমিয়তের জোট ছাড়া নিয়ে যা বললেন ফখরুল

(প্রথম পাতার পর)

মাহসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, পারস্পরিক আস্থা ২০ দলের মধ্যে চমৎকার। রাজনীতিতে উনারা (জমিয়তে উলামায়ে ইসলামের একাংশ) টিকতে পারছেন না, বিরোধী রাজনীতিতে টিকতে পারছেন না সেকারণে উনারা চলে গেছে। এই কথা বললেই তো হয়- প্রচন্ড চাপের কারণে আমরা টিকতে পারছি না, মামলা-মোকাদ্দমায় ভীষন ভাবে আমরা ব্যতিব্যস্ত হয়ে গেছি। সেটা না বলে কোনো ব্যক্তি বা কোনো দলকে দোষারোপ করা- এটা সঠিক কাজ নয়।

রোববার দুপুরে এক সংবাদ সম্মেলন বিএনপি মহাসচিব এসব কথা বলেন। গুলশানে চেয়ারপারসনের কার্যালয়ে এই সংবাদ সম্মেলন হয়। মির্জা ফখরুল বলেন, আমি স্পষ্টভাবে বলতে চাই, আমরা দলের চেয়ারপারসন দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে আমাদের দল এবং আমাদের ঘোষণাপত্র অনুযায়ী রাজনীতি করছি এবং ২০ দলেও যারা আছেন আমাদের সঙ্গে তারাও সেভাবে রাজনীতি করছেন। পারস্পরিক আস্থা আমাদের মধ্যে চমৎকার আছে। গত ১৪ জুলাই সংবাদ সম্মেলন করে ২০ দল ছাড়ার ঘোষণা দেন জমিয়তে উলামায়ে ইসলামের একাংশের ভারপ্রাপ্ত মহাসচিব মাওলানা বাহাউদ্দীন জাকারিয়া। এই অংশটি প্রয়াত আলামা নুর হোসেইন কাশেমীর অনুসারী। সেদিন সংবাদ সম্মেলনে বাহ-াউদ্দীন জাকারিয়া বলেন, সম্প্রতি শরিক দলগুলোর সাথে পরামর্শ ও মতামত না নিয়ে বিএনপির একতরফাভাবে নির্বাচনের বর্জনের ঘোষণা দেয়া, বিএনপি মহাসচিবের শরীয়া আইনে বিশ্বাসী না হওয়ার বক্তব্য দেয়া, দেশব্যাপী আলেম-উলামাদের জেলজুলুমের প্রতিবাদ না করা, দলের প্রয়াত নেতা আলামা নুর হোসাইন কাশেমীর ইন্তেকালের পর তার প্রতি বিএনপির পক্ষ থেকে সমবেদনা জ্ঞাপন না করা এবং তার জান-াজায় অংশগ্রহণ না করায় জমিয়তের তৃণমূল পর্যায়ের নেতা-কর্মীদের মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়েছে। উদ্ভুত পরিস্থিতি বিবেচনায় নিয়ে আমরা মনে করি ২০ দলীয় জোট থেকে সমর্থন প্রত্যাহার করাই জমিয়তের জন্য কল্যাণকর। প্রয়াত আলামা নুর হোসেন কাশেমীর নেতৃত্বাধীন অংশটি ২০ দল ছেড়ে গেলেও প্রয়াত মুফতি ওয়াক্কাসের অংশটি জোটে রয়েছে।

'শরীয়া আইন প্রসঙ্গে'

মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, শরীয়া আইনের ব্যাপারেও উনারা বলেছেন যে, আমরা শরীয়া আইনে বিশ্বাস করি না। আমাদের সংগঠনের গঠনতন্ত্র পড়লে দেখবেন, শরীয়া আইনের বিশ্বাসের ব্যাপারটা নাই কোথাও। হয়ত..। উনারা চান, উনারা করুন। আমাদের সব জয়গাতে পরিস্কার করে বলা আছে যে, আমরা শরীয়া আইনের কোনো বিরোধিতা করব না, শরীয়া আইনের বিরোধী কোনো আইন পাস করব না। আমরা সরকারে ছিলাম কোনো আইন পাস করি নাই। কিন্তু এই কথা বলা যায় কি যে, আমি শরীয়া আইনের বিরোধিতা করেছি, ইসলামী মূল্যবোধের বিরোধিতা। এসব কথা বলার অর্থ হচ্ছে যে, ব্যক্তিগত আক্রমণ করা। যেটা আমি মনে করি যে, উনারা ভালো কাজ করেনি। এসব ব্যক্তিগত আক্রমণ থেকে উনারা দূরে সরে আসবেন। তিনি বলেন, উনারাদের সাথে আমাদের কোনো সমস্যাই হয়নি। আপনারা দেখবেন, ২০ দলের যে ঘোষণাপত্র ছিলো যেটাতে বলা হয়েছিলো ফ্যাসিস্ট সরকারের বিরুদ্ধে একটা আন্দোলন গড়ে তোলার জন্য একটা জোট এবং সেই ভাবে এই আন্দোলন করেই নির্বাচনে যাওয়ার একটা ব্যাপার ছিলো। সেখানে কিন্তু শরিক যেকোনো দল তার নিজস্ব রাজনীতি করবে, তার নিজস্ব কথা বলবে। এখানে আরেকটা দলের রাজনীতি আরেকটার উপরে চাপিয়ে দেয়ার কোনো ব্যাপার নেই। সেখানে তারা (জমিয়তে উলামায়ে ইসলামের একাংশ) যে কথাগুলো বলেছেন তার একটাও সত্য নয়। উনারা বলেছেন, যে জমিয়তে উলামায়ে ইসলামের প্রধান মাওলানা নুর হোসেইন কাশেমী সাহেব অত্যন্ত শ্রদ্ধেয় মানুষ। আমি তাকে ব্যক্তিগতভাবে শ্রদ্ধা করতাম, একজন সত্যিকার অর্থে গণতান্ত্রিক লোক বলতে যা বুঝায় তিনি ছিলেন। বড় আলেম, ইসলামী চিন্তাবিদও ছিলেন। উনি মারা যাওয়াতে সমস্যাগুলো সৃষ্টি হয়েছে এ ব্যাপারে সন্দেহ নাই। নুর হোসেইন কাশেমীর মৃত্যুর সাথে সাথে শোকবানী প্রদান ও ২৬ মার্চ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঢাকায় সফরকে কেন্দ্র করে আলেম-উলামাদের গ্রেপ্তার মামলা দায়ের ঘটনার পরপরই বিবৃতি প্রদান ও বিশেষ সংবাদ সম্মেলন বিএনপি একাধিকবার করেছে বলে মন্তব্য করে মির্জা ফখরুল বলেন, কিভাবে উনি (জাকারিয়া) বললেন, আমরা কোনো কিছু করি নাই। এটা কেনো ও কিভাবে বললেন আমি জানি না। উনি সত্য কথা বলেননি। মানুষ আশা করে আলেম-উলামারা সত্য কথা বলবেন।

অভিনেতা মোশাররফ

(প্রথম পাতার পর)

আদালতে ৫০ কোটি টাকার মানহানির মামলা হয়েছে। রোববার বেলা তিনটায় কুমিল্লার ৬ নম্বর আমলি আদালতের জ্যেষ্ঠ বিচারিক হাকিম চন্দন কান্তি নাথের আদালতে মামলাটি করেন কুমিল্লা আইনজীবী সমিতির সদস্য মো. রফিকুল ইসলাম হোসাইনী। বিকেলে মামলাটি আমলে নিয়ে জ্যেষ্ঠ বিচারিক হাকিম চন্দন কান্তি নাথ পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনকে (পিবিআই) ১৮ আগস্ট তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেন।

মামলার বিবাদীরা হলেন অভিনেতা মোশাররফ করিম, জামিল হোসেন, ফারুক আহমেদ, হাইপ্রেশার-২ নাটকের রচয়িতা ও পরিচালক আদিবাসী মিজান এবং বৈশাখী ইউটিউব চ্যানেল। আরজিতে বাদী রফিকুল ইসলাম উল্লেখ করেন, '৯ জুলাই বেলা ১১টায় বৈশাখী ইউটিউব চ্যানেলে আদিবাসী মিজানের রচনা ও পরিচালনায় নাটক হাইপ্রেশার-২ দেখছিলাম। ওই নাটকের ৩৫ থেকে ৫০ মিনিট এবং ১৩০ থেকে ১৫০ মিনিটের মধ্যে আই-নজীবীদের বাজেভাবে উপস্থাপন করা হয়। আইনজীবীদের কটাক্ষ করা হয়।' রফিকুল ইসলাম উল্লেখ করেন, 'একজন অভিনেতা একটি পেশায় থেকে অন্য পেশার ব্যক্তিদের "দুইডা উকিলের দাম কত? সস্তা আছে" এমন সংলাপ দিতে পারেন না। বিষয়টিতে আইনজীবীদের কটাক্ষ ও হেয় করা হয়েছে। এতে আমার আইন পেশার প্রতি অবজ্ঞা ও অসম্মান করা হয়েছে। তাই ৫০ কোটি টাকার মানহানির মামলা করা হলো।'

জানতে চাইলে মামলার বাদী রফিকুল ইসলাম বলেন, 'মোশাররফ করিম একটি পেশার লোক হয়ে আইনজীবীদের হেয় করে সংলাপ দিয়েছেন। নাটকের তিন অভিনেতা, নির্দেশক ও একটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে আমি মামলা করেছি।'

লাইফ সাপোর্টে ফকির আলমগীর

(প্রথম পাতার পর)

তাঁকে লাইফ সাপোর্টে নেওয়ার সিদ্ধান্ত দেন বলে জানিয়েছেন তাঁর ছেলে মাশুক আলমগীর রাজীব।

রাত সাড়ে ১০টার দিকে মাশুক জানান, কিছুক্ষণ আগে তাঁর বাবার অক্সিজেন স্যাচুরেশন ৪৫-এ নেমে আসে। যার কারণে চিকিৎসকেরা তাঁকে ভেন্টিলেশন নেওয়ার পরামর্শ দেন। ভেন্টিলেশনে নেওয়ার পর থেকে ফকির আলমগীরের অক্সিজেন স্যাচুরেশন ৯০-এ উন্নীত হয়েছে। সবার কাছে বাবার জন্য দোয়া চেয়েছেন মাশুক। এর আগে মাশুক জানিয়েছিলেন, তাঁর বাবার ফুসফুস ৬০ শতাংশ সংক্রমিত। স্বাভাবিক নিয়মে তাঁকে খাবার খাওয়ানো যাচ্ছে না। নল দিয়ে তরল খাবার দিতে হচ্ছে। ঢাকার গুলশানের একটি হাসপাতালে গত বৃহস্পতিবার রাতে ভর্তি করা হয় করোনায় আক্রান্ত গণসংগীতশিল্পী ফকির আলমগীরকে। তার আগে কয়েক দিন ধরে ফকির আলমগীর জ্বর ও খুসখুসে কাশিতে ভুগছিলেন। পরে তিনি চিকিৎসকের শরণাপন্ন হন। চি-কিৎসকের পরামর্শ মতো কোভিড-১৯ পরীক্ষা করিয়ে জানতে পারেন, তিনি করোনা পজিটিভ। সেদিনই তাঁর শ্বাসকষ্ট শুরু হয়। এরপর তাঁকে গ্রিনরোডের একটি হাসপাতালে নেওয়া হয়। ওই সময় নিবিড় পরিচর্যা কেন্দ্রের (আইসিইউ) প্রয়োজন পড়লে সেখান থেকে তাঁকে গুলশানের একটি হাসপাতালে ভর্তি করা হয়। মাশুক আলমগীর জানিয়েছেন, তাঁর বাবার ডায়াবেটিস এবং উচ্চ রক্তচাপ আছে। হাসপাতালে ভর্তির পর দুই ব্যাগ প-াজমা দেওয়া হয়েছে। স্বাধীনতার পর পাশ্চাত্য সংগীতের সঙ্গে দেশজ সুরের মেলবন্ধন ঘটিয়ে বাংলা পপ গানের বিকাশে ভূমিকা রেখেছেন ফকির আলমগীর। দীর্ঘ ক্যারিয়ারে তাঁর কণ্ঠের বেশ কয়েকটি গান দারুণ জনপ্রিয়তা পায়। এর মধ্যে 'ও সখিনা' গানটি এখনো মানুষের মুখে মুখে ফেরে। ১৯৮২ সালের বিটিভির আনন্দমেলা অনুষ্ঠানে গানটি প্রচারের পর দর্শকের মধ্যে সাড়া ফেলে। কণ্ঠ দেওয়ার পাশাপাশি গানটির সুরও করেছেন ফকির আলমগীর।

আবার মেরী জোবাইদার প্রার্থীতা

(শেষের পাতার পর)

ামেরিকান মেরী জোবাইদা আবারো নিউইয়র্ক ষ্টেট অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৩৭ থেকে প্রার্থীতা ঘোষণা করেছেন। ২০২২ সালে অনুষ্ঠিতব্য নির্বাচনের জন্য সম্প্রতি তার ফেসবুক স্ট্যাটাসে তিনি প্রার্থীতার ঘোষণা দেন। গত বছর প্রথমবারের মতো এই আসনে প্রতিদ্বন্দ্বিতা করে তিনি আলোচিত এবং দ্বিতীয় অবস্থান ধরে রাখেন।

মেরী জোবায়দা প্রথম বাংলাদেশী-আমেরিকান যিনি উল্লেখিত আসনে ডেমোক্র্যাট দলীয় প্রাইমারীতে অ্যাসেম্বলীওম্যান পদে নির্বাচনী লড়াইয়ে গত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে বাংলাদেশী কমিউনিটি সহ মূলধারায় আলোড়ন সৃষ্টি করেন। তিনি অবার লড়বেন এই আসনের বর্তমান অ্যাম্বলীওম্যান ক্যাথরিন নোলানার বিরুদ্ধে। অ্যাসেম্বলীওম্যান ক্যাথরিন দীর্ঘ প্রায় দুই দশক ধরে একই আসনের নির্বাচিত প্রতিনিধি হিসেবে নিউইয়র্কের রাজধানী আলবেনীর ক্যাপিটাল হিলে প্রতিনিধিত্ব করছেন। উল্লেখ্য, নিউইয়র্ক সিটির কুইন্স ব্রীজ, লং আইল্যান্ড সিটি, সানি সাইড, উডসাইড, ম্যাসপাথ ও রিজউড নিয়ে অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৩৭ আসন। ২০১০ সালের আদমশুমারীর হিসেবে এই আসনে ১,২৯,১৮৭ মানুষের বসবাস।

জানা গেছে, বিগত ৩৫ বছর ধরে নিউইয়র্ক-এর অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৩৭ থেকে নির্বাচিত হয়ে আসছেন ক্যাথরিন নোলান। এমনকি গত এক দশকে কেউ প্রাইমারী নির্বাচনে তাকে চ্যালেঞ্জটুকুও জানায়নি। গত দশ বছরের মধ্যে গেলে বছরের নির্বাচনে প্রথম ক্যাথরিন নোলান প্রাইমারীতে চ্যালেঞ্জের মুখে পড়ে মেরী জোবায়দার কাছে।

এদিকে ক্যাথরিন নোলান নিউইয়র্কের জনপ্রিয় রাজনীতিকদের একজন। তিনি নিউইয়র্কের ষ্টেট অ্যাসেম্বলী হাউজের ডেপুটি স্পিকার হিসেবে দায়িত্ব পালন করেন। নিউইয়র্কের শিক্ষা-বিষয়ক কমিটির প্রধান হিসেবে শিক্ষা খাতে নানা সংস্কারের উদ্যোগ নেওয়ার ক্ষেত্রে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

জানা গেছে, বাংলাদেশী কমিউনিটি ছাড়াও বিভিন্ন প্রগতিশীল গ্রুপ সহ ইহুদী, জুইস, খ্রীষ্টান ও স্প্যানিশ কমিউনিটি সমর্থন রয়েছে মেরী জোবায়দার পক্ষে।

ব্যক্তিগত জীবনে তিন সন্তানের মা মেরী জোবাইদা নিউইয়র্কের লং আইল্যান্ড সিটির কোর্ট স্কয়ারে গত দুই দশক ধরে সপরিবারে বাস করছেন। নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটিতে তিনি পরিচিত মুখ। নিউইয়র্ক ইউনিভার্সিটি থেকে মিডিয়া, কালচার অ্যান্ড কমিউনিকেশনস-এ স্নাতক ডিগ্রি নিয়ে সাংবাদিকতার পাশাপাশি সেবামূলক বিভিন্ন কাজে নিজেকে সম্পৃক্ত রেখে আসছেন। কমিউনিটির পাশাপাশি মূল ধারায়ও তার কাজের পরিধি বাড়িয়েছেন। বর্তমানে তিনি নিউইয়র্কের ব্রঙ্কসে আরবান হেলথ প্ল্যান'র আউটরিচ স্পেশালিস্ট হিসেবে কর্মরত। এর আগে প্যানোরামা বাংলাদেশ'র ক্যারিয়ার অ্যাডভাইজর, নিউইয়র্কে বাংলাভাষার টেলিভিশন চ্যানেল টাইম টিভি'র প্রোগ্রাম ম্যানেজার ও সাপ্তাহিক বাংলা পত্রিকার ফিচার রাইটার হিসেবে কাজ করেছেন। ছাত্র জীবন থেকেই সাংগঠনিক সক্ষমতা অর্জন করেছেন মেরী জোবাইদা। লাগর্ডিয়া কমিউনিটি কলেজ (কিউনি)'র স্টুডেন্ট গভর্নমেন্ট অ্যাসোসিয়েশনের ভিপি ও এপিআই লিডার হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও নিউইয়র্ক সিটি ইউনিভার্সিটির কমিটি ফর চাইল্ড কেয়ার'র সিনেটর/চেয়ার ছিলেন। বরিশালে জন্মগ্রহণকারী মেরী জোবাইদা যুক্তরাষ্ট্রের অভিবাসী জীবনের আগে ঢাকাস্থ লালমাটিয়া মহিলা কলেজ ও ঢাকা সিটি কলেজের শিক্ষার্থী ছিলেন।

পশু কোরবানির সময় ও

(শেষের পাতার পর)

নিম্নে পশু কোরবানির সময় ও পদ্ধতি তুলে ধরা হলো-

কোরবানির সময়: কোরবানির সময়কাল হলো জিলহজের ১০ থেকে ১২ তারিখ সূর্যাস্তের পূর্ব পর্যন্ত। এই তিন দিনের যেকোনো দিন কোরবানি করা জায়েজ। তবে প্রথম দিন কোরবানি করা সর্বাপেক্ষা উত্তম। তারপর দ্বিতীয় দিন। তারপর তৃতীয় দিন। জিলহজ মাসের ১২ তারিখ সূর্যাস্তের পর কোরবানি করা শুদ্ধ নয়। (ফাতাওয়ায়ে আলমগিরি : ৫/২৯৬)

একইভাবে ঈদুল আজহার নামাজের আগে কোরবানি করা বৈধ নয়। অবশ্য যে স্থানে ঈদের নামাজ বা জুমার নামাজ বৈধ নয় সে স্থানে ১০ জিলহজ ফজরের নামাজের পরও কোরবানি করা জায়েজ। (কুদুরি, পৃষ্ঠা ১৯৮)

নিসাব পরিমাণ সম্পদের মালিক কোনো ব্যক্তি ১০ ও ১১ জিলহজ যদি সফরে থাকে তারপর ১২ জিলহজ সূর্যাস্তের আগে বাড়িতে আসে, তবে তার ওপর কোরবানি ওয়াজিব হবে। যদি কোনো মুকিম ব্যক্তি গরিব হয় এবং ১২ জিলহজ সূর্যাস্তের আগে আল্লাহ তাকে নিসাব পরিমাণ সম্পদের মালিক বানিয়ে দেন, তবে তার ওপর কোরবানি ওয়াজিব। (ফাতাওয়ায়ে হিন্দিয়া : ৫/২৯২)

কোরবানির পশু জবাইয়ের পদ্ধতি: নিজের কোরবানির পশু নিজ হাতে জবাই করা মুস্তাহাব। যদি নিজে জবাই করতে না পারে তবে অন্যের দ্বারা জবাই করাবে। এ অবস্থায় নিজে সামনে দাঁড়িয়ে থাকা উত্তম। (ফাতাওয়ায়ে শামি : ৫/২৭২)

জবাই করার সময় কোরবানির পশু কিবলামুখী করে শোয়াবে। অতঃপর 'বিসমিল্লাহ আল্লাহু আকবার' বলে জবাই করবে। ইচ্ছাকৃত বিসমিলাহ পরিত্যাগ করলে জবাইকৃত পশু হারাম বলে গণ্য হবে। আর যদি ভুলক্রমে বিসমিল্লাহ ছেড়ে দেয় তবে তা খাওয়া জায়েজ আছে। (হেদায়া : ৪/৪৩৫)

পশু জবাই করার সময় মুখে নিয়ত করা জরুরি নয়। অবশ্য মনে মনে নিয়ত করবে যে আমি আলাহর উদ্দেশ্যে কোরবানি করছি। তবে মুখে দোয়া পড়া উত্তম। (ফাতাওয়ায়ে শামি : ৫/২৭২)

জবাই করার সময় চারটি রগ কাটা জরুরি: ১. কণ্ঠনালি, ২. খাদ্যনালি, ৩. দুই পাশের মোটা রগ যাকে ওয়াজদান বলা হয়। এই চারটি রগের মধ্যে যেকোনো তিনটি কাটা হলে কোরবানি শুদ্ধ হবে। কিন্তু যদি দুটি কাটা হয় তবে কোরবানি শুদ্ধ হবে না। (হেদায়া : ৪/৪৩৭)

পশু জবাইয়ের মুস্তাহাব: জবাই করার আগে ছুরি ভালোভাবে ধার দিয়ে নেওয়া মুস্তাহাব। কোরবানির পশুকে এমনভাবে জবাই করা উচিত, যাতে পশুর কোনো প্রকার অপ্রয়োজনীয় কষ্ট না হয়। এমনিভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন স্থানে জবাই করা উচিত। জবাইকারী ব্যক্তির সঙ্গে যদি কেউ ছুরি চালানোর জন্য সাহায্য করে, তার জন্যও 'বিসমিল্লাহ আল্লাহু আকবার' বলা ওয়াজিব। (হেদায়া : ৪/৪৩৮; ইমদাদুল ফাতাওয়া : ৩/৫৪৭, ফাতাওয়ায়ে শামি : ৯/৪৭৩)

কোরবানির দোয়া: কোরবানির পশু কিবলামুখী করে শোয়ানোর পর নিম্নোক্ত দোয়া পাঠ করবে: 'ইন্নি ওয়াজ জাহতু ওয়াজ হিয়া লিল্লাজি ফাতারাস সামাওয়াতি ওয়াল আরদা হানিফাও ওয়ামা আনা মিনাল মুশরিকিন। ইন্না সালাতি ওয়া নুসুকি ওয়া মাহইয়ায়া ওয়া মামাতি লিল্লাহি রাব্বিল আলামিন। লা শারিকা লাহু ওয়া বিজালিকা উমিরতু ওয়া আনা মিনাল মুসলিমিন। আল্লাহুম্মা মিনকা ওয়ালাকা।' (সুনানে আবি দাউদ, হাদিস : ২৭৯৫)

এই দোয়া পাঠ করার পর 'বিসমিল্লাহি আল্লাহু আকবার' বলে পশু জবাই করবে। পশু জবাই করার পর নিম্নোক্ত দোয়া পাঠ করবে- 'আল্লাহুম্মা তাকাব্বালহু মিন্নি কামা তাকাব্বালতা মিন হাবিবিকা মুহাম্মদ ও খালিলিকা ইবরাহিম আলাইহিমাস সালাতু ওয়াস সালাম।' যদি একাধিক ব্যক্তি মিলে কোরবানি করে তবে 'মিন্নি'-এর স্থলে 'মিন্না' পাঠ করবে এবং শরিকদের নাম পাঠ করবে। তবে তাদের নাম শুধু নিয়ত করলে হবে।

ড. মুহাম্মদ ইউনূসকে বিশেষ সম্মাননা দেবে

(প্রথম পাতার পর)

পর্দা উঠতে যাচ্ছে বিশ্বের সবথেকে বড় এই আসরের। এই আসরেই মুহাম্মদ ইউনূসকে অলিম্পিক লরেল দেয়া হবে। বুধবার আন্তর্জাতিক অলিম্পিক কমিটি বা আইওসি এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে। এ খবর দিয়েছে আল-জাজিরা।

খবরে জানানো হয়েছে, খেলাধুলার উন্নয়নের জন্য বিশেষ কাজের স্বীকৃতি হিসেবে ড. ইউনূসকে এই সম্মাননা দেয়া হচ্ছে। ২০১৬ সালের সর্বশেষ রিও অলিম্পিকে প্রথমবারের মতো এই সম্মাননা চালু করেছিল আইওসি। প্রথমবার সংস্কৃতি, শিক্ষা ও শান্তিতে প্রচেষ্টার স্বীকৃতি ও ক্রীড়াঙ্গনের উন্নতির জন্য এই সম্মাননায় ভূষিত হন কেনিয়ার সাবেক অলিম্পিয়ান কিপ কাইনো। তিনি আফ্রিকার ওই দেশটিতে শিশুদের জন্য বাসস্থান, স্কুল ও ক্রিড়া সেন্টার গড়ে তুলেছিলেন।

তার সেই উদ্যোগ বিশ্বজুড়ে প্রশংসিত হয়েছিল। এবার সেই ধারায় এই সম্মান পাচ্ছেন বাংলাদেশের অর্থনীতিবিদ ড. ইউনূস। তার ক্ষুদ্র ঋণ কার্যক্রম বাংলাদেশে দারিদ্রতা হ্রাসে ব্যাপক ভূমিকা রেখেছে।

ডাইনোসরের নয়া প্রজাতির

(প্রথম পাতার পর)

নিত্যনতুন তথ্য অনুসন্ধানের চেষ্টায় থাকেন বিজ্ঞানীরা। এবার আবিষ্কৃত হলো ডাইনোসরের একেবারে নতুন এক প্রজাতি। স্পেনের এক শহরে উদ্ধার হয়েছিল এই ডাইনোসরের জীবাশ্ম। তবে এই ডাইনোসর আবিষ্কৃত হয়েছিল দীর্ঘদিন আগে। ১৯৯৮ সালে মাটি খুঁড়ে এই ডাইনোসরের চোয়ালের জীবাশ্ম মিলেছিল। তারপর তা রাখা হয়েছিল সিংকটোরেস মিউজিয়ামে। সেই নমুনাটি নিয়ে গবেষণা করে বিজ্ঞানীরা জানতে পেরেছেন আজ থেকে ১৩ কোটি বছর আগে পৃথিবীতে ছিল এই ডাইনোসরদের অস্তিত্ব। এটি একেবারেই একটি নতুন প্রজাতি।

বিখ্যাত স্পেনীয় ভূবিজ্ঞানী ও তাঁর শহরের নামানুসারে এই প্রজাতির নাম দেওয়া হয়েছে পোর্তেলসরাস সসবায়নাতি। এর সঙ্গে মিল রয়েছে Ouranosaurus nigeriensis I Bolong yixianensis ডাইনোসরদের। এরা যথাক্রমে পশ্চিম আফ্রিকা ও চীনে বসবাস করত।

প্লস ওয়ান জার্নালে প্রকাশিত হয়েছে এই নয়া প্রজাতির ডাইনোসরদের নিয়ে গবেষণাপত্র। এতে বলা হয়েছে, বিজ্ঞানীদের ধারণা, ২০ থেকে ২৬ ফুট লম্বা হতো এরা। ওজন প্রায় তিন হাজার ৬০০ কেজি! অতিকায় ভারী শরীর নিয়ে হেঁটে বেড়াত এই নয়া প্রজাতির ডাইনোসর। এদের তীক্ষ্ণ নখ, বড় নাসারন্ধ্র ও বিরাট লেজ ছিল।

পর্নো তারকাদের অন্ধকার অধ্যায়

(প্রথম পাতার পর)

অন্য এক জগত। সেখানে আছে ভীতিকর এক অধ্যায়। এ শিল্পের বিরুদ্ধে জোরালো অভিযোগ আছে, যুবতীদেরকে শিকারে পরিণত করা হয়। তাদেরকে নানা রকম ফাঁদে ফেলে বিপদে ফেলা হয়। তারপর বাধ্য করা হয় এই জগতে আসতে। অথবা এমন অবস্থার শিকারে পরিণত হন তারা, যেখান থেকে নিজেই স্বেচ্ছায় পর্নো ছবিতে অভিনয় করতে রাজি হয়ে যান।

সম্প্রতি দু'জন উচ্চ পর্যায়ের পর্নো তারকার মৃত্যু এসব বিষয়কে আবার সামনে নিয়ে এসেছে। আবার দৃষ্টি দেয়া হচ্ছে, পর্নো ব্যবসা এবং এর তারকাদের জীবনের দিকে। এ খবর দিয়েছে লন্ডনের একটি ট্যাবলয়েড পত্রিকার অনলাইন সংস্করণ। সম্প্রতি মাত্র ৩১ বছর বয়সী পর্নো তারকা ডাহলিয়া স্কাইয়ের মর্মান্তিক মৃত্যু হয়। এতে পর্নো তারকা স্টর্মি ডানিয়েলস সহ এ শিল্পের সঙ্গে জড়িত অন্যদের মধ্যে ক্ষোভ, বেদনা উতলে উঠেছে। ধারণা করা হচ্ছে ডাহলিয়া স্কাই আত্মহত্যা করেছেন। এর মাত্র কয়েক সপ্তাহ আগে ২৭ বছর বয়সী আরেক পর্নো তারকা ডাকোটা স্কাইয়ের মৃতদেহ উদ্ধার করা হয়। অনলাইনে এই দুই তারকার রয়েছে হাজার হাজার ভক্ত। এ জগতে বেশ জনপ্রিয় তারা। যেসব পর্নো তারকার জীবনাবসান হয়েছে ভয়াবহ ট্রাজেডির মধ্যে তার তালিকা ক্রমশ বড় হচ্ছে। সর্বশেষ তাতে যুক্ত হলেন এরা দু'জন। এই তালিকায় আছেন পর্নো তারকা অলিভিয়া লুয়া। তিনি মাদক সংক্রান্ড়এক ঘটনায় ২০১৮ সালে পুনর্বাসনে থাকা অবস্থায় মারা যান। একই বছর গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করেন আরেক পর্নো তারকা জানুয়ারি সেরাফ। ২০১৭ সালে আকস্মিক মারা যান পর্নো তারকা ইউরি লুভ। তার বিছানার পাশে পাওয়া যায় পিল। এর এক বছর পরে ঘুমের মধ্যে মারা যান শীলা স্টাইলেজ। ২০১৭ সালের ডিসেম্বরে ২৩ বছর বয়সে আত্মহত্যা করেন অগাস্ট অ্যামিস। ভয়াবহ পচন ধরায় মূত্রাশয়ের সংক্রমণে ২০১৮ সালে মারা যান অলিভিয়া নোভা। পর্নো শিল্পে কাজ করেন জেমস বার্থোলেট। ডাকোটা স্কাইয়ের বন্ধু ছিলেন তিনি। বলেছেন, এ শিল্পে প্রচুর যুবতী ভয়াবহ দুর্ভোগের মধ্য দিয়ে জীবন অতিবাহিত করেন। এটা এক কঠিন জায়গা। এ শিল্পে একজন পর্নো তারকাকে ভয়াবহ রকম হয়রানির টার্গেটে পড়তে হয়। ডাকোটা স্কাইয়ের এক আত্মীয় লিন্ডা বলেছেন, তার ভাইঝিকে মৃত্যুর কয়েক সপ্তাহ আগে অন্য পর্নো তারকারা নানারকম বাঁকা কথা শোনাতে থাকেন। বিশেষ করে সে জর্জ ফ্লয়েড ভাস্কর্যে নগ্ন হয়ে পোজ দেয়ার পর এই সমালোচনা তীব্র থেকে তীব্র হতে থাকে। তার নিজের জীবনের কাহিনী এবং সে কিভাবে এই শিল্পে যোগ দিয়েছে, তা সত্যিকার অর্থেই এক ট্রাজেডি। ডাকোটা স্কাই মারা যাওয়ার পর পরই তিনি বলেন, কার্যকর নয় এমন এক পরিবারে বড় হয়েছে সে। ওই পরিবারে ছিল মাদকের ব্যবহার, এলকোহল পান করতো। শারীরিক, মানসিক, মৌখিক এবং যৌন নির্যাতন করা হতো ওই পরিবারে। পর্নো তারকা জো পার্কার ২৪ বছর বয়সে মারা যাওয়ার পর গত বছর সেপ্টেম্বরে রেলিন জয় নামে আরেক তারকা বলেছিলেন, খুব দ্রুততার সঙ্গে এই ক্যারিয়ার গড়ে উঠেছিল। যদি কেউ এ জগতে অনেক সময় থাকে, তবু তার সময়কাল ছোট হয়ে আসে। এর কারণ, প্রতি বছর বা দু'বছরে এ শিল্পে যোগ দেয় বিপুল সংখ্যক সুন্দরী যুবতী। এক সময় একটি পর্নো বিষয়ক ওয়েবসাইটে সবচেয়ে দেখা হয়েছে এমন একজন তারকা হিসেবে আখ্যায়িত করা হয় মিয়া খলিফাকে। তিনি ২০১৫ সালে এ জগত থেকে অবসরে গিয়েছেন। তারপর এ জগত সম্পর্কে কথা বলেছেন। বলেছেন, এ শিল্পে যুবতীদের শিকারে পরিণত করা হয়। তাদেরকে বৈধভাবে এই পেশায় আনতে ফাঁদ পাতা হয়। তখন বাধ্য হয়ে তারা এ জগতে নাম লেখায়। হিজাব পরে একটি যৌন দৃশ্যে অভিনয় করার পর থেকেই হত্যার হুমকি দেয়া হয়েছে লেবাননে জন্মগ্রহণকারী মিয়া খলিফাকে। তিনি দাবি করেছেন যে, তার মাথা কর্তন করতে ছবি শেয়ার করেছে আইসিস। তার ইনস্টাগ্রাম হ্যাক করেছে। এরপর তারা তার নিজের ফ্লাটের ছবি পোস্ট করেছে অনলাইনে। পর্নো জগতে অভিনয় প্রতিযোগিতামূলক। তাই এ নিয়ে কেউ কিছু বলেন না বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রভিত্তিক পর্নো তারকা ওডেতে ডেলাক্রোইক্স (২৮)। তিনি বলেন, অনলাইনে এবং অফলাইনে তাদেরকে সমালোচনা এবং হুমকির মুখোমুখি হতে হয়। তার ভাষায়, আমার ক্যারিয়ারে এমন কোনো দিন নেই, যেদিন অনলাইনে অথবা ব্যক্তিগতভাবে আমি অবমাননার শিকার না হই। যখন স্থানীয় স্কুল আমার ক্যারিয়ার সম্পর্কে জানতে পারলো, তারা আমার সব পুরস্কার বাতিল করলো। আক্ষরিক অর্থে তারা আমার নাম মুছে দিল। ২০১৮ সালে আরেক পর্নো তারকা জিনজার ব্যাংকস বলেন, সমাজ আমাদেরকে যেভাবে দেখে এবং আমাদের সঙ্গে আচরণ করে, তাতে আমরা অধিক মাত্রায় হতাশাগ্রস্ড় হয়ে পড়ি।

আমেরিকান ইহুদিদের এক-চতুর্থাংশের

(প্রথম পাতার পর)

তথ্য উঠে এসেছে। মঙ্গলবার এ খবর দিয়েছে বার্তা সংস্থা জুয়িশ টেলিগ্রাফিক এজেন্সি (জেটিএ)।

খবরে বলা হয়, জেইআই'র জরিপে দেখা গেছে, ইসরাইলের বিরুদ্ধে সবচেয়ে কঠোর সমালোচনাগুলোর সঙ্গে একমত ইহুদি আমেরিকান নাগরিকদেরই একটি গোষ্ঠী। গত ২৮শে জুন থেকে ১লা জুলাইয়ের মধ্যে ৮০০ ইহুদি ভোটারের উপর জরিপটি চালিয়েছে জিবিএও স্ট্র্যাটেজিস। জরিপ অনুসারে, ৩৪ শতাংশ মার্কিন ইহুদি বিশ্বাস করেন, ফিলিস্তিনিদের সঙ্গে ইসরাইলের আচরণ যুক্তরাষ্ট্রে বর্ণবাদের সামিল।

জরিপে দেখা যায়, তুলনামূলকভাবে তরুণ আমেরিকান ইহুদিদের মধ্যে ইসরাইলের সমালোচনার হার বেশি। উদাহরণস্বরূপ, 'ইসরাইলের অস্তিত্বের অধিকার নেই' বলে মনে করেন ৯ শতাংশ ইহুদি! কিন্তু ৪০ বছরের কম বয়সীদের মধ্যে এই বক্তব্যের সঙ্গে একমতপোষণকারীর হার ২০ শতাংশ। এছাড়া, এক-তৃতীয়াংশ তরুণ ভোটারের মতে, ফিলিস্তিনিদের উপর গণহত্যা চালাচ্ছে ইসরাইল।

এক-তৃতীয়াংশের বেশি তরুণ ভোটার মনে করে, ইসরাইল একটি জাতিবিদ্বেষী দেশ।

জরিপে উঠে আসা উপাত্তগুলো গুরুত্বপূর্ণ। কেননা, ইসরাইলের সাবেক প্রধানমন্ত্রী বেনইয়ামিন নেতানিয়াহুর ১২ বছরের শাসনামলে ইসরাইল থেকে অনেকটা বিচ্ছিন্ন হয়ে পড়েছে যুক্তরাষ্ট্রের ইহুদি কমিউনিটি। তবে দেশটির নতুন সরকার ইহুদিদের সঙ্গে পুনরায় সম্পর্ক গড়ে তোলার চেষ্টা চালাচ্ছে। এছাড়া, জরিপটি এমন সময় প্রকাশ করা হয়েছে, যখন মূলধারার ইসরাইলপন্থি সংগঠনগুলো ইসরাইলকে ইহুদি পরিচয়ের জন্য আবশ্যক করে তুলতে চাইছে ও অনেকক্ষেত্রে ইসরাইলের সমালোচনা ইহুদীভীতি হিসেবে বিবেচিত হয়।

জরিপে ৩৮ শতাংশ অংশগ্রহণকারী জানান, তারা ইসরাইলের প্রতি টান অনুভব করেন না। গত মে মাসে প্রকাশিত ৪৭০০ ইহুদির উপরে চালানো পিউ রিসার্চের এক জরিপেও এক্ষেত্রে একই হার দেখা গেছে।

জেইআই'র জরিপে দেখা যায়, ৬১ শতাংশ ইহুদি ইসরাইল-ফিলিস্তিন সংঘাতের সমাধান হিসেবে দ্বি-রাষ্ট্র সমাধানকে সমর্থন করে। কিন্তু ১৯ শতাংশ অংশগ্রহণকারী জানান, তারা পশ্চিম তীরের অধিগ্রহণ ও ফিলিস্তিনিদের জাতীয় নির্বাচনে ভোট দেওয়ার অধিকার হরণ করতে চান। তবে ২০ শতাংশ জানান, তারা ইসরাইল, পশ্চিম তীর ও গাজা মিলে একটি রাষ্ট্র চান, যেটি ইহুদি রাষ্ট্রও হবে না; ফিলিস্তিনি জাতীয়তাবাদী রাষ্ট্রও হবে না।

এদিকে, সাম্প্রতিক সহিংসতার সময় ইসরাইলকে অনুদান দেওয়া বন্ধের আহ্বান জানিয়েছেন বেশ কয়েকজন যুক্তরাষ্ট্রের আইনপ্রণেতা। ওই প্রসঙ্গে, ৭১ শতাংশ ইহুদি জানান, ইসরাইলকে আর্থিক সহায়তা প্রদান করা 'গুরুত্বপূর্ণ'। ৫৮ শতাংশ জানান, ইসরাইলকে যুক্তরাষ্ট্রের অর্থ প্রদানের ক্ষেত্রে শর্তারোপ করা উচিৎ যাতে দেশটি অবৈধ ইহুদী বসতি স্থাপনে সে অর্থ ব্যয় না করতে পারে।

বাইডেন প্রশাসনের প্রতি সন্তুষ্ট বেশিরভাগ ইহুদি। প্রায় ৬২ শতাংশ ইহুদি ভোটারই বাইডেনের ফিলিস্তিনে মার্কিন সহায়তা পুনরায় চালু করার সিদ্ধান্তের প্রতি সমর্থন জানিয়েছে। এমনকি তাদের ৬৮ শতাংশই আগামী বছরের মধ্যবর্তী নির্বাচনেও ডেমোক্র্যাটদের সমর্থন দেবেন বলে জানান।

মঙ্গলবার ঈদুল আযহা ঃ জামাত কখন

(শেষের পাতার পর)

ও পরিচালিত অন্যতম শীর্ষস্থানীয় ধর্মীয় প্রতিষ্ঠান জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এ এবার ঈদুল আযহার একটি জামাত অনুষ্ঠিত হবে স্থানীয় টমাস এডিসন হাইস্কুল মাঠে সকাল ৮টায়। এখানে পুরুষদের পাশাপাশি মহিলাদেরও নামাজের ব্যবস্থা থাকবে। আবহাওয়া খারাপ থাকলে বা বৃষ্টি হলে জেএমসি ভবনে ৪/৫টি জামাত হবে বলে সংশ্লিস্ট সূত্রে জান গেছে।

আমেরিকান মুসলিম সেন্টার: আমেরিকান মুসলিম সেন্টারের উদ্যোগে ঈদুল আযহার তিনটি জামাত হবে। প্রথম জাত হবে মসজিদ ভবনে সকাল সোয়া ৬টায়। এরপর রুফস কিং পার্কে ঈদের জামাত হবে সকাল ৮টায় এবং সকাল ১০টায়। বৃষ্টি হলে মসজিদ ভবনেই ঈদের জামাত হবে।

মসজিদ আল আরাফা: জ্যামাইকার মসজিদ আল আলাফা (আরাফা ইসলামিক সেন্টার)-এর উদ্যোগে পবিত্র ঈদুল আযহার একটি জামাত অনুষ্ঠিত হবে সকাল সাড়ে ৮টায় স্থানীয় সুসান বি এন্থনী স্কুলের খোলা মাঠে। বৃষ্টি হলে মসজিদেও ভিতওে ৪টি জামাত হবে যথাক্রমে সকাল সাড়ে ৬টায়, সকাল ৭টায়, সকাল সাড়ে ৮টায় আর সকাল সাড়ে ৯টায়। এখানে পুরুষদের পাশাপাশি মহিলাদেরও নামাজের ব্যবস্থা থাকবে।

মসজিদ মিশন: জ্যামাইকার 'হাজী ক্যাম্প মসজিদ' নামে পরিচিদ মসজিদ মিশনে ঈদুল আযহার ৩টি নামাজ অনুষ্ঠিত হবে যথাক্রমে সকাল ৬টায়, সকাল ৭টা ও সকাল সাড়ে ৮টায়।

দারুস সালাম মসজিদ: জ্যামাইকার দারুস সালাম মসজিদে ঈদুল আযহার ৪টি জামাত অনুষ্ঠিত হবে যথাক্রমে সকাল ৭টায়, সকাল ৮টায়, সাড়ে ৮টায়, সকাল ৯টায় এবং সকাল ১০টায়। সকল মুসল্লীকে মুখে মাস্ক ব্যবহার এবং সাথে জায়নামাজ সাথে আনার অনুরোধ করেছেন মসজিদ কর্তৃপক্ষ।

আল আমীন জামে মসজিদ: এস্টোরিয়ার আল আমীন জামে মসজিদ এন্ড ইসলামিক সেন্টার-এ ঈদুল আযহার জামাত অনুষ্ঠিত হবে ৩৬ ও ৩৭ এভিনিউর মাঝে সকাল ৮টায়। আবহাওয়া খারাপ থাকলে মসজিদ ভবনে পর্যায়ক্রমে ঈদের জামাত হবে তিনটি।

মোহাম্মদী সেন্টার: জ্যাসকন হাইটসের মোহাম্মদী সেন্টরের উদ্যোগ অনুমতি সাপেক্ষে ডাইভারসিটি প্লাজায় ঈদের ৫টি জামাত অনুষ্ঠিত হওয়ার কথা। পাশাপাশি অনলাইনে নামাজ আদায়ের ব্যবস্থা থকবে।

মদিনা মসজিদ: ম্যানহাটানের মদিনা মসজিদের উদ্যোগে স্থানীয় পার্কে ঈদের জামাত হবে একটি সকাল সাড়ে ৮টায়। বৃষ্টি হলে মসজিদ ভবনে দুটি জামাত হবে যথাক্রমে সকাল ৮টা ও ৯টায়। এছাড়াও জ্যাকসন হাইটসের জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার, ব্রুকলীনের বাংলাদেশ মসলিম সেন্টার, বায়তুল জান্নাহ ইসলামিক সেন্টার, ব্রঙ্কসের পার্কচেষ্টার জামে মসজিদ সহ অন্যান্য মসজিদের উদ্যোগে ঈদের নামাজ আদয়ের উদ্যোগ নেয়া হয়েছে।

কাউন্সিল পদে লড়তে

(শেষের পাতার পর)

হাইটস, এলমহার্স্ট, করোনা) থেকে লড়তে যাচ্ছেন কমিউনিটির পরিচিত মুখ শাহ শহীদুল হক (সাঈদ)। আগামী ২ নভেম্বর মঙ্গলবার এই নির্বচন অনুষ্ঠত হবে।

ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট ইউএসএ'র প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট শাহ শহীদুল হক (সাঈদ) জানান, তিনি দীর্ঘ ৩০ বৎসর যাবৎ আর্তমানবতার সেবায় নিয়োজিত, কোভিড-১৯ যোদ্ধা মানবতাবাদী এবং সফল ব্যবসায়ী। জানান, এবারের ফোর্থ জুলাই আমেরিকার স্বাধীনতা দিবসে বন্দুক যুদ্ধ, হেইট ক্রাইম, জ্যাকসন হাইটস ব্যবসায়ীদের সঙ্গে বামদের মল্লযুদ্ধ, নোংরা-অপচ্ছিন্ন রাস্তাঘাট আর অব্যাবস্থায় তিনি বিচলিত। অন্য দিকে সিনিয়র সিটিজেনগণ সর্বপ্রকার সুযোগ সুবিধা থেকে বঞ্চিত।

শাহ শহীদুল হক বলেন, মান্দাতার আমলের পেনশন, কোভিড-১৯ কালে আনএম্পলয়মেন্ট সহ সর্বপ্রকার সরকারী ভাতা থেকে তারা বঞ্চিত। মাত্র ২৭০-৩০০ ডলারের ভাতা বর্তমান দূর্মূল্যের বাজারে অত্যন্ত নগন্ন। আমরা এহেন অব্যবস্থা মেনে নিতে পারি না। আমরা এ ধরনের অব্যবস্থার পরিবর্তন চাই। আজ হেইট ক্রাইম যেভাবে দিন দিন বৃদ্বি পাচ্ছে তাতে অনেক নাগরিকগণ নিউইর্য়ক ছেড়ে অন্যত্র চলে যাচ্ছেন। সুতরাং নিউইয়র্কের নিরাপত্তা আমাদের অন্যতম ইস্যু। যার জন্য পুলিশ সাপোর্ট এবং বাজেট দিগুণ করতে হবে। তিনি অচিরেই সংবাদ সম্মেলনের মাধ্যমে তার এজেন্ডা প্রচার করবেন বলে জানান।

শাহ শহীদুল হক (সাঈদ) বলেন, জনকল্যাণমূলক কাজ কর্মে অনেক ভুলত্রুটি হয়, কোন মানুষ শতভাগ স্বচ্ছ নয়, আমার সুদীর্ঘ পথচলার পথে যদি কারো সাথে ভুল বুঝাবুঝি হয়ে থাকে সেজন্য আমি ক্ষমাপ্রার্থী, আপনারা আমার জন্য দোয়া করবেন, আমি সকলের সাহায্য প্রার্থী।

নায়াগ্রা ফলসে ভিড় বাড়ছে পর্যটকদের

(শেষের পাতার পর)

করতে আসছেন বিশ্বের বিভিন্ন দেশের মানুষ। যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গ রাজ্য থেকেও আসছেন নানা বয়সের মানুষ। স্থানীয় নাগরিকরা সময় পার করছেন পরিবার এবং স্বজনদের নিয়ে।

বৃহস্পতিবার (১৫ জুলাই) নায়াগরা ফলসে সরজমিনে দেখা যায়, উৎফুল্ল মানুষের আনন্দ উল্লাস। বিশাল এলাকা জুড়ে পানির অব্যাহত গর্জন, প্রবল স্রোত আর ঝরনাধারা মুগ্ধ করে দর্শনার্থীর মন। রাতের স্বপ্নীল রূপ নেয় ঝরনার পানি। রংধনুর নানা সাজে সজ্জিত হয় নায়াগরা ফলস। তখন শুধু জলের ঢেউ একা থাকেনা, দর্শনার্থীদেরও নিয়ে যায় মনের ঢেউয়ের সাথে।

এই ছবি শুধুই উপভোগের, অবাক হয়ে থাকিয়ে থাকার। বৈশ্বিক মহামারী করোনার কারনে এক বছরের অধিক সময় বন্দী সময় পার করেছেন বিশ্বের মানুষ। একদিনে করোনা বিদায় নিচ্ছে আর অন্যদিকে মানুষের ভ্রমণ বাড়ছে। এরই অংশ হিসেবে বিশ্বের বিশ্বয়কর দর্শনীয় স্থান নায়াগরা ফলসে বিপুল মানুষের উপস্থিতি।

সরেজমিনে দেখা গেছে উল্লেখযোগ্য সংখ্যক বাংলাদেশী, ভারতীয়, পাকিস্তানী, অ্যারাবীয়ানদের উপস্থিতি সহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্য থেকে আসা মানুষের মিলনমেলায় পরিনত হয়েছে জলপপ্রপাত প্রাঙ্গণ। স্থানীয়দের সাথে আলাপকালে তারা জানান, কয়েক মাস আগে খুব অল্প মানুষের উপস্থিতি ছিল, এখন সেটি অনেক বেড়েছে। চালু হয়েছে ট্যুরিসট বাস। করোনা পরিস্থিতির কারণে আপাততঃ কানাডা সীমান্ত যাতায়াতের জন্য বন্ধ থাকলেও তা খুলে দেয়া হলে নায়াগরা ফলসে পর্যটকদের ভিড় আরো বাড়বে বলে তারা মনে করেন। নায়াগরা ফলসে আসা পর্যটকরা জানান, মিনিটে মিলিয়ন মিলিয়ন ফুট পানির ঝরনাধারার অবলোকন, মেট অব দ্য মিস্টা বোট চড়ে জলপ্রপাত কাছ থেকে দেখা, রেইনবোসেতু থেকে দেখা যায় পানির রং বদলের খেলা।

আনেরিকা-কানাডা সীমান্ত এলাকায় এটির অবস্থান হওয়ার কারণে কানাডার অনেক গুরুত্বপুর্ণ স্থান দেখা যায় 'নায়াগরা ফলস' সফরে। ১৬৭ ফুট উচ্চতার এই জলপ্রপাত থেকে প্রতি মিনিটে ৬ মিলিয়ন ঘনফুট পানি গড়িয়ে নীচে পড়ে বলে জানা গেছে। এই ঐতিহাসিক জলপ্রপাতের আরেকটি আকর্ষনীয় দিক হচ্ছে সূর্যাস্ত দেখা। পর্যটক আকর্ষনের জন্য বিশাল অংশকে সাজানো হয়েছে। গড়ে তোলা হয়েছ শিশু পার্ক, গাড়ি পার্কিং এক পর্যাপ্ত লট রাখা হয়েছে। স্কুল, কলেজ বন্ধ থাকায় নায়াগরা ফলস বেড়ানোর সুন্দর সময় বলে জানিয়েছেন অনেক বাংলাদেশী পর্যটক।

একজন 'ভূয়া স্বৈরাচার!'

(শেষের পাতার পর)

রয়েছে তার ব্যক্তি এবং কর্মজীবনের বিরাট এক পরিধি। তখন থেকেই তিনি আলোচিত প্রশংসিত নিন্দিত নন্দিত। আমার দেখারকাল থেকে তিনি সরকার প্রধান সামরিক বাহিনী প্রধান রাষ্ট্রপধান দলীয় প্রধান। আবার ভাগ্য বিড়ম্বনায় ছয় বছর জেলবন্দী, প্রায় অর্দ্ধশত মামলার আসামী। বের হয়ে এসে রাজনীতিতে আলোচনায়। এমপি হবেন না- সিএমএইচে শুয়ে থেকে এমপি হয়ে গেলেন। সরকারের সাথে থাকবেন না প্রধানমন্ত্রীর বিশেষ দূত হয়ে গেলেন। ভোটারবিহীন নির্বাচনে বৈধতা থাকেনা, অনুগত বিরোধী দল হয়ে সরকারের লেজিটেমিসি দিলেন। জীবনের শেষ দিনগুলোতেও সরকারের জন্য একজন গুরুত্বপূর্ণ লোক হয়েই রইলেন। প্রধানমন্ত্রীর বিশেষ দূত হলেন, বিরোধী দলীয় নেতা হলেন। যারা বলতো তাকে স্বৈরাচার, মৃত্যুর পর তাদের গালে চটকানা মেরে পূর্ণ সামরিক এবং রাষ্ট্রিয় মর্যাদায় সমাহিত হলেন। অনেকেই অনেক কথা বলেন এরশাদ সম্পর্কে, কিন্তু শেষ বিচারে আমি তো দেখি তার দিক থেকে তিনি সর্বাংশে একজন সফল মানুষ। পুরোটা ক্যারিয়ার ধরে নিজের মত করে চলেছেন বলেছেন করেছেন। আমি তার ব্যক্তি বা কর্মজীবনের মূল্যায়ন পর্যালোচনা বা বিশ্লেষনে যাবো না কারন এটা আমার পক্ষে সম্ভব না। আমি দেখেছি এরশাদের জীবনের একটি নির্দিস্ট অধ্যায়কে। এর বাইরেও তার ছিল ব্যক্তি, পারিবারিক, একান্ত এবং সামাজিক জীবন। সবকিছু আমার দেখা বা জানার কথা না। যেহেতু সবকিছু মিলিয়েই একজন মানুষ, কাজেই খন্ডিত দেখায় কাউকে পূর্ণ মূল্যায়ন করা যায় না। সে কারনেই ব্যক্তি হিসেবে তিনি কতটা ভাল-খারাপ ছিলেন, রাজনীতিক হিসেবে কতটা সফল ব্যর্থ সবটার চুলচেড়া বিশ্লেষনের জন্য আমি কোন উপযুক্ত লোক নই। তারপরও কয়েক অধ্যায়ে তাকে যতটুকু দেখেছি তাতে আমার মনে হয়েছে, মানুষটি ছিলেন আবেগপ্রবণ, অস্থিরচিত্তের, সংবেদনশীল এবং একজন ট্যাক্টলেস রোমান্টিক পুরুষ। কানকথা শুনতেন, সহজেই প্রভাবান্বিত হয়ে যেতেন, ব্যবহৃত হতেন। নিজের সিদ্ধান্তে স্থির থাকতে পারতেন না।

দোষে গুনে মানুষ। কিন্তু কাউকে মূল্যায়ন করতে গেলে দেখতে হয় কোন পাল্লা ভারী। এরশাদের নামে নানা অপবাদ যেমন আছে, তেমনি তিনি দেশের জন্য অনেকগুলো যুগান্তকারী কাজও করে গেছেন। ক্ষমতায় থাকাকালে প্রশাসনিক অন্তর্কাঠামো এবং অবকাঠামোগত সংস্কারগুলোর কারনে তার চিরস্মরনীয় হয়ে থাকা উচিত। কারন এমন কিছু কাজ তিনি করেছেন যা ছিল খুবই দু:সাধ্য। বৃটিশ বিদায়ের পর থেকে কেউ করতে পারে নাই। ভারত এত বছরেও সে কাজে হাত দেওয়ার সাহসই পায় নাই। ক্ষমতায় থাকাকালে হুকুম দিয়ে কাউকে খুন করিয়েছেন এমন আমার জানা নাই। বিপদে মানুষের পাশে দাঁড়াতে দেখেছি। নীরবে অনেককে উপকার করে গেছেন। তার সাহায্যগ্রহিতার সংখ্যা অজস্র। অনেক এতিমের দায়িত্ব গ্রহন করেছেন, অসহায়ের ভরনপোষনের ব্যবস্থা করেছেন। তার এই দিকগুলো কখনও প্রচারিত হতে দিতেন না। রাজনীতির ক্ষেত্রে আমার মনে হয়েছে ক্ষমতাচ্যুতির পর শত সীমাবদ্ধতার মধ্যেও প্রভাবমুক্ত স্বাধীন রাজনীতি করতে চেয়েছেন। কিন্তু জীবনের শেষ দিনটি পর্যন্ত তাকে মামলার বেড়ি পড়িয়ে রাখা হয়েছিল। নানা স্বার্থ তাকে নিয়ে খেলেছে। শেষের দিকে মনে হয়েছে তিনি যেন মতলববাজী রাজনীতির এক অসহায় শিকার।

এরশাদ সম্পর্কে একটি সাধারন প্রচারণা হচ্ছে- তিনি স্বৈরাচার। '৯০ পরবর্তী সরকারগুলো দেখার পর এই খেতাব তিনি কতটা প্রাপ্য, ভেবে দেখা যেতে পারে। এরশাদ নিয়মিত ছাত্র সংসদগুলোর নির্বাচন হতে দিয়েছেন, স্থানীয় এবং জাতীয় নির্বাচনসমূহে মানুষের ভোট দেয়ার সুযোগ রেখেছেন, রাজনৈতিক দলগুলোকে মিটিং মিছিল হরতাল অবরোধ জ্বালাও পোড়াও ভাংচুর করতে দিয়েছেন, সমস্ড় মিডিয়াকে তার বিরুদ্ধে যা ইচ্ছা লেখা বা সরকারবিরোধী জনমত গঠনে ভুমিকা পালনের সুযোগ দিয়েছেন, তার শাষনকালেই আন্দোলন সংগ্রামের সুবাদে অনেক ছাত্র যুবক বিপ্লবী কবি-সাহিত্যিক বা নেতাখ্যাতি লাভ করেছেন, প্রশাসনকে দলীয়করন না করে পেশাদারিত্বের ওপর গুরুত্ব দিয়েছেন, দলীয় লোকজন বসিয়ে আর্থিক প্রতিষ্ঠানগুলোকে দূর্নীতির ভাগাড় বানান নাই, জনগনের ট্যাক্সের টাকার অবাধ লুটপাটের সিস্টেম প্রবর্তন করেন নাই, চেষ্টা করেছেন দেশে গনতান্ত্রিক পরিবেশ বজায় রাখতে এমনকি তার পতনের জন্য রাজনৈতিক দলগুলোকে আন্দোলন সংগ্রামও করতে দিয়েছেন।

এরপরও যদি এরশাদ স্বৈরাচার হন তাহলে আমার বিচেনায় তিনি ছিলেন একজন 'ভূয়া স্বৈরাচার!'

(আমার লেখা 'আমার দেখা এরশাদ' বই থেকে সংকলিত। কিছু অংশ সংযোজিত।)



দ্য কনসার্ট ফর বাংলাদেশ'র ৫০ বছর

(শেষের পাতার পর)

ও ভারতীয় উপমহাদেশের কিংবদন্তি সেতারবাদক পন্ডিত রবিশঙ্করের উদোগ্যে আয়োজন করা হয়েছিল কনসার্টটি। এটি ছিল মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশের সহায়তার জন্য দেশের বাইরে অনুষ্ঠিত প্রথম কনসার্ট।

বাংলাদেশের স্বাধীনতার পাশপাশি ২০২১ সাল সেই কনসার্টেরও সুবর্ণজয়ন্তীর বছর। কনসার্টের ৫০ বছর পূর্তিতে নিউইয়র্কে আয়োজন করা হয়েছে একটি উৎসব। ৩১ জুলাই, শনিবার বিকেলে জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে 'ফ্রেন্ডস অব ফ্রিডম' নামে একটি সংগঠন এই উৎসবের আয়োজন করেছে।

সংগঠনটির প্রধান সমন্বয়ক শামীম আল আমিন জানিয়েছেন, 'মহান মুক্তিযুদ্ধে পৃথিবীর বিভিন্ন দেশের অংসখ্য বিবেকবান মানুষ বাংলাদেশের পাশে দাঁড়িয়েছিলেন। তাদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে কাজ করে আসছে ফ্রেন্ডস অব ফ্রিডম। তারই অংশ হিসেবে এবার দ্য কনসার্ট ফর বাংলাদেশ'র ৫০ বছর পূর্তির এই আয়োজনটি করা হয়েছে'। তিনি আরো বলেন, 'মহান মুক্তিযুদ্ধের সুবর্ণজয়ন্তীর এই বছরে গৌরবজনক অনেক অধ্যায়ও ৫০ স্পর্শ করছে। এটি ইতিহাসের অসাধারণ একটি মাই-লফলকের বছর'। উৎসবটি পালনের জন্য ব্যপক প্রস্তুতি নেয়ার কথা জানান তিনি।

জানা গেছে, উৎসবে দেশের গান, প্রিমিয়ার শো, প্রামাণ্য চিত্র ও দ্য কনসার্ট ফর বাংলাদেশ বইয়ের মোড়ক উন্মোচনসহ নানা আয়োজন থাকছে। সে সময় যারা সরাসরি কনসার্টটি দেখেছেন তাদের সাক্ষাৎকারও থাকছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এম শহীদুল ইসলাম। মুক্তিযুদ্ধের বন্ধু, 'মুক্তির গান' চলচ্চিত্রের চিত্রগ্রাহক ও আমেরিকান চলচ্চিত্র নির্মাতা লিয়ার লেভিন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। আরো থাকবেন- বীর মুক্তিযোদ্ধা, জ্যেষ্ঠ সাংবাদিক, লেখক ও কমিউনিটির বিশিষ্টজনদের অনেকে।

আয়োজকরা জানিয়েছেন, অনুষ্ঠানটি কেবল আমন্ত্রিত অতিথিদের জন্য। করোনা মহামারির কারণে অনুষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে চলা ও মাস্ক পরার বাধ্যবাধকতা রয়েছে।

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorized e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভাদাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

Afzal Hossain MD
Board certified in Internal Medicine

Ashwad Afzal MD, FACP

Sanjeev Palta MD, FACC
Board certified in Cardiology

87-81 169th street, Jamaica NY 11432
Tel: 718-297-4300, Fax: 718-297-4302

We perform tests in the office:

ECG
We treat all heart patients and have tests performed in our office by our experienced Internist and Cardiologist.

- EKG/Electrocardiogram
- Echocardiogram
- Cardiac stress test
- Vascular studies
- Allergy Test
- Nerve Test/Sudoscan
- TB/PPD testing
- Spirometry/Lung Test
- Peak flow
- Test for Heartburn







Blood test done in the office

We provide Vaccines for:
- Hepatitis A
- Hepatitis B
- Influenza
- Meningitis
- Measles
- Mumps
- Pneumococcal
- Rubella
- Tetanus/Tdap
- Varicella

- Physical Exam
- Pre-employment Exam
- Physical for school
- CDL certification
- TLC Certification
- Home Health Aid/HHA Certification

We accept most insurance and have arrangement for treating uninsured patients at low costs.

Office Hours
Mon-Thurs 10am-6pm
Friday 11:30am-6pm
Saturday 10am-3pm

Call us today at 718-297-4300

Law Office of Md Golam Mostofa, Esq.

OUR SERVICES:

- Personal Injury all kinds
- Medical Mal Practice
- Accident in Construction Work and Car Accidents
- Lead Poisoning
- Slip and Fall
- All Civil Matters
- Immigration all kinds & investments
- Real Estate, Business
- Bankruptcy
- Criminal Case
- Landlord-Tenant
- Family Matter-Divorce
- Employment Matter, Etc.





Attorny M. Mostofa, Esq.

LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh, Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London.,
LL.M, USA. Attorney-At-Law, NY

7226 Broadway, 3rd Floor, Jackson Heights, NY 11372, Phone: 718-565-2661

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

DEBT SOLUTIONS BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।



BHUIYAN
917-832-7619

BT & T GROUP LLC

37-12, 75th Street, Suite #203, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

Hillside Accounting Services Inc.

Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432

Phone: 718-262-8991

Fax: 718-262-8992

BRONX OFFICE
1268 Whiteplains Road.
Bronx,
NY 10472
718-792-6991

JACKSON HEIGHTS OFFICE
37-33 77th St. # 1,
Jackson Heights
NY 11372
718-478-6100



- স্বল্পমূল্যে চিকিৎসার ব্যবস্থা
- জীবানুমুক্ত যন্ত্রপাতি
- সর্বাধুনিক প্রযুক্তি। অভিজ্ঞ ডাক্তার
- মেডিকেইড। ইন্সুরেন্স। ইউনিয়ন - কার্ড গ্রহণ
- Visa / Master Card / American Express / Discover সহ অন্যান্য ক্রেডিট কার্ড গ্রহণ
- সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারে Implant / Braces চিকিৎসা

আপনাদের সেবায়



DR. WALI KHAN
D.D.S.



DR. M. M. ABDUR ROB D.D.S.

কম্বাইন্ড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন **ডেন্টাল সার্জন**

আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।

আমরা মেডিকেইড, ইন্সুরেন্স ও ইউনিয়ন প্লান গ্রহন করি



আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

QUEENS DENTAL CARE
28-55, 34St, 2Floor, Astoira
(at the corner of 30 AVE. & 34St)
718-204-0672
বিকেল ৫টা থেকে রাত ৯টা, রোববার এপয়েন্টমেন্ট নিতে হবে

BRONX OFFICE
780E. Tremont Ave. Bronx
718-731-6176
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, রোববার বন্ধ।



WELCOME TO

Your Medical Home

SABOOR WAIZUN MEDICAL PC
Caring For Your Health

INAMULHAQUE M SABOOR,MD
Board Certified Internal Medicine
USCIS Designated Civil Surgeon

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
FAX: (914) 500-6570
Sat, Tues and Thursday:
1:00PM- 8:00PM

JAMAICA
167-10 HIGHLAND AVE
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
FAX: (718) 558-0290
Mon, Wed & Friday:
11:00AM to 5:00PM

Office Hours
Sat, Tues and Thursday: 1:00PM- 8:00PM
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

Available on call 24 hours a day, 7 days a week 365 days a year

---

ড্রাইভিং লাইসেন্সের ১০০% গ্যারান্টি

ড্রাইভিং শিখতে ভয় পাচ্ছেন? বারবার ফেল করছেন? তাদেরকে চুক্তিতে থিয়োরি দিয়ে ও প্র্যাকটিক্যালি সরলভাবে শতভাগ নিশ্চয়তা সহকারে শেখানো হয়।



যোগাযোগ:
রাজীব খান
347-279-8327
nukdu345@gmail.com

Vital Accounting Inc.

File your Tax with experienced professional.

- Income tax:
- Individual/ Personal Tax (All states)
- Business Tax (Corporation, Partnership)
- Sales tax (Food Vendor, Corporation)
- Payroll Tax
- Business Incorporation
- Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

(শেষের পাতার পর)

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন

সবচেয়ে দক্ষ হতে পারেন-তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটে বিক্রি হয়ে যাবে। এ দলনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া সত্যিই স্মার্ট কাজ।

কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তরাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে পরিণত করতে পারেন না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত যেসব কথা বলে থাকেন তা নিম্নরূপ:

যোগাযোগ কম: আপনি আশা করেন যে আপনার এজেন্ট আপনার বাড়ি বিক্রির কাজে ব্যস্ত থাকবেন। তার অর্থ হচ্ছে, সে অনেক সময় তার এই ব্যস্ততার জন্য হয়ত আপনার ফোন ধরতে পারবেন না। কিন্তু একজন বাজে রিয়েল এস্টেট এজেন্ট ভদ্রতার খাতিওে হয়ত আপনাকে কল ব্যক করবেন কিন্তু আপনার জন্য যে সসব বিষয় গুরুত্বপূর্ণ তা হয়ত আপনাকে বলতে ভুলে যাবেন, এবং সত্যিকার অর্থেই তারা গুরুত্বপূর্ণ যোগাযোগে ব্যর্থ।

আপনাকে বারবার আশ্বাস দেবে কিন্তু সে আশ্বাস কাজে পরিণত করতে পারবে না: এটা ঘটতে পারে আপনার বাড়ির লিস্টিং অথবা বিক্রির চুক্তি সাক্ষরের ক্ষেত্রে। একজন রিয়েল এস্টেট এজেন্ট আপনাকে সহজেই আপনার বাড়িটি বিক্রে করে দেওয়ার আশ্বাস দেবে। এজন্য তিনি ওয়েবসাইট, স্যোসাল মিডিয়া, ভিডিও ট্যুরস, প্রফেশনাল ফটোগ্রাফি-ইত্যাদিও মাধ্যমে বাড়িটি বাজারজাত করার উদ্যোগের কথা বলবেন। কিন্তু দেখা যাবে তিনি যেসব উদ্যোগ নেওয়ার কথা বলেছিলেন তার খুব কমই করতে পেরেছেন।

উদ্ভট ফটোগ্রাফি ও ভিডিও: ইদানিং ক্রেতারা বাড়ি ক্রয় করার কাজটি শুরু করেন, বাড়ির ছবি বা ভিডিও দেখে। ফলে বিক্রিত বাড়ির ছবি বা ভিডিও-এর ক্ষেত্রে প্রফেশনাল ছোঁয়া না থাকলে ক্রেতা আকর্ষন করা কঠিন। কিন্তু বাড়ি বিক্রেতার এজেন্ট হয়ত বলবেন যে তিনি এক্ষেত্রে সেরা কাজটি করবেন কিন্তু দেখা গেল তিনি যে ছবি ও ভিডিও দিয়েছেন তা কোন মতে করা হয়েছে এবং দায় সারা গোছের।

আপনার বাড়িটি যে বাজাওে বিক্রি হবে সে বাজার সম্পর্কে অজ্ঞ: আপনি অবশ্যয় চাইবেন আপনার বাড়িটি যে এলাকার আপনার এজেন্ট সে এলাকায় বাড়ি বিক্রি সম্পর্কে অভিজ্ঞ হবেন।

উপরোক্ত বিষয়সমূহে একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট ভাল হলে সে হবে আপনার বাড়ির জন্য প্রকৃত এজেন্ট। আপনি যখন আপনার বিক্রি করার সিদ্ধান্ত নেবেন, আাপনি ভাল কওে জেনে নিন আপনি যে এজেন্ট নিয়োগ দিচ্ছেন ওপওে উল্লেখিত বিষয়গুলোতে আপনার এজেন্টের যোগ্যতা কেমন। এ বিষয়ে আপনি একটি চেক লিস্ট করতে পারেন এবং তার ভিত্তিতে আপনার জন্য যোগ্য এজেন্ট নিয়োগ দিন। এ বিষয়গুলোতে চিন্তা কওে আপনি নিশ্চিত হন যে আপনি এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিচ্ছেন না যিনি আপনার স্বার্থ দেখার চেয়ে তার ওয়ালেট ভারী করার কাজে বেশী মনোযোগী।

কি করবেন? যখন আপনি বাড়ি বিক্রি করবেন তখন একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া আপনার সফলতার জন্য খুবই গুরুত্বপূর্ণ। আপনার উচিত হবে এমন একজনের প্রতি নজর দেওয়া যে আপনার বাড়ি বিক্রির সকল পর্যায়ে আপনার সাথেই থাকবেন এবং আপনার স্বার্থ দেখবেন। রিয়েল এস্টেট বাজারে ভাল যোগাযোগ আছে একই সাথে আপনার সাথে ভালভাবে যোগাযোগ রক্ষা করতে পারে তেমন রিয়েল এস্টেট এজেন্ট বাড়ি বিক্রির জন্য মুল্যবান। সত্যিকার ভাল রিয়েল এস্টেট এজেন্ট এই বিষয়গুলো জানেন এবং তারা আপনার জন্য যথাসাধ্য করতে পিছুপা হন না। নিম্নে উল্লেখিত কাজগুলো খেয়াল করুন এবং যে আপনাকে প্রতারিত করতে পারে এমন যে কোন রিয়েল এস্টেট এজেন্টকে বর্জন করুন:

ব্রুকসের খলিল বিরিয়ানি হাউসের জন্য

আবশ্যক



ম্যানেজার
ফাস্ট ফুড কুক(পিজা এন্ড গ্রীল স্টোরের জন্য)
ওয়েটার/ওয়েট্রেস (চাইনিজ এবং বিরিয়ানী হাউসের জন্য)
বাস বয়
ক্যাশিয়ার
ডিস ওয়াসার
অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার এবং আকর্ষনীয় বেতন।
যোগাযোগ
শেফ খলিলুর রহমান
৯২৯ ৬২৪ ৮৩৯৮

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



Income Taxes & Immigration

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভুল তথ্যের ভিত্তেতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
ডিভোর্স কন্টিশন
এভিডেন্সিটি অব সাপোর্ট
বিনা শাস্তিতায় সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস লুলাক
ভিজিটর্স, এসাইলম, গ্রীণকার্ড রিনিউ

AUTHORIZED e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্স ক্যাব ও ফুড কেয়ার
পার্টনারশীপ, কর্পোরেশন
স্পেশাল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ
নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:
বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

কান উৎসবের ৭৪তম অ

(শেষের পাতার পর)

৬ জুলাই শুরু হয়ে শনিবার (১৭ জুলাই) শেষ হয় ১২ দিনের এই আয়োজন। একনজরে এবারের আসরের বিজয়ী তালিকা।

মূল প্রতিযোগিতা বিভাগ:

পাম দ'র: টাইটেন (জুলিয়া দুকুরনো, ফ্রান্স)

গ্র্যাঁ প্রিঁ: অ্যা হিরো (আসগর ফারহাদি, ইরান) এবং কম্পার্টমেন্ট নম্বর সিক্স (ইওহো কুয়োসমান, ফিনল্যান্ড)

সেরা পরিচালক: লিও ক্যারাক্স (আনেট, ফ্রান্স)

জুরি প্রাইজ: আহেদ'স নি (নাদাভ লাপিড, ইসরায়েল) এবং মেমোরিয়া (অ্যাপিচ্যাটপঙ বিরাসেতাকুল, থাইল্যান্ড)

সেরা অভিনেতা: ক্যালেব লান্ড্রি জোন্স (নিট্রাম, আমেরিকা)

সেরা অভিনেত্রী: রেনোত রাইনসভে (দ্য ওর্স্ট পারসন ইন দ্য ওয়ার্ল্ড, নরওয়ে)

সেরা চিত্রনাট্য: ড্রাইভ মাই কার (রিয়ুসুকে হামাগুচি ও তাকামাসা ওয়ে, জাপান)

সম্মানসূচক পাম দ'র: জোডি ফস্টার ও মার্কো বেলোচ্চিও

স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র:

সেরা স্বল্পদৈর্ঘ্য ছবি: অল দ্য ক্রোস ইন দ্য ওয়ার্ল্ড (ই ট্যাঙ, হংকং)

স্পেশাল মেনশন: অগাস্ট স্কাই (জেসমিন টেনুচ্চি)

আঁ সাঁর্তে রিগা

আঁ সাঁর্তে রিগা প্রাইজ: আনক্লেনসিং দ্য ফিস্টস (কিরা কোভালেনকা, রাশিয়া)

জুরি প্রাইজ: গ্রেট ফ্রিডম (সেবাস্টিয়ান মায়েস, অস্ট্রিয়া)

সম্মিলিত অভিনয়: গুড মাদার (আফসিয়া আর্জি, ফ্রান্স)

কারেজ প্রাইজ: লা সিভিল (তেওদোরা আনা মিহাই, রোমানিয়া)

প্রাইজ ফর অরিজিনালিটি: ল্যাম্ব (ভালদিমার ইওহানসন, আইসল্যান্ড)

স্পেশাল মেনশন: প্রেয়ারস ফর দ্য স্টোলেন (তাতিয়ানা হয়েসো, মেক্সিকো)

ক্যামেরা দ'র:

মুরিনা (আনতোনেতা আলামাত কুসিজানোভিচ, স্লোভেনিয়া, ডিরেক্টর'স ফোর্টনাইট)

সিনেফঁদাসো:

প্রথম পুরস্কার: দ্য সালামান্দার চাইল্ড (তিও দিগেন, আইএনএ-সএএস, বেলজিয়াম)

দ্বিতীয় পুরস্কার: সিকাডা (ইয়ুন থাওন, কোরিয়া ন্যাশনাল ইউ-নিভার্সিটি অব আর্টস, দক্ষিণ কোরিয়া)

তৃতীয় পুরস্কার: লাভ স্টোরিস অন দ্য মুভ (কারিনা-গ্যাব্রিয়েলা দাসোভেনু, ন্যাশনাল ইউনিভার্সিটি অব থিয়েটার অ্যান্ড ফিল্ম আই.এল. কারাজিয়াল, রোমানিয়া) এবং কান্তারেইরা (রদ্রিগো রিবেইরো, আকাদেমিয়া ইন্টারন্যাশনাল দ্যু সিনেমা, ব্রাজিল)

ফিপরেস্কি অ্যাওয়ার্ড:

মূল প্রতিযোগিতা: ড্রাইভ মাই কার (রিয়ুসুকে হামাগুচি, জাপান)

আঁ সার্তে রিগা: প্লেগ্রাউন্ড (লরা বান্দেল, বেলজিয়াম)

প্যারালাল বিভাগ: ফিদারস (ওমর আল জোহাইরি, মিসর, ক্রিটিকস উইক)

ইকুমেনিকাল প্রাইজ:

ইকুমেনিকাল জুরি প্রাইজ: ড্রাইভ মাই কার (রিয়ুসুকে হামাগুচি, জাপান)

স্পেশাল মেনশন: কম্পার্টমেন্ট নম্বর সিক্স (ইওহো কুয়োসমান)

ক্রিটিকস উইক:

নেসপ্রেসো গ্র্যান্ড পপ্রাইজ: ফিদারস (ওমর আল জোহাইরি, মিসর)

সেরা চিত্রনাট্য (এসএসিডি অ্যাওয়ার্ড): ওলগা (ইলি গ্রাপ ও রাফায়েল দেপ্যাঁশা, ফ্রান্স)

গ্যান ফাউন্ডেশন অ্যাওয়ার্ড: জিরো ফাকস গিভেন (ইমানুয়েল মার ও জুলি ল্যাঁকুস্ত)

লুই রোদোরার ফাউন্ডেশন রাইজিং স্টার অ্যাওয়ার্ড: সান্দ্রা মেলিসা তোরেস (আমপারো, সিমন মেসা সোতো)

লেইকা সিনে ডিসকভারি প্রাইজ (স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র): লিলি অ্যালোন (জু জিঙ, চীন)

ক্যানাল প্লাস অ্যাওয়ার্ড (স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র): ক্রুটালিয়া, ডেজ অব লেবার (মানোলিস মাভরিস)

ডিরেক্টর'স ফোর্টনাইট:

ইউরোপা সিনেমাস লেবেল অ্যাওয়ার্ড (সেরা ইউরোপীয় চলচ্চিত্র): অ্যা চিয়ারা (জোনাস কার্পিনানো, ইতালি)

এসএসিডি অ্যাওয়ার্ড (সেরা ফরাসি ভাষার ছবি): ম্যাগনেটিক বিটস (ভানস্যঁ মেল কারদোনা)

ক্যারোস দ'র: ফ্রেডেরিক ওয়াইজম্যান (আমেরিকা)

প্রিঁ ফ্রাঁসোয়া শ্যালে:

প্রিঁ ফ্রাঁসোয়া শ্যালে অ্যাওয়ার্ড: অ্যা হিরো (আসগর ফারহাদি, ইরান)

স্পেশাল মেনশন: ফ্রেডা (জেসিকা জেনেয়ুস, হাইতি)

অন্যান্য পুরস্কার:


কুইয়ার পাম অ্যাওয়ার্ড (সমকামি ছবি): দ্য ডিভাইড (ক্যাথেরিন করসিনি, ফ্রান্স)

পাম ডগ অ্যাওয়ার্ড (সেরা কুকুর শিল্পী): রসি, ডোরা ও স্লোবিয়ার (দ্য স্যুভেনির পার্ট থ্রি)

চপার্ড ট্রফি: জেসি বাকলি ও কিংসলে বেন-আদির

লই দ'র (দ্য গোল্ডেন আই): অ্যা নাইট অব নোইং নাথিং (পায়েল কাপাডিয়া)

কান সাউন্ডট্র্যাক অ্যাওয়ার্ড: আনেট (রন মায়েল ও রাসেল মায়েল) এবং প্যারিস, থার্টিন্থ ডিস্ট্রিক্ট (রনে)।







হটডগের গাড়ী বিক্রী

সিটি ওয়াইড ২ বৎসরের ফুলটাইম পারমিট এবং স্পটসহ হটডগের গাড়ীতে মটর লাগানো রয়েছে। শারীরিক অসুস্থতার কারনে খুবই অল্প মূল্যে হটডগের গাড়িটি বিক্রি করা হবে। যোগাযোগঃ জাহাঙ্গীর। ফোন: **৬৪৬-৯৬৩-৪১৬৫ অথবা ৯১৭-৬৫১-৭৯০২ অথবা ৩৪৭-৫৮২-৬৬২০**
জুলা-০৫/১২

সেমি বেসমেন্ট ভাড়া

ব্রুকলীনের ৬৯৯ এক্সেস স্ট্রীটে ১ আগষ্ট থেকে তিন বেডরুম, একটি লিভিং রুম, একটি বাথরুম সহ সেমিবেসমেন্ট ভাড়া দেওয়া হবে। এ, সি, #৩ সাবওয়ে ট্রেন নিকটে। যোগাযোগ: ৬৩১-৮২৯-২৮২৯ অথবা ৯২৯-২৯০-৮৭৯০ অথবা ৬৩১-৮২৯-২৮২৯
জুলা-০৫/১২/১৯/২৬

এপার্টমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৪৬ স্ট্রীট এবং ১০৫ এভিনিউতে তিন বেডরুম এবং দুই বাথরুমের এপার্টমেন্ট ভাড়া দেওয়া হবে। তিন ব্লকের মধ্যে এলআইআরআর এয়ার ট্রেন এবং সাবওয়ে। যোগাযোগ: ৭১৮-৮৮৬-০৮৫৪
জুলা-০৫/১২

রুমমেট চাই

ব্রুকলীনের চার্চ-ম্যাকডোনাল্ডের সন্নিকটে ৪৬৫ ওশান পার্কওয়ে অ্যাপার্টমেন্ট বাসায় বিশাল একটি রুমে অধুমপায়ী পুরুষ রুমমেটের নিকট ভাড়া দেওয়া হবে। যোগাযাগে: ৬৩১-৫৬৮-১১৭৩
জু-২৮/জু-০৫

মহিলা হাউস কিপার আবশ্যক

কুইন্সে ছোট পরিবারের জন্য একজন মহিলা হাউস কিপার আবশ্যক। মান সম্পন্ন রান্না অঅর সাধারণ পরিচ্ছন্নতার কাজ। সপ্তাহে ৫/৬দিন কাজ। বেতন এবং সময়সূচী আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: ৭১৮-২০৭-৩৭৫৭
জু-২৮/জু-০৫

অ্যাটিক ভাড়া

ব্রঙ্কসের পার্কচেষ্টার এলাকায়, জেরেগা সাবওয়ে থেকে মাত্র দুই ব্লকের মধ্যে এক বেডরুম, এক বাথরুম, লিভিং রুম, ডাইনিং স্পেস ও কিচেন সহ অ্যাটিক ভাড়া দেয়া হবে। বাংলাদেশী গ্রোসারী, মসজিদ ও স্কুল এক ব্লকের মধ্যে।
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা স্টেটের ৮৭ এভিনিউ এবং ১৮৮ স্ট্রীটের মাঝে দুই বেডরুমের বেসমেন্ট আগষ্ট মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৭-৩১৯৮ অথবা ৩৪৭-৫৫৮-৭৭৪
জু-২৮/জু-০৫

আবশ্যক

বাংলাদেশী পরিবারের একটি দশ বছরের বাচ্চাকে সোমবার থেকে শুক্রবার বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত দেখাশুনা করার জন্য একজন বাংলাদেশী মহিলা প্রয়োজন। ৩৫-৪৭ বছর বয়সী প্রার্থীকে ভালো ইংলিশ জানতে হবে। সেলারী ১৭ ডলার ঘন্টা। যোগাযোগ: ৯১৭-২৮৫-৩৭৯৪ অথবা ৩৪৭-৫৭৯-৯৮৭৮
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

কুইন্সের বেলরোজে অত্যন্ত ভালো ও নিরিবিলি পরিবেশে হিলসাইড এভিনিউ সংলগ্ন ২৪৬ স্ট্রীট ও ৮৫ এভিনিউতে প্রাইভেট বাসার আপডেটেড বেসমেন্ট শুধুমাত্র স্বামী-স্ত্রী অথবা কর্মজীবী মহিলার কাছে ভাড়া দেওয়া হবে। সহজলভ্য পাবলিক ট্রান্সপোরটেশন। ভাড়া আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: ৯২৯-৩৯৩-৯০০২ অথবা ৯১৭-৬০০-৪০৭৪
জুন-২১

বাসা ভাড়া

জ্যামাইকার হিলসাইড এভিনিউ ও হাইল্যান্ড এভিনিউর মাঝে ১৬৯ স্ট্রীটে ৩ বেডরুম, লিভিং রুম,ডাইনিং, কিচেন ও ২ বাথরুম সহ বাসা জুলাই মাস থেকে ভাড়া দেওয়া হবে।
জুন-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের নিরিবিলি পরিবেশে দুজন থাকার জন্য বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট সকল ইউটিলিটি ও ইন্টারনেট ভাড়া হবে। কিউ২ ও কিউ৮৩ বাস কাছাকাছি। ভাড়া ১১০০ ডলার। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের ১৬০-১৯ ৭৬ এভিনিউতে বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট ইউটিলিটি এবং ইন্টারনেট ২জনের কাছে ভাড়া হবে। কিউ-২ এবং কিউ-৮৩ কাছাকাছি। শান্ত পরিবেশ। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-১৪/২১

বাসা ভাড়া

জ্যামাইকার হিলসাইড এভিনিউ ও হাইল্যান্ড এভিনিউর মাঝে ১৬৯ স্ট্রীটে ৩ বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া দেওয়া হবে। লিভিং রুম, ডাইনিং, কিচেন ২ বাথরুম সহ। যোগাযোগ: ৯২৯-৩৯৮-৮২৮৩
জুন-১৪/২১

বাসা ভাড়া

ওজোনপার্কের ১০৬-২৪ ৭৫ স্ট্রীটের সেকেন্ড ফ্লোরে এক বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৩-৩১৯৭ অথবা ৩৪৭-৫৫৮-৬৭৭৪
জুন-১৪/২১

বাড়ী বিক্রি

কুইন্স ভিলেজের ৮৯-৫৩ ২০৮ স্ট্রীটে ২২০০ স্কয়ার ফিট সেমি ডিটাচ ৩ বেডরুম, ১.৫ বাথরুম, লিভিং রুম, ডাইনিং রুম, ইট এন্ড কিচেন, ফুললী ফার্নিসড বাড়ী মালিক কর্তৃক বিক্রি হবে। মূল্য: ৬৯৫,০০০ ডলার। যোগাযোগ: ৯১৭-৯৩২-৫৭৪২ (তাহসিন) অথবা ৩৪৭-৯১২-৩১৯৫ (ইসরাত) জুন-১৪/২১

বাসা ভাড়া

ইস্ট এলমহাসবট এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্ট্রীটটের উপর দোতালায় একটি এক বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
জুন-১৪/২১

স্টুডিও ভাড়া

জ্যামাইকার ১২৫ স্ট্রীট ও হিলসাইড এভিনিতে স্বামী-স্ত্রী বা কর্মজীবী মহিলার কাছে স্টুডিও রুম ভাড়া দেওয়া হবে। জুন-০৭/১৪

বেসমেন্ট ভাড়া

ফ্রেসমেডোর ১৬০-১৯ ৭৬ এভিনিউতে বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট ইউটিলিটি এবং ইন্টারনেট ২জনের কাছে ভাড়া হবে। কিউ-২ এবং কিউ-৮৩ কাছাকাছি। শান্ত পরিবেশ। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-০৭/১৪

বেসমেন্ট ভাড়া

ব্রুকলীনের ওজোনপার্কে পিটকিন এভিনিউ ও ৮৩ স্ট্রীটের কাছে বেসমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৩-৩১৯৮ অথবা ৩৪৭-৫৫৮-৬৭৭৪
জুন-০৭/১৪

স্টুডিও ভাড়া

জ্যামাইকার ১২৫ স্ট্রীট ও হিলসাইড এভিনিউতে স্বামী-স্ত্রী বা কর্মজীবী মহিলার কাছে স্টুডিও ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৭১৮-৪৯৬-৯৯০২
মে-৩১/জু-০৭

বাসা ভাড়া

ওজোনপার্কের কাছে ক্রিসেন্ট স্ট্রীট এ দোতালায় ২ বেডরুম+লিভিং রুম+কিচেন পরিবারের কাছে ভাড়া দেওয়া হবে। এ/সি সাবওয়ে, বাস স্কুল, মসজিদ, গ্রোসারী, সুপারমার্কেট, শপিং মল বাসার কাছেই। যোগাযোগ: ৭১৮-৬৪৭-৭২৭১ অথবা ৯১৭-৫৬১-২৩৯৮
মে-৩১/জু-০৭

দুই বেড রুমের রেনোভেটেড কনডোমিনিয়াম বিক্রয়

বাংলাদেশী অধ্যুসিত ব্রঙ্কসের পার্কচেস্টারে মেসি'জ সংলগ্ন পার্কচেস্টার রোডে চারতলায় সম্পূর্ন রেনোভেটেড একটি দুই বেড রুমের কন্ডোমিনিয়াম বিক্রয় হবে। লো মেইনটেনেন্স। আস্কিং প্রাইস-২৯০ হাজার ডলার। যোগাযোগ: হাবিব রহমান (৩৪৭-২৮০-৭২৬৯)। রিয়েল এস্টেট সেলস পারসন।

আবশ্যক

একটি মেডিকেল অফিসের জন্য মেডিকেল এসিসটেন্ট, সনোগ্রাফার ও রিসেপসনিস্ট আবশ্যক। যোগাযোগ: ২১২-২২৬-৮০০০
মে-১০/১৭

বাসা ভাড়া

ব্রুকলীনে একটি প্রাইভেট হাইজের সেকেন্ড ফ্লোরে দুই বেডরুম, লিভিং, বাথরুম এবং কিচেনের বাসা ভাড়া দেয়া হবে। ৩ নং ট্রেন এর সাবওয়ে দুই ব্লকের দূরত্ব। বি ৮৩বাস বাসার সামনেই এবং এ/সি ট্রেন সাবওয়ে ট্রান্সফার সহ রাস্তায় গাড়ী পার্কিং করার সুযোগ। যোগাযোগ: ৩৪৭-৮৫৮-১২৮৬ (কল অর টেক্স)
মে-২৪/৩১

আবশ্যক

সাবওয়ে স্যান্ডউইচ ফ্রেস ফুড কাজের জন্য লোক অবশ্যক। বেতন আলোচনা সাপেক্ষ। থাকার ব্যবস্থা ফ্রি। যোগাযোগ: ৯১৪-৫১৩-৯৬৮৪
মে-২৪/৩১

আবশ্যক

ব্রঙ্কসের খলিল বিরিয়ানী হাউজের জন্য জরুরি ভিত্তিতে ম্যানেজার, ওয়েটার/ওয়েট্রেস পদ সমূহে লোক নিয়োগ করা হবে। অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। যোগাযোগ: ৯২৯-৬২৪-৮৩৯৮

রুম ভাড়া

ব্রঙ্কস পার্কচেস্টার সাবওয়ের কাছে ৬ ট্রেন স্টারলিং সংলগ্ন ১৩-৪২ Pugsleyএভিনিউ সেমিবেসমেন্টে ১ রুম ভাড়া দেয়া হবে। **৭১৮-৮৬৪-৭৩৬৭**

আবশ্যক

জ্যাকসন হাইটস এলাকায় কাপড়ের দোকানে কাজ করার জন্য সেলাই জানা লোক আবশ্যক। যোগাযোগঃ **৩৪৭-৫২৭-৯৯২৬**

অ্যাপার্টমেন্ট ভাড়া

ব্রঙ্কসের ওয়েস্টচেষ্টার স্কয়ারে (জেরেগা এভিনিউর কাছে) তিন বেডরুম ও দুই বাথরুম-এর অ্যাপার্টমেন্ট ১ জুন থেকে ভাড়া হবে। যোগাযোগ: ইসলাম চৌধুরী। ফোন: ৭১৮-৭৯০-৮১৮৭
মে-১০/১৭

আবশ্যক

সেলাই-এর কাজ করা জানা একজন লোক আবশ্যক। বেতন আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: **৩৪৭-৫২৭-৯৯২৬**

মহিলা রুমমেট আবশ্যক

লার্গোডিয়া এয়ারপোর্টের অতি সন্নিকটে। বয়স্ক একজন মহিলার সঙ্গে থাকার জন্য একজন মহিলা ভাড়াটিয়া আবশ্যাত। নিজস্ব বাড়ি। ভাড়া না দিলেও চলবে। স্টুডেন্ট হলে ভালো হয়।
যোগাযোগঃ ৯১৭-৬৫৮-৫৫৮৪।

পাত্রী চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের ৩২ বছর বয়সী, জন্মসূত্রে আমেরিকান সিটিজেন পাত্রের জন্য পাত্রী আবশ্যক। পাত্র ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি থেকে বিজন্যাস এন্ড ফাইন্যান্সে গ্রাজুয়েট। বর্তমানে নিউইয়র্কে একটি নামী ফার্মাসিউটিক্যাল কোম্পানীতে সুপারভাইজার লেভেলে কর্মরত। পাত্রীকে জন্মসূত্রে আমেরিকান নাগরিক, গ্রাজুয়েট বা পড়াশোনার শেষ পর্যায়ে থাকতে হবে। পাত্রীর গড়ন হাল্কা পাতলা এবং সুন্দরী হতে হবে।
যোগাযোগ: ৯১৭ ২৮৮ ১৮৩৫
(সকাল ১১টা থেকে রাত ১০টা)

মুয়াজ্জিন আবশ্যক

বায়তুল জান্নাহ মসজিদ এন্ড মুসলিম কমিউনিটি সেন্টার, ব্রুকলীন, নিউইয়র্কের জন্য একজন ফরহেজগার, সহী শুদ্ধ কোরআন তেলওয়াত, আজান, ইকামত দিতে জানা এবং মসজিদ ভবন পরিষ্কার পরিছন্ন রাখার অভিজ্ঞতা সম্পন্ন একজন সার্বক্ষণিক মুয়াজ্জিন আবশ্যক। মসজিদে থাকার ব্যবস্থা আছে। মাসিক বেতন আলোচনা সাপেক্ষে। আগ্রহী প্রার্থীদের মসজিদের ইমামের সাথে নিম্ন লিখিত নাম্বারে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে ।
মৌলানা আশ্রাফ উল্ল্যা : ৩৪৭-৬৯৩-৮৬৬৬
মৌলানা দিদারুল আলম : ৯১৭-৪৯৮-৪৪৬৬ জুন-২১/২৮

আবশ্যক

ফ্লোরিডার কিওয়েষ্ট-এ গ্রোসারী স্টোরে কাজের জন্য জরুরী ভিত্তিতে লোক আবশ্যক। ভালো সুযোগ-সুবিধা সহ থাকার ব্যবস্থা রয়েছে। শান্তিপ্রিয় এলাকা, জিরো ক্রাইম, যাতায়াতের জন্য গাড়ীর প্রয়োজন নেই। বাসা থেকে স্টোর হাঁটা পথ। প্রার্থীর কমপিউটার ব্যবহার জানা থাকলে ভালো।
যোগাযোগ: ৩০৫-৮৯৬-৯৫৪৭
জুন-২১/২৮

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444





প্লেয়ার ড্রাফট সম্পন্ন

(শেষের পাতার পর)

চ্যাম্পিয়ন লীগ-২০২১, টি-২০ ক্রিকেট টুর্ণামেন্ট ফর ইয়ুথ'। এতে গ্র্যান্ড স্পন্সর থাকছে অভিজাত গ্রুপ, পাওয়ার্ড স্পন্সর- এটর্নি র‍্যান্ডি বি. সিগেল এবং মিডিয়া পার্টনার হিসেবে থাকছে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা। চ্যাম্পিয়ন লীগটি আয়োজন করছে বাংলাদেশী প্রিমিয়ার লীগ অফ ইউএসএ (বিপিএল) এবং সহযোগিতায় থাকছে- ভালো ডট ওআরজি।

এ উপলক্ষ্যে গত ১৪ জুলাই নিউইর্য়ক সিটির কুইন্সের পি.টি. ডাবলিওর আই.টি স্কুলের অফিস হলে রাত নয়টায় বাংলাদেশ ইয়ুথ চ্যাম্পিয়ন লীগের প্লেয়ার ড্রাফট অনুষ্ঠিত। প্লেয়ার ড্রাফট অনুষ্ঠানে প্রতিটি টীমের স্বত্বাধিকারী ছাড়াও খেলোয়াড়রা উপস্থিত ছিলেন। বাংলাদেশী প্রিমিয়ার লীগ অফ ইউএসএ (বিপিএল)-এর প্রেসিডেন্ট সুমন খান টুর্ণামেন্ট কমিটির সদস্যদের পরিচয় করিয়ে দেন এবং প্লেয়ার ড্রাফটের নিয়মাবলী বিস্তারিত বর্ণনা করেন। ইতিমধ্যে টুর্ণামেন্টে অংশগ্রহণ করার জন্য নিউইর্য়ক সহ অন্যান্য ষ্টেটের সর্বমোট ১৬০ জন তরুণ খেলোয়াড় রেজিষ্টেশন করে।

লটারীর মাধ্যমে অনুষ্ঠিত প্লেয়ার ড্রাফটে প্রতিটি দল অতিরিক্ত ৪জন সহ সর্বমোট ১৮জন খেলোয়াড়কে নিজেদের দলে নেন। টুর্ণামেন্টের দলগুলো হচ্ছে- ঢাকা ভাইপারস, বরিশাল রয়েলস, কুমিল্লা ভিক্টোরিয়াস, চিটাগং ক্যাভলিয়ার্স, সিলেট সুপার কিংস এবং রাজশাহী ট্রুপার্স। খেলায় ২টি গ্রুপে মোট ৬টি টীম অংশগ্রহন করবে, প্রতিটি টীম রবীন লীগ ভিত্তিতে মোট ২টি করে ম্যাচ খেলবে। প্রতিটি গ্রুপ থেকে ২টি টীম সেমি ফাইনাল পর্বে উন্নীত হবে। গ্রুপ পর্যায়ের সব খেলা আগামী ২৭ জুলাই ব্রুকলীনের মেরিন পার্কে অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ ইয়ুথ চ্যাম্পিয়ন লীগ ২০২১ এর সেমি ফাইনাল ও ফাইনাল খেলা আগামী ৩০ জুলাই অনুষ্ঠিত হবে এবং টাইম টেলিভিশন ফাইনাল খেলা সরাসরি সম্প্রচার করবে।

টুর্ণামেন্ট কমিটির চেয়ারম্যান মো: জাসেম জানান, যাদের বয়স ২৫ এর মধ্যে তারাই কেবল এই টুর্ণামেন্টে অংশগ্রহন করছে, কোন এন্টি ফি ছাড়াই নিউইর্য়ক ছাড়াও অন্যান্য ষ্টেটের তরুণ খেলোয়াড়রা এতে অংশগ্রহণ করবে।

খেলায় চ্যাম্পিয়ান দলের জন্য ৩,০০০ হাজার ডলার (প্লেয়ার ১,৪০০ ডলার ও টিম ওনার ১,৬০০ ডলার) রানার্স আপ দলের জন্য ১,৫০০ হাজার ডলার (প্লেয়ার ৭০০ ডলার ও টিম ওনার ৮০০ ডলার) প্রাইজমানি দেওয়া হবে। এবারেই প্রথমবারের মতো প্লেয়ারদেরকে প্রাইজমানি দেওয়া হচ্ছে। তাছাড়া প্রত্যেক খেলায় ম্যান অফ দি ম্যাচ ও ম্যাচের সেরা খেলোয়াড়কে পুরস্কৃত করা হবে।

টুর্ণামেন্ট কমিটির সদস্যরা জানান তরুণদেরকে খেলাধুলার প্রতি উৎসাহিত করার জন্য এবং তরুণরা যাতে বিপথে না যায়, তাদেরকে খেলাধুলায় বেশী বেশী করে সম্পৃক্ত করার জন্য তাদের এই আয়োজন। তরুণ ক্রিকেটারদের জন্য ট্রেনিং ক্যাম্প এবং অন্যান্য খেলাধুলা নিয়ে টুর্ণামেন্ট করার পরিকল্পনার কথাও জানান। তাছাড়াও অনেক স্পন্সর এর মধ্যে যুক্ত হয়েছেন, তাদের নাম পরবর্তীতে জানানো হবে। আয়োজকরা তরুণদের নিয়ে এই উদ্যোগকে সাফল্যমন্ডিত করার জন্য খেলাপ্রিয় মানুষ বিশেষ করে ক্রিকেটপ্রেমী সকল পৃষ্ঠোপোষকদের প্রতি আহবান জানিয়েছেন।-প্রেস বিজ্ঞপ্তি

আটলান্টিক সিটির বাংলাদেশী কাউন্সিলম্যান

(শেষের পাতার পর)

মোরশেদের পারিবারিক সহ বিভিন্ন সূত্রে জানা যায়, কাউন্সিলম্যান মোহাম্মদ মোরশেদ ঘটনারদিন রাত ১০টা ৪৫ মিনিটে এশার নামাজ শেষে আটলান্টিক সিটির মসজিদ আল হেরা থেকে বের হয়ে পার্শ্ববর্তী পার্কিং লটে গিয়ে দেখেন তার গাড়ির কাছাকাছি একদল বখাটে অবৈধ কাজে লিপ্ত। এলাকার কাউন্সিলম্যান হিসাবে তিনি বখাটেদের উক্ত স্থান থেকে চলে যাওয়া এবং উক্ত এলাকায় ভবিষ্যতে অবৈধ কর্মকান্ড না করার জন্য অনুরোধ করেন। ঘটনার সময় বাকবিতন্ডার এক পর্যায়ে সন্ত্রাসীদের একজন তীব্র জোরে তার মুখে আঘাত করলে তিনি মাটিতে লুটে পড়েন এবং তার মুখমন্ডল থেকে রক্ত ঝরতে থাকে। এসময় মসজিদ থেকে বের হয়ে আরেকজন মুসল্লী পার্কিং লটে গিয়ে দেখেন হামলাকারীরা তার উপর হামলা অব্যহত রেখেছে। তিনি সাথে সাথে ৯১১ কল করলে স্থানীয় পুলিশ তাকে আটলান্টিক সিটির হাসপাতালে নিয়ে যায়।

জানা যায়, হামলায় তার একটি চোখের অবস্থা খুবই বিপদজনক, সার্জারীর প্রয়োজন হতে পারে। এ রিপোর্ট লেখা পর্যন্ত তিনি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এদিকে কাউন্সিলম্যানের উপর হামলার ঘটনার খবরে সিটিতে বসবাসরত বাংলাদেশীরা চরম আতংকে দিন কাটাচ্ছেন। আটলান্টিক সিটির বিভিন্ন সামাজিক এবং রাজনৈতিক সংগঠনগুলো এই ধরনের হামলার তীব্র নিন্দা জানিয়ে অবিলম্বে সন্ত্রাসীদেরকে খুঁজে বের করে বিচারের আওতায় আনার দাবী জানিয়েছেন।

বাংলাদেশ প্রেসক্লাব অব আটলান্টিক সিটির সভাপতি আকবর হোসাইন ও সাধারণ সম্পাদক অবিলম্বে এ ঘটনার বিচার দাবি করেন এবং কমিউনিটির সকল নেতৃবৃন্দকে বিচারের দাবীতে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান, যাতে আগামীতে অন্য কোন বাংলাদেশীদেরকে এরকম হামলার সম্মুখীন হতে না হয়।

আটলান্টিক সিটিতে অবস্থানরত বাংলাদেশের সিনিয়ার সাংবাদিক হেমায়েত হোসেন বলেন, এই হামলা বর্তমানে এশিয়ানদের উপর হামলার ধারাবাহিকতা। তিনি সিটির মেয়রের সাথে অবিলম্ব কমিউনিটির নেতৃবৃন্দকে সাক্ষাত করার অনুরোধ জানান এবং নেতৃবৃন্দ কোন ব্যবস্থা না নিলে প্রেসক্লাবের পক্ষ থেকে যথাযথ উদ্যোগ নেয়ার আহবান জানান।

আটলান্টিক সিটি বাংলদেশী বিজনেস এসোসিয়েশনের সভাপতি সালেহ আহমেদ লিটন বলেন, সিটির আইন শৃংখলা পরিস্থিতির খুবই নাজুক অবস্থা। ব্যবসায়ী হিসাবে প্রতিদিন আমাদেরকে আতংকে দিন কাটাতে হচ্ছে।

আটলান্টিক সিটির স্কুল বোর্ডের প্রাক্তন ভাইস চেয়ারম্যান এবং বর্তমান সদস্য ফারুক হোসেন বলেন, যেখানে সিটির আইন প্রনেতারা নিরাপাত্তাহীনতায় ভূগছেন, সেখানে এশিয়ানদের অবস্থা কতটুকু খারাপ হতে পারে তা সহজে অনুমেয়। তিনি অবিলম্বে এশিয়ানসহ সকল নাগরিকের নিরাপত্তা বিধানের জন্য সিটি প্রশাসন এবং পুলিশ প্রশাসনের কাছে জোরালো আহবান জানান।

আটলান্টিক সিটির স্কুল বোর্ডের সদস্য শহিদুল ইসলাম লিটন বলেন, গত কয়েক মাস ধরে বাংলাদেশী অধ্যুষিত এলাকা জর্জিয়া এভিনিউ থেকে ক্যালিফোনিয়া এভিনিউ পর্যন্ত সন্ত্রাসী কর্মকান্ড অব্যহত রয়েছে। কিন্তু সিটি প্রশাসনের পক্ষ থেকে কোন রকম কারযকর ব্যবস্থা নেয়া হয়নি। তিনি কাউন্সিলম্যান মোরশেদের উপর হামলার ঘটনায় তীব্র নিন্দা এবং হামলার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য সিটি প্রশাসনের প্রতি আহবান জানান।

কাউন্সিলম্যান মোরশেদের দ্রুত সুস্থতার জন্য তার পরিবার কমিউনিটির সবাইকে দোয়া করার অনুরোধ জানিয়েছেন।

করোনায় কোরবানির ঈদের

(শেষের পাতার পর)

সবার ঘরে থাকা চাই সাধ্যমতো স্পেশাল সব খাবার। কোরবানির ঈদ মানেই গর্ু, খাসি, উট, দুম্বা কিংবা লাল মাংসের গুর্ুপাক করা সব খাবারের সঙ্গে সেমাই, সুজি, পায়েশসহ নানান মিষ্টান্ন। যারা ওজন নিয়ে চিন্ড়িত বা নানা অসুখে ভুগছেন তারা এসময় খুবই দোটানায় পড়ে যান।

প্রতিবারের ঈদের চেয়ে এবারের ঈদ একেবারেই আলাদা। নিজের ও পরিবারের সুস্থতা ও সুরক্ষার জন্য সংযমের কোনো বিকল্প নেই। আমাদের অনেক কিছু মাথায় রেখে কোরবানি সুষ্ঠুভাবে পালন করতে হবে। এ সময় ঈদ উদযাপনের ক্ষেত্রে বিশেষভাবে সতর্ক না থাকলে, চারদিকে করোনা বিস্ড়ার দ্র্ুতগতিতে বেড়ে যাবে। সেজন্য প্রয়োজন নির্দিষ্ট বিষয়ে সচেতন থাকতে হবে, স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং পাশাপাশি খাদ্য তালিকা কেমন খাবার থাকবে, সে বিষয়ে যথেষ্ট জ্ঞান ও সাবধানতা প্রয়োজন।

স্বাস্থ্যবিষয়ক সচেতনতা :

* যে জায়গায় কোরবানি দেওয়া হবে সে জায়গায় কোরবানির আগে ও পরে জীবাণুনাশক ছড়িয়ে নিতে হবে।
* কোরবানির কাজের সঙ্গে যুক্ত ব্যক্তিরা অবশ্যই মুখে মাস্ক, হাতে গ-াভস ও পায়ে রাবারের জুতা পরে সেগুলো জীবাণুমুক্ত করে নিতে হবে এবং উপস্থিত সবাই নির্দিষ্ট দূরত্ব মেনে চলবেন।
* মাংস কাটার ও রাখার যন্ত্রপাতি ও পাত্র ব্যবহারের আগে ও পড়ে যথাসম্ভব গরম পানি ও জীবাণুনাশক দিয়ে ধুয়ে নিতে হবে।
* বাসায় মাংস আনার পর নির্দিষ্ট কিছু ব্যক্তি মাংস বণ্টন ও রান্নার কাজে যুক্ত হবেন এবং কাজ শেষে নিজেদের শরীর জীবাণুমুক্ত করতে হবে।
*বাসায় আনার পর দ্র্ুত মাংস সংরক্ষণ করতে হবে এবং সংরক্ষণের ক্ষেত্রে যথাযথ সাবধানতা অবলম্বন করতে হবে।
* কোরবানির বর্জ্যগুলো নির্দিষ্ট জায়গা ফেলতে হবে এবং সেক্ষেত্রে সরকার কর্তৃক প্রকাশিত বিধিনিষেধ মেনে চলতে হবে।

খাদ্যবিষয়ক সচেতনতা :

* দৃশ্যমান জমানো চর্বি বাদ দিয়ে রান্না করতে হবে।
* কম তেলে রান্না করতে হবে।
* রান্নার আগে সম্ভব হলে মাংস ৫-১০ মিনিট সিদ্ধ করে পানি ঝরিয়ে নিলে চর্বির অংশ অনেকটা কমে যায়।
* মাংস রান্নার সময় উচ্চতাপে রান্না করতে হবে।
* মাংস রান্নার সময় ভিনেগার, টকদই, পেঁপে বাটা ও লেবুর রস ইত্যাদি ব্যবহার করতে পারেন এতে চর্বির ক্ষতিকর প্রভাব কিছুটা হলেও কমানো সম্ভব।
* যাদের উচ্চরক্তচাপ জনিত সমস্যা আছে বা কো-মরবিডিটি আছে তারা একেবারেই না এড়াতে পারলে, বিশেষজ্ঞের পরামর্শ নিয়ে দু-এক টুকরো খেতে পারেন। সেক্ষেত্রে মাংস রান্নায় সবজি ব্যবহার করতে হবে যেমন কাঁচা পেঁপে, লাউ, চালকুমড়া, টমেটো কিংবা মাশর্ুম, কিংবা তারা মাংসের সঙ্গে সবজি মিশিয়ে কাটলেট বা চপ করে খেতে পারেন।
* একবারে ভুঁড়ি ভোজ না করে অল্প অল্প করে বারেবারে খাওয়া উচিত।
* আমরা কোরবানির সময় একবারে বেশি মাংস রান্না করে সেটা বারবার জ্বালিয়ে ঝুরি করে খেতে অনেকেই পছন্দ করি, কিন্তু স্বাস্থ্যগত দিক থেকে সুস্থ থাকতে হলে এটি এড়িয়ে চলতে হবে।
* প্রত্যেক বেলায় মাংসের তিন/চার পদ না রেখে একবার একবার একটি একটি করে পদ নির্বাচন কর্ুন।
* গুর্ুপাক খাবারের সঙ্গে শসা, লেবু, টমেটো ইত্যাদির সালাদ রাখা যেতে পারে।
* তিনবেলা ভারি খাবার না খেয়ে যে কোনো একবেলা হালকা খাবার যেমন সবজির স্যুপ, সবজি ও র্ুটি রাখতে পারেন।
* প্রত্যেক প্রধান খাবারের ২০ থেকে ৩০ মিনিট আগে কুসুম গরম পানি পান করতে পারেন যা বিপাক ক্রিয়ার হার বাড়াতে সাহায্য করে।
* খাবার কিছু সময় পর তালিকায় লেবুপানি বা টকদই রাখলেও তা হজম প্রক্রিয়া বৃদ্ধিতে সাহায্য করে।
* ঈদে আমরা অনেকে নানা সোডাপানি বা সফট ড্রিংকস পান করি এগুলোর পরিবর্তে চিনি ছাড়া নানা মৌসুমি ফলের জুস গ্রহণ উত্তম।

পার্কচেষ্টার জামে মসজিদ, ইন্ক
PARKCHESTER JAME MASJID, INC.
1203 Virginia Avenue, Bronx, NY 10472, Tel: 718-824-4194

ইমামও খতিব নিয়োগ

ব্রঙ্কসের প্রাণকেন্দ্রে অবস্থিত সবচেয়ে প্রাচীনতম ও স্বনামধন্য পার্কচেষ্টার জামে মসজিদ-এর জন্য অভিজ্ঞ ইমাম ও খতিব নিয়োগ দেওয়া হইবে।

ঃ যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ

- ন্যূনতম কামিল (টাইটেল) পাশ হতে হবে এবং ক্বারী অগ্রাধিকারযোগ্য।
- ইংরেজী, আরবী ও বাংলায় স্পষ্ট উচ্চারণে পারদর্শী হতে হবে।
- সুন্নী আকিদায় বিশ্বাসী ও হানাফি মাযহাব-এর অনুসারী হতে হবে।

ঃ বিস্তারিত জানতে যোগাযোগ করুন ঃ

জয়নাল আবেদীন চৌধুরী ৩৪৭-৯৬৮-৮৭৭৭
তারেক আহমদ ৩৪৭-৫৪৭-৫৬৯৮
মোহাম্মদ নূরুল আহিয়া ৭১৮-৮৬৪-৫০০২

মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ ইন্‌ক
MOULVIBAZAR DISTRICT SOCIETY OF USA INC.

কার্যনির্বাহী পরিষদ ২০২০-২০২৩ (নির্বাচিত)



তজমুল হোসেন (হোসেন)
সভাপতি

সভার প্রতি রইল ঈদের শুভেচ্ছা



মোঃ জাবেদ উদ্দিন
সাধারণ সম্পাদক



সৈয়দ রুহুল আলী
সহ-সভাপতি



সৈয়দ আবুল কাশেম
সহ-সভাপতি



নিখিল দেবনাথ
সহ-সাধারণ সম্পাদক



এমদাদ রহমান তরফদার
কোষাধ্যক্ষ



তারেক আহমদ
সাংগঠনিক সম্পাদক



সৈয়দ ফাহমি
প্রচার সম্পাদক



হেলাল আহমেদ
সমাজ কল্যাণ সম্পাদক



নিজাম উদ্দীন পাবেল
শিক্ষা সাহিত্য ও
সাংস্কৃতিক সম্পাদক



জাবেদ আহমদ
ক্রীড়া সম্পাদক



হাদিসা বেগম
মহিলা বিষয়ক সম্পাদক







আমিনুর রহমান
কার্যনির্বাহী সদস্য



আহমেদ কাউছার
কার্যনির্বাহী সদস্য



সুরঞ্জিত পাল
কার্যনির্বাহী সদস্য



মোঃ বিপন মিয়া
কার্যনির্বাহী সদস্য



মোমিত চৌধুরী তানীম
কার্যনির্বাহী সদস্য



শামীম আহমেদ
কার্যনির্বাহী সদস্য




জাহাঙ্গীর আলম
কার্যনির্বাহী সদস্য



শাহীন হাসনাত
কার্যনির্বাহী সদস্য



জিল্লুর রাহমান খান
কার্যনির্বাহী সদস্য



জাকারিয়া পারভেজ আহমদ
কার্যনির্বাহী সদস্য



মোঃ হুমায়ুন কবীর
কার্যনির্বাহী সদস্য



শাহীন আহমদ
কার্যনির্বাহী সদস্য



শাহীন মিয়া
কার্যনির্বাহী সদস্য

সম্মানিত ট্রাষ্টীবোর্ড সদস্যবৃন্দ

সৈয়দ সিদ্দীকুল হাসান, চৌধুরী ছালেহ, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, দারাদ আহমেদ, রফিকুল বারী শামীম, শ্যামল পাল, আনছার হোসেন চৌধুরী, আবু সুফিয়ান, মিছবা মজিদ, ইমরান হোসাইন, বদরুন্নাহার খান (মিতা), মদব্বির হোসেন, আব্দুল মোকতাদির তোফায়েল, আব্দুল মসব্বির।

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস'র কর্মকর্তা সাইয়েদা মাহমুদা কবিরের মাতৃবিয়োগ

নিউইয়র্ক: বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস নিউইয়র্ক, ইনক-এর সিনিয়র সহ-সভাপতি সায়িদা মাহমুদা কবির এর মা গত ১৬ জুলাই শুক্রবার ঢাকাস্থ একটি প্রাইভেট হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তিনি ছয় ছেলে ও এক মেয়ে সহ অনেক গুণগ্রাহী রেখে গেছেন। বক্তিগত জীবনে মরহুমা অত্যন্ত দ্বীনদার পরোপকারী মহিলা ছিলেন। তার জন্য নিজ আত্মীয়স্বজন সহ এলাকার পরিচিত মহলের সকলেই শোকাহত এবং কায়মনো বাক্যে তাঁর জন্য দোয়া করেছেন। বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস নিউইয়র্ক ইনক-এর পক্ষ থেকে সভাপতি সামাদ মিয়া জাকের এবং সাধারণ সম্পাদক শামীম আহমেদ এক বিবৃতিতে মরহুমার রুহের মাগফিরাত কামনা ও শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।-প্রেস বিজ্ঞপ্তি



যুক্তরাষ্ট্র বিএনপির সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ : খালেদার বিদেশে যাওয়ার অনুমতি ও মামলা প্রত্যাহার চাই

বাংলাদেশে গণতন্ত্র প্রতিষ্ঠায় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচনের দাবী

নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র বিএনপির ব্যানারে নিউইয়র্কে আয়োজিত এক সংবাদ সম্মেলনে 'প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেতৃত্বাধীন সরকার-কে অবৈধ সরকার' আখ্যায়িত করে বাংলাদেশে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ এবং ভোটাধিকার প্রতিষ্ঠান নির্বাচন দাবীর পাশাপাশি উন্নত চিকিৎসার্থে অবিলম্বে বেগম খালেদা জিয়াকে বিদেশে যাওয়ার অনুমতি প্রদান এবং তাঁর সহ তারেক জিয়ার দায়েরকৃত সকল মামলা বিনাশর্তে প্রত্যাহারের দাবি জানানো হয়েছে। সংবাদ সম্মেলনে বাংলাদেশের মানুষের গণতান্ত্রিক অধিকার পুন:পপ্রতিষ্ঠার লক্ষ্যে শীঘ্রই জাতিসংঘ, হোয়াইট হাউজ, ক্যাপিটল হিল এবং স্টেট ডিপার্টমেন্টের সামনে মানববন্ধনের কর্মসূচি পালনের কথাও জানানো হয়। খবর ইউএনএ'র।

দীর্ঘদিন ধরে কমিটি বিহীন যুক্তরাষ্ট্র বিএনপি'র এই সংবাদ সম্মেলন পরিচালনা করেন সংগঠনের সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুল। সংবাদ সম্মেলনের লিখিত বক্তব্য তুলে ধরেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সিনিয়র সহ সভাপতি গিয়াস আহমেদ। এসময় উপস্থিত মঞ্চে উপবিষ্ট ছিলেন বিএনপি'র সাবেক সহ সভাপতি মনজুর আহমেদ চৌধুরী, এডভোকেট জামাল আহমেদ জনি, সাবেক যুগ্ম সম্পাদক কাজী আজম, ফিরোজ আহমেদ ও গিয়াস উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব বাবরউদ্দিন, যুবদলের কেন্দ্রীয় নেতা এম এ বাতিন, ব্রুকলীন বিএনপির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর সোহরাওয়ার্দী।

সংবাদ সম্মেলনে উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন গিয়াস আহমেদ, মোস্তফা কামাল পাশা বাবুল, এডভোকেট জামাল আহমেদ জনি ও মনজুর আহমেদ চৌধুরী।

সংবাদ সম্মেলনে যুক্তরাষ্ট্র বিএনপি'র পক্ষ থেকে অভিযোগ করা হয় যে, করোনা নিয়ে শেখ হাসিনা ও তার সরকারের চরম উদাসীনতার খেসারত দিচ্ছে বাংলাদেশের অসহায় মানুষ। এই সরকারকে ক্ষমতা থেকে সরানোর মাধ্যমেই বাংলাদেশ গণতন্ত্রে ফিরবে।

সংবাদ সম্মেলনের লিখিত বক্তব্যে আরো বলা হয়, অসৎ উদ্দেশ্যে শেখ হাসিনা ভোটার আইডি কার্ডের কার্যক্রম নির্বাচন কমিশনের কাছ থেকে সরিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে হস্তান্তর করছে, তা বন্ধ করতে হবে। আমাদের দাবি ভোটার আইডি কার্ডের সকল প্রকার কার্যক্রম নির্বাচন কমিশনের অধীনে থাকতে হবে। এছাড়াও 'মুজিব শতবর্ষ'র নামে শেখ হাসিনার উপহার হিসেবে দুঃস্থ অসহায় ও ভূমিহীনদের মাঝে ঘর বিতরণে দুর্নীতি, লুটপাট ও চাঁদাবাজির সাথে জড়িত আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের সকলকে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করা হয়

সংবাদ সম্মেলনে বলা হয়, 'বর্তমান এই অবৈধ সরকারের আমলে দুর্নীতি, লুটপাট, স্বেচ্ছাচারিতা, দলীয়করণ ও আত্মীয়করণ এমন পর্যায়ে পৌঁছেছে যে দেশে আজ মেগা প্রজেক্ট থেকে শুরু করে গ্রাম-গঞ্জের ছোটখাট প্রজেক্টের সব জায়গায় দুর্নীতি আর লুটপাটের মহোৎসব চলছে। বাংলাদেশ এখন লুটপাটের স্বর্গরাজ্য হিসেবে বহি:বিশ্বে পরিচিতি লাভ করেছে।

এক প্রশ্নের উত্তরে নেতৃবৃন্দ বলেন, বর্তমানে যুক্তরাষ্ট্র বিএনপি'র কোন কমিটি নেই সত্য। আর 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি'র নামে যে কমিটি কেন্দ্র অনুমোদন করেছে সেটি একটি 'ইভেন্ট কমিটি'। উল্লেখ্য, ২০১২ সালে আব্দুল লতিফ সম্রাট ও জিল্লুর রহমান জিল্লু নেতৃত্বাধীন কমিটি ভেঙ্গে দেয়ার পর আজ অবধি যুক্তরাষ্ট্র বিএনপি'র কোন কমিটি কেন্দ্র অনুমোদন করেনি। ফলে কমিটি বিহীন বিএনপি'র নামে বিভক্তিতেই চলছে সংগঠনটির বিভিন্ন কার্যক্রম।



এদিকে সংবাদ সম্মেলনের শুরুতেই মঞ্চে নেতৃবৃন্দের আসন-কে কেন্দ্র করে তীব্র ক্ষোভ প্রকাশ করেন খুলনা জেলা বিএনপি'র আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক জাকির হাওলাদার ও তারেক রহমান স্বদেশ প্রত্যাবর্তন সংগ্রাম পরিষদ যুক্তরাষ্ট্র'র সভাপতি ও বিএনপি নেতা পারভেজ সাজ্জাদ। পারভেজ সাজ্জাদ অভিযোগ করেন যে, বিএনপির চরম দুর্দিনে যারা মাঠে ছিলেন তাদের দলে মূল্যায়ন করা হচ্ছে না। আবার যারা মাঠে ছিলেন না, হঠাৎ করে উদয় হয়ে বিগত কমিটির পদবির অজুহাতে মঞ্চে আসন পাচ্ছেন। বাংলাদেশ থেকে আসা অনেক ত্যাগী নেতা-কর্মী বিগত ১৫/১৬ বছরেও ঠাঁই পাননি যুক্তরাষ্ট্র বিএনপিতে।

যুক্তরাষ্ট্র বিএনপি'র সংবাদ সম্মেনে পঠিত বক্তব্যের পূর্ণ বিবরণ

যুক্তরাষ্ট্র বিএনপি'র পক্ষ থেকে এমন একটি সময়ের সংবাদ সম্মেলনের আহ্বান করা হয়েছে যখন আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশ একটি ভয়াবহ কঠিন দু:সময়ে নিপতিত। ইতিমধ্যে করোনা ভাইরাসের আক্রমন সমগ্র দেশে ভয়াবহ আকার ধারণ করেছে। প্রতিদিন শত শত মানুষ মৃত্যুবরণ করছেন, হাজার হাজার মানুষ ভাইরাসে আক্রান্ত হয়েছে হাসপাতালে দৌড়াদৌড়িতে ব্যস্ত চিকিৎসা সেবা পাওয়ার প্রত্যাশায়। বাংলাদেশের অবৈধ সরকার এবং স্বাস্থ্য মন্ত্রণালয় সম্পূর্ণ ব্যর্থ হয়েছে প্রথম থেকেই এই করোনা ভাইরাস মোকাবেলায়। গত বৎসর মার্চের প্রথম সপ্তাহে যখন করোনা ভাইরাসের আক্রমন শুরু হয় তখন শেখ হাসিনা ও অবৈধ সরকার মহা ব্যস্ত হয়ে উঠেন মুজিব শতবর্ষ উদযাপন ও কসাই নরেন্দ্র মোদীকে বাংলাদেশে প্রধান অতিথি হিসেবে আনার জন্য। আর প্রচার করতে থাকেন করোনা ভাইরাসের চেয়ে শক্তিশালী এই সরকার ও সরকার প্রধান শেখ হাসিনা। সরকারের এমপি মন্ত্রীরা প্রচার চালাতে থাকেন করোনা ভাইরাস বাংলাদেশের জন্য কোন আতংকের বিষয় নয়।

সমগ্র বিশ্ব আজ যখন করোনা ভাইরাসের আক্রমন থেকে মুক্তির উপায় নিয়ে চিন্তিত এবং সঠিক ও পরিকল্পিত সিদ্ধান্ত নিয়ে স্বাভাবিক জীবন যাত্রায় ফিরে আসার পথে ঠিক সেই সময় অবৈধ হাসিনা সরকারের পরিকল্পনাহীন ও হটকারী সিদ্ধান্তের ফলে বাংলাদেশের জনগণ এখন মৃত্যুর মুখে পতিত।

দেশের যখন এই ভয়াবহ কঠিন অবস্থায় সমগ্র জাতিকে ঐক্যবদ্ধ করে কোভিট ১৯ মোকাবেলা করা প্রয়োজন ছিল, শেখ হাসিনা তা না করে বাংলাদেশের জাতীয় সংসদের বাজেট সমাপনী অধিবেশনের বক্তৃতায় অবৈধ সরকারের মিথ্যাবাদী মিডনাইট প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বাধীনতার মহান ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, সাবেক প্রধানমন্ত্রী বিএনপির চেয়ারপারসন দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে কুরুচিপূর্ণ ও শিষ্টাচার বহির্ভূত বক্তব্যে প্রদান করেন। স্বাধীনতার মহান ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, সাবেক তিনবারের প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের বিরুদ্ধে বিষোদাগার করে অশোভন ও অশালীন বক্তব্য প্রদান করে শেখ হাসিনা তার মনের হীনমন্যতা ও সংকীর্ণতার পরিচয় দিয়েছেন। আজকের এই সংবাদ সম্মেলন থেকে শেখ হাসিনার মিথ্যাচারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। সেই সাথে জাতীয় সংসদে শেখ হাসিনা ও আইন মন্ত্রীর বক্তব্য প্রত্যাহারের আহ্বান জানাচ্ছি।

আজকের এই সংবাদ সম্মেলন থেকে আমরা অবৈধ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জানিয়ে দিতে চাই, মহান স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, সাবেক তিনবারের নির্বাচিত প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে অসত্য মিথ্যাচার ও অশালীন মন্তব্য, বক্তব্য ও বিবৃতি প্রদান থেকে বিরত থাকুন।

(ক) আজকের এই সংবাদ সম্মেলন থেকে আমরা দেশনেত্রী বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে করা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়েছে মিথ্যা মামলা ও ফরমায়েশী রায় বাতিল করে নিঃশর্ত মুক্তি দাবী করছি। একই সাথে অসুস্থ দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে যাওয়ার সব প্রতিবন্ধকতা দূর করে তাকে বিদেশে যাওয়ার অনুমতি প্রদান করার দাবি জানাচ্ছি।

(খ) বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমানের উপর সকল মিথ্যা মামলা প্রত্যাহারের দাবী জানাচ্ছি।

(গ) অবৈধ সরকার কর্তৃক গ্রেফতারকৃত সকল রাজনৈতিক নেতা কর্মীদের অনতিবিলম্বে নি:শর্ত মুক্তি দাবি করছি।

(ঘ) অসৎ উদ্দেশ্যে শেখ হাসিনা ভোটার আইডি কার্ডের কার্যক্রম নির্বাচন কমিশনের কাছ থেকে সরিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়েহস্তান্তর করছে তা বন্ধ করতে হবে। আমাদের দাবি ভোটার আইডি কার্ডের সকল প্রকার কার্যক্রম নির্বাচন কমিশনের অধীনে থাকতে হবে।

(ঙ) মুজিব শতবর্ষের নামে শেখ হাসিনার উপহার হিসেবে দুঃস্থ অসহায় ও ভূমিহীনদের মাঝে ঘর বিতরণের দুর্নীতি, লুটপাট ও চাঁদাবাজি সাথে জড়িত আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের যারা জড়িত তাদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করছি।

বর্তমান এই অবৈধ সরকারের আমলে দুর্নীতি, লুটপাট, স্বেচ্ছারিতা, দলীয়করণ ও আত্মীয়করণ এমন পর্যায়ে পৌঁছেছে যে দেশে আজ মেগা প্রজেক্ট থেকে শুরু করে গ্রাম গঞ্জের ছোট খাট প্রজেক্টের সব জায়গায় দুর্নীতি আর লুটপাটের মহৌৎসব চলছে। বাংলাদেশ এখন লুটপাটের স্বর্গ রাজ্য হিসেবে বহি:বিশ্বে পরিচিত লাভ করেছে।

আজকের এই সংবাদ সম্মেলন থেকে দ্ব্যর্থহীন ভাষায় বলতে চাই আগামীতে জনগনের সরকার প্রতিষ্ঠিত হলে বর্তমান সরকারের সকল দুর্নীতির বিচার করা হবে ইনশাআল্লাহ।

গত কয়েক দিন আগে নারায়ণগঞ্জের রূপগঞ্জে সেজান জুস ফ্যাক্টরিতে ভয়াবহ অগ্নিকান্ডে অর্ধশতাধিক শ্রমিক কর্মচারীর মর্মান্তিক মৃত্যু ও অসংখ্য মানুষ আহত হয়েছেন। আমরা আজকের এই সংবাদ সম্মেলন থেকে গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করছি। একই সাথে এই অগ্নিকান্ডের কারণ সুষ্ট তদন্তের মাধ্যমে প্রকৃত দোষীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার আহ্বান জানাচ্ছি এবং নিহত ও আহতদের পরিবারকে ক্ষতিপূরণ ও পুনর্বাসন দাবি করছি।

আমরা ব্রিটিশ হাই কমিশনার সহ অন্যান্য বিশ্বের নেতৃবৃন্দের সাথে এক মত যে, দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে রাজনৈতিক কারণে গৃহবন্দী এবং জেল জরিমানা করে রাখা হয়েছে। পরিশেষে বাংলাদেশের গণতন্ত্র পুনরুদ্ধার, মানুষের মৌলিক অধিকার এবং ভোটের অধিকার পুন:প্রতিষ্ঠায় তত্ত্বাবধায়ক সরকারের কোন বিকল্প নাই। অতএব, আমরা তত্ত্বাবধায়ক সরকারের অধীনে আগামী নির্বাচনের দাবী জানাচ্ছি।



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.B.(CUNY) Bronx Community College

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing,Flyer, Business Card,Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

লিগাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টার শাড়ী ঘর

Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়



শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।

Phone: 347- 621- 4940,718-300-7429

1217 White Plains Road , Bronx , NY 10472



মিসবাহ অপু প্যানেলের সভা।



মান্নান-মাহবুব প্যানেলোর সভা

প্রতিদ্বান্দ্বতায় 'মিসবাহ-অপু' - 'মান্নান-মাহবুব'

(শেষের পাতার পর)

প্রতিদ্বন্দ্বিতায় অংশ নিচ্ছেন বলে জানা গেছে।

নির্বাচন কমিশন ঘোষিত তফসিল মোতাবেক মনোনয়নপত্র সংগ্রহের তারিখ ৫ সেপ্টেম্বর রোববার বিখের ৫টা থেকে সন্ধ্যা ৮টা, মনোনয়নপত্র দাখিল ও বাছাই ১২ সেপ্টেম্বর রোববার বিকেল ৫টা থেকে সন্ধ্যা সাড়ে ৮টা এবং মনোনয়নপত্র প্রত্যাহার ১৯ সেপ্টেম্বর রোববার বেলা ১২টা থেকে সন্ধ্যা ৮টা। এসব কর্মকান্ড ওজনপার্কস্থ ডিরেক্ট হেলথ সোর্স হোম কেয়ার সার্ভিসে (৭৭-০৮ ১০১ এভিনিউ) থেকে পরিচালিত হবে।

উল্লেখ্য, সমিতির সাবেক সভাপতি, বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আব্দুর রাজ্জাকের (প্রধান নির্বাচন কমিশনার) নেতৃত্বে ৫ সদস্যেও নির্বাচন কমিশন নির্বাচন পরিচালনা করছে। কমিশনের অপর সদস্যরা হলেন যথাক্রমে হিফজুর এম রহমান, জালাল উদ্দিন আহমদ, কামাল চৌধুরী ও মোহাম্মদ হেলাল উদ্দিন।

এদিকে বিয়ানীবাজার সমিতির নির্বাচন ঘিরে প্রবাসীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা গেছে। বিশেষ করে অচিরেই সমিতি ভবন ঋণমুক্ত হয়ে নিজস্ব ভবনে পরিনত হতে যাচ্ছে। ফলে সমিতি ভবন ঘিওে সংগঠনের কার্যক্রম আরো চাঙ্গা হবে বিধায় নতুন নেতৃত্বের প্রতি অনেকেই আগ্রহী হয়ে উঠেছেন। ইতিমধ্যেই সমিতির সাবেক সাধারণ সম্পাদক মি-সবাহ আহমেদ ও বর্তমান সাংগঠনিক সম্পাদক রেজাউল আলম অপু'র নেতৃত্বে 'মিসবাহ-অপু' প্যানেল এবং সাবেক উপদেষ্টা মোহাম্মদ আব্দুল মান্নান ও সদস্য নাজমুল হক মাহবুবের নেতৃত্বে 'মান্নান-মাহবুব' প্যানেল প্রতিদ্বন্দ্বিতার ঘোষণা দিয়েছে। প্যানেল দুটির পক্ষ থেকে গেলো সপ্তাহে ওজোনপার্কে পৃথক পৃথকভাবে প্রস্তুতি সভাও হয়েছে।

অপরদিকে গত শনিবার (১৭ জুলাই) ওজনপার্কস্থ ডিরেক্ট হেলথ সোর্স হোম কেয়ার সার্ভিসে সমিতির সভাপতি মকবুল রহিম চুনুই-এর সভাপতিত্বে সংগঠনের উপদেষ্টা পরিষদ ও নির্বাচন কমিশনের সাথে সভাপতি ও সাধারণ সম্পাদকের যৌথ সভা হয়েছে। এসময় প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ আব্দুর রাজ্জাক সহ নির্বাচন কমিশনের সদস্য ও উপদেশ্টাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় আগামী নির্বাচন সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানে সবাই ঐক্যমত ছাড়াও একে অপরকে সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছেন বলে সভা সূত্র বার্তা সংস্থা ইউএনএ প্রতিনিধিকে জানান।

সিআইপি মাহতাবুর রহমান নিউইয়র্কে

(শেষের পাতার পর)

(নাসির) যুক্তরাষ্ট্র সফরে এসেছেন।

দুবাইয়ের বিখ্যাত আল হারামাইন পারফিউম গ্রুপের চেয়ারম্যান ও এমডি এবং বাংলাদেশের এনআরবি ব্যাংক লিমিটেড-এর চেয়ারম্যান সিপিএ মোহাম্মদ মাহতাবুর রহমান (নাসির) রোববার নিউইয়র্কে এসে পৌছান। তিনি কয়েকদিন নিউইয়র্কে অবস্থান করবেন এবং ব্যবসা-বাণিজ্য বিষয়ক সভা-সমাবেশ ও সম্মেলনে অংশ নেবেন।

তিনি রোববার রাতে টাইম টেলিভিশন-এর বহুল প্রচারিত ও জনপ্রিয় অনুষ্ঠান 'টাইম এক্সক্লুসিভ'-এ লাইভে স্টুডিও থেকে সরাসারি আলোচনায় অংশ নেন এবং ব্যবসা-বাণিজ্য সম্পর্কিত বিভিন্ন বিষয় বিশেষ করে ব্যবসা-বাণিজ্যে প্রবাসীদের অবদানের কথা তুলে ধরেন।

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD | SAUDIA | QATAR | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AA American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA



নিউইয়র্কের ষ্টেট অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট-৩৭

আবার মেরী জোবাইদার প্রার্থীতা ঘোষণা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটিতে পরিচিত মুখ বাংলাদেশী-(বাকি অংশ ৩৬ পাতায়)

সিআইপি মাহতাবুর রহমান নিউইয়র্কে



বাংলা পত্রিকা রিপোর্ট: সিলেটের কৃতি সন্তান, বিশিষ্ট ব্যবসায়ী, মাল্টি অ্যাওয়ার্ড উইনার সিপিএ মোহাম্মদ মাহতাবুর রহমান (বাকি অংশ ৪৭পাতায়)

সাঈদ তারেক-এর কলাম

একজন 'ভূয়া স্বৈরাচার!'



দুই বছর হয়ে গেল। ২০১৯ এর এই দিনে (১৪ জুলাই) তিনি চলে গেছেন চিরদিনের জন্য। আমি তাকে দেখেছি ১৯৮৩ সাল থেকে। তখন তিনি সিএমএলএ বা প্রধান সামরিক আইন প্রশাসক। এর আগেও (বাকি অংশ ৩৭ পাতায়)

মঙ্গলবার ঈদুল আযহা ঃ জামাত কখন, কোথায়

বাংলা পত্রিকা রিপোর্ট: মঙ্গলবার (২০ জুলাই) পবিত্র ঈদুল আযহা। নিউইয়র্ক সহ উত্তর আমেরিকার ধর্মপ্রাণ মুসলমানগণ ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে ঈদুল আযহা উদযাপন করবেন। ঈদুল আযহা মুসলমানদের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব। ঈদুল আযহা উদযাপনের অন্যতম প্রধান কর্মকান্ড হচ্ছে ঈদের নামাজ আদায় করার পর সৃষ্টিকর্তার উদ্দেশ্যে পশু কোরবানী। সেই লক্ষ্যে নেয়া হয়েছে নানা প্রস্তুতি। এদিকে করোনাভাইরাস পরিস্থিতিতে স্বাস্থবিধি মেনেই নিউইয়র্কের বিভিন্ন মসজিদে ঈদের নামাজ আদায়ের প্রস্তুতি নেয়া হয়েছে এবং মসজিদগুলো নামাজ অদায়ের সময়সূচীও ঘোষণা করেছে। কোথাও কোথাও খোলা মাঠে ঈদের নামাজের আয়োজন করা হয়েছে। নামাজের জন্য জায়নামাজ সাথে আনা এবং মুখে মাস্ক ব্যবহারের অনুরোধ করা হয়েছে। **জেএমসি:** নিউইয়র্কে বাংলাদেশীদের উদ্যোগে প্রতিষ্ঠিত (বাকি অংশ ৩৬ পাতায়)

যুক্তরাষ্ট্রে অতিরিক্ত মদপানে বছরে ৯৩ হাজার মৃত্যু

আতংকিত বাংলাদেশী পরিবার



বাংলা পত্রিকা রিপোর্ট: ২০২০ সালে মাত্রাতিরিক্ত মদপানের কারণে যুক্তরাষ্ট্রে ৯৩ হাজারের বেশি মানুষের মৃত্যু হয়েছে। এর আগে এক বছরে মাদকের কারণে এত মৃত্যু যুক্তরাষ্ট্রে ঘটেনি। এএফপির প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোলের (সিডিসি) প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়েছে, ২০১৯ সালে যুক্তরাষ্ট্রে অতিরিক্ত মদপানে মৃত্যুর সংখ্যা ছিল ৭২ হাজার ১৫১ জন। ওই বছরের তুলনায় ২০২০ সালে (বাকি অংশ ২০ পাতায়)



নায়াগ্রা ফলসে ভিড় বাড়ছে পর্যটকদের

এমদাদ চৌধুরী দীপু, নায়াগরা ফলস (নিউইয়র্ক) থেকে: বিশ্বের বিস্ময়কর দর্শনীয় স্থান নায়াগরা ফলসে বাড়ছে দর্শনার্থীর ভিড়। এর ফলে আবারো ঘুরে দাঁড়াচ্ছে হোটেল, রেঁস্তোরা এবং পরিবহন ব্যবসা। নায়াগরা ফলসের সৌন্দর্য উপভোগ (বাকি অংশ ৩৭ পাতায়)

কমিউনিটিতে আতংক

আটলান্টিক সিটির বাংলাদেশী কাউন্সিলম্যান সন্ত্রাসীদের হামলায় আহত



বাংলা পত্রিকা ডেস্ক: সন্ত্রাসীর হামলায় গুরুতর আহত হয়েছেন নিউজার্সী রাজ্যের আটলান্টিক সিটির প্রথম নির্বাচিত বাংলাদেশী কাউন্সিলম্যান মোহাম্মদ মোরশেদ। গত ১৫ জুলাই বৃহস্পতিবার রাত ১০টা ৪৫ মিনিটের দিকে তিনি হামলার শিকার হন। এই রিপোর্ট লেখা পর্যন্ত হামলাকারীদের কেউ গ্রেফতার হয়নি। কাউন্সিলম্যান মোহাম্মদ (বাকি অংশ ৪৪ পাতায়)

বিয়ানীবাজার সমিতির নির্বাচন ১০ অক্টোবর

প্রতিদ্বান্দ্বতায় 'মিসবাহ-অপু'-'মান্নান-মাহবুব'


মিসবাহ


অপু


মান্নান


মাহবুব

নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র প্রবাসী সিলেটের বিয়ানীবাজার উপজেলাবাসীদের ঐতিহ্যবাহী সামাজিক সংগঠন বাংলাদেশ বিয়ানী-বাজার সামাজিক ও সাস্কৃতিক সমিতি ইউএসএ'র ২০২২-২০২৩ সালে নির্বাচন আগামী ১০ অক্টোবর রোববার। নির্বাচন কমিশন ইতিমধ্যেই নির্বাচনী তফসিল ঘোষণা করেছেন। এদিকে এবারের নির্বাচনে 'মিসবাহ-অপু' এবং 'মান্নান-মাহবুব' দুই প্যানেল (বাকি অংশ ৪৭ পাতায়)



পশু কোরবানির সময় ও পদ্ধতি

মুফতি আবদুলাহ নুর

প্রত্যেক সামর্থ্যবান মুসলমানের জন্য কোরবানি করা আবশ্যক। তবে এই ইবাদত কবুলের জন্য তা যথাসময়ে সঠিক পদ্ধতিতে করা আবশ্যক। (বাকি অংশ ৩৬ পাতায়)

খেলার খবর

বাংলাদেশ ইয়্যুথ চ্যাম্পিয়ন লীগ ২০২১

প্লেয়ার ড্রাফট সম্পন্ন

নিউইয়র্ক: আগামী জুলাই মাসের শেষ সাপ্তাহে প্রথমবারের মতো অনুষ্ঠিত হতে যাচ্ছে উৎসব গ্রুপ প্রেজেন্ট 'বাংলাদেশ ইয়্যুথ (বাকি অংশ ৪৪ পাতায়)

হেলথ টিপস

করোনায় কোরবানির ঈদের খাদ্য নির্দেশনা

নাহিদা আহমেদ: ঈদ মানে খুশি, ঈদ মানে আনন্দ। আর মাত্র কয়েকদিন দিন পরেই ঈদ। ঈদে (বাকি অংশ ৪৪ পাতায়)

বিনোদন

কান উৎসবের ৭৪তম আসরের বিজয়ীরা

জনি হক, কান (ফ্রান্স) থেকে: কান চলচ্চিত্র উৎসবের ৭৪তম আসরের পর্দা নামলো। দক্ষিণ ফ্রান্সের কানে পালে দে ফেস্টিভাল ভবনে গত (বাকি অংশ ৪২ পাতায়)

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে (বাকি অংশ ৪১ পাতায়

দ্য কনসার্ট ফর বাংলাদেশ'র ৫০ বছর পূর্তি উৎসব ৩১ জুলাই

বাংলা পত্রিকা ডেস্ক: জাতীয় ইতিহাসের শ্রেষ্ঠতম অধ্যায় হলো একাত্তরের মুক্তিযুদ্ধ। মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে জন্মলাভ করে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। এর প্রভাব, স্বীকৃতি, সম্মান তথা বিজয়ের গুরুত্ব অপরিসীম। মুক্তিযুদ্ধে বিদেশী বন্ধুদের পাশে এসে দাঁড়ানোর অসাধারণ একটি উদ্যোগের নাম 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ'। নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে ১৯৭১ সালের ১ আগস্ট রোববার অনুষ্ঠিত হয়েছিল এই ঐতিহাসিক কনসার্ট। জর্জ হ্যারিসন (বাকি অংশ ৩৭ পাতায়)

কাউন্সিল পদে লড়তে যাচ্ছেন শাহ শহীদুল হক



বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটি কাউন্সিলের আগামী নির্বাচনে ডিষ্ট্রিক্ট-২৫ (জ্যাকসন (বাকি অংশ ৩৬ পাতায়)

J.K. GAIN MULTISERVICES
A company you can trust ....
Tax Services
Life Insurance
Health Insurance
Auto Insurance
Home Insurance
Business Insurance
TLC Insurance
DDC.
MassMutual
LOW COST
e-file
Notary Public
Tel: 347-536-5107
10% Insurance Cost Deduction
Up to 4 points Removal
www.JKGainMulti.com

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA
Approved Travel Agent
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃষ্ঠায় দেখুন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩৮ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত দেখুন ৩৭ পাতায়

গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8782
718-296-5875
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com